দ্বিতীয় ভাগ

চতুর্থ ও পঞ্চম খণ্ড

(সটীক ও সানুবাদ)

শ্রীশ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি

সম্পাদিত

তৃতীয় সংস্করণ

সন ১৩৩৪ সাল

কাগজে বাঁধা ১৸০

কাপড়ে বাঁধা ২৲

প্রকাশক—শ্রীকানাইলাল বন্দ্যোপাধ্যায়
কবিরত্ন-ভবন, শিবপুর (হাওড়া)

প্রিণ্টার—শ্রীভূতনাথ সরকার,
"ভিক্টোরিয়া প্রেস"
২১এ মহেন্দ্র গোস্বামী লেন, কলিকা

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন।

ভবদেবপদ্ধতি বিশুদ্ধরূপে পৃথক্ প্রকাশিত হইয়াছে বলিয়া ২য় সংস্করণে সামবেদীর কন্যাসম্প্রদান, পাণিগ্রহণ ও গর্ভাধান আর দেওয়া হয় নাই।

প্রথম সংস্করণে সামবেদী ও যজুর্ব্বেদীর ন্যায় ঋগ্বেদীরও বৃদ্ধিশ্রাদ্ধ প্রভৃতি কতিপয় বিষয় সন্নিবিষ্ট হইয়াছিল; কিন্তু অনেকেই জানাইয়াছেন যে, আমাদের পুথির সহিত মিলে নাই বলিয়া আমরা এ গ্রন্থ দেখিয়া কার্য্য করিতে পারি না। সেইজন্য অনর্থক ঐ সকল বিষয় রাখিয়া পুস্তকের আকার বৃদ্ধি না করিয়া, ২য় সংস্করণে কেবল তাঁহাদের কন্যাবরণ, কন্যাসম্প্রদান ও একোদ্দিষ্টশ্রাদ্ধ রাখা হইয়াছিল।

ঋগ্বেদীর যত পদ্ধতিপুস্তক দেখা যায়, কাহারও সহিত কাহারও মিল নাই; তাহার কারণ—গৃহ্যসূত্রই সমস্ত পদ্ধতির মূল, গৃহ্যসূত্র অবলম্বন করিয়াই মহামহোপাধ্যায় ভবদেবভট্ট সামবেদীর পদ্ধতি, এবং হরিহর ও পশুপতি যজুর্ব্বেদীর পদ্ধতি প্রণয়ন করিয়াছেন। তদুপরি স্মার্ত্তপ্রবর রঘুনন্দন ভট্টাচার্য্যও বহু বিচার করিয়া গিয়াছেন। কিন্তু ঋগ্বেদীর সেরূপ অভিজ্ঞ পদ্ধতিকার না থাকায় এবং রঘুনন্দনও বৃষোৎসর্গ ভিন্ন আর কোনও পদ্ধতির বিচার না করায় ঐরূপ বিপ্রতিপত্তি ঘটিয়াছে। এক্ষণে আবার অনেকেই ঋগ্বেদীর বৃদ্ধিশ্রাদ্ধ দিবার জন্য নিতান্ত অনুরোধ করিতেছেন বলিয়া আশ্বলায়ন-গৃহ্যসূত্র এবং তাহার গার্গ্যনারায়ণী বৃত্তি, পরিশিষ্ট ও কুমারিল-কারিকা অনুসারে এ সংস্করণে পুনর্ব্বার উহা প্রদত্ত হইল।

এই সংস্করণে কয়েকটি নূতন বিষয়ও সন্নিবেশিত হইল। যথা—ত্রিবেদীয় নবগ্রহমন্ত্র, দিক্‌পালমন্ত্র, পুরুষসূক্ত, এবং বাস্তুযাগের বি[illegible] পঞ্চক-হোমমন্ত্র। গ্রন্থের কলেবর অনেক বাড়িয়া যাওয়ায় মূল্য সামা[illegible] মাত্র বর্দ্ধিত হইল। ইতি—

শ্রীশ্যামাচরণ শর্ম্মা।

সূচীপত্র।

৪র্থ খণ্ড।

অপরাজিতাস্তোত্র ... ১

জগন্নাথস্তোত্র ... ৯

অপরাধভঞ্জনস্তোত্র ... ১২

কর্পূরস্তোত্র ... ১৮

কালীকবচ ... ৬১

মহিম্নস্তব ... ৬৩

শিবকবচ ... ১০৫

দুর্গাকবচ ... ১০৮

কৃষ্ণকবচ ... ১০৯

রামকবচ ... ১১৪

গুরুস্তব ... ১১৮

গুরুকবচ ... ১১৯

দীক্ষাবিধি ... ১২১

দীক্ষাপ্রয়োগ ... ১২৮

কুল্লুকা ইত্যাদি ... ১৩২

মালাসংস্কার ... ১৩৩

পুরশ্চরণ ... ১৩৮

বিবাহে সন্দেহ ভঞ্জন ১৪১

বিবাহাদির ব্যবস্থা ... ১৬১

প্রবরনির্ণয় ... ১৮৭

পাকা-দেখা ... ১৮৯

ঋগ্বেদীয় কন্যাবরণ ... ১৯০

নিমন্ত্রণপত্র ... ১৯৩

বিবাহের ফর্দ্দ ... ১৯৫

সামবেদীয় বৃদ্ধিশ্রাদ্ধ ... ১৯৭

যজুর্ব্বেদীয় ঐ ... ২৪২

ঋগ্বেদীয় ঐ ... ৩৭২

কন্যাসম্প্রদান ... ২৬৮

ঋগ্বেদীয় ঐ ... ২৭২

যজুর্ব্বেদীয় ঐ ... ২৮৯

শূদ্রের ঐ ... ২৯৪

যজুর্ব্বেদীয় গর্ভাধান ... ২৯৭

সূতিকাষষ্ঠীপূজা ... ২৯৯

জন্মতিথিকৃত্য ... ৩০৮

বিদ্যারম্ভ ... ৩১০

৫ম খণ্ড।

শ্রাদ্ধতত্ত্ব ...	৩১১	(ঋক্)	ঐ ...	৩৯১
সামবেদীয় একোদ্দিষ্ট ...	৩১৮	(সাম)	দিক্‌পালমন্ত্র	৩৯২
যজুর্ব্বেদীয় ঐ ...	৩৩৬	(যজুঃ)	ঐ ...	৩৯৬
ঋগ্বেদীয় ঐ ...	৩৪৪	(ঋক্)	ঐ ...	৪০০
ভারতসাবিত্রী ...	৩৫৪	(যজুঃ)	পুরুষসূক্ত...	৪০৩
রুচিস্তব ...	৩৬০	(ঋক্)	ঐ ...	৪১১
ঋগ্বেদীয় বৃদ্ধিশ্রাদ্ধ ...	৩৭২	(সাম)	ঐ ...	৪১২
(সাম) নবগ্রহমন্ত্র ...	৩৮৭		বিল্বপঞ্চক-হোম ...	৪১৪
(যজুঃ) ঐ ...	৩৮৮			

শুদ্ধিপত্র।

২৭ পৃঃ	৮ পং	ভাবয়েতোত	স্থলে	ভাবয়ন্তোত
২১২	১৪	বাম	„	দক্ষিণ
২১৩	৪	ঐ	„	ঐ
২৫২	১৯	ঐ	„	ঐ
২৫৩	৩	ঐ	„	ঐ
২১৪	২	স্বং	„	স্বঃ
২১২	৩	তিন-তিনটি	„	দুই-দুইটি
২৫৬	১৫	ঐ	„	ঐ
২২১	১০	তিনটি	„	দুইটি
„	১১	ঐ	„	ঐ
২৫৭	৩	ঐ	„	ঐ
২২৩	১২	পানার্থ	„	গণ্ডূষার্থ
২২৯	২	গণ্ডূষার্থ	„	শেষ গণ্ডূষার্থ
২৬০	১৮	ঐ	„	ঐ
২৩৩	৪	নান্দীমুখাঃ পিতরো	„	নান্দীমুখাঃ পিতরো, নান্দীমুখাঃ পিতরো
২৬৪	১	ঐ	„	ঐ
২৫৩	১০	শৃণুতেমং	„	শৃণুতেমঙ
২৫৬	১২	তিনখানি	„	দুইখানি

৩৪৪	১২	ক্ষিরতি	„	[illegible]
৩৫২	১৫	(বিষুরেঁা)	„	(বিষুরেঁা) [illegible]
৩৭৮	২২	মাতৃপক্ষেও	„	মাতামহপক্ষেও

১৯৯ পৃঃ + টীকার শেষে বসিবে—এই সকল মন্ত্র পড়িবার কোনও প্রমাণ না থাকায় "মন্ত্রানাদেশে গায়ত্রী" এই বচনই অনুসরণীয়। ৩২০ পৃঃ—※ চিহ্নিত টিপ্পনী কাটিয়া দিবেন। ৩৪৪ পৃঃ—টিপ্পনী কাটিয়া দিবেন। ৩৪৯ পৃঃ—প্রথম ২ পঙ্‌ক্তি কাটিয়া দিয়া সেই স্থানে ৩৫১ পৃঃ ১০ পং হইতে ৩৫২ পৃঃ ১০ পং পর্য্যন্ত বসাইবেন। ১৯৫ পৃঃ, ফর্দ্দের মধ্যে—মার্কণ্ডেয়ের নিম্নে গণেশের ১ ধুতি বসিবে, এবং পিতৃ-পক্ষের, মাতামহপক্ষের ও মাতৃপক্ষের ৩ বস্ত্র স্থলে ২ বস্ত্র হইবে।

আহ্নিক-কৃত্যম্।

চতুর্থ-খণ্ডম্

অপরাজিতা-স্তোত্র।

অস্য অপরাজিতাস্তোত্রস্য বেদব্যাস ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ অপরাজিতা দেবতা, ঐং বীজং, হ্রীং শক্তিঃ, সর্ব্বকামার্থসিদ্ধ্যর্থে জপে বিনিয়োগঃ।

ওঁ নীলোৎপলদলশ্যামাং ভুজগাভরণোজ্জ্বলাম্।
বালেন্দুমৌলিনীং দেবীং নয়নত্রিতয়ান্বিতাম্।
শঙ্খচক্রধরাং দেবীং বরদাং ভয়নাশিনীম্।
পীনোত্তুঙ্গস্তনীং শ্যামাং বরপদ্মমালিনীম্ * ॥ ১

মার্কণ্ডেয় উবাচ।

শৃণুধ্বং † মুনয়ঃ সর্ব্বে সর্ব্বকামার্থসিদ্ধিদাম্।
অসিদ্ধসাধিনীং দেবীং বৈষ্ণবীমপরাজিতাম্ ॥ ২

ওঁ নমো ভগবতে বাসুদেবায়। নমোঽনন্তায় সহস্রশীর্ষায় ক্ষীরোদার্ণব-শায়িনে শেষভোগপর্য্যঙ্কায় গরুড়বাহনায় অজায় অজিতায় অনিতায়

---

* ধ্যায়েদিতি শেষঃ। † বাতায়ঃ আর্ষঃ। এবং পরত্রাপি।

নীলপদ্মের ন্যায় শ্যামবর্ণা, সর্পাভরণে ভূষিতা, মস্তকে চন্দ্রকলা-ধারিণী, দীপ্যমানা, ত্রিনয়না, শঙ্খচক্রধারিণী, বরদায়িনী, ভয়নাশিনী, স্থূলোন্নতপয়োধরা, উৎকৃষ্ট পদ্মের মালা-ধারিণী শ্যামাদেবীকে ধ্যান করিবে। ১। মার্কণ্ডেয় বলিলেন—হে মুনিগণ, তোমরা সকলে সমস্ত কামনা ও সমস্ত কার্য্যের সিদ্ধিদাত্রী, অসিদ্ধসাধিনী বিষ্ণুশক্তি অপরাজিতা দেবীর বিষয় শ্রবণ কর। ২। ভগবান বাসুদেবকে প্রণাম করি। যিনি অনন্ত, সহস্রশীর্ষ,

অপরাজিতায় পীতবাসসে। বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ হয়শিরো মহাবরাহ অচ্যুত নৃসিংহ বামন ত্রিবিক্রম রাম রাম শ্রীরাম মৎস্য কূর্ম্ম বরপ্রদ নমোঽস্তু তে স্বাহা ॥৩॥ ওঁ অসুর-দৈত্য দানব-গন্ধর্ব্ব-যক্ষ রাক্ষস-প্রেত-পিশাচ কুষ্মাণ্ড সিদ্ধ যোগিনী-ডাকিনী-স্কন্দপুরোগান্ গ্রহনক্ষত্র-দোষাংশ্চান্যান্ হন হন দহ-দহ পচ-পচ মথ-মথ বিধ্বংসয়-বিধ্বংসয় বিদ্রাবয়-বিদ্রাবয় চূর্ণয়-চূর্ণয় শঙ্খেন চক্রেণ বজ্রেণ খড়্গেন শূলেন গদয়া মুসলেন হলেন দামোদর ভস্মী-কুরু কুরু স্বাহা ॥ ৪ ॥ ওঁ সহস্রবাহো সহস্রপ্রহরণায়ুধ জয়-জয় বিজয় বিজয় অজিত অমিত অপরাজিত অপ্রতিহত সহস্রনেত্র জ্বল-জ্বল প্রজ্বল প্রজ্বল, বিরূপ বিশ্বরূপ বহুরূপ মধুসূদন মহাবরাহ অচ্যুত নৃসিংহ মহাপুরুষ পুরুষোত্তম পদ্মনাভ বৈকুণ্ঠ বামন গোবিন্দ দামোদর হৃষীকেশ কেশব সর্ব্বাসুরোৎসাদন সর্ব্বনাগ-প্রমর্দ্দন সর্ব্বায়ুধ-বিমোক্ষণ মহেশ্বর সর্ব্বভূতভয়ঙ্কর সর্ব্বশত্রুবিমর্দ্দন

ক্ষীরোদসমুদ্রশায়ী, অনন্তের দেহ যাঁহার খট্বা, যিনি গরুড়বাহন, অজ (জন্মরহিত), অজিত (কেহ যাঁহাকে জয় করিতে পারে নাই), অমিত (ইয়ত্তা-রহিত), অপরাজিত (কেহ যাঁহাকে পরাস্ত করিতে পারে নাই), ও পীতাম্বর, তাঁহাকে প্রণাম করি। হে বাসুদেব (শ্রীকৃষ্ণ), হে সঙ্কর্ষণ (বলদেব), হে প্রদ্যুম্ন (কন্দর্প), হে অনিরুদ্ধ (এই চতুর্ব্যূহধারিন্), হে হয়গ্রীব, হে মহাবরাহ, হে অচ্যুত, হে নৃসিংহ, হে বামন, হে ত্রিবিক্রম, হে বলরাম, হে পরশুরাম, হে শ্রীরাম, হে মৎস্য, হে কূর্ম্ম, হে বরপ্রদ, তোমাকে প্রণাম করি। ৩। অসুর দৈত্য দানব গন্ধর্ব্ব যক্ষ রাক্ষস ভূত প্রেত পিশাচ কুষ্মাণ্ড সিদ্ধ যোগিনী ডাকিনী স্কন্দ প্রভৃতি, দুষ্ট গ্রহ ও নক্ষত্র, এবং অন্য যে কিছু অনিষ্টকর আছে, তাহাদিগকে বধ কর বধ কর, দগ্ধ কর দগ্ধ কর, পাক কর পাক কর, মথন কর মথন কর, ধ্বংস কর ধ্বংস কর, দূর কর দূর কর, চূর্ণ কর চূর্ণ কর; শঙ্খ দ্বারা, চক্র দ্বারা, বজ্র দ্বারা, খড়্গ দ্বারা, শূল দ্বারা, গদা দ্বারা, মুষল দ্বারা, হল দ্বারা, হে দামোদর, ভস্ম কর ভস্ম কর। ৪। হে সহস্রবাহো, হে সহস্র-অস্ত্রশস্ত্রধারিন্, তুমি সর্ব্বশ্রেষ্ঠ হও সর্ব্বশ্রেষ্ঠ হও; সকলকে পরাভব কর পরাভব কর; হে অজিত, হে অমিত, হে অপরাজিত, হে অপ্রতিহত (কেহ যাহাকে বাধা দিতে পারে নাই), হে সহস্রনেত্র, তুমি দীপ্তি পাও দীপ্তি পাও,

সর্ব্বমন্ত্রপ্রভঞ্জন সর্ব্বারিষ্টপ্রমর্দ্দন সর্ব্বজ্বরবিমোচন সর্ব্ববন্ধবিমোক্ষণ সর্ব্বপাপ-প্রণাশন সর্ব্বদুঃস্বপ্ননাশন সর্ব্বদেবমহেশ্বর সর্ব্বগ্রহনিবারণ ডাকিনীবিধ্বংসন জনার্দ্দন নমোঽস্তু তে স্বাহা ॥ ৫ ॥ ওঁ য ইমা-মপরাজিতাং পরমবৈষ্ণবীং পঠতিসিদ্ধাং*জপতিসিদ্ধাং স্মরতিসিদ্ধাং মহাবিদ্যাং পঠতি জপতি স্মরতি শৃণোতি ধারয়তি কীর্ত্তয়তি বা, গৃহীত্বা পথি গচ্ছতি, ভক্ত্যা লিখিত্বা গৃহে স্থাপয়তি বা, ন তস্যাগ্নি-বায়ু-বজ্রোপলাশনিভয়ং, ন গ্রহভয়ং, ন চৌরভয়ং, ন সর্পভয়ং, ন সমুদ্রভয়ং, ন বর্ষভয়ং, ন শ্বাপদভয়ং বা ভবেৎ ॥ ৬ ॥ কচিদ্রা-ত্র্যান্ধকার-স্ত্রী-রাজকুল বিষগরণ-বশীকরণ-বিদ্বেষণোচ্চাটন বধ-বন্ধনভয়ং বা ভবেৎ। এতৈর্মন্ত্রৈ-রুদাহৃতৈঃ সিদ্ধৈঃ সংসিদ্ধপূজিতৈঃ ॥ ৭ ॥ ওঁ নমস্তেঽস্ত্বনঘে

* পঠতিসিদ্ধাং- পঠধাতোর্ধাতুকথনে ভাবে কারকে চ বাচ্যে তিঙবৎতিপ্রত্যয়বিধানাৎ পঠতিঃ পাঠঃ পাঠকর্ত্তা চ। পঠতিনা পঠতেবা সিদ্ধা পঠতি-সিদ্ধা তাম্। এবম্ অন্যত্রাপি।

প্রকৃষ্টরূপে দীপ্তি পাও দীপ্তি পাও; হে রূপবিহীন, হে বিশ্বরূপ, হে বহুরূপ, হে মধুসূদন, হে মহাবরাহ, হে অচ্যুত, হে নৃসিংহ, হে মহাপুরুষ, হে পুরুষোত্তম, হে পদ্মনাভ, হে নারায়ণ, হে বৈকুণ্ঠ, হে বামন, হে গোবিন্দ, হে দামোদর, হে হৃষীকেশ, হে কেশব, হে সর্ব্বাসুরের উৎসাদন, হে সর্ব্বনাগ-বিমর্দ্দন, হে সর্ব্বাস্ত্র-নিক্ষেপক, হে নাগেশ্বর, হে সর্ব্বভূত-ভয়ঙ্কর, হে সর্ব্বশত্রুবিমর্দ্দন, হে সর্ব্বমন্ত্র-প্রভঞ্জন, হে সর্ব্বাশুভ-প্রমর্দ্দন, হে সর্ব্বজ্বর-বিমোচন, হে সর্ব্ববন্ধ-বিমোক্ষণ, হে সর্ব্বপাপ-প্রণাশন, হে সর্ব্বদুঃস্বপ্ন-নাশন, হে সর্ব্বদেবের মহেশ্বর, হে সর্ব্বগ্রহ-নিবারণ, হে ডাকিনী-বিধ্বংসন, হে জনার্দ্দন, তোমাকে প্রণাম করি। ৫। যাহা পাঠ করিলে সিদ্ধিলাভ হয়, যাহা জপ করিলে সিদ্ধিলাভ হয়, যাহা স্মরণ করিলে সিদ্ধিলাভ হয়, সেই এই পরম বিষ্ণুশক্তি মহাবিদ্যা অপরাজিতা যে পাঠ করে, জপ করে, স্মরণ করে, শ্রবণ করে, ধারণ করে, বা কীর্ত্তন করে, সঙ্গে লইয়া পথে যায়, অথবা ভক্তিপূর্ব্বক লিখিয়া গৃহে রাখে, তাহার অগ্নিভয়, বায়ুভয়, শিলাবৃষ্টির ভয় ও বজ্রভয় হয় না, চৌরভয় হয় না, সর্পভয় হয় না, সমুদ্রভয় হয় না, বৃষ্টিভয় হয় না, অথবা হিংস্রজন্তুর ভয় হয় না। ৬। সিদ্ধগণের পূজিত এই সকল সিদ্ধমন্ত্র উচ্চারণ করিলে কোথাও রাত্রি, অন্ধকার, স্ত্রীলোক, রাজপুরুষ, বিষভক্ষণ, বশীকরণ, বিদ্বেষণ, উচ্চাটন, বধ ও বন্ধনের ভয় হয় না। ৭। হে অনঘে (নির্ম্মলে), হে অভয়ে, হে অজিতে,

অভয়ে অজিতে অমিতে অপরে অপরাজিতে পঠত্তিসিদ্ধে জপত্তিসিদ্ধে স্মর-ত্তিসিদ্ধে মহাবিদ্যে একানংশে * উমে ধ্রুবে অরুন্ধতি সাবিত্রি গায়ত্রি জাতবেদসে মানস্তোকে সরস্বতি রমণি রামিণি ধরণি ধারিণি তপনি তাপিনি সৌদামনি অদিতি দিতি বিনতে গৌরি গান্ধারি শবরি কিরাতি মাতঙ্গি কৃষ্ণে যশোদে সত্যবাদিনি ব্রহ্মবাদিনি কালি কপালিনি ভীমনাদিনি করালনেত্রে সদ্যোঽপঘাতনকরি জলগতং স্থলগতং পাতালগতম্ অন্তরীক্ষগতং মাং রক্ষ-রক্ষ সর্ব্বভূতেভ্যঃ সর্ব্বোপদ্রবেভ্যঃ স্বাহা ॥ ৮ ॥

---

* একানংশে—নাস্তি অংশো যস্যাঃ সা অনংশা সর্ব্বাত্মিকা ইত্যর্থঃ। একা অদ্বিতীয়া চাসৌ অতএব অনংশা চেতি একানংশা (শুদ্ধসত্ত্বস্বরূপা চিচ্ছক্তি-বৃত্তির্যোগমায়া ইতি রাসপঞ্চাধ্যায়ে চক্রবর্ত্তী)। জাতবেদসে—বিদধাতোর্ভাবে ঔণাদিকঃ অস বেদঃ জ্ঞানম্। জাতানাং সর্ব্বভূতানাং সম্বন্ধে বেদঃ জ্ঞানং জাতবেদ (তদস্যা অস্তীতি অর্শআদিত্বাৎ অৎ, ততঃ স্ত্রিয়ামাপ, জাতবেদসা। মানস্তোকে—মানম অস্ত্রেমাম্ অভিমানং সম্মানং বা স্তোকয়তি অল্পয়তীতি মানস্তোকা সর্ব্বগর্ব্বহারিণী সর্ব্বাধিকপূজ্যা বা। অদিতি দিতি—পাক্ষিকে ঈপি সম্বোধনে হ্রস্বঃ। গান্ধারি—গন্ধং পূজোপহারবিশেষম্ ঋচ্ছতি প্রাপ্নোতীতি গন্ধারী (কর্ম্মণ্যণ্ পট্), সা এব গান্ধারী। সদ্যোঽপঘাতনকরি সদ্য অপঘাতেন যাতনাপগমং করোতীতি।

হে অমিতে, হে অপরে (সর্ব্বশ্রেষ্ঠ), হে অপরাজিতে, হে পাঠকের সিদ্ধিদায়িনি, হে জাপকের সিদ্ধিদায়িনি, হে স্মারকের সিদ্ধিদায়িনি, হে মহাবিদ্যে, হে অদ্বিতীয়ে ও পূর্ণস্বরূপিণি, হে উমে, হে ধ্রুবে (নিত্যে), হে অরুন্ধতি, হে সাবিত্রি, হে গায়ত্রি, হে সর্ব্বভূতসম্বন্ধে অভিজ্ঞে, হে সর্ব্বাধিকপূজ্যে বা সর্ব্বগর্ব্বহারিণি, হে সরস্বতি, হে রমণি (তুমি নিজে ক্রীড়া কর), হে রামিণি (অন্যকে ক্রীড়া করাও), হে ধরণি (নিজে ধারণ কর), হে ধারিণি (পৃথিব্যাদিকে ধারণ করাও), হে তপনি (নিজে তাপ দাও), হে তাপিনি (সূর্য্যাদিকে তাপ দেওয়াও), হে সৌদামনি (বিদ্যুদ্রূপে), হে অদিতি, হে দিতি, হে বিনতে, হে গৌরি, হে গান্ধারি, হে শবরি কিরাতি ও মাতঙ্গি (শবরাদি ব্যাধজাতিভেদেরও শক্তিস্বরূপিণি), হে কৃষ্ণে, হে যশোদায়িনি, হে সত্যবাদিনি, হে ব্রহ্মবাদিনি, হে কালি, হে কপালিনি (শবশিরোঽস্থিমালা-ধারিণি), হে ভীমনাদিনি, হে ভীষণনেত্রে, হে সদ্যোদুঃখ-

ওঁ যস্যাঃ প্রণশ্যতে পুষ্পং গর্ভো বা পততে যদি।
ম্রিয়ন্তে বালকা যস্যাঃ কাকবন্ধ্যা চ যা ভবেৎ।
ভূর্জ্জপত্রে ইমাং বিদ্যাং গন্ধচন্দনচর্চ্চিতাম্।
বাহৌ গলে বা যত্নেন লিখিত্বা ধারয়েদ্ যদি।
গর্ভিণী জীববৎসা সা পুত্রিণী স্যান্ন সংশয়ঃ॥
ধারয়েদ্ য ইমাং বিদ্যাং ন দোষৈঃ স চ লিপ্যতে।
রণে রাজকুলে দ্যূতে নিত্যং তস্য জয়ো ভবেৎ॥
শস্ত্রঞ্চ বারয়তে যা সমরে কাণ্ডধারিণী।
গুল্মশূলাক্ষিরোগাণাং ক্ষিপ্রং নাশয়তে ব্যথাম্॥
শিরোরোগজ্বরাদীনাং নাশিনী সর্ব্বদেহিনাম্॥ ৯॥

বিনাশিনি, আমি জলগত, স্থলগত, পাতালগত বা শূন্যগত হইলে আমাকে সর্ব্বপ্রাণী হইতে ও সর্ব্ববিধ উপদ্রব হইতে রক্ষা কর রক্ষা কর। ৮। যে স্ত্রীর (অসময়ে) ঋতুবন্ধ হয়, যাহার গর্ভস্রাব হয়, যাহার সন্তান মরিয়া যায়, এবং যে কাকবন্ধ্যা (একবারমাত্র প্রসূতা) হয়, সে যদি ভূর্জ্জপত্রে এই মন্ত্র লিখিয়া সুগন্ধি চন্দনে লিপ্ত করিয়া বাহুতে বা গলদেশে যত্নপূর্ব্বক ধারণ করে, তাহা হইলে গর্ভিণী, জীববৎসা ও বহুপুত্রবতী হয়, ইহাতে সন্দেহ নাই। যে পুরুষ এই মন্ত্র ধারণ করে, সেও কোনও দোষে লিপ্ত হয় না। যুদ্ধে, বিচারালয়ে ও দ্যূতক্রীড়ায় সর্ব্বদা তাহার জয় হয়। এই দেবী (তাহার জন্য) বাণ ধরিয়া যুদ্ধে অস্ত্রশস্ত্র নিবারণ করেন। গুল্মরোগ, শূলরোগ ও নেত্ররোগের যন্ত্রণা শীঘ্র নাশ করেন। সর্ব্বপ্রাণীর শিরোরোগ ও জ্বরাদি রোগের শান্তি করিয়া থাকেন। ৯। যথা —ঐকাহিক (একদিন অন্তর), দ্ব্যাহিক (দুই দিন অন্তর), ত্র্যাহিক (তিন দিন অন্তর), ও চাতুর্থিক (চারি দিন অন্তর জ্বর), মাসিক (মাসে মাসে যাহা হয়), দ্বৈমাসিক (দুই মাস অন্তর), ত্রৈমাসিক (তিন মাস অন্তর), চাতুর্ম্মাসিক (চারি মাস অন্তর), ষাণ্মাসিক (ছয় মাস অন্তর) ও মৌহূর্ত্তিক (দুই দণ্ড অন্তর জ্বর), বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক ও সান্নিপাতিক জ্বর, সততজ্বর, সন্ততজ্বর (একজ্বর), বিষমজ্বর, গ্রহনক্ষত্রদোষ এবং অন্য সমস্ত দোষ—হে কালি, হরণ কর হরণ কর; হে গৌরি, নাশ কর নাশ কর; হে বিচ্চে, ফু দিয়া উড়াইয়া দাও উড়াইয়া দাও; হে আলে (সর্ব্বশক্তিময়ি), হে মালে (জগতের ধারণকর্ত্রি), হে তালে

তদ্ যথা।—ঐকাহিক-দ্ব্যাহিক-ত্র্যাহিক-চাতুর্থিক-মাসিক-দ্বৈমাসিক-ত্রৈমাসিক-চাতুর্মাসিক-ষাণ্মাসিক-মৌহূর্ত্তিক-বাতিক পৈত্তিক-শ্লৈষ্মিক-সান্নিপাতিকজ্বর-সততজ্বর-সন্ততজ্বর-বিষমজ্বর-গ্রহনক্ষত্রদোষাংশ্চান্যান্ হর-হর কালি, শর-শর গৌরি*, ধম ধম বিদ্যে, আলে মালে তালে গন্ধে বন্ধে পচ-পচ বিদ্যে, মথ-মথ বিদ্যে, নাশয় পাপং, হর দুঃস্বপ্নং, বিধ্বংসয় বিঘ্নং বিঘ্নবিনাশিনি, রজনি সন্ধ্যে দুন্দুভিনাদে মানসবেগে শঙ্খিনি চক্রিণি বজ্রিণি শূলিনি অপমৃত্যুবিনাশিনি বিশ্বেশ্বরি দ্রবিড়ি দ্রাবিড়ি কেশবদয়িতে পশুপতিসহিতে দুঃখদুরন্তে ভীমমর্দ্দিনি দমনি দামিনি শবরি কিরাতি মাতঙ্গি, ওঁ হ্রাং হ্রীং হ্রুং হ্রৈং হ্রৌং হ্রঃ তুরু-তুরু স্বাহা॥ ১০॥ ওঁ যে মাং দ্বিষন্তি প্রত্যক্ষং পরোক্ষং বা, তান্ সর্ব্বান্ হন হন দহ-দহ পচ-পচ মর্দ্দয়-মর্দ্দয় তাপয়-তাপয় শোষয়-শোষয় উৎসাদয়োৎসাদয়, ব্রহ্মাণি বৈষ্ণবি মাহেশ্বরি বারাহি নারসিংহি কৌমারি বৈনায়কি ঐন্দ্রি চান্দ্রি আগ্নেয়ি চণ্ডি চামুণ্ডে বারুণি বায়বি রক্ষ-রক্ষ, প্রচণ্ডবিদ্যে ইন্দ্রোপেন্দ্রভগিনি জয়ে

* শর—শৃ হিংসায়াং, গণপাঠস্থানিত্যাৎ ভ্বাদিত্বম্। আলে (অল সামর্থ্যে পচাদ্যচ্) আলা সর্ব্বশক্তিময়ী। মালা—(মল ধারণে কর্ত্তরি ঘঞ্) মলতে জগৎ ধারয়তীতি মালা। তালে—তালয়তি প্রতিষ্ঠাপয়তি ভক্তানিতি তালা। গন্ধে—গন্ধয়তে

(ভক্তজনের প্রতিষ্ঠাকর্ত্রি), হে গন্ধে (অভক্তজনের হিংসাকারিণি), হে বন্ধে (শত্রুদিগের বন্ধনকারিণি), হে বিদ্যে, পাক কর পাক কর; হে বিদ্যে, মথন কর মথন কর; পাপ নাশ কর; দুঃস্বপ্ন দূর কর; হে বিঘ্নবিনাশিনি, বিঘ্ন বিনাশ কর, হে রজনি (রাত্র্যধিষ্ঠাত্রি দেবি), হে সন্ধ্যে, হে দুন্দুভিনাদসহিতে, হে মানসবেগে (ভক্তের প্রতি কৃপা-বিতরণে উৎসুকে), হে শঙ্খিনি, হে চক্রিণি, হে বজ্রিণি, হে শূলিনি, হে অপমৃত্যু-বিনাশিনি, হে বিশ্বেশ্বরি, হে দ্রবিড়ি (ভক্তজনসমীপে দ্রুতগমনকারিণি), হে দ্রাবিড়ি (অভক্তদিগের অনুতাপকারিণি), হে বিষ্ণুপ্রিয়ে, হে শিবপূজিতে, হে দুঃখবিনাশকারিণি, হে ভীমমর্দ্দিনি (ভয়ঙ্কর প্রাণীদিগের মর্দ্দনকারিণি), হে দমনি (শত্রুদমনকারিণি), হে

বিজয়ে শান্তি-স্বস্তি-পুষ্টি-তুষ্টি-কীর্ত্তি-বিবর্দ্ধিনি কামাঙ্কুশে কামদুঘে সর্ব্ব-কামবরপ্রদে সর্ব্বভূতেষু মাং প্রিয়ং কুরু কুরু স্বাহা ॥ ১১ ॥ ওঁ আকর্ষিণি আবেশিনি জ্বালামালিনি রমণি রামিণি ধরণি ধারিণি তপনি তাপিনি মদোন্মাদিনি সংশোষিণি সম্মোহিনি মহানীলে মহানীলপতাকে মহাগৌরি মহাশ্রয়ে মহাচান্দ্রি মহাপ্রিয়ে মহামায়ে আদিত্যরশ্মি* জাহ্নবি যমঘণ্টে কিলি-কিলি চিন্তামণি সুরভি সুরোৎপন্নে সর্ব্বকামদুঘে যথাভিলষিতং

হিনস্তি অভক্তানিতি গন্ধা। বন্ধে (বন্ধ বন্ধনে চুরাদিঃ) বন্ধয়তি শত্রুনিতি বন্ধা। দুন্দুভিনাদে—দুন্দুভিনাদঃ অস্যা অস্তীতি অর্শআদিত্বাৎ অৎ। মানসবেগে—(ভক্তজনে কৃপাবিতরণে) মানসস্য মানসস্যেব বা বেগো যস্যাঃ সা। দ্রবিড়ি—দ্রুধাতোঃ ঔণাদিক ইডঃ, আর্ষ ঈপ) দ্রবতি ভক্তজনসমীপে দ্রুতং গচ্ছতীতি দ্রবিড়ী। দ্রাবীড়ি—দ্রাবয়তি অনুতাপয়তি অভক্তানিতি দ্রাবিড়ী। পশুপতিমহিতে—শিবপূজিতে। দুঃখদুরন্তে—দুঃখানাম্ দুরন্তঃ দুষ্পরিণামঃ সমূলোন্মূলনমিত্যর্থঃ যস্যাঃ সকাশাৎ সা। তুরু—(তুর বেগে জুহোত্যাদিঃ, গণপাঠস্যানিত্যত্বাৎ তস্য তনাদিত্বম্) ত্বরস্ব।

দামিনি। ভক্তদ্বারা শত্রুদমনকারিণি), হে শবরজাতিশক্তি, হে কিরাতজাতিশক্তি, হে মাতঙ্গজাতিশক্তি,...(সর্ব্বদুঃখহরণে) ত্বরা কর ত্বরা কর। ১০। যাহারা আমাকে সাক্ষাতে বা অসাক্ষাতে দ্বেষ করে, তাহাদের সকলকে বধ কর বধ কর, দগ্ধ কর দগ্ধ কর, পাক কর পাক কর, মর্দ্দন কর মর্দ্দন কর, তাপিত কর তাপিত কর, শোষণ কর শোষণ কর, উচ্ছেদ কর উচ্ছেদ কর; হে ব্রহ্মাণি (ব্রহ্মশক্তি), হে বৈষ্ণবি, হে মাহেশ্বরি, হে বারাহি, হে নারসিংহি, হে কৌমারি (কার্ত্তিকেয়শক্তি), হে বৈনায়কি (গণেশ-শক্তি), হে ঐন্দ্রি (ইন্দ্রশক্তি), হে চান্দ্রি (চন্দ্রশক্তি), হে আগ্নেয়ি, হে চণ্ডি, হে চামুণ্ডে, হে বারুণি (বরুণশক্তি), হে বায়বি (বায়ুশক্তি), রক্ষা কর রক্ষা কর; হে প্রচণ্ডবিদ্যে, হে ইন্দ্র ও উপেন্দ্রের ভগিনি (যশোদাগর্ভসম্ভবা বলিয়া, অথবা তাঁহাদের ঐশ্বর্য্যশালিনী), হে জয়ে, হে বিজয়ে, হে শান্তি স্বস্তি পুষ্টি তুষ্টি ও কীর্ত্তিবর্দ্ধিনি, হে কামাঙ্কুশে (অঙ্কুশের ন্যায় কামনাকে মন্দবিষয় হইতে ফিরাইয়া থাক), হে কামদুঘে (সর্ব্বশুভকামপ্রদায়িনি), হে সর্ব্বাভীষ্টবরপ্রদে, আমাকে সর্ব্বভূতের মধ্যে তোমার প্রীতিপাত্র কর।১১। হে আকর্ষণ-

কার্য্যং তন্মে সিধ্যতু স্বাহা। ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃস্বঃ স্বাহা। ওঁ যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু স্বাহা। ওঁ বলে বলে মহাবলে অসিদ্ধসাধিনি স্বাহা ॥ ১২ ॥ ওঁ ॥

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে ত্রৈলোক্যবিজয়াপরাজিতা

স্তোত্রং সমাপ্তম্।

* আদিত্যরশ্মি- আদিত্যরশ্মিরিব রশ্মিযস্যাঃ সা (পাক্ষিকে ঈপ্) আদিত্যরশ্মি তৎ-সম্বোধনে। কিলি-কিলি---কিলি ক্রীড়ায়াম্ উণাদিকঃ ইঃ কিলঃ ক্রীড়াকারিণী, সাদৃশ্যে দ্বিত্বে কিলিকিলিঃ, পাক্ষিকে ঈপ্ কিলিকিলী, তৎসম্বোধনে।

কারিণি, হে আবেশকারিণি, হে দীপ্তিশালিনি, হে বর্দ্ধিণি, হে রামিণি, হে ধরণি, হে ধারিণি, হে তপনি, হে তাপিনি, হে মদোন্মাদিনি (শত্রুকে গর্ব্বে উন্মত্ত কর), হে শোষণ-কারিণি, হে মোহবিধায়িনি, হে মহানীলবর্ণে, হে মহানীল-পতাকাসহিতে, হে মহাগৌরি, হে মহাশ্রয়স্বরূপে, হে মহাচন্দ্রশক্তে, হে মহাপ্রীতিকরি, হে মহামায়ে, হে সূর্য্যরশ্মির ন্যায় রশ্মিশালিনি, হে জাহ্নবি, হে যমঘণ্টাস্বরূপিণি, হে ক্রীড়াকারিণ্যানন্দিনি, হে চিন্তামণি, হে সুরভি, হে সুরোৎপন্নে (দেবগণের তেজ হইতে উদ্ভূতে), হে সর্ব্বকামপ্রদে, আমার যে কার্য্য অভিলষিত, তাহা সফল কর।...যেখান হইতে পাপ আসিয়াছে, তাহা সেইখানে ফিরিয়া যাউক। প্রত্যেক বলের বিষয়ে হে মহাবলশালিনি, হে অসিদ্ধসাধিনি, সম্যক্‌রূপে তোমার প্রীতি হউক। ১২।

জগন্নাথাষ্টক।

কদাচিৎ কালিন্দী তট-বিপিন সঙ্গীত-তরলো
মুদাভীরীনারী-বদন-কমলাস্বাদ-মধুপঃ।
রমা-শম্ভু-ব্রহ্মামরপতি-গণেশার্চ্চিত পদো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ১

ভুজে সব্যে বেণুং, শিরসি শিখিপুচ্ছং, কটিতটে
দুকূলং, নেত্রান্তে সহচর-কটাক্ষঞ্চ বিদধৎ।
সদা শ্রীমদ্‌বৃন্দাবন-বসতি লীলা-পরিচয়ো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ২

মহাম্ভোধেস্তীরে কনক-রুচিরে নীলশিখরে
বসন্ প্রাসাদান্তঃ সহজ-বলভদ্রেণ বলিনা।
সুভদ্রামধ্যস্থঃ সকল-সুরসেবাবসরদো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ৩

যিনি এক সময়ে যমুনাতীরস্থ কাননে সঙ্গীতশ্রবণে চঞ্চল হইয়া প্রীতিভরে মধুকরের ন্যায় গোপীদিগের মুখকমল আস্বাদন করিয়াছিলেন, এবং রমা, শম্ভু, ব্রহ্মা, ইন্দ্র ও গণপতি যাঁহার চরণ অর্চ্চনা করিয়া থাকেন, সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ১।

যিনি বামহস্তে বেণু, শিরে শিখিপুচ্ছ, কটিতটে পীতাম্বর এবং নয়নপ্রান্তে সহচরদিগের প্রতি কটাক্ষ ধারণ করিয়া সর্ব্বদা বৃন্দাবনে বাস ও লীলা করিতে প্রবৃত্ত আছেন, সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ২।

যিনি মহাসমুদ্রের তীরে কনকোজ্জ্বল নীলাদ্রির শিখরে মন্দিরের মধ্যে বলবান্ সহোদর (যিনি অগ্রে দেবকীর গর্ভে জন্মিয়া পরে রোহিণীর গর্ভে যান সেই) বলভদ্রের সহিত সুভদ্রাকে মধ্যে রাখিয়া বাস করত, সকলকে সকল দেবতার পরিচর্য্যা করিবার অবসর প্রদান করিয়াছেন (যাঁহার চতুর্দ্দিকে সকল দেবতার মূর্ত্তিই বিরাজমান আছে), সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৩।

কৃপাপারাবারঃ সজলজলদ-শ্রেণি-রুচিরো
রমাবাণীবামঃ স্ফুরদমল-পঙ্কেরুহমুখঃ।
সুরেন্দ্রৈরারাধ্যঃ শ্রুতিগণশিখাগীতচরিতো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ৪
রথারূঢ়ো গচ্ছন্ পথিমিলিত-ভূদেবপটলৈঃ
স্তুতিপ্রাদুর্ভাবং প্রতিপদ-মুপাকর্ণ্য সদয়ঃ।
দয়াসিন্ধুর্বন্ধুঃ সকলজগতাং সিন্ধুসদয়ো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ৫
পরব্রহ্মাপীড়্যং কুবলয়দলোৎফুল্ল-নয়নো
নিবাসী নীলাদ্রৌ নিহিত-চরণোঽনন্তশিরসি।
রসানন্দী রাধা-সরসবপু-রালিঙ্গনসুখো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে॥ ৬

যিনি কৃপাসিন্ধু, সজল-জলদ-পটলের ন্যায় যাঁহার কান্তি, লক্ষ্মী ও সরস্বতী যাঁহার বামে অবস্থিত, যাঁহার মুখমণ্ডল অমল কমলের ন্যায় শোভমান; যিনি দেবগণের আরাধ্য; উপনিষদ্ সকল যাঁহার চরিত্র গান করে; সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৪।

যিনি রথারূঢ় হইয়া গমন করিতে থাকিলে পথে ব্রাহ্মণগণ মিলিত হইয়া যাঁহার স্তব করেন, এবং যিনি সেই স্তব শ্রবণ করিয়া পদে পদে প্রসন্ন হন, সেই দয়াসিন্ধু জগদ্বন্ধু সিন্ধুসদয় (সমুদ্রের প্রতি কৃপাবান হইয়া তত্তীরবাসী) প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৫।

স্তবনীয় পরব্রহ্ম (নিরাকার) হইলেও (সাকার অবস্থায়) যাঁহার নেত্র নীলপদ্মের ন্যায় প্রফুল্ল, এবং যিনি নীলাদ্রির উপরে অনন্তের শিরে পদার্পণ করিয়া বাস করত প্রেমানন্দে-বিভোর হইয়া শ্রীরাধার রসময় দেহ আলিঙ্গন করিয়া সুখী হইতেছেন, সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৬। (পরম্-ব্রহ্ম-অপি-ঈড্যম্)।

ন যাচেঽহং রাজ্যং ন চ কনক-মাণিক্য-বিভবং
ন যাচেঽহং রম্যা-মখিলজন কাম্যাং বরবধূম্।
সদা কামং কাম্যং প্রমথপতিনোদ্গীত-চরিতো
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৭
হর ত্বং সংসারং দ্রুততর-মসারং সুরপতে,
হর ত্বং পাপানাং বিততি-মপরাং যাদবপতে।
অহো দীনেঽনাথে নিহিত-চরণো নিশ্চিতময়ং
জগন্নাথস্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৮
জগন্নাথাষ্টকং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ শুচিঃ।
সর্ব্বপাপ-বিশুদ্ধাত্মা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৯

ইতি শ্রীচৈতন্যচন্দ্র-মুখপদ্ম-বিনির্গতং শ্রীজগন্নাথাষ্টকং স্তোত্রং সমাপ্তম্।

আমি রাজ্য চাহি না, সুবর্ণ-মাণিক্যাদি সম্পত্তিও চাহি না, সর্ব্বজনের স্পৃহণীয়া সুন্দরী কামিনীও চাহি না। আমি সর্ব্বদা ঐকান্তিক ভাবে প্রার্থনা করি—ভূতনাথ যাঁহার চরিত্র কীর্ত্তন করেন, সেই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৭ ।

হে সুরপতে, তুমি শীঘ্র আমার এ অসার সংসার হরণ কর; হে যদুপতে, অশেষ পাপভারও তুমি হরণ কর। যিনি দীন ও অনাথ জনে নিশ্চয় চরণ সমর্পণ করিয়া থাকেন, সেই এই প্রভু জগন্নাথ আমার দৃষ্টিপথের পথিক হউন। ৮ ।

যে ব্যক্তি একাগ্রচিত্ত ও পবিত্র হইয়া এই পবিত্র জগন্নাথাষ্টক পাঠ করে, সে সকল পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করে। ৯ ।

(কালীর)

অপরাধ-ভঞ্জন-স্তোত্র।

প্রাগ্দেহস্থো যদাহং তব চরণযুগং নাশ্রিতো নার্চ্চিতোঽহং, *
তেনাদ্যাকীর্ত্তিবর্গৈর্জঠরজদহনৈর্বাধ্যমানো বলিষ্ঠৈঃ।
স্থিত্বা জন্মান্তরং নো পুনরিহ ভবিতা ক্বাশ্রয়ঃ ক্বাপি সেবা,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতরদনে † কামরূপে করালে ॥ ১
বাল্যে বালাভিলাষৈর্জড়িতজড়মতি-বাললীলাপ্রসক্তো
ন ত্বাং জানামি মাতঃ কলিকলুষহরাং ভোগমোক্ষৈকদাত্রীং।
নাচারো নৈব পূজা ন চ যজনকথা ন স্মৃতির্নৈব সেবা
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতরদনে কামরূপে করালে ॥ ২

* অর্চ্চিত ইতি আরম্ভে কর্ত্তরি ক্ত, তদর্চ্চনায়াং প্রবৃত্তোঽপি ন অভবম্ ইত্যর্থঃ। এবং পরত্রাপি। † প্রকটিতবদনে ইতি সর্ব্বত্র পাঠান্তরম্।

পূর্ব্বজন্মে করিয়া মা শরীর ধারণ। না ভজিনু, না পূজিনু তোমার চরণ ॥
তাই এবে সেই সব পাপকর্ম্মফলে। গর্ভবাসে কষ্ট পেনু প্রবল অনলে ॥
মরিলে জন্মিতে নাহি হবে আরবার। মনে মনে এইরূপ ভাবি অনিবার ॥
এ জন্মও করিতেছি হেলায় যাপন। কোথায় ভজন তব, কোথায় পূজন ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ১
বাল্যকালে বালকের অভিলাষ যত। তাহে মোর মত মন ছিল সদা রত ॥
সময় কাটানু শুধু ছেলে-খেলা করি। জানি নাই-- মা তুমি যে পরম ঈশ্বরী ॥
তুমিই সক্ষম কলি- কলুষ-সংহারে। তোমা বিনা ভুক্তি মুক্তি কেহ দিতে নারে ॥
অনাচারে ছিনু, মাগো করিনি তোমার। পূজা, যাগ, ধ্যান, সেবা-অনুষ্ঠান আর ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ২

প্রাপ্তোঽহং যৌবনঞ্চেদ্ বিষধরসদৃশৈ-রিন্দ্রিয়ৈর্দ্দষ্টগাত্রো,
নষ্টপ্রজ্ঞঃ পরস্ত্রী-পরধন-হরণে সর্ব্বদা সাভিলাষঃ।
ত্বৎপাদাম্ভোজযুগ্মং ক্ষণমপি মনসা ন স্মৃতোঽহং কদাপি,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে॥ ৩

প্রৌঢ়ঃ প্রৌঢ়াভিলাষৈঃ সুতদুহিতৃকলত্রার্থ-মন্নাদিচেষ্টৈঃ,
ক প্রাপ্তিঃ কুত্র যামীত্যনিশ-মনুদিনং চিন্তয়া জীর্ণদেহঃ।
নো তে ধ্যানং ন চাস্থা ন চ ভজনকথা নামসংকীর্ত্তনং বা,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে॥ ৪

বৃদ্ধত্বে বুদ্ধিহীনঃ কৃশবিবশতনুঃ শ্বাসকাসাতিসারৈঃ,
কর্ম্মানর্হোঽক্ষিহীনঃ প্রগলিতদশনঃ ক্ষুৎপিপাসাভিভূতঃ।
পশ্চাত্তাপেন দগ্ধো মরণমনুদিনং ধ্যেয়মাত্রং ন চান্যৎ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে॥ ৫

যৌবন পাইনু যবে, বিষধর সম। ইন্দ্রিয় সকল গাত্রে দংশিল সে মম॥
জ্ঞানশূন্য হয়ে সদা ভাবিতাম মনে। কিরূপে হরিব পরনারী পরধনে॥
তব পাদপদ্ম দুটি ক্ষণেকের তরে। এক দিনো চিন্তা নাহি ক'রেছি অন্তরে॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে॥ ৩
বিবাহের পর পেনু সংসারের ভার। তখন হইল কত আশার সঞ্চার॥
পুত্র কন্যা বনিতার ভরণ-পোষণে। সতত সচেষ্ট তবে হইলাম মনে॥
কোথা পাই, কোথা যাই—এই নিরন্তর। ভাবনায় জীর্ণ শীর্ণ হ'ল কলেবর॥
নাহি করি ধ্যান তব, নাহি আস্থা তায়। না করি ভজন, নামসঙ্কীর্ত্তন তায়॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে॥ ৪
বৃদ্ধকালে বুদ্ধিনাশ হবে, শীর্ণ কায়। শ্বাস কাস অতিসারে অবসন্নপ্রায়॥
সকল কাজের বা'র হইবে তখন। দৃষ্টিশক্তি নষ্ট হবে, পড়িবে দশন॥
ক্ষুধায় তৃষ্ণায় সদা হইব কাতর। অনুতাপানলে দগ্ধ হইবে অন্তর॥
তখন মরণ ভিন্ন অন্য কিছু আর। চিন্তার বিষয় মা গো না রবে আমার॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে॥ ৫

কৃত্বা স্নানং দিনাদৌ ক্বচিদপি সলিলং নাহৃতং নৈব পুষ্পং,
নো নৈবেদ্যাদিচেষ্টা ক্বচিদপি চ কৃতা নাপি ভাবো ন ভক্তিঃ।
ন ন্যাসো নৈব পূজা ন চ মন্ত্রজপনং নাপি চর্চ্চা কৃতা তে,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ৬
জানামি ত্বাং ন চাহং ভবভয়হরণীং সর্ব্বসিদ্ধিপ্রদাত্রীং,
নিত্যানন্দোদয়েশীং নিগমফলময়ীং নিত্যশুদ্ধাং দয়াঢ্যাম্।
মিথ্যাকার্য্যাভিলাষৈ-রনুদিন-মভিতঃ পীড়িতো দুঃখসঙ্ঘৈঃ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ৭
কালাভ্রশ্যামলাঙ্গীং বিগলিতচিকুরাং খড়্গমুণ্ডাভিরামাং,
ত্রাসত্রাণেষ্টদাত্রীং কুণপগণশিরোমালিনীং দীর্ঘদেহাম্।
সংসারস্যৈকসারাং ন চ জননহরাং ভাবিতো ভাবনাভিঃ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ৮

এ জীবনে এক দিনো করি প্রাতঃস্নান। করি নাই মা তোমার পূজা-অনুষ্ঠান ॥
জল পুষ্প নৈবেদ্য প্রভৃতি আহরণ। করিবারে চেষ্টা নাহি করি কদাচন ॥
ভাব ভক্তি ন্যাস পূজা মন্ত্রজপ আর। ক্ষণেকের তরে চর্চ্চা না করি তোমার ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ৬
জানি না মা—তুমি ভবভয়-নিবারিণী। তুমিই সে হও সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী ॥
নিত্যানন্দদানে প্রভু তুমিই কেবল। তুমিই বেদোক্ত কর্ম্মসমূহের ফল ॥
তোমার ও রূপ মা গো নিত্য-নিরঞ্জন। নাহি কেহ দয়াবতী তোমার মতন ॥
মিছা কাজে আশা করি, ঘুরি নিশি দিন। নানাদুঃখে কষ্ট পেয়ে হইতেছি ক্ষীণ ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ৭
কাল-মেঘ-সম তব শ্যাম কলেবর। এলায়ে পড়েছে তব চিকুর চাচর ॥
বাম করে খড়্গ নরমুণ্ড সুশোভন। দক্ষিণেতে বরাভয় করিছ ধারণ ॥
শবমুণ্ডমালা গলে, সুদীর্ঘ আকার। অসার সংসারে তুমি একমাত্র সার ॥
ভয়নিবারিণী তুমি; এ হেন তোমায়। এক দিনো ভাবি নাই এত ভাবনায় ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ৮

ব্রহ্মা বিষ্ণুস্তথেশঃ পরিণমতি সদা ত্বৎপদাম্ভোজযুগ্মং,
ভাগ্যাভাবান্ন চাহং ভবজননি ভবৎপাদপদ্মং ভজামি।
মিথ্যালোভপ্রমোহৈঃ কৃতবিবশমতিঃ কামুকোঽহং প্রযাচে,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ৯
রাগদ্বেষপ্রমত্তঃ কলুষযুত-তনুঃ কামলোভাভিমুগ্ধঃ,
কার্য্যাকার্য্যাবিচারী কুলমতিরহিতঃ কৌলসঙ্গৈর্বিহীনঃ।
ক্ব ধ্যানং তে ক্ব চার্চ্চা ক্ব চ মনুজপনং নৈব কিঞ্চিৎ কৃতোঽহং
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ১০
রোগী দুঃখী দরিদ্রঃ পরবশকৃপণঃ পাংশুলঃ পাপচেতা,
নিদ্রালস্যপ্রসক্তঃ স্বজঠরভরণে সর্ব্বদা ব্যাকুলাত্মা।
কিন্তে পূজাবিধানং ক্বচন তব মতিঃ কানুরাগঃ ক্ব চাস্থা,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ১১
মিথ্যাব্যামোহবর্গৈঃ পরিবৃতমনসঃ ক্লেশসঙ্ঘাবৃতস্য,
ক্ষুত্তৃন্নিদ্রান্বিতস্য স্মরণবিরহিণঃ পাপকৃত্যপ্রবৃত্তেঃ।

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর মা গো অবিরত। চরণকমলে তব আছেন প্রণত ॥
হতভাগ্য আমি, তাই ও রাঙ্গা চরণ। হে ভবজননি কভু করি না ভজন ॥
মিথ্যা লোভ মোহে সদা অভিভূত মন। কামে অন্ধ আমি, আজি করি নিবেদন ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ৯
রাগ দ্বেষে মত্ত, পাপে পূর্ণ কলেবর। কাম লোভে অতিশয় মোহিত-অন্তর ॥
কার্য্য কি অকার্য্য কিছু না করি বিচার। রতি নাহি কুলাচারে, সাধুসঙ্গে আর ॥
কোথা ধ্যান, কোথা জপ, কোথায় পূজন। কিছুই করি না আমি—হেন অভাজন ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ১০
রোগে শোকে দারিদ্র্যেতে সদা অভিভূত। পরাধীন কৃপণ পাপাত্মা পাপযুত ॥
নিদ্রা ও আলস্যে রত, খোদর-পূরণ। করিতে সর্ব্বদা মোর ব্যাকুলিত মন ॥
কোথা তব পূজা, তাহে আস্থা নাহি মনে। নাহি মতি, নাহি রতি তোমার চরণে ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ১১

দারিদ্রস্থ ক ধর্ম্মঃ ক চ ভজনবিধিঃ ক স্থিতিঃ সাধুসঙ্গে,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতরদনে কামরূপে করালে ॥ ১২
মাতস্তাতস্য দেহাজ্জননি-জঠরজ- স্তাবতা ত্বৎশেতঽহং,
ত্বং কর্ত্রী কারয়িত্রী করণগুণময়ী কর্ম্মহেতুস্বরূপা।
ত্বং বুদ্ধিশ্চিত্তসংস্থাপ্যহমতিকুমতিঃ সর্ব্বমেব ত্বদর্থং,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতরদনে কামরূপে করালে ॥ ১৩
ত্বং ভূমিস্ত্বং জলৌঘস্ত্বমসি হুতবহস্ত্বং জগদ্ বায়ুরূপং,
ত্বঞ্চাকাশো মনশ্চ প্রকৃতিরপি মহৎপূর্ব্বিকাহঙ্কৃতিশ্চ।
আত্মা চৈবাসি মাতঃ পরমপি ভবতী ত্বৎপরং নৈব কিঞ্চিৎ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ প্রকটিতরদনে কামরূপে করালে ॥ ১৪
ত্বং কালী ত্বঞ্চ তারা ত্বমসি গিরিসুতা সুন্দরী ভৈরবী ত্বং,
ত্বং দুর্গা ছিন্নমস্তা ত্বমসি চ ভুবনা ত্বং হি লক্ষ্মীঃ শিবা ত্বম্।

কুতর্কে সতত রত আমার অন্তর। তাই নানা ক্লেশ ভোগ করি নিরন্তর॥
ক্ষুধা তৃষ্ণা নিদ্রায় কাতর অনুক্ষণ। পাপে রত হয়ে তোমা না করি স্মরণ।
দরিদ্রের কোথা ধর্ম্ম, কোথায় ভজন? সাধুসঙ্গে স্থিতি নাহি ঘটে কদাচন॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে॥ ১২
পিতৃ-দেহ হ'তে যবে জননী-জঠরে। জনম লভিয়া বাস করিনু কাতরে।
তখন তোমার বশে ছিলাম কেবল। ভূমিষ্ঠ হইবামাত্র ভুলিনু সকল॥
তুমি সব কর, তুমি করাও এমন। কর্ত্তা কর্ম্ম করণ স্বরূপে অনুক্ষণ।
তুমি বুদ্ধিরূপে চিত্তে সদা আছ বোসে। তবু যে কুমতি আমি,—পূর্ব্বকর্ম্মদোষে।
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে। ১৩
তুমি ক্ষিতি, তুমি ব্যোম, তুমি মা সলিল। তুমিই অনল, মা গো তুমিই অনিল।
তুমি মন, তুমি এই বিশ্ব-মূলাধার। হও মহাপ্রকৃতি মা তুমি অহঙ্কার॥
তুমি আত্মা, তুমি মা গো শ্রেষ্ঠ সবাকার। তোমা ছাড়া এ জগতে কিছু নাহি আর॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে॥ ১৪
তুমি কালী, তুমি তারা, তুমি সে পার্ব্বতী। সুন্দরী, ভৈরবী তুমি, তুমি ধূমাবতী॥

ধূম্রা মাতঙ্গিনী ত্বং ত্বমসি চ বগলা মঙ্গলা হিঙ্গুলাখ্যা,
ক্ষন্তব্যোঽমেঽপরাধঃ প্রকটিতবদনে কামরূপে করালে ॥ ১৫
স্তোত্রেণানেন দেবীং পরিচরতি জনো যঃ সদা ভক্তিযুক্তো,
দুষ্কীর্ত্তিং দুর্গসঙ্ঘং পরিতরতি সমুদ্‌বিঘ্নতা নাশমেতি।
নাধির্ব্যাধিঃ কদাচিদ্ যদি ভবতি পুনঃ সর্ব্বদা সাপরাধঃ,
সর্ব্বং তৎ কামরূপা ত্রিভুবনজননী ক্ষাময়েৎ পুত্রবুদ্ধ্যা ॥ ১৬
জেতা বক্তা কবীশো ভবতি ধনপতির্দানশীলো দয়াত্মা,
নিষ্পাপো নিষ্কলঙ্কঃ কুলমতিকুশলঃ সত্যবাগ্ ধার্ম্মিকশ্চ।
নিত্যানন্দোদয়াঢ্যঃ পশুগুণবিমুখঃ সৎকথাভ্যাসশীলঃ,
সংসারাব্ধিং সুখেন প্রতরতি গিরিজাপাদপদ্মাবলম্বাৎ ॥ ১৭

ইতি গুপ্তার্ণবতন্ত্রে শ্রীহরপার্ব্বতীসংবাদে অপরাধ-
ভঞ্জন-স্তোত্রং সমাপ্তম্।

তুমি দুর্গা, ছিন্নমস্তা, ভুবনা, বগলা। লক্ষ্মী, শিবা, মাতঙ্গিনী, হিঙ্গুলা, মঙ্গলা ॥
ক্ষম অপরাধ মম বিকটদশনে। কামরূপে মা কালিকে করালবদনে ॥ ১৫
দেবীর সম্মুখে এই স্তব যেই জন। ভক্তিযুক্ত হ'য়ে সদা করে অধ্যয়ন ॥
অবশে সঙ্কটে সেই পায় পরিত্রাণ। উদ্বেগ তাহার মনে নাহি পায় স্থান ॥
আধি ব্যাধি কদাচিৎ নাহি তার ঘটে। যদি কভু দোষ করে দেবীর নিকটে ॥
পুত্রবোধে সে সকল করেন মার্জ্জনা। জগৎ-জননী কামরূপা শবাসনা ॥ ১৬
হয় সেই জয়শীল বক্তা কবিবর। ধনবান্ দানশীল সদয়-অন্তর ॥
নিষ্পাপ, কলঙ্কশূন্য, রত কুলাচারে। সত্যবাদী পরম ধার্ম্মিক এ সংসারে ॥
নিত্যানন্দে পরিপূর্ণ হয় তার মন। কভু সে করে না পশুবৎ আচরণ।
সদালাপে রত থাকে, সংসার-সাগরে। শ্রীশ্যামাচরণ-তরী পেয়ে সুখে তরে ॥ ১৭

কর্পূরাদিস্তোত্র।

[এই স্তবের আদিতে "কর্পূর" শব্দ আছে বলিয়া ইহাকে কর্পূরাদি-স্তোত্র বলে। ইহার প্রকৃত নাম "স্বরূপাখ্য" স্তোত্র। ইহাতে ভগবতী দক্ষিণা কালিকার রূপ, মন্ত্র ও সাধনা কথিত আছে। ইহা মহাকালের রচিত। মহাকাল বলিতে মহাদেবকেও বুঝায়, এবং প্রমথগণের মধ্যে একজনকেও (অর্থাৎ নন্দীকেও) বুঝায়; যথা—"মহাকালো মহাদেবে কিম্পাকে প্রমথান্তরে"—মেদিনী। নন্দী ও ভৃঙ্গী মহাদেবেরই পুত্র। তাঁহাদের উৎপত্তির বিবরণ ও নন্দীর মহাকাল নাম হইবার কারণ কালিকাপুরাণে এইরূপ উক্ত আছে, যথা—কার্ত্তিকেয়ের জন্ম উপলক্ষে হরগৌরীর বিহারাবসানে দেবগণের আদেশে অগ্নি যখন কপোতরূপ ধারণ করিয়া মহাদেবের বীর্য্য হরণ করিয়া লইয়া যান, তখন তাহার দুই বিন্দু কৈলাস পর্ব্বতের পৃষ্ঠে পতিত হইয়াছিল। ঐ দুই বিন্দু হইতে দুইটি পুত্র উৎপন্ন হইল। মহাদেব ও গৌরী তাহাদিগকে লালনপালন করেন। তাহাদের একটির বর্ণ ভৃঙ্গের ন্যায় কৃষ্ণ বলিয়া ব্রহ্মা তাহার ভৃঙ্গী নাম রাখেন, এবং অপরটি মর্দ্দিত কজ্জলের ন্যায় অত্যন্ত কাল-বর্ণ বলিয়া তাহাকে মহাকাল নামে অভিহিত করেন। মহাদেব তাহাদিগকে প্রমথ-গণের অধিপতি করিয়া কৈলাসপুরীর দ্বাররক্ষায় নিযুক্ত করিলেন (কালী-পূজায় যে মহাকালের পূজার বিধি আছে, তাহা ভৈরবরূপী মহাদেবের পূজা)। সেই মহাকাল নন্দীই এই স্তব করিয়াছিলেন। সেইজন্য স্তবের মধ্যে "মাতঃ" প্রভৃতি সম্বোধনপদের প্রয়োগ আছে। ইহা কালীর স্তব। কালীপূজায় এই স্তব পাঠ করিতে হয়। ইহার দুই-প্রকার ব্যাখ্যা আছে। একপ্রকার আগম-মতে (তন্ত্র-মতে) ও আর একপ্রকার নিগম-মতে (বেদ-মতে)। আগম-মতের ব্যাখ্যা বীরদিগের জন্য, এবং নিগম-মতের ব্যাখ্যা দিব্য ও পশুদিগের জন্য। তন্ত্রে সাধক-

দিগের তিনপ্রকার ভাব উক্ত আছে,—দিব্যভাব, বীরভাব ও পশুভাব। যাঁহারা ব্রহ্মজ্ঞানে সাধনা করেন, তাঁহারা দিব্য; যাঁহারা মদ্য-মাংসাদি পঞ্চমকার দ্বারা সাধনা করেন, তাঁহারা বীর বা বামাচারী; এবং যাঁহারা বেদ-মতে সাধনা করেন, তাঁহারা পশু বলিয়া অভিহিত। সত্য হইতে ত্রেতার পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত দিব্যভাবে, ত্রেতার শেষার্দ্ধ হইতে দ্বাপর পর্য্যন্ত বীরভাবে, এবং কলিতে পশুভাবেই সাধনার বিধি আছে, যথা—কালী-বিলাসতন্ত্রে "সত্যত্রেতার্দ্ধপর্য্যন্তং দিব্যভাববিনির্ণয়ঃ। ত্রেতাদ্বাপরপর্য্যন্তং বীরভাব ইতীরিতম্। দিব্যবীরমতং নাস্তি কলিকালে সুলোচনে॥" মহানির্ব্বাণতন্ত্রেও আছে "দিব্যবীরময়ো ভাবঃ কলৌ নাস্তি কদাচন। কেবলং পশুভাবেন মন্ত্রসিদ্ধির্ভবেন্নৃণাম্॥" তথাপি কলিকালে কেহ কেহ বীরভাবে সাধনা করিয়া থাকেন বলিয়া, তাঁহাদের আগম-মতের ব্যাখ্যা প্রয়োজনীয়; এবং পশ্বাচারীদিগের আগম মতের ব্যাখ্যায় প্রয়োজন না থাকায় তাহা তাঁহাদের মনোরম নহে; নিগম-মতের ব্যাখ্যাই তাঁহাদের নিতান্ত প্রয়োজনীয় বলিয়া দ্বিবিধ ব্যাখ্যাই প্রদত্ত হইল। সাধারণের বোধ-সৌকর্য্যার্থে ব্যাখ্যার ভাষা যথাসম্ভব সরল করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি। পরন্তু নিগম-মতের ব্যাখ্যায় দেবীর নামের ও বিশেষণের যেরূপ অর্থ লিখিত হইয়াছে, তাহাদের কোনও কোনওটি আগম-মতের ব্যাখ্যাতেও সঙ্গত হইতে পারে।]

কর্পূরং মধ্যমান্ত্যস্বর-পরিরহিতং * সেন্দুবামাক্ষিযুক্তং
বীজন্তে মাতরেতৎ ত্রিপুরহর-বধু ত্রিঃকৃতং যে জপন্তি।

* পাঠান্তরম্—পররহিতং (মধ্যমৌ চ অন্ত্যশ্চ মধ্যমান্ত্যাঃ, তে চ তে স্বরাশ্চেতি মধ্যমান্ত্যস্বরাঃ; পশ্চ রশ্চ পরৌ; মধ্যমান্ত্যস্বরাশ্চ পরৌ চ মধ্যমান্ত্যস্বরপরাঃ, তৈঃ রহিতম্)।

তেষাং গদ্যানি পদ্যানি চ মুখকুহরাদুল্লসন্ত্যেব বাচঃ
স্বচ্ছন্দং ধ্বান্তধারাধর-রুচি-রুচিরে সর্ব্বসিদ্ধিং গতানাম্ ॥১॥

শ্রীশ্যামাচরণাশ্রিতং ছলশবং নত্বাথ মত্বা হৃদি
শ্রীশ্যামাচরণাম্বুজং মতিমতাং দৃষ্টপ্রকৃষ্টক্রিয়ঃ।
শ্রীশ্যামাচরণস্তবস্য বিবৃতিং ভক্ত্যা স্বশক্ত্যাদৃতঃ
শ্রীশ্যামাচরণদ্বিজো বিতনুতে মূঢ়োঽপি রূঢ়োদ্যমঃ॥
ত্রুকৃক্তমিহ যৎকিঞ্চিন্মোহাদজ্ঞানতোঽপি বা।
সুধীভিঃ শোধনীয়ং তন্মন্দাত্মানুজিঘৃক্ষয়া॥

আগমমতে—কর্পূরং (ক্-অ-র্-প্-উ-র্-অ ইতি বর্ণসপ্তকঘটিতং কর্পূরেতি শব্দস্বরূপং) মধ্যমান্ত্যস্বরপরিরহিতং (আ অন্তাৎ অন্তমবধিং কৃত্বা বর্ত্তমানং স্থানমিতি আন্তম্ *, আন্তে ভবঃ আন্ত্যঃ উপান্ত্যঃ ইত্যর্থঃ, মধ্যমশ্চ আন্ত্যশ্চ মধ্যমান্ত্যৌ পকাররকারৌ, স্বরাঃ অ উ অ ইতি ত্রয়ঃ, মধ্যমান্ত্যৌ চ স্বরাশ্চ মধ্যমান্ত্যস্বরাঃ, তৈঃ পরিরহিতং বর্জ্জিতং; তেন ক্র ইতি স্থিতিঃ) সেন্দুবামাক্ষিযুক্তম্ (ইন্দুঃ চন্দ্রঃ—নাদবিন্দুঃ, চন্দ্রবিন্দুরিতি যাবৎ; ইন্দুনা সহ বর্ত্তমানং সেন্দু, তথাভূতং যৎ বামাক্ষি বামনেত্রং

* "আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ" ইতি অব্যয়ীভাবঃ।

* আগমমতে—(ক-অ-র্-প্-উ-র্-অ=) কর্পূর শব্দের মধ্যবর্ণ প্, ও আন্ত্য অর্থাৎ উপান্ত্য বর্ণ র্, এবং সমুদায় স্বরবর্ণ ত্যাগ করিলে ক্র্ থাকে, তাহাতে ইন্দু অর্থাৎ চন্দ্রবিন্দুর সহিত বামচক্ষু অর্থাৎ দীর্ঘ ঈ যোগ করিলে ক্রীঁ হয়। হে মাতঃ, হে শিবগেহিনি, হে অন্ধকারবৎ কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় প্রভাশালিনি, তোমার এই একাক্ষর ক্রীঁ বীজকে যাহারা ত্রিগুণ (অর্থাৎ ক্রীঁ ক্রীঁ ক্রীঁ এইরূপ ত্র্যক্ষর) করিয়া জপ করে, তাহাদের সর্ব্বকার্য্যে সিদ্ধি হয়, এবং তাহাদের মুখ হইতে গদ্য-পদ্যময় বাক্য অনর্গল নির্গত হইতে থাকে (অর্থাৎ তাহারা সুপণ্ডিত হয়)॥০॥ নিগমমতে—হে ত্রিপুরহরবধু (অর্থাৎ জগৎসংহারিণি পরব্রহ্মশক্তি), হে ঘোরকৃষ্ণবর্ণে (অর্থাৎ সর্ব্বরূপিণি)—অবশিষ্ট ব্যাখ্যা পূর্ব্ববৎ। ১।

দীর্ঘ ঈকারঃ ইত্যর্থঃ *, তেন ক্রং সং ক্রী ইতি ভবতি; কর্পূরমিতি প্রথমান্তং পদম্, অথবা দ্বিতীয়ান্তং বীজমিত্যস্য বিশেষণম্)। হে মাতঃ, হে ত্রিপুরহরবধু (ত্রিপুরহরো মহাদেবঃ, তস্য পত্নি), হে ধ্বান্তধারাধর-রুচিরুচিরে (ধ্বান্তম্ অন্ধকারঃ, তৎসমানবর্ণো যো ধারাধরঃ মেঘঃ, অথবা ধ্বান্তে অন্ধকারে যো ধারাধরঃ, তস্য রুচিরিব রুচিঃ কান্তিঃ যস্যাঃ সা ধ্বান্তধারাধররুচিঃ †, সা চাসৌ রুচিরা মনোজ্ঞা চেতি তৎসম্বোধনে—গাঢ়কৃষ্ণবর্ণে অথচ লাবণ্যময়ি ইতি ভাবঃ), তে (তব) এতৎ বীজং (পূর্ব্বোক্তং বিশেষণদ্বয়বিশিষ্ট-কর্পূরশব্দসিদ্ধং ক্রীমিত্যেকাক্ষরং বীজমিত্যর্থঃ) ত্রিঃকৃতং (ত্রিগুণীকৃতং, ক্রীঁ ক্রীঁ ক্রীঁ ইতি ত্র্যক্ষরং কৃত্বা ইত্যর্থঃ) যে (সাধকাঃ) জপন্তি, তেষাং সন্বসিদ্ধিং গতানাং (সর্ব্বকার্য্য-বিষয়িণীং সফলতাং প্রাপ্তানাং সতাং) মুখকুহরাৎ (বদনবিবরাৎ) গদ্যানি পদ্যানি চ বাচঃ (গদ্যপদ্যময়ানি বাক্যানি) স্বচ্ছন্দম্ (অনর্গলম্ ‡ এব উদ্ভবন্তি (প্রস্ফুরন্তি নির্গচ্ছন্তি ইত্যর্থঃ; তে সর্ব্বকর্ম্মসু সাফল্যং লভন্তে মহাপণ্ডিতাশ্চ ভবন্তীত্যর্থঃ; তত্রাপি নিষ্কামানাং মুক্তিঃ, সকামানামেব ফলং জ্ঞেয়ম্, এবং সর্ব্বত্র; যদুক্তং মহানির্ব্বাণতন্ত্রে "সকামাশ্চৈব নিষ্কামা দ্বিবিধা ভুবি মানবাঃ। অকামানাং পদং মোক্ষঃ কামিনাং ফলমুচ্যতে" ইতি ॥ ০ ॥ নিগমমতে—ত্রিপুরহরবধু (ত্রীণি পুরাণি স্বর্গমর্ত্তপাতাল-রূপাণি ভুবনানি হরতি তমোগুণমাশ্রিত্য রুদ্ররূপেণ নাশয়তীতি ত্রিপুর-

---

* মাতৃকান্যাসে "ইং নমো দক্ষিণনেত্রে, ঈং নমো বামনেত্রে" ইতি প্রয়োগাৎ, "ঈস্ত্রিমূর্ত্তি-র্মহামায়া লোলাক্ষী বামলোচনম্" ইতি বর্ণাভিধানাচ্চ।

† "মহামেঘপ্রভাং শ্যামাম্" ইতি ধ্যানাৎ।

‡ "স্বচ্ছন্দো নিরবগ্রহঃ" ইত্যমরঃ।

হরঃ পরব্রহ্মস্বরূপঃ পরঃ পুরুষঃ *, তস্য বধূঃ শক্তিঃ, পরা প্রকৃতিরিত্যর্থঃ ; যদ্বা ত্রিপুরহরা চাসৌ বধূশ্চেতি, ত্রিজগৎসংহারিণী শক্তিরিত্যর্থঃ, তৎসম্বোধনে)। হে ধ্বান্তধারাধররুচিরুচিরে (হে নানাবর্ণ-বিশিষ্ট-সর্ব্বভূতস্বরূপে কালশক্তে †)। অন্যৎ পূর্ব্ববৎ। ১।

ঈশানঃ সেন্দুবামশ্রবণ-পরিগতো বীজমন্ত্রম্মহেশি
দ্বন্দ্বস্তে মন্দচেতা যদি জপতি জনো বারমেকং কদাচিৎ।
জিত্বা বাচামধীশং ধনদমপি চিরং মোহয়ন্নম্বুজাক্ষী-
বৃন্দং চন্দ্রার্দ্ধচূড়ে প্রভবতি স মহাঘোর-বাণাবতংসে ‡ ॥২

* "সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতেগুণা-স্তৈ-র্যুক্তঃ পরঃ পুরুষ এক ইহাস্য ধত্তে। স্থিত্যাদয়ে হরিবিরিঞ্চিহরেতি সংজ্ঞাঃ শ্রেয়াংসি তত্র খলু সত্ত্বতনোর্নৃণাং স্যুঃ ॥" অপিচ "স বিশ্বসৃষ্টি-স্থিতিসংযমার্থে কৃতাবতারঃ প্রগৃহীতশক্তিঃ।"—ভাগবতম্।

† "শ্বেতপীতাদিকো বর্ণো যথা কৃষ্ণে বিলীয়তে। প্রবিশন্তি তথা কাল্যাং সর্ব্বভূতানি শৈলজে। অতস্তস্যাঃ কালশক্তের্নির্গুণায়া নিরাকৃতেঃ। হিতায়াঃ প্রাপ্তযোগানাং বর্ণঃ কৃষ্ণো নিরূপিতঃ ॥"—মহানির্ব্বাণতন্ত্রম্।

‡ পাঠান্তরাণি—ঈশানং সেন্দুবামশ্রবণপরিগতং (বীজমিত্যস্য বিশেষণম্)। প্রভবতি হি মহাঘোর…। প্রভবতি সহসা ঘোর…। ঘোরবালাবতংসে ("কর্ণাবতংসতানীত-শবযুগ্মভয়ানকাম্" ইতি ধ্যানাৎ, "বিগতাসুকিশোরাভ্যাং কৃতকর্ণাবতংসিনীম্" ইতি তন্ত্রসার-ধৃত-ধ্যানান্তরাচ্চ ; মহাঘোরৌ অতিভয়ঙ্করৌ বালৌ শবশিশূ অবতংসৌ কর্ণভূষণে যস্যাঃ। নিগমমতে—এতদ্বিশেষণেন জগৎসংহারিণীতি জ্ঞাপিতম্ ; যদ্বা মহাঘোরাঃ বালাঃ কেশাঃ অবতংসঃ শিরোভূষণং যস্যাঃ "দক্ষিণব্যাপি-লম্বমানকচোচ্চয়াম্" ইতি ধ্যানাৎ, এতেন বিরাট্-স্বরূপত্বং সূচিতং, তথাচ ভাগবতে মহাপুরুষসংস্থানবর্ণনে "ঈশস্য কেশান্ বিদুরম্বুবাহান্" ইতি)।

আগমমতে—ঈশান অর্থাৎ হকার, চন্দ্রবিন্দুসহিত বামকর্ণে অর্থাৎ দীর্ঘ ঊকারে যুক্ত হইলে হুঁ হয়। হে মহেশভার্য্যে, হে চন্দ্রখণ্ডযুক্ত-চূড়াবিশিষ্টে, হে মহাঘোর বাণযুগল যাঁর

আগমমতে—ঈশানঃ (শিবঃ, হকার ইত্যর্থঃ *) সেন্দুবামশ্রবণপরিগতঃ (সেন্দু চন্দ্রবিন্দুসহিতং যৎ বামশ্রবণং দীর্ঘ ঊকারঃ † তেন পরিগতঃ যুক্তঃ সন্ হূঁ ইতি ভবতি)। হে মহেশি (মহেশপত্নি), হে চন্দ্রার্দ্ধচূড়ে (চন্দ্রস্য অর্দ্ধঃ খণ্ডঃ চূড়ায়াং যস্যাঃ তৎসম্বোধনে ‡), হে মহাঘোরবাণাবতংসে (মহাঘোরৌ অতিভয়ানকৌ বাণৌ শরৌ অবতংসৌ কর্ণভূষণে যস্যাঃ তৎসম্বোধনে §)। মন্দচেতাঃ (মূঢ়বুদ্ধিঃ) জনঃ তে (তব) অন্যৎ (অপরং) বীজং (পূর্ব্বোক্তং হূঁ ইতি একাক্ষরং বীজং) দ্বন্দ্বং (যুগ্মং কৃত্বা, হূঁ হূঁ ইতি দ্ব্যক্ষরং কৃত্বা) যদি কদাচিৎ একং বারং জপতি, (তদা) সঃ চিরং (বহুকালং ব্যাপ্য, যাবজ্জীবমিত্যর্থঃ) বাচাম্ অধীশং (বাচস্পতিং, বৃহস্পতিং) ধনদম্ অপি (কুবেরঞ্চ) জিত্বা (পরাভূয়), অম্বুজাক্ষীবৃন্দম্

---

* হৌঃ ইতি শিববীজত্বাৎ, "হঃ শিবে সলিলে শূন্যে" ইতি মেদিনীকোষাচ্চ।

† মাতৃকান্যাসে "ঊং নমো দক্ষিণকর্ণে, ঊং নমো বামকর্ণে" ইতি প্রয়োগাৎ, "ঊঃ কণ্ঠকো রতিঃ শান্তিঃ ক্রোধনো মধুসূদনঃ। কামরাজঃ কুজেশশ্চ মহেশো বামকর্ণকঃ" ইতি বর্ণাভিধানাচ্চ।

‡ "মেঘাঙ্গীং শশিশেখরাং ত্রিনয়নাম্" ইতি ধ্যানান্তরাৎ।

§ "কর্ণাবতংসতানীত-শবযুগ্মভয়ানকাম্" ইতি ধ্যানে পাঠান্তরাৎ, "শকৃত্তপক্ষসংযুক্ত-বামকর্ণবিভূষিতাম্" ইতি তন্ত্রসারধৃত-ধ্যানান্তরাচ্চ।

বিভূষিতকর্ণে, মূঢ়বুদ্ধি লোকেও যদি তোমার এই আর একটি একাক্ষর (হূঁ) বীজকে যুগ্ম করিয়া (অর্থাৎ হূঁ হূঁ এইরূপ দ্ব্যক্ষর করিয়া) কখনও একবারও জপ করে, তাহা হইলে সে বৃহস্পতিকে ও কুবেরকে জয় করিয়া (অর্থাৎ অসাধারণ বিদ্বান্ ও অতুল ধনবান্ হইয়া) কমললোচনা সুন্দরী রমণীদিগকে মুগ্ধ করিয়া (অর্থাৎ পরম রূপবান্ হইয়া) সকলের উপর প্রভুত্ব করিয়া থাকে॥ • ॥ নিগমমতে—হে মহেশি (অর্থাৎ জগতের স্থিতিকারিণি) হে চন্দ্রার্দ্ধচূড়ে (অর্থাৎ সৃষ্টিকারিণি) হে মহাঘোরবাণাবতংসে (অর্থাৎ সংহারকারিণি)---।২।

(অম্বুজাক্ষীণাং কমললোচনানাং বরনারীণাং বৃন্দং সমূহং শতকোটি-সংখ্যাং বা) মোহয়ন্ প্রভবতি (মোহয়িতুং সমর্থো ভবতি *; যদ্বা মোহয়ন্ মুগ্ধং কুর্ব্বন্ প্রভবতি সর্ব্বকর্ম্মক্ষমো ভবতি—সঃ অতীব বিদ্যা-বান্ রূপবান্ কর্ম্মঠশ্চ ভবতীতার্থঃ) ॥ ০ ॥ নিগমমতে—হে মহেশি † (জগৎস্বামিনি—এতেন স্থিতিকারিত্বং সূচিতম্)। হে চন্দ্রার্দ্ধচূড়ে—এতেন অমৃতময়ত্বাৎ জগৎকারণত্বং সূচিতম্ ‡; যদ্বা চন্দ্রশব্দেন নাদ-বিন্দু উক্তৌ, তয়োঃ অর্দ্ধঃ নাদো বা বিন্দুর্বা, স এব চূড়া শিরোভূষণং সবিশেষ-পরিচায়ক ইত্যর্থঃ যস্যাঃ) এতেন শক্তিস্বরূপা ব্রহ্মস্বরূপা বেতি প্রতিপাদিতম্ §; অথবা চন্দ্রার্দ্ধস্য (প্রণবাবয়বভূতস্য চন্দ্ররেখাকৃতিবর্ণ-বিশেষস্য) চূড়া (উপরিস্থিতা বিন্দুরূপা ইত্যর্থঃ) এতেন ব্রহ্মস্বরূপত্বমেব সূচিতম্। মহাঘোরবাণাবতংসে—ইত্যনেন সংহারকারিণীতি সূচিতম্; যদ্বা বাণপদেন বাণসমসংখ্যকানি ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোমাণি উচ্যন্তে, অবতংস ইতি সর্ব্বাঙ্গভূষণানামুপলক্ষণম্, মহাঘোরাণি অতিদুর্ব্বোধচরিতানি পঞ্চ-মহাভূতান্যেব সর্ব্বাঙ্গভূষণানি যস্যাঃ—এতেন পঞ্চভূতাত্মকনিখিল-জগন্ময়ীতি সূচিতম্ ¶ ॥ ২ ॥

---

* মোহয়ন্নিতি হেতৌ শতৃঃ, অর্জ্জয়িষ্যন্ যাতীত্যাদিবৎ।

† ঙীপ্রত্যয়ঃ আর্ষঃ।

‡ "নিত্যায়াঃ কালরূপায়া অরূপায়াঃ শিবাত্মনঃ। অমৃতত্বাল্ললাটেঽস্যাঃ শশিচিহ্নং নিরূপিতম্ ॥"—ইতি মহানির্ব্বাণতন্ত্রে। ভূতশুদ্ধৌ চ "তস্মাৎ ললাটচন্দ্রাদ্ গলিতসুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্তদেহং বিরচয্য" ইত্যনেন অমৃতেনৈব জগদ্রচনা প্রতিপাদিতা।

§ "বিন্দুঃ শিবাত্মকং বীজং নাদঃ শক্তিস্তয়োর্মিথঃ। সমবায়ঃ সমাখ্যাতঃ সর্ব্বাগম-বিশারদৈঃ ॥" ইতি সারদাতিলকে।

¶ "বিশ্বমীটিবিলাসোঽহং চিৎসুধাকেবলকৃতি। বিলীয়তে চ তত্রৈব মধ্যে কিম্ ন তত্ত্বতঃ ॥"—ইতি যোগবাশিষ্ঠে।

*

ঈশো বৈশ্বানরস্থঃ শশধর-বিলসদ্-বামনেত্রেণ যুক্তো
বীজন্তে দ্বন্দ্বমন্তদ্ বিগলিত-চিকুরে কালিকে যে জপন্তি।
দ্বেষ্টারং ঘ্নন্তি তে চ ত্রিভুবনমপি তে বশ্যভাবং নয়ন্তি
সৃক্কদ্বন্দ্বাস্রধারাদ্বয়ধরবদনে দক্ষিণে কালিকেতি ॥ ৩

আগমমতে—ঈশঃ (শিবঃ, হকার ইত্যর্থঃ) বৈশ্বানরস্থঃ (বৈশ্বানরে অগ্নৌ রকারোপরি ইত্যর্থঃ স্থিতঃ +) শশধরবিলসদ্বামনেত্রেণ যুক্তঃ (শশধরেণ চন্দ্রবিন্দুনা বিলসৎ শোভমানং যৎ বামনেত্রং দীর্ঘ ঈকারঃ তেন যুক্তঃ সন্ হ্রীঁ ইতি ভবতি)। হে বিগলিতচিকুরে (বিগলিতাঃ বিলম্বিতাঃ চিকুরাঃ কেশাঃ যস্যাঃ তৎসম্বোধনে ‡) হে কালিকে, হে সৃক্কদ্বন্দ্বাস্রধারাদ্বয়ধরবদনে (সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, তয়োর্দ্বন্দ্বং, সৃক্কদ্বন্দ্ব

* পাঠান্তরাণি—ঈশং বৈশ্বানরস্থং...যুক্তং (বীজমিত্যস্য বিশেষণম্), দ্বেষ্টারং তে নিঘ্নন্তি (একবচনমার্ষম্)। সৃক্কদ্বন্দ্বাস্রধারাস্রব-ধরবদনে (স্রবং ক্ষরণম)। দক্ষিণে কালিকেঽতি (অতি অত্যন্তং বশ্যভাবং নয়ন্তি)। দক্ষিণে কালিকে চ।

\+ রমিতি অগ্নিবীজাৎ, "রঃ স্মৃতঃ পাবকে তীক্ষ্ণে" ইতি মেদিনীকোষাচ্চ।

‡ "মুক্তকেশীম্" ইতি ধ্যানাৎ।

আগমমতে—ঈশ (শিব অর্থাৎ হকার) বৈশ্বানরে (অগ্নিতে অর্থাৎ রকারে) অধিষ্ঠিত হইয়া চন্দ্রবিন্দুশোভিত বামনেত্রে (অর্থাৎ দীর্ঘ ঈকারে) যুক্ত হইলে হ্রীঁ হয়। হে কালিকে, হে মুক্তকেশি, হে দক্ষিণে কালিকে, হে সৃক্কদ্বয়গলদ্রক্তধারাবিস্ফুরিতাননে (অর্থাৎ তোমার মুখের দুই ধার হইতে দুইটি রক্তধারা প্রবাহিত হইতেছে), তোমার এই আর একটি একাক্ষর (হ্রীঁ) বীজকে যাহারা যুগ্ম (অর্থাৎ হ্রীঁ হ্রীঁ এইরূপ বারদ্বয়) করিয়া জপ করে, তাহারা শত্রুকেও বিনাশ করে, এবং ত্রিভুবনকেও বশীভূত করিয়া থাকে ॥ ০ ॥ নিগম-মতে—হে মুক্তকেশি (অর্থাৎ জগৎসংহারিণি), হে সৃক্কদ্বয়গলদ্রক্তধারাবিস্ফুরিতাননে (অর্থাৎ শরণাগত-দীনার্ত্ত-পরিত্রাণ-পরায়ণে), হে দক্ষিণে কালিকে (অর্থাৎ মুক্তিপ্রদায়িনি) ॥ ৩ ॥

যৎ অস্রস্ত রক্তস্য ধারাদ্বয়ং ধারয়োর্দ্বয়ং, তস্য ধরং ধারকং বদনং যস্যাঃ তৎসম্বোধনে *), হে দক্ষিণে কালিকে ইতি + (দক্ষিণা কালিকা ইতি নাম্না প্রসিদ্ধে), যে (জনাঃ) তে (তব) অন্যৎ (অপরং) বীজং (হ্রীঁ ইতি একাক্ষরং বীজং) দ্বন্দ্বং (যুগ্মং কৃত্বা, হ্রীঁ হ্রীঁ ইতি দ্ব্যক্ষরং কৃত্বা) জপন্তি, তে দ্বেষ্টারং (শত্রুং) চ ঘ্নন্তি (নাশয়ন্তি)। ত্রিভুবনম্ অপি (ত্রিলোকীঞ্চ) বশ্যভাবং (বশতাং) নয়ন্তি (প্রাপয়ন্তি) ॥ ৩ ॥ নিগমমতে—বিগলিতচিকুরে (মুক্তকেশি ; এতেন জগৎসংহারকরূপ-ধারিণীতি সূচিতম্ ; যদ্বা বিগলিতাঃ (মহাপ্রলয়ে প্রবলজলধারারূপেণ পরিণতাঃ) চিকুরাঃ (কেশস্থানীয়াঃ সংবর্ত্তাদ্যা মেঘাঃ ‡) যস্যাঃ, অথবা বিগলিতং (নষ্টং) চিকুরত্বং (চপলত্বং) যস্যাঃ § ; কিংবা বিগলিতঃ (স্নেহেন দ্রবীভূতঃ) চিকুরঃ (হিমালয়নামা পর্ব্বতঃ) যস্যাঃ ¶ ; এতেন জগন্মোহিনীতি সূচিতম্। কালিকে (কৃষ্ণবর্ণে **) এতেন পূর্ব্ববৎ নিখিলজগদ্রূপেতি সূচিতম্ ; যদ্বা কানাং (মস্তকানাম্ ++) আলী (শ্রেণী) যস্যাং, (মুণ্ডমালাবিভূষিতে ; এতেনাপি জগৎ-সংহারিণীতি সূচিতম্)। সৃক্কদ্বন্দ্বাস্রধারাদ্বয়ধরবদনে—ইত্যনেন

* "সৃক্কদ্বয়গলদ্রক্ত-ধারাবিস্ফুরিতাননাম্" ইতি ধ্যানাৎ।

+ কালিকে-ইতি ইত্যত্র পুনঃসন্ধিরার্ষঃ। ভক্ত্যাতিশয়জনিতহর্ষাৎ কালিকে ইতি দ্বিরুক্তিঃ ; তথাচ "বিবাদে বিস্ময়ে হর্ষে কোপে দৈন্যেঽবধারণে। প্রসাদনেঽনুকম্পায়াং দ্বিস্ত্রিরুক্তং ন দুষ্যতি" ইতি।

‡ "জলস্ত কেশান্ বিদুরম্বুবাহান্" ইতি ভাগবতম্।

§ "চপলশ্চিকুরঃ সমৌ" ইত্যমরঃ। "ভাবপ্রত্যয়স্ত গতার্থত্বাৎ ন প্রযুক্তঃ" ইতি বামনঃ। "এতাবতা নম্বনুমেয়শোভি" ইত্যত্র কুমারে মল্লিনাথেনাপি এবমেব ব্যাখ্যাতম্।

¶ "চিকুরস্তরলাগয়োঃ" ইতি মেদিনী।

** "কালাবর্ণে" ইতি ঈপ্রত্যয়ঃ, ততঃ স্বার্থে কঃ।

++ "কং বারিণি চ মূর্দ্ধ্নি চ" ইত্যমরঃ।

জগৎসংহারিকাম্, শরণাগতদীনার্ত্তপরিত্রাণপরায়ণত্বং বা সূচিতম্ *। হে দক্ষিণে কালিকে—দক্ষিণং পরমপুরুষং জিত্বা (তদারাধ্য যাবতা কালেন যাবতা আয়াসেন চ মোক্ষঃ প্রাপ্যতে তদপেক্ষয়া অল্পতরেণ কালেন অল্পতরেণাপি আয়াসেন মোক্ষং দদাতীত্যতো দক্ষিণা কালিকেতি নামনির্ব্বচনম্ †। ৩

ঊর্দ্ধে বামে কৃপাণং করকমলতলে ছিন্নমুণ্ডং তথাধঃ
সব্যে চাভীর্ব্বরঞ্চ ত্রিজগদঘহরে দক্ষিণে কালিকেতি।
জপ্ত্বৈতন্নাম যে বা তব মনুবিভবং ভাবয়ন্ত্যেতদম্ব
তেষামষ্টৌ করস্থাঃ প্রকটিতবদনে সিদ্ধয়স্ত্র্যম্বকস্য ‡॥ ৪

* "গ্রসনাৎ সর্ব্বসত্ত্বানাং কালদন্তেন চর্ব্বণাৎ" -ইতি মহানির্ব্বাণতন্ত্রম্। "ত্বয়ৈতৎ পাল্যতে দেবি ত্বমৎস্যন্তে চ সর্ব্বদা" ইতি "পুনরপাতিরৌদ্রেণ রূপেণ পৃথিবীতলে। অবতীর্য্য হনিষ্যামি বৈপ্রচিত্তাংস্তু দানবান্॥ ভক্ষয়ন্ত্যাশ্চ তানুগ্রান্ বৈপ্রচিত্তান্ মহাসুরান্। রক্তা দন্তা ভবিষ্যন্তি দাড়িমী-কুসুমোপমাঃ॥ ততো মাং দেবতাঃ স্বর্গে মর্ত্ত্যলোকে চ মানবাঃ। স্তুবন্তো ব্যাহরিষ্যন্তি সততং রক্তদন্তিকাম্" ইতি চ দেবীমাহাত্ম্যম্।

† "পুরুষো দক্ষিণঃ প্রোক্তো বামা শক্তির্নিগদ্যতে। বামা সা দক্ষিণং জিত্বা মহামোক্ষ-প্রদায়িনী। অতঃ সা দক্ষিণা কালী ত্রিষু লোকেষু গীয়তে॥"—ইতি মহানির্ব্বাণতন্ত্রম্।

‡ পাঠান্তরাণি—ঊর্দ্ধং বামে (ঊর্দ্ধমিত্যব্যয়ম্)। তথাধোঽসব্যো চাভীবরঞ্চ (সব্যঃ বামম্, অসব্যং দক্ষিণম্—"বাম শরীরে সব্যং স্যাদপসব্যন্তু দক্ষিণম্" ইত্যমরঃ। অভীশ্চ বরশ্চ তয়োঃ সমাহারঃ অভীবরম্)। দক্ষিণে কালিকেঽতি (অতি অত্যন্তম্

আগমমতে—ঊর্দ্ধ বাম হস্তে খড়্গ, নিম্ন বাম হস্তে ছিন্নমুণ্ড, ঊর্দ্ধ দক্ষিণ হস্তে অভয়, ও নিম্ন দক্ষিণ হস্তে বর। হে ত্রিভুবনের পাপনাশিনি, হে বিবৃতাননে, হে মাতঃ, যাহারা তোমার "দক্ষিণে কালিকে" এই সম্বোধনান্ত নাম জপ করিয়া, তোমার মন্ত্রের মহিমা এবং ঈদৃশ রূপ চিন্তা করে, মহাদেবের অণিমাদি অষ্টসিদ্ধি তাহাদের করতলগত হয়॥ ০॥
নিগমমতে—হে বিবৃতাননে (অর্থাৎ জগদগ্রাসিনি)…। ৪।

আগমমতে – বামে ঊর্দ্ধে করকমলতলে কৃপাণং * (খড়্গং), তথা অধঃ (বামে নিম্নে করকমলতলে) ছিন্নমুণ্ডং, সব্যে (দক্ষিণে + ঊর্দ্ধে করকমলতলে) অভীঃ (অভয়ং, অভয়মুদ্রা), বরঞ্চ * (দক্ষিণে অধঃ করকমলতলে বরমুদ্রা চ) ‡। হে ত্রিজগদঘহরে (ত্রয়াণাং জগতাং পাপনাশিনি), হে প্রকটিতবদনে (বিস্তৃতাননে §), হে অম্ব (মাতঃ), যে (জনাঃ) তে (তব) দক্ষিণে কালিকে ইত্যেতৎ (সম্বোধনান্তং) নাম জপ্ত্বা মনুবিভবং (মন্ত্রাণাং মাহাত্ম্যং, তেষাং গদ্যানি পদ্যানি চ মুখকুহরাদুল্লসন্ত্যেব বাচঃ ইত্যাদিকং) এতৎ বা ¶ (ঈদৃশম্ "ঊর্দ্ধে বামে" ইত্যাদি প্রকারং রূপঞ্চ) ভাবয়ন্তি (চিন্তয়ন্তি), ত্র্যম্বকস্য (শিবস্য) অষ্টৌ সিদ্ধয়ঃ (অণিমাদয়ঃ অষ্টপ্রকারাঃ সিদ্ধয়ঃ) তেষাং করস্থাঃ (কর-

একাগ্রতয়া ইত্যর্থঃ ভাবয়ন্তি ইত্যন্বয়ঃ)। দক্ষিণে কালিকে চ। যে ত্বেবং নামবর্ণং তব মনুবিভবং (যে তু এবম্ উক্তরূপম্ মনুবিভবম্ মনোঃ মন্ত্রস্য বিভব ইব বিভবঃ মাহাত্ম্যং যস্য তৎ এতৎ তব নামবর্ণং দক্ষিণে কালিকে ইতি সম্বোধনান্তনামাক্ষরং ভাবয়ন্তি)। জপ্ত্বৈ তন্নাম যে বা তব বিমলমনুং (বিমলং পবিত্রং শুদ্ধসত্ত্বময়ং মন্ত্রঞ্চ)। ভাবয়ন্ত্যেবমম্ব (এবম্ উক্তরূপম্ রূপম্)।

* অর্দ্ধর্চাদেরাকৃতিগণত্বাৎ পাক্ষিকং ক্লীবত্বম্।

\+ "সব্যং বামেচ দক্ষিণে" ইত্যমরঃ। বামে ইতি পৃথগুপাদানাৎ অত্র সব্যে ইত্যস্য দক্ষিণে ইত্যর্থঃ।

‡ "সদ্যশ্ছিন্নশিরঃখড়্গবামাধোর্দ্ধকরাম্বুজাম্। অভয়ং বরদঞ্চৈবদক্ষিণোর্দ্ধাধপাণিকাম্" ইতি ধ্যানাৎ।

§ "করালবদনাং ঘোরাম্" ইতি ধ্যানাৎ।

¶ বাশব্দশ্চকারার্থঃ, তথাচ 'গর্হা-সমুচ্চয়-প্রশ্ন-শঙ্কা-সম্ভাবনাস্বপি। উপমায়াং বিকল্পে বা' ইত্যমরঃ (সমুচ্চয়ঃ = চকারার্থঃ)।

‖ "অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা। ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ যত্রকামা-

তলগতাঃ ভবন্তি)। যদ্বা কৃপাণমিত্যাদি দ্বিতীয়ান্তং পদম্, এতৎ ইতি অব্যয়ম্—কৃপাণং (খড়্গং) ছিন্নমুণ্ডম্ অভীঃ (অভয়ানি *) বরঞ্চ ভাবয়ন্তি, এতৎ (এবং) তব মন্ত্রবিভবঞ্চ ভাবয়ন্তি। অথবা—এষ কৃপাণশ্চ, এতৎ ছিন্নমুণ্ডঞ্চ, এতাঃ অভ্যশ্চ, এষ বরশ্চ, এষ মন্ত্রবিভবশ্চ, ইতি এতৎ †। নিগমমতে—তে (তব) মন্ত্রবিভবং নাম জপ্ত্বা (মনূনাং বিভব ইব বিভবো যস্য তৎ নাম জপ্ত্বা—মন্ত্রজপেন যৎ ফলং নামজপেনাপি তৎ ফলং প্রাপ্যতে ইতি ভাবঃ); যদ্বা মনূনাং বিভবো যস্মিন্ তৎ মন্ত্রবিভবম্ এতৎ (কৃপাণাদিধারি রূপম্, এতানি কৃপাণাদীনি বা) ভাবয়ন্তি (তথাহি "ঊর্দ্ধ্বে বামে কৃপাণ"-মিত্যাদিনা "অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাম্" ইত্যাদিশ্রুতিসিদ্ধং সৃষ্টিস্থিতিপ্রলয়কর্ত্তৃরূপং কল্পিতং ; তত্র লোহিতঃ রজোগুণঃ সৃষ্টিকারণং, তেন বরদো দক্ষিণাধোহস্তঃ কল্পিতঃ, যেন আদৌ ব্রহ্মাণং প্রসূয় অনায়াসেন সৃষ্টিকর্ত্তা ভবেতি তস্মৈ বরং দত্তবতী ; শুক্লঃ সত্ত্বগুণঃ পালনকারণং, তেন অভয়দো দক্ষিণোর্দ্ধহস্তঃ কল্পিতঃ, যেন "ভরিষ্যামি সুরাঃ শাকৈরা বৃষ্টেঃ প্রাণধারকৈঃ। শাকম্ভরীতি বিখ্যাতিং তদা যাস্যাম্যহং ভুবি" ‡ ইত্যাদিনা দেবেভ্যঃ অভয়ং দত্তবতী §; কৃষ্ণঃ

বসায়িতা ॥" অত্র অণিমা—সূক্ষ্মত্বং, যৎপ্রভাবাৎ পাষাণাদীনামপি অন্তঃ প্রবিশতি ; লঘিমা—লঘুত্বং, যৎপ্রভাবাৎ সর্ব্বত্র সহসা গন্তুং শক্নোতি ; প্রাপ্তিঃ—অঙ্গুল্যগ্রেণ চন্দ্রাদি-স্পর্শনশক্তিঃ ; প্রাকাম্যম্—ইচ্ছায়া অব্যাঘাতঃ ; মহিমা—মহত্ত্বম্, যৎপ্রভাবাৎ ত্রিভুবনমপি উদরে স্থাপয়তি ; ঈশিত্বং—প্রভুত্বং, যৎপ্রভাবাৎ চরাচরাণি আজ্ঞাকারীণি ভবন্তি ; বশিত্বম্—ইন্দ্রিয়সংযমনশীলত্বম্ ; যত্রকামাবসায়িতা—যত্র বিষয়ে যঃ কামঃ ভবতি তম্ অবসায়য়িতুং সমাপয়িতুং শীলমস্য যত্রকামাবসায়ী তস্য ভাবঃ।

* বিপদাং বহুত্বাৎ তদনুসারেণ অভয়স্যাপি প্রকারভেদাৎ বহুত্বম্। "ইদন্তাদন্যার্থাৎ" ইতি পাক্ষিক ঙীপ্।

† "ক্লীবাক্লীবয়োঃ ক্লীবঃ স চৈকবদ্ বা" ইতি একশেষাৎ ক্লীবত্বমেকত্বঞ্চ।

‡ দেবীমাহাত্ম্যে।

§ বরাভয়াভ্যাং বৈদিকগায়ত্রী-প্রতিপাদ্য-পরব্রহ্মতেজোরূপত্বমপি প্রতিপাদিতম্।

তমোগুণঃ সংহারকারণং,তেন খড়্গমুণ্ডধারিণৌ বামোর্দ্ধাধোহস্তৌ কল্পিতৌ, তাভ্যাং "উত্থায় চ মহাসিং হং দেবী চণ্ডমধাবত। গৃহীত্বা চাস্য কেশেষু শিরস্তেনাসিনাচ্ছিনৎ॥ অথ মুণ্ডোঽপ্যধাবত্তাং দৃষ্ট্বা চণ্ডং নিপাতিতম্। তমপ্যপাতয়দ্ ভূমৌ সা খড়্গাভিহতং রুষা।... শিরশ্চণ্ডস্য কালী চ গৃহীত্বা মুণ্ডমেব চ। প্রাহ প্রচণ্ডাট্টহাস-মিশ্রমভ্যেত্য চণ্ডিকাম্" * ইত্যাদিরূপেণ শত্রুসংহারং কৃতবতী। অথবা এতৎ তব নাম, মন্ত্রবিভবম্ এতৎ (ইদং স্বরূপাখ্যং স্তোত্রং চ) জপ্ত্বা (উচ্চার্য্য) ঊর্দ্ধে বামে কৃপাণমিত্যাদিরূপং রূপং ভাবয়ন্তি (তত্র মনূনাং বি-ভবঃ বিশেষেণ উৎপত্তিঃ যস্মাৎ তৎ মন্ত্র-বিভম্—"ইদং স্তোত্রং মাতস্তব মনুসমুদ্ধারণজনুঃ" ইতি বক্ষ্যমাণত্বাৎ) ॥৪॥

বর্গাদ্যং বহ্নিসংস্থং বিধুরতি-বলিতং তত্রয়ং কূর্চ্চযুগ্মং
লজ্জাদ্বন্দ্বঞ্চ পশ্চাৎ স্মিতমুখি তদধষ্ঠদ্বয়ং যোজয়িত্বা।
মাতর্যে যে জপন্তি স্মরহর-মহিলে ভাবয়ন্তঃ স্বরূপং
তে লক্ষ্মীলাস্যলীলা-কমলদলদৃশঃ কামরূপা ভবন্তি † ॥৫

ভৈরব (নন্দী) বলিলেন—পৃথিবীতে দুর্লভ যে মহাবিদ্যা কালিকা, তাহা আমাকে বলিয়াছেন। তথাপি আমার মনে দুঃখ আছে; হে দেবি, আমার প্রতি দয়া করুন। ১। হে মহাদেবি, দয়া করিয়া তাঁহার কবচ বলুন। হে মাতঃ, যদি না বলেন, তাহা হইলে আমি দেহ ত্যাগ করিব। ২। দেবী বলিলেন—বৎস, প্রকাশ করিতে আমার আশঙ্কা হইতেছে, তথাপি তোমার প্রতি স্নেহবশতঃ প্রকাশ করিতেছি। ইহা অত্যন্ত গোপনীয়, কাহারও নিকট বলিও না। ৩। কালিকা জগতের মাতা, তিনি শোক-দুঃখ বিনাশ করেন; বিশেষতঃ কলিযুগে তিনি মহাপাতক হরণ করিয়া থাকেন। ৪। কালী আমাকে অগ্রে রক্ষা করুন, কপালিনী পৃষ্ঠদেশে রক্ষা করুন। কুল্লা আমাকে দক্ষিণ ভাগে রক্ষা করুন। এবং কুরুকুল্লা

ব্রাহ্মী মে জঠরং পাতু নাভিং নারায়ণী তথা। ঊরূ মাহেশ্বরী নিত্যং চামুণ্ডা পাতু লিঙ্গকং॥ কৌমারী চ কটিং পাতু তথৈব জানুযুগ্মকং। অপরাজিতা চ পাদৌ মে বারাহী পাতু চাঙ্গুলীঃ॥ সন্ধিস্থানং নারসিংহী পত্রস্থা দেবতাবতু॥ ৫॥ রক্ষাহীনন্তু যৎ স্থানং বর্জ্জিতং কবচেন তু। তৎ সর্ব্বং রক্ষ মে দেবি কালিকে ঘোরদক্ষিণে॥ ঊর্দ্ধমধস্তথা দিক্ষু পাতু দেবী স্বয়ং বপুঃ। হিংস্রেভ্যঃ সর্ব্বদা পাতু সাধকঞ্চ জলাদিকাৎ। দক্ষিণা কালিকা দেবী ব্যাপকত্বে সদাবতু॥ ৬॥ ইদং কবচমজ্ঞাত্বা যো যজেদেব দক্ষিণাং। ন পূজাফলমাপ্নোতি বিঘ্নস্তস্য পদে পদে॥ ৭॥ কবচেনাবৃতো নিত্যং যত্র যত্রৈব গচ্ছতি। তত্র তত্রাভয়ং তস্য ন ক্ষোভং বিন্দতে ক্বচিৎ॥ ৮॥ ইতি কালীকুলসর্ব্বস্বে দক্ষিণাকালিকাকবচং সমাপ্তং॥

উদরে রক্ষা করুন। বিনোদিনী মস্তকে, ও বিপ্রচিত্তা চক্ষুদ্বয় রক্ষা করুন। উগ্রা আমার নাসিকা এবং উগ্রপ্রভা আমার কর্ণদ্বয় রক্ষা করুন। দীপ্তা আমার মুখ এবং নীলা আমার চিবুক (দাড়ি) সর্ব্বদা রক্ষা করুন। ঘনা আমার গ্রীবা ও বলাকা আমার বাহুদ্বয় সর্ব্বদা রক্ষা করুন। যোনিযন্ত্রের অন্তর্ব্বর্ত্তিনী দেবতা মিত্রা আমার স্তনদ্বয় রক্ষা করুন। ব্রহ্মাণী আমার উদর, নারায়ণী নাভি, মাহেশ্বরী ঊরুদ্বয়, চামুণ্ডা লিঙ্গ সর্ব্বদা রক্ষা করুন। কৌমারী আমার কটি ও জানুদ্বয় রক্ষা করুন। অপরাজিতা আমার পদদ্বয়, ও বারাহী অঙ্গুলিগুলি রক্ষা করুন। (যোনিযন্ত্রের বহিঃস্থ অষ্টদল পদ্মের) দলস্থিতা নারসিংহী দেবী আমার সন্ধিস্থান সর্ব্বদা রক্ষা করুন।৫। যে যে অঙ্গ কবচবর্জ্জিত হইয়া রক্ষাহীন রহিয়াছে, হে ঘোর-দক্ষিণে (অভক্তের প্রতি ভয়ঙ্করা ও ভক্তের প্রতি অনুকূলা) কালিকে দেবি, তুমি আমার সেই সমস্ত অঙ্গ রক্ষা কর। ঊর্দ্ধদিকে, অধোদিকে ও অষ্টদিকে দেবী নিজে আমাকে রক্ষা করুন। তিনি তাঁহার ভক্তকে হিংস্র জন্তুগণ হইতে ও জল প্রভৃতি হইতে সর্ব্বদা রক্ষা করুন। দক্ষিণাকালিকা দেবী ব্যাপকরূপে সর্ব্বদা রক্ষা করুন। ৬। এই কবচ না জানিয়া যে দক্ষিণা কালিকাকে পূজা করে, সে পূজার ফল পায় না, এবং পদে পদে তাহার বিঘ্ন হয়। ৭। সর্ব্বদা কবচে আবৃত হইয়া যে যে স্থানে যায়, সেই সেই স্থানে তাহার অভয় লাভ হয়; এবং সে কোনও বিষয়ে দুঃখ পায় না। ৮।

মহিম্নস্তবঃ।

[হর বা হরির মহিমার স্তব বলিয়া, অথবা "মহিম্নঃ" এই পদ আদিতে আছে বলিয়া ইহার নাম মহিম্নস্তব। পুষ্পদন্ত নামে এক গন্ধর্ব প্রত্যহ প্রত্যূষে স্বর্গ হইতে কাশীধামে আসিয়া রাজোদ্যান হইতে উত্তম উত্তম পুষ্প হরণ * করিয়া, শ্রীবিশ্বেশ্বরের পূজা করিতেন। রাজা রক্ষিগণকে সতর্ক করিয়াও পুষ্পচোরের সন্ধান না পাইয়া মন্ত্রিবর্গের সহিত মন্ত্রণা করিয়া বুঝিলেন যে, কোন স্বর্গীয় ব্যক্তিই পুষ্প হরণ করিয়া থাকেন। তৎপরে পণ্ডিতমণ্ডলীর উপদেশে, দেবনির্ম্মাল্য চরণস্পৃষ্ট হইলে স্বর্গগতি নষ্ট হয় জানিয়া, উদ্যানের সর্ব্বাংশে শিবপূজার বিল্বপত্র প্রক্ষেপ করিতে অনুমতি দিলেন। সেইরূপ করা হইলে, পুষ্পদন্ত পূর্ব্ববৎ আসিয়া, অন্ধকারে বিল্বপত্র দেখিতে না পাইয়া, তদুপরি পরিভ্রমণ করত পুষ্পচয়ন করিতে লাগিলেন †। অবশেষে যখন আর শূন্যে উঠিতে পারিলেন না, তখন কারণ অনুসন্ধান করিয়া দেখিলেন যে, শিবনির্ম্মাল্য চরণস্পৃষ্ট হইয়াছে। তজ্জন্য মহাদেবের নিকট যে অপরাধ হইয়াছে, তাহা ভঞ্জন করিবার নিমিত্ত তাঁহার মহিমার স্তব করিতে লাগিলেন। পাছে হরি ও হরে ভেদবুদ্ধি ঘটিলে বেদব্যাসের ন্যায় দুর্গতি ভোগ করিতে হয়, এই আশঙ্কায় একই স্তবে হর ও হরির স্তব করিয়াছিলেন। এই স্তবে মহাদেবের পরম প্রীতি উৎপন্ন হওয়ায় তিনি স্বর্গগমনে সমর্থ হইয়াছিলেন এই পুস্তকে উক্ত স্তবের হরপক্ষে ও হরিপক্ষে উভয়বিধ ব্যাখ্যাই প্রদত্ত হইয়াছে।]

---

* দেবপূজার জন্য পুষ্পহরণে দোষ হয় না।

† দেবতাদের চক্ষে নিমেষ নাই, এবং তাঁহাদের চরণও পৃথিবী স্পর্শ করে না বটে; কিন্তু কাশীধাম পৃথিবী হইতে পৃথক্, উহা ভূস্বর্গ, এই জন্যই গন্ধর্ব্বের চরণ সেখানে ভূমি স্পর্শ করিত।

মহিম্নঃ পারং তে পরমবিদুষো যদ্যসদৃশী
স্তুতির্ব্রহ্মাদীনামপি তদবসন্নাস্ত্বয়ি গিরঃ।
অথাবাচ্যঃ সর্ব্বঃ স্বমতিপরিণামাবধি গৃণন্
মমাপ্যেষ স্তোত্রে হর নিরপবাদঃ পরিকরঃ॥ ১

টীকা। হরপক্ষে।—হে হর, তে (তব) মহিম্নঃ (মাহাত্ম্যস্য) পরং পারং (চরমাং সীমাম্) অবিদুষঃ (অজানতঃ জনস্য—কর্ত্তরি ষষ্ঠী) স্তুতিঃ অসদৃশী (অযোগ্যা) যদি (চেৎ ভবতি), তৎ (তদা) ব্রহ্মাদীনামপি ত্বয়ি গিরঃ (স্তুতিবাচঃ) অবসন্নাঃ (অফলাঃ, অযোগ্যাঃ ইত্যর্থঃ)। অথ (যদি পুনঃ, যদ্যেবং ব্রূষে) সর্ব্বঃ (সর্ব্বো জনঃ) স্বমতিপরিণামাবধি (স্বস্য মতিপরিণামো বুদ্ধিবিষয় এব অবধির্যত্র ইত্যেবং যথা স্যাৎ তথা) গৃণন্ (স্তুবন্) অবাচ্যঃ (অনিন্দ্যো ভবতি, তদা) মমাপি স্তোত্রে (মৎক্রিয়মাণেঽপি তব স্তবে) এষঃ পরিকরঃ (উদ্‌যোগঃ) নিরপবাদঃ (নির্দ্দোষঃ এব)।০। হরিপক্ষে—হে অহর (ন হরঃ অহরঃ পালক ইত্যর্থঃ, তৎসম্বোধনে)। অন্যৎ সমানম্। ১।

অতীতঃ পন্থানং তব চ মহিমা বাঙ্মনসয়ো-
রতদ্ব্যাবৃত্ত্যা যং চকিত-মভিধত্তে শ্রুতিরপি।

অনুবাদ।—হরপক্ষে।—হে হর, তোমার মহিমার চরম সীমা যে না জানে, তাহার স্তব করা যদি অনুচিত হয়, তাহা হইলে ব্রহ্মাদি দেবগণ তোমার যে স্তুতি করিয়াছেন, তাহাও অযোগ্য হইয়াছে (যেহেতু তাঁহারাও তোমার মহিমার চরম সীমা অবগত নহেন)। আর যদি সকলে নিজ নিজ জ্ঞানের সীমা অনুসারে স্তব করিলে নিন্দনীয় না হয়, তাহা হইলে তোমার স্তবে আমারও এ উদ্‌যোগ দোষাবহ হইতেছে না।০। হরিপক্ষে।—(স্তোত্রে+অহর =স্তোত্রে হর) হে অহর অর্থাৎ জগৎপালক…।১।

স কস্য স্তোতব্যঃ কতিবিধগুণঃ কস্য বিষয়ঃ
পদে ত্বর্ব্বাচীনে পততি ন মনঃ কস্য ন বচঃ ॥ ২

টীকা।—হরপক্ষে।—তব মহিমা বাঙ্মনসয়োঃ পন্থানং (বিষয়ম্) অতীতশ্চ (অতীত এব—চকারোঽবধারণে)। যং (মহিমানং) শ্রুতিঃ (বেদঃ) অপি অতদ্ব্যাবৃত্ত্যা (ন সঃ অসঃ ঘটপটাদিপদার্থঃ ততো ব্যাবৃত্তিতয়া—ঘটাদন্য ঈশ্বরঃ, পটাদন্য ঈশ্বর ইত্যেবংরূপেণেতি যাবৎ) চকিতং (সশঙ্কং যথা স্যাৎ তথা) অভিধত্তে (কথয়তি, তাৎপর্য্যেণ প্রতিপাদয়তি, ইয়ত্তয়া তু নাভিধত্তে ইতি যাবৎ), সঃ মহিমা কস্য স্তোতব্যঃ (ন কেনাপি স্তোতুং শক্যঃ ইত্যর্থঃ)। (সগুণস্য স্তোতব্যত্বাভাবে হেতুমাহ) কতিবিধগুণঃ (কতিবিধাঃ অনেকপ্রকারাঃ অনন্তাঃ ইত্যর্থঃ গুণাঃ যস্য স তথাভূতঃ)। (নির্গুণস্য স্তোতব্যত্বাভাবে হেতুমাহ) কস্য বিষয়ঃ (ন কস্যাপি গোচর ইত্যর্থঃ)। (নন্থ তৎ কথং স্তুতৌ প্রবৃত্তোঽসীত্যত আহ) অর্ব্বাচীনে পদে (আধুনিকে রূপে, বৃষধ্বজাদিবিগ্রহে) তু কস্য মনঃ ন পততি (ন প্রবিশতি), কস্য বচশ্চ ন পততি (সর্ব্বস্যৈব পততীত্যর্থঃ)।—অথবা অপগতা ততির্বিস্তারো যস্মাৎ তৎ অপততি সঙ্কুচিতমিত্যর্থঃ, কস্য মনো বচশ্চ অপততি (সঙ্কুচিতং) ন ভবতি। ০। হরিপক্ষে।—অর্ব্বাচীনে পদে (শ্যামধামনি গোপকিশোররূপে)। অন্যৎ সমানম্। ২।

অনুবাদ।—হরপক্ষে।—তোমার মহিমা বাক্য ও মনের অগোচর। বেদও ঘটপটাদি পদার্থের উল্লেখ করিয়া, তাহা নয় তাহা নয় (নেতি নেতি) এইরূপ নিষেধমুখে ভয়ে ভয়ে যাহা বর্ণনা করিয়া থাকেন, তাহার স্তব কে করিতে পারে ? (তোমার সগুণ ও নির্গুণ কোনও মহিমারই কেহ স্তব করিতে সমর্থ নহে ; (যেহেতু) তোমার সগুণ মহিমার অনন্ত গুণ, এবং নির্গুণ মহিমা কাহারও গোচর নহে। কিন্তু তোমার নিকৃষ্ট পদে অর্থাৎ বৃষধ্বজাদি রূপে কাহার মন ও বাক্য প্রবেশ না করে ? অর্থাৎ ঈদৃশ ক্ষুদ্র মূর্ত্তির স্তব করিতে সকলেই সমর্থ হয়। ০। হরিপক্ষে।—বৃষধ্বজাদি রূপের স্থলে "শ্যামসুন্দরগোপকিশোর" রূপে বলিতে হইবে। অপর সমস্ত পূর্ব্ববৎ ॥ ২।

মধুস্ফীতা বাচঃ পরম-মমৃতং নির্ম্মিতবত-
স্তব ব্রহ্মন্ কিং বাগপি সুরগুরোর্বিস্ময়পদম্।
মম ত্বেতাং বাণীং গুণকথনপুণ্যেন ভবতঃ
পুনামীত্যর্থেঽস্মিন্ পুরমথন বুদ্ধির্ব্যবসিতা॥ ৩

টীকা।—হরপক্ষে।—হে ব্রহ্মন্ (বিভো), সুরগুরোঃ (ব্রহ্মণঃ বৃহস্পতের্বা) বাক্ (স্তুতিবাণী) অপি মধুস্ফীতাঃ (মধুনা স্ফীতাঃ, মাধুর্য্যবতা শব্দার্থালঙ্কারবিশেষেণ পূর্ণাঃ, অতিমধুরা ইত্যর্থঃ) পরমম্ অমৃতং (পরমামৃতবৎ অত্যাস্বাদ্যাঃ) বাচঃ (বেদলক্ষণাঃ গিরঃ) নির্ম্মিতবতঃ (রচিতবতঃ) তব কিং বিস্ময়পদং (চমৎকার-কারণম্ ? অপি তু ন ইত্যর্থঃ)। (তর্হি কিমর্থং তব স্তুতিরিত্যাহ) হে পুরমথন (ত্রিপুরান্তক) তু (কিন্তু) ভবতঃ (তব) গুণকথন-পুণ্যেন (গুণবর্ণনা-জনিতসুকৃতেন) মম এতাং বাণীং পুনামি (শোধয়ামি) ইতি (অস্মাদ্ধেতোঃ) অস্মিন্ অর্থে (স্তবরূপে কার্য্যে) বুদ্ধিঃ ব্যবসিতা (উদ্যতা ; ন তু স্তুতিকৌশলেন ত্বাং বঞ্চয়েয়েত্যভিপ্রায়েণ স্তুতৌ প্রবৃত্তোঽস্মীতি ভাবঃ)। ০। হরিপক্ষে। —(মথ্যতে দধ্যাদি অস্মিন্নিতি মথনং গোকুলম্, যদ্বা মথ্যতে অমৃতার্থে অসৌ ইতি মথনঃ সমুদ্রঃ) পুরং (মন্দিরং) মথনং মথনো বা যস্য তৎসম্বোধনে পুরমথন। অন্যৎ সমানম্। ৩।

অনুবাদ।—হরপক্ষে।—হে বিভো, তুমি যখন মধুস্ফীত অর্থাৎ মধুময় শব্দাদি দ্বারা পরিপূর্ণ ও পরম অমৃতের ন্যায় আস্বাদনীয় বেদবাক্য রচনা করিয়াছ, তখন ব্রহ্মার বা বৃহস্পতির স্তুতিবাক্যও কি তোমার বিস্ময়জনক অর্থাৎ মনোমোহকর হইতে পারে ? (মাদৃশ মূঢ় জনের স্তুতি ত হইতেই পারে না)। কিন্তু হে ত্রিপুরান্তকারিন্ (আমি তোমাকে স্তুতিকৌশলে মুগ্ধ করিতে প্রবৃত্ত নহি), তোমার গুণবর্ণন-জন্য পুণ্যে আমার এই বাক্য পবিত্র করিব বলিয়াই এই কার্য্যে আমার বুদ্ধি প্রবৃত্ত হইয়াছে। ০। হরিপক্ষে। —হে পুরমথন অর্থাৎ হে গোকুল-নিবাসিন্, বা হে ক্ষীরোদশায়িন্। ৩।

তবৈশ্বর্য্যং যত্তজ্জগদুদয়-রক্ষা-প্রলয়কৃৎ
ত্রয়ীবস্তু ব্যস্তং তিসৃষু গুণভিন্নাসু তনুষু।
অভব্যানা-মস্মিন্ বরদ রমণীয়া-মরমণীং
বিহন্তুং ব্যাক্রোশীং বিদধত ইহৈকে জড়ধিয়ঃ॥ ৪

টীকা।—হরপক্ষে।—হে বরদ, জগদুদয়রক্ষাপ্রলয়কৃৎ (জগতঃ আকাশাদিপ্রপঞ্চস্য সৃষ্টিস্থিতিপ্রলয়কারণং), ত্রয়ীবস্তু (বেদত্রয়প্রতিপাদ্যং), গুণভিন্নাসু (গুণৈঃ রজঃসত্ত্বতমোভিঃ ভিন্নাসু বিভক্তাসু) তিসৃষু তনুষু (ব্রহ্মবিষ্ণুশিবাখ্যমূর্ত্তিষু) ব্যস্তং (বিভক্তং, প্রকটিতং) যৎ তৎ (অতিপ্রসিদ্ধং) তব ঐশ্বর্য্যং (স্বরূপম্), অস্মিন্ (ঐশ্বর্য্যে) বিহন্তুং (ব্যাঘাতং ঘটয়িতুং, অস্মিন্ লোকানাম্ অবিশ্বাসং জনয়িতুমিত্যর্থঃ) ইহ (অস্মিন্ জগতি) একে (কেচিৎ) জড়ধিয়ঃ (মূঢ়মতয়ঃ—চার্ব্বাকাঃ) অভব্যানাম্ (অসাধূনাং) রমণীয়াং (চিত্তানন্দবিধায়িনীং, বস্তুতস্তু) অরমণীং (অরমণীয়াং) ব্যাক্রোশীং (সাক্ষেপমুচ্চৈর্ভাষণম্ আক্রোশঃ—তস্য ব্যতীহারো ব্যাক্রোশী তাং, পরস্পরং মিলিত্বা নিন্দাবাদম্) বিদধতে (কুর্ব্বন্তি; ন হি তদ্ব্যাক্রোশীবিধানাৎ তবৈশ্বর্য্যব্যাঘাতো ভবতি, কিন্তু তেষামেবাপরাধঃ ইতি ভাবঃ)। ০। হরিপক্ষেঽপ্যেবম্। ৪।

কিমীহঃ কিংকায়ঃ স খলু কিমুপায়স্ত্রিভুবনং
কিমাধারো ধাতা সৃজতি কিমুপাদান ইতি চ।

অনুবাদ।—হরপক্ষে।—হে বরদ, তোমার যে অতিপ্রসিদ্ধ ঐশ্বর্য্য জগতের সৃষ্টি স্থিতি ও প্রলয়ের কারণ, বেদত্রয়ের প্রতিপাদ্য এবং ত্রিগুণে বিভক্ত হইয়া ব্রহ্মবিষ্ণুশিবনামক ত্রিবিধ মূর্ত্তিতে প্রকটিত, তাহাতে ব্যাঘাত ঘটাইবার জন্য এই জগতে কতকগুলি মূঢ়মতি লোক পরস্পরে মিলিয়া নিন্দাবাদ করিয়া থাকে। সে নিন্দাবাদ যদিও অসাধুগণের চিত্তানন্দদায়ক, কিন্তু সাধুগণের চিত্তানন্দদায়ক নহে। ০। হরিপক্ষেও এইরূপ। ৪।

অতর্ক্যৈশ্বর্য্যে ত্বয্যনবসরদুঃস্থো হতধিয়ঃ
কুতর্কোঽয়ং কাংশ্চিন্মুখরয়তি মোহায় জগতঃ ॥ ৫

টীকা।—হরপক্ষে।—(কা'সা ব্যাক্রোশীত্যাহ) সঃ ধাতা (ঈশ্বরঃ) খলু (নিশ্চিতং) কিমীহঃ (কা ঈহা চেষ্টা যস্য সঃ, কিংপ্রয়োজনঃ সন্, কেন প্রয়োজনেন ইত্যর্থঃ), কিংকায়ঃ (কঃ কায়ো যস্য সঃ, কিমাকারঃ সন্, কাং মূর্ত্তিং গৃহীত্বা ইত্যর্থঃ), কিমুপায়ঃ (কঃ উপায়ঃ সহকারিকারণং যস্য সঃ, কেন যন্ত্রাদিনা ইত্যর্থঃ), কিমাধারঃ (কঃ আধারো যস্য সঃ, কুত্র স্থিত্বা ইত্যর্থঃ), কিমুপাদানঃ (কিম্ উপাদানং সমবায়িকারণং যস্য সঃ, কৈঃ দ্রব্যৈরিত্যর্থঃ) ত্রিভুবনং সৃজতি (নির্ম্মাতি) ইতি চ (ইত্যেব) অয়ং কুতর্কঃ—অতর্ক্যৈশ্বর্য্যে (অতর্ক্যং তর্কাগোচরম্ ঐশ্বর্য্যং বিভবঃ যস্য তস্মিন্) ত্বয়ি অনবসরদুঃস্থঃ (নাস্তি অবসরঃ অবকাশঃ যস্য স চাসৌ দুঃস্থঃ স্থাতুমশক্তশ্চেতি তথাভূতঃ সন্নপি)—জগতঃ মোহায় (বুদ্ধিভ্রমায়) কাংশ্চিৎ (কতিপয়ান্) হতধিয়ঃ (মন্দমতীন্) মুখরয়তি (বাচালান্ করোতি)। ০। হরিপক্ষেঽপ্যেবম্। ৫।

অজন্মানো লোকাঃ কি-মবয়ব-বন্তোঽপি জগতা-
মধিষ্ঠাতারং কিং ভববিধি-রনাদৃত্য ভবতি।

অনুবাদ।—হরপক্ষে।—সেই ঈশ্বর কি অভিপ্রায় করিয়া, কি দেহ ধরিয়া, কি যন্ত্রাদি লইয়া, কোথায় বসিয়া, কি উপকরণ দিয়া ত্রিভুবন সৃষ্টি করেন?—এইরূপ কুতর্ক, লোকের বুদ্ধিভ্রম ঘটাইবার জন্য, কতকগুলি মূঢ়মতিকে বাচাল করে (অর্থাৎ লোকের বুদ্ধিভ্রম জন্মাইবার জন্য কতকগুলি মূঢ়মতি এইরূপ কুতর্কের অবতারণা করিয়া থাকে)। কিন্তু তোমার মহিমা যখন তর্কের অগোচর, তখন সে কুতর্ক তোমাতে থাকিবার স্থান পায় না, সুতরাং থাকিতেও পারে না। ০। হরিপক্ষেও এইরূপ। ৫।

অনীশো বা কুর্য্যাদ্ ভুবন-জননে কঃ পরিকরং
যতো মন্দাস্ত্বাং প্রত্যমরবর সংশেরত ইমে ॥৬

টীকা।—হরপক্ষে।—লোকাঃ (সর্ব্বে পদার্থাঃ) অবয়ববন্তঃ (শরীরিণঃ সন্তঃ) অপি কিম্ অজন্মানঃ (উৎপত্তিহীনাঃ ভবন্তি? অপি তু উৎপত্তিমন্ত এব ভবন্তীত্যর্থঃ)। ভববিধিঃ (উৎপত্তিক্রিয়া) জগতাম্ অধিষ্ঠাতারং (কর্ত্তারম্) অনাদৃত্য (অনপেক্ষ্য) কিং ভবতি (অপি তু অপেক্ষ্যৈব ভবতীত্যর্থঃ)। অনীশঃ (ঈশ্বরাদন্যঃ) কো বা ভুবনজননে (জগদুৎপাদনে) পরিকরম্ (আরম্ভং) কুর্য্যাৎ (ন কোঽপীত্যর্থঃ)। যতঃ (যম্ অনীশ্বরং প্রাপ্য—যবর্থে পঞ্চমী), হে অমরবর, ইমে মন্দাঃ (মূঢ়াঃ) ত্বাং প্রতি সংশেরতে (ঈশ্বরোঽস্তি নাস্তি বেতি সন্দিহন্তি)। ০। হরিপক্ষেঽপ্যেবম্। ৬।

ত্রয়ী সাংখ্যং যোগঃ পশুপতিমতং বৈষ্ণবমিতি
প্রভিন্নে প্রস্থানে পরমিদ-মদঃ পথ্যমিতি চ।
রুচীনাং বৈচিত্র্যা-দৃজুকুটিল-নানাপথজুষাং
নৃণামেকো গম্যস্ত্বমসি পয়সামর্ণব ইব ॥ ৭

টীকা।—হরপক্ষে।—(নমু অনুমিত ঈশ্বরঃ এক এব সিদ্ধঃ লাঘবাৎ, তৎ কথং শৈববৈষ্ণবাদীনাং বিরোধ ইত্যত আহ) ত্রয়ী (বেদত্রয়ং—যত্র

অনুবাদ।—হরপক্ষে।—জগতের যাবতীয় পদার্থ শরীরধারী হইয়াও কি উৎপত্তিবিহীন হইতে পারে? জগৎকর্ত্তাকে অগ্রাহ্য করিয়া (অর্থাৎ জগৎকর্ত্তা ব্যতিরেকে) কি জগতের উৎপত্তিক্রিয়া হইতে পারে? আর ঈশ্বর ভিন্ন কেই বা জগতের উৎপাদনে উদ্যোগ করিতে পারে যে, তাহাকে লক্ষ্য করিয়া, হে সুরশ্রেষ্ঠ! এই সকল মূঢ়েরা তোমার অস্তিত্বে সন্দেহ করিয়া থাকে?। ০। হরিপক্ষেও এইরূপ।৬।

অনুবাদ।—হরপক্ষে।—বেদশাস্ত্র, সাংখ্যশাস্ত্র; যোগশাস্ত্র, তন্ত্রশাস্ত্র ও বৈষ্ণবশাস্ত্র—এই ভিন্ন ভিন্ন পথের মধ্যে, ইহাই শ্রেষ্ঠ এবং ইহাই হিতকর—এইরূপ রুচিভেদে মনুষ্যেরা সরল

যজ্ঞেনৈব মুক্তিরিত্যুক্তং), সাঙ্খ্যং (কপিলপ্রণীতং শাস্ত্রং—যত্র জ্ঞানেনৈব মুক্তিরিত্যুক্তং), যোগঃ (পতঞ্জলিপ্রণীতং শাস্ত্রং—যত্র যমনিয়মাদ্যষ্টাঙ্গযোগেনৈব মুক্তিরিত্যুক্তং), পশুপতিমতং (শিবপ্রণীতং তন্ত্রশাস্ত্রং—যত্র পঞ্চমকারসাধনেনৈব মুক্তিরিত্যুক্তং), বৈষ্ণবং (নারদপঞ্চরাত্রাদি শাস্ত্রং —যত্র বিষ্ণূপাসনেনৈব মুক্তিরিত্যুক্তম্) ইতি (অনেন প্রকারেণ) প্রভিন্নে প্রস্থানে (ধর্ম্মমার্গে) ইদং (প্রস্থানং) পরং (শ্রেষ্ঠম্) অদঃ (ইদং) পথ্যং (হিতম্) ইতি চ রুচীনাম্ (ইচ্ছানাং) বৈচিত্র্যাৎ (অনেকপ্রকারত্বাদেব হেতোঃ) ঋজুকুটিলনানাপথজুষাম্ (ঋজবঃ সরলাশ্চ কুটিলাঃ বক্রাশ্চ ঋজুকুটিলাঃ, তে চ নানাপথাশ্চেতি, তান্ জুষন্তে ভজন্তীতি তেষাং) নৃণাম্ (অধিকারি-সাধারণানাং), পয়সাম্ অর্ণব ইব, ত্বম্ একঃ গম্যঃ (তত্তদনুষ্ঠানৈঃ সাক্ষাৎ পরম্পরয়া বা প্রাপ্যঃ) অসি (ভবসি ; যথা ঋজুকুটিলনানাপথজুষাং নদীপয়সামেকঃ সমুদ্রো গম্যঃ, তথা ঋজুকুটিলনানাপথজুষাং নৃণাম্ একস্ত্বমেব গম্য ইত্যর্থঃ ; পয়সামর্ণব ইবেতি দৃষ্টান্তেন নৃণাম্ অস্বাতন্ত্র্যং জাড্যঞ্চ প্রতিপাদিতম্)। ০। হরিপক্ষেঽপ্যেবম্। ৭।

মহোক্ষঃ খট্বাঙ্গং পরশু-রজিনং ভস্ম ফণিনঃ
কপালঞ্চেতীয়ত্তব বরদ তন্ত্রোপকরণম্।
সুরাস্তাস্তা-মৃদ্ধিং দধতি তু ভবদ্ভ্রূপ্রণিহিতাং
ন হি স্বাত্মারামং বিষয়মৃগতৃষ্ণা ভ্রময়তি ॥ ৮

টীকা।—হরপক্ষে।—হে বরদ, মহোক্ষঃ (মহান্ উক্ষা মহোক্ষঃ—

বা কুটিল পথে গমন করিলেও, জল যেমন সরল বা কুটিল পথে গমন করিলেও একমাত্র সমুদ্রই তাহার গম্য স্থান, সেইরূপ একমাত্র তুমিই তাহাদের গম্য (অর্থাৎ যে, যে মতে যাহারই উপাসনা করুক, তদ্দারা তাহার তোমারই উপাসনা করা হইয়া থাকে)। ০। হরিপক্ষেও এইরূপ। ৭।

অনুবাদ।—হরপক্ষে।—হে বরদ, একটি বিপুলকায় বৃষ, ত্রিশূল, কুঠার, পৃষ্ঠাচ্ছাদন গজচর্ম্ম, চিতাভস্ম, কতকগুলি সর্প, নরমস্তকাস্থির ভিক্ষাপাত্র—এইগুলিমাত্র তোমার

সমাসান্তঃ ষপ্রত্যয়ঃ—মহাবৃষভঃ) খট্বাঙ্গং (ত্রিশূলং) পরশুঃ (কুঠারঃ) অজিনং (পৃষ্ঠাচ্ছাদনং গজচর্ম্ম) ভস্ম (চিতারজঃ) ফণিনঃ (সর্পাঃ) কপালং (নরশিরোঽস্থিময়ং ভিক্ষাপাত্রং) চ ইতি ইয়ৎ (এতদেব) তব তন্ত্রোপকরণং (তন্ত্রস্য কুটুম্বভরণস্য উপকরণং সাধনং, যদ্বা তন্ত্রং প্রধানম্ উপকরণং পরিচ্ছদঃ)। (নম্বু এবং দরিদ্রস্ত্বং তুষ্টঃ সন্ কিং দাস্যসীত্যত্রাহ) তু (কিন্তু) সুরাঃ (দেবাঃ) ভবদ্ভ্রূপ্রণিহিতাং (তব ভ্রূক্ষেপমাত্রেণ অর্পিতাং) তাং তাম্ (অসাধারণীম্) ঋদ্ধিং (সম্পদং) দধতি (ধারয়ন্তি)। (নম্বু যদি তব ভ্রূক্ষেপেণ দেবা ঋদ্ধিমন্তঃ তদা কথং ত্বম্ এবংবিধঃ ইত্যত আহ) বিষয়মৃগতৃষ্ণা (বিষয়মরীচিকা) স্বাত্মারামং (আত্মনি আরমতীতি আত্মারামঃ, শোভনঃ আত্মারামঃ স্বাত্মারামঃ, যদ্বা স্বস্মিন্ স্বকীয়ে আত্মনি স্বরূপে আরমতীতি স্বাত্মারামঃ তম্—অহমেবেশ্বর ইত্যেবংজ্ঞাননিষ্ঠং জনং) ন হি ভ্রময়তি (বিমোহয়তি)। ০। হরিপক্ষে।—মহোক্ষঃ (মহঃ তেজঃ, অক্ষঃ চক্রং, তেজোময়ং চক্রং), ভস্মফণিনঃ (ভস্মবৎ শুভ্রস্য কোমলাঙ্গস্য বা ফণিনঃ শেষনাগস্য) অজিনং (শরীরাত্মকং চর্ম্ম) খট্বা (শয্যা), তথা তস্যৈব অঙ্গং (কিঞ্চিদুচ্ছ্রিতাবয়ববিশেষঃ) কপালম্ (উপধানং—কং শিরঃ পাল্যতে রক্ষ্যতে

নিজের পরিবারপ্রতিপালনের উপায়, অথবা প্রধান পরিচ্ছদ ; কিন্তু দেবতারা তোমার ভ্রূক্ষেপমাত্রে প্রদত্ত কত সম্পদ্ ভোগ করিতেছেন। তাই বলি, যিনি আত্মারাম অর্থাৎ আপনাকেই ঈশ্বর বলিয়া অবগত হন, তাঁহাকে বিষয়মরীচিকা বিমুগ্ধ করিতে পারে না।০। হরিপক্ষে।—মহোক্ষ অর্থাৎ তেজোময় চক্র, ভস্মফণীর অর্থাৎ ভস্মবৎ শুভ্রবর্ণ বা কোমলাঙ্গ শেষ-নাগের অজিন অর্থাৎ চর্ম্মাবৃত শরীর তোমার খট্বা অর্থাৎ শয্যা, এবং তাহার অঙ্গ অর্থাৎ উন্নত অবয়ববিশেষ তোমার ক-পাল (মস্তক-রক্ষার স্থান) অর্থাৎ বালিশ। অথবা ভস্মফণীর অঙ্গ ও অজিন তোমার খট্বা অর্থাৎ তাহার অঙ্গ তোমার পালঙ্ক এবং তাহার চর্ম্ম ঐ পালঙ্কের আস্তরণস্বরূপ ; এবং ক-পাল (জলে পালিত) অর্থাৎ একটী পদ্ম ও একটি শঙ্খ ; পরশু অর্থাৎ পরশুরাম অবতারে কুঠার, অথবা নন্দক নামে খড়্গ— এইগুলিমাত্র তোমার প্রধান পরিচ্ছদ। ইত্যাদি।৮।

অনেনেতি ব্যুৎপত্তেঃ) ; যদ্বা ভস্মফণিনঃ অঙ্গম্ অজিনঞ্চ খট্বা (তত্র অঙ্গং পর্য্যঙ্কস্থানীয়ম্, অজিনঞ্চ তদুপর্য্যাস্তরণবস্ত্রস্থানীয়মিতি বোদ্ধব্যম্) ; কপালং (পদ্মং শঙ্খশ্চ—কেন জলেন পাল্যতে ইতি ব্যুৎপত্তেঃ) ; পরশুরিতি পরশুরামাভিপ্রায়েণোক্তম্, অথবা পরং শৃণাতি হিনস্তীতি ব্যুৎপত্ত্যা। পরশুশব্দঃ খড়্গমপ্যভিধত্তে—"কৌমদকী গদা খড়্গো নন্দকঃ কৌস্তভো মণি"রিত্যমরোক্তেঃ বিষ্ণোর্নন্দকনামা খড়্গোহস্তীতি গম্যতে)। অন্যৎ সমানম্। ৮।

ধ্রুবং কশ্চিৎ সর্ব্বং সকল-মপরস্ত্বধ্রুবমিদং
পরো ধ্রৌব্যাধ্রৌব্যে জগতি গদতি ব্যস্তবিষয়ে।
সমস্তেঽপ্যেতস্মিন্ পুরমথন তৈর্বিস্মিত ইব
স্তুবন্ জিহ্রেমি ত্বাং ন খলু নমু ধৃষ্টা মুখরতা ॥ ৯

টীকা।—হরপক্ষে।—সমস্তেঽপি এতস্মিন্ জগতি (জগচ্ছব্দবাচ্যে সমস্তেঽপি অস্মিন্ বস্তুজাতে) কশ্চিৎ (সাঙ্খ্যপাতঞ্জলমতানুসারী ইত্যর্থঃ) সর্ব্বং (বস্তু) ধ্রুবং (নিত্যং, জন্মনিধনরহিতং) গদতি (কথয়তি—ন হি অসতঃ উৎপত্তির্ভবতি, সতোঽপি ন বিনাশ ইতি আবির্ভাব-তিরোভাব-মাত্রং কচ্ছপগ্রীবাবদিতি)। অপরঃ (বুদ্ধমতানুসারী ইত্যর্থঃ) সকলম্ ইদং (সর্ব্বং বস্তুজাতম্) অধ্রুবম্ (অনিত্যং, ক্ষণিকমিতি গদতি—ন হি সতঃ স্থিরত্বং সম্ভবতি, তস্মাৎ সর্ব্বমিদং প্রতিক্ষণমুৎপদ্যতে প্রতিক্ষণং

অনুবাদ।—হরপক্ষে।—সমস্ত পদার্থই একমাত্র জগৎ শব্দে অভিহিত হইলেও কেহ বলেন, এই জগতে সকলই নিত্য ; অপরে বলেন, এ সকলই অনিত্য ; অন্যে বলেন, নিত্যত্ব ও অনিত্যত্বের বিষয় ভিন্ন ভিন্ন অর্থাৎ কতকগুলি নিত্য ও কতকগুলি অনিত্য। হে পুর-মথন, ঐ সকল মতবাদীদিগের কথায় হতবুদ্ধি হইয়া তোমাকে স্তব করিতে আমি লজ্জিত হইতেছি না ; যেহেতু বাচালতাই নির্লজ্জতার কারণ, অর্থাৎ বাচাল ব্যক্তির লজ্জা নাই। ০। হরিপক্ষেও এইরূপ। ৯।

-নশ্যতি চ; তত্ত্ব শীঘ্রত্বান্ন লক্ষ্যতে দীপকলিকাবদিতি)। পরঃ (নৈয়া-য়িকঃ ইত্যর্থঃ) ধ্রৌব্যাধ্রৌব্যে (নিত্যত্বানিত্যত্বে) ব্যস্তবিষয়ে (ব্যস্তাঃ বিভিন্নাঃ বিষয়াঃ যয়োঃ তে ইতি পদার্থ—তত্র পরমাণ্বাদয়ো নিত্যাঃ জন্ম-নিধনরহিতা ইতি যাবৎ, অবয়বিনস্তু অনিত্যাঃ জন্মজরাবিনাশবন্ত ইতি)। হে পুরমথন, তৈঃ (বিভিন্নমতবাদিভিঃ করণৈঃ) বিস্মিতঃ ইব (জাত-চমৎকারঃ সন্ ইব) ত্বাং স্তুবন্ অহং ন জিহ্রেমি (লজ্জাং ন প্রাপ্নোমি—যথা কশ্চিৎ অদ্ভুতং দৃষ্ট্বা বিস্ময়ান্বিতঃ তৎপরবশত্বাৎ লোকোপহাসম্ অগ-ণয়ন্ বিচেষ্টতে তথাহমপি নানামতবিভ্রান্তচেতাঃ জগত্তত্ত্বমপি অজানন্ জগদীশ্বরং স্তোতুময়ং ন জানাতীতি জনো মামুপহসিষ্যতীতি লজ্জাম্ অগ-ণয়ন্ স্তুতৌ প্রবৃত্তোঽস্মীতি ভাবঃ। ননু কথং স্তুবন্ ন লজ্জসে ইত্যত আহ) ননু (ভোঃ) খলু (নিশ্চিতং) মুখরতা (বাচালতা) ধৃষ্টা নির্লজ্জা—বাচালস্য লজ্জা নাস্তীত্যর্থঃ, বাচালতা যস্মাৎ প্রেরয়তি অতো নৈষ মে দোষঃ, মৌখর্য্যং মম লজ্জামপহরতীতি ভাবঃ)। ০। হরি-পক্ষে।—হে পুরমথন গোকুলবাসিন্ ক্ষীরোদশায়িন্ বা—তৃতীয়শ্লোকে দ্রষ্টব্যম্)। ৯।

তবৈশ্বর্য্যং যত্নাদ্ যদুপরি বিরিঞ্চির্হরিরধঃ
পরিচ্ছেত্তুং যাতাবনল-মনলস্কন্ধবপুষঃ।
ততো ভক্তিশ্রদ্ধাভরগুরু গৃণদ্ভ্যাং গিরিশ যৎ
স্বয়ং তস্থে তাভ্যাং তব কি-মনুবৃত্তির্ন ফলতি॥ ১০

টীকা।—হরপক্ষে।—(একদা বিধিহরী হরস্য স্থূলরূপং পরিচ্ছেত্তুং চেষ্টিতবন্তৌ, ন তু সমর্থৌ ইতি পৌরাণিকীং কথামনুস্মৃত্য স্তৌতি)

অনুবাদ।—হরপক্ষে।—তেজঃপুঞ্জমূর্ত্তি যে তুমি, তোমার স্থূল রূপ অবধারণ করিতে ব্রহ্মা উপরদিকে ও বিষ্ণু নিম্নদিকে বিশেষ চেষ্টা করিয়া গমন করিয়াছিলেন; কিন্তু (শেষ পর্য্যন্ত যাইতে না পারায়) অবধারণ করিতে সমর্থ হইলেন না। তার পর তাঁহারা যখন

অনলস্কন্ধবপুষঃ * (তেজঃপুঞ্জমূর্ত্তেঃ) তব ঐশ্বর্য্যং (ব্যাপকতারূপং বিভবং, স্থূলরূপমিতি যাবৎ) পরিচ্ছেত্তুম্ (অবধারয়িতুম্) উপরি বিরিঞ্চিঃ (ব্রহ্মা) অধঃ হরিঃ (বিষ্ণুঃ) যত্নাৎ (যত্নমবলম্ব্য, যাবদ্গম্যমিত্যর্থঃ) যাতৌ (গতৌ সন্তৌ) অনলম্ (অসমর্থৌ বভূবতুঃ ; অতঃ সূক্ষ্মরূপ-পরিচ্ছেদে কা সম্ভাবনা ? অনুবৃত্তিং বিনা তয়োরপি ন জ্ঞেয়োঽসি, অন্যেষান্তু কা কথেতি ভাবঃ)। ততঃ (যত্নবৈফল্যানন্তরং) তাভ্যাং ভক্তিশ্রদ্ধাভরগুরু (ভক্তিঃ কায়িকী সেবা, শ্রদ্ধা মানসী সেবা চ তয়োর্ভরঃ অতিশয়ঃ, তেন গুরু শ্রেষ্ঠং যথা স্যাৎ তথা) গৃণদ্ভ্যাং (স্তুবদ্ভ্যাং সদ্ভ্যাম্) যৎ (তব ঐশ্বর্য্যং—কর্তৃ) স্বয়ং তস্থে (ক্ষুদ্ররূপেণ স্থিত্বা আত্মানং প্রকাশয়তি স্ম, তৌ পরিতোষয়িতুমিচ্ছতি স্মেতি যাবৎ—তাভ্যামিতি শ্লাঘাদের্যজ্ঞীপ্সেতি সম্প্রদানত্বং, তস্থে ইতি স্থো হ্রস্ব্যঞ্জনাদৌ ইতি আত্মনেপদম্)। হে গিরিশ (গিরৌ কৈলাসাখ্যে শেতে ইতি গিরিশঃ তৎসম্বোধনে), তব অনুবৃত্তিঃ (সেবা) কিং ন ফলতি ? (অপি তু ফলত্যেব)। অনিলস্কন্ধবপুষ ইতি পাঠে (অনিলে বায়ুমণ্ডলে স্কন্ধৌ যস্য, তৎ বপুঃ শরীরং যস্য তথাভূতস্য—ব্রহ্মাণ্ডাদ্বহিঃ দশগুণা ক্ষিতিঃ, তদ্বহিঃ দশগুণং জলং, তদ্বহিঃ দশগুণং তেজঃ, তদ্বহিঃ দশগুণঃ বায়ুঃ, তদ্বহিশ্চ দশগুণম্ আকাশম্ ; তত্র বায়ুমণ্ডলে স্কন্ধৌ যস্য তাদৃশং রূপং বিভ্রতঃ)। ০। হরিপক্ষে।—হরিঃ (অনন্তঃ)। গিরিশেতি গিরৌ গোবর্দ্ধনাখ্যে শেতে, অথবা গিরিং গোবর্দ্ধনাখ্যং মন্দরাখ্যং বা শ্যতি তনূকরোতি—গোগোপানাং রক্ষার্থং বামকনিষ্ঠয়া ধারণাৎ, ক্ষীরোদমথনকালে বা কূর্ম্মরূপেণ পৃষ্ঠে ধারণাদিতি। অন্যৎ সমানম্। ১০।

* "স্কন্ধঃ স্যাৎ পত্তাবংসে সম্প্রদায়-সমূহয়োঃ" ইতি মেদিনী।

অত্যন্ত ভক্তি ও শ্রদ্ধাসহকারে বিশিষ্টরূপে স্তব করিতে লাগিলেন, তখন তোমার সেই ঐশ্বর্য্য নিজে (ক্ষুদ্র রূপ ধরিয়া) তাঁহাদিগকে সন্তুষ্ট করিয়াছিল। তাই বলি, হে গিরিশ, তোমার সেবা কি সফল হয় না ? (নিশ্চয়ই হয়)। ০। হরিপক্ষে।—হরিশব্দের অর্থ—অনন্ত। এবং গিরিশ শব্দের অর্থ—যিনি গোবর্দ্ধন গিরিতে শয়ন করেন, অথবা যিনি মন্দরগিরিকে সমুদ্রমন্থনকালে কূর্ম্মরূপে পৃষ্ঠে ধারণ করিয়া তুচ্ছ জ্ঞান করিয়াছিলেন। ১০।

অযত্নাদাসাদ্য ত্রিভুবন-মবৈরব্যতিকরং
দশাস্যো যদ্ বাহূনভৃত রণকণ্ডূপরবশান্।
শিরঃপদ্মশ্রেণী-রচিত-চরণাম্ভোরুহবলেঃ
স্থিরায়াস্তদ্ভক্তেস্ত্রিপুরহর বিস্ফূর্জ্জিতমিদম্॥ ১১

টীকা।—হরপক্ষে।—(অনুবৃত্তিফলং সাক্ষাৎ প্রতিপাদয়তি) দশাস্যঃ (রাবণঃ) যৎ অবৈরব্যতিকরম্ (অবিদ্যমানং বৈরস্য বিরোধস্য ব্যতিকরঃ দর্পাদিসম্বন্ধঃ যত্র তৎ। ত্রিভুবনম্ অযত্নাৎ (অনায়াসেন) আসাদ্য

অনুবাদ।—হরপক্ষে।—হে ত্রিপুরহর, যাহাতে শত্রুতাজনিত কাহারও দর্পাদিসম্পর্ক ছিল না এরূপ ত্রিভুবন অনায়াসে পাইয়া, রাবণ যে, রণকণ্ডূয়নবিশিষ্ট বাহু সকল ধারণ করিয়াছিল (অর্থাৎ ত্রিভুবনে কেহ তাহার সহিত বিরোধ করিয়া গর্ব্বপ্রকাশ করিতে সাহসী হইত না বলিয়া তাহার রণলালসার নিবৃত্তি না হওয়ায় সর্ব্বদাই যে তাহার বাহুর কণ্ডূয়ন উপস্থিত হইত), ইহা কেবল—সে, যে ভক্তির বশে আপন মস্তকসমূহ ছেদন করিয়া তদ্রূপ পদ্ম দিয়া তোমার পাদপদ্মের সেবা করিয়াছিল, সেই অচলা ভক্তিরই ফল। •।

হরিপক্ষে।—হে ত্রিপুরহর অর্থাৎ ভক্তগণের জাগ্রৎস্বপ্নসুষুপ্তিরূপ ত্রিবিধ কর্ম্মশরীরের ধ্বংসকারিন্, রাবণ যে (তাদৃশ) বাহু সকল ধারণ করিয়াছিল, ইহা কেবল—পূর্ব্বে সে যে জয়-বিজয়ের একতররূপে তোমার প্রতি বহুজন্মস্থায়িনী ভক্তি করিয়াছিল, তাহারই ফল। এবং বলির মস্তকে যে পাদপদ্ম অর্পণ করিয়াছিলে, ইহা বলিরও তোমার প্রতি অচলা ভক্তির ফল।—অথবা—রাবণ যে তাদৃশ বাহু ধারণ করিয়াছিল, ইহা বলিরই তোমার প্রতি অচলা ভক্তির ফল অর্থাৎ রাবণ পূর্ব্বজন্মে হিরণ্যকশিপু ছিল, সেই জন্মে তাহার প্রপৌত্র বলি তোমার প্রতি এরূপ ভক্তি প্রকাশ করিয়াছিল যে, তুমি তাহার মস্তকে আপন চরণকমল অর্পণ করিয়াছিলে, তাহার সেই ভক্তির ফলেই (অর্থাৎ প্রপৌত্রের পুণ্যেই) জন্মান্তরে রাবণরূপে তাহার তাদৃশ আধিপত্য ঘটিয়াছিল। ১১।

(প্রাপ্য) রণকণ্ডুপরবশান্ (সংগ্রামস্পর্দ্ধাধীনান্) বাহূন্ অভৃত (ধৃতবান্—সংগ্রামে তস্য স্পর্দ্ধা কেনাপি ন নিরাকৃতেতি ভাবঃ); হে ত্রিপুরহর, শিরঃপদ্মশ্রেণীরচিত-চরণাম্ভোরুহবলেঃ (শিরাংস্যেব পদ্মশ্রেণী তয়া রচিতঃ চরণাম্ভোরুহয়োঃ তব পাদপদ্ময়োঃ বলিঃ উপহারো যয়া হেতুনা তথাভূতায়াঃ—শিরাংসি ছিত্বা তব চরণপূজা তেন কৃতেত্যর্থঃ) স্থিরায়াঃ (নিশ্চলায়াঃ) ত্বদ্ভক্তেঃ (ত্বয়ি যা ভক্তিঃ তস্যাঃ) ইদং বিস্ফূর্জ্জিতং (প্রভাবঃ) । ০ । হরিপক্ষে।—দশাস্যঃ যৎ তাদৃশান্ বাহূন্ অভৃত, ইদং স্থিরায়াঃ (অনেকজন্মস্থায়িন্যাঃ) ত্বদ্ভক্তেঃ (জয়বিজয়ান্তরররূপেণ পূর্ব্বং কৃতায়াঃ তব সেবায়াঃ) বিস্ফূর্জ্জিতং (প্রভাবঃ)। তথা, হে শিরঃপদ্মশ্রেণীরচিত-চরণাম্ভোরুহ (অত্রাপি বলেরিতি সম্বধ্যতে,—বলেঃ শিরঃ এব পদ্মশ্রেণী পদ্মময়ী নিঃশ্রেণী সোপানভূমিঃ তস্যাং রচিতম্ অর্পিতং চরণাম্ভোরুহং যেন হে তথাভূত), বলেঃ (বিরোচনসুতস্য) ত্বদ্ভক্তেঃ (ত্বয়ি যা ভক্তিঃ তস্যাঃ) ইদং (তদীয়-যজ্ঞশালাগমনপূর্ব্বকং তচ্ছিরসি চরণকমল-সমর্পণরূপং) বিস্ফূর্জ্জিতং (প্রভাবঃ)। অথবা দশাস্যো যৎ তাদৃশান্ বাহূন্ অভৃত, ইদং বলেঃ (বিরোচনসুতস্য) ত্বদ্ভক্তেঃ (ত্বয়ি যা ভক্তিঃ তস্যাঃ) বিস্ফূর্জ্জিতং (প্রভাবঃ—রাবণঃ পূর্ব্বজন্মনি হিরণ্যকশিপুরাসীৎ, তস্মিন্ জন্মনি তস্য প্রপৌত্ররূপেণ উৎপন্নস্য বলেঃ তাদৃশ্যা ভক্ত্যাঃ ফলেন জন্মান্তরে ঈদৃশমাধিপত্যং তস্য জাতমিত্যর্থঃ ; প্রপৌত্রপুণ্যেনাপি জন্মান্তরে লোকৈঃ শ্রেয়ো লভ্যতে; কিং পুনঃ পৌত্রপুণ্যেন পুত্রপুণ্যেন স্বপুণ্যেন বা ইতি)। ত্রিপুরহরেতি ত্রীণি (জাগ্রৎস্বপ্নসুষুপ্তিরূপাণি) পুরাণি (কর্ম্মশরীরাণি ভক্তানাং) হরতীতি ত্রিপুরহর, হে মোক্ষদায়ক ইত্যর্থঃ । ১১ ।

অমুষ্য ত্বৎসেবা-সমধিগতসারং ভুজবনং
বলাৎ কৈলাসেঽপি ত্বদধিবসতৌ বিক্রময়তঃ ।

অলভ্যা পাতালেঽপ্যলস-চলিতাঙ্গুষ্ঠশিরসি
প্রতিষ্ঠা ত্বয্যাসীদ্ ধ্রুবমুপচিতো মুহ্যতি খলঃ ॥ ১২

টীকা। হরপক্ষে।—ত্বদধিবসতৌ (তব বাসস্থানে) কৈলাসে অপি ত্বৎসেবাসমধিগতসারং (তব সেবয়া প্রাপ্তবলং) ভুজবনং (বাহুবৃন্দং) বলাৎ (বলং প্রকাশ্য) বিক্রময়তঃ (ব্যাপারয়তঃ, ইমং লঙ্কাং নেষ্যামীতি মত্বা বাহুভিস্তস্যোৎপাটনচেষ্টাং কুর্ব্বতঃ) অমুষ্য (রাবণস্য), ত্বয়ি অলসচলিতাঙ্গুষ্ঠশিরসি (অলসং মন্দং যথা স্যাৎ তথা চলিতং কম্পিতম্ অঙ্গুষ্ঠশিরঃ পাদাঙ্গুষ্ঠাগ্রং যেন তথাভূতে সতি), পাতালে (নাগলোকে) অপি অলভ্যা (অন্যৈরুপায়ৈঃ প্রাপ্তুমশক্যা) প্রতিষ্ঠা (খ্যাতিঃ) আসীৎ (বভূব—ত্বদীয়াঙ্গুষ্ঠাগ্রনিপীড়নবশাৎ কৈলাসমূলে পাতালং প্রবিষ্টে সতি তৎকারণমনুসন্দধদ্ভির্নাগলোকৈঃ রাবণস্যেদং বিচেষ্টিতমিতি শ্রুত্বা প্রশংসা

অনুবাদ।—হরপক্ষে।—ঐ রাবণ তোমারই সেবা হেতু বলবীর্য্যসম্পন্ন বাহুবৃন্দ দ্বারা বলপূর্ব্বক তোমারই বাসস্থান কৈলাসে বিক্রম প্রকাশ করায় (অর্থাৎ কৈলাস পর্ব্বতকে লঙ্কায় লইয়া যাইব ভাবিয়া তাহার উৎপাটনে চেষ্টা করায়) তুমি অলসভাবে পদাঙ্গুষ্ঠ কম্পিত করিলে ঐ পর্ব্বত পাতালে কিঞ্চিৎ প্রবেশ করিয়া দৃঢ়মূল হইয়াছিল, তাহাতে তাহার পাতালেও সুদুর্লভ খ্যাতি ঘটিয়াছিল। দুষ্টলোকে সমৃদ্ধিশালী হইলে নিশ্চয়ই হিতাহিতবিবেচনাশূন্য হয় (কিন্তু ভবাদৃশ সাধুপুরুষ অপকারীরও উপকার করিয়া থাকেন)। ০।
হরিপক্ষে।—হে কৈলাসে (অর্থাৎ কেলিপ্রয়োজনে অসিধারিন্), ঐ বলি তোমারই যত্নাস্পদ এই ত্রিভুবনে বলপূর্ব্বক (অর্থাৎ বলদর্পে ইহা স্বকীয়যত্নাস্পদ মনে করিয়া তোমার সেবায় সমধিক-শৌচসম্পন্ন করস্থিত জল নিক্ষেপ করায়, তুমি (ত্রিবিক্রমরূপে) কিঞ্চিৎ লীলা প্রকাশ করিয়া তাহার মস্তকে পদাঙ্গুষ্ঠ অর্পণ করিলে, পাতালে তাহার স্থিতি হইয়াছিল; কিন্তু সেখানেও (তুমি তাহার দ্বারিরূপে সন্নিহিত থাকায়) সে স্থিতি ইন্দ্রাদিরও দুর্লভ মনে করিতে হইবে। দুষ্ট লোক সমৃদ্ধিশালী হইলে ইত্যাদি। ১২।

কৃতেত্যর্থঃ)। (নতু ত্বৎপ্রসাদাৎ প্রাপ্তবলস্ত রাবণস্য ত্বদাবাসোন্মূলনে কথং প্রবৃত্তিরিত্যত আহ) খলঃ (রাবণবৎ দুর্জ্জনঃ) উপচিতঃ (সমৃদ্ধঃ সন্) ধ্রুবং (নিশ্চিতং) মুহ্যতি (হিতাহিতবিচারশূন্যো ভবতি; ভবাদৃশঃ সুজনস্ত অপকারিণোঽপি উপকারং করোতীত্যাশয়ঃ)। ০। হরিপক্ষে। —হে কৈলাসে (কেলিঃ প্রয়োজনমস্য কৈলঃ, কৈলঃ অসিঃ নন্দকনামা খড়্গঃ যস্য তৎসম্বোধনে—ইচ্ছামাত্রেণ নির্জ্জিতসর্ব্বশক্রেরপি তব ক্রীড়ার্থমেব নন্দকধারণমিতি ভাবঃ),ত্বদধিবসতৌ (ত্বদাস্পদে ত্রিভুবনে) অপি বলাৎ (বলদর্পাৎ, ত্রৈলোক্যমিদং মদীয়মিতি মত্বা ইত্যর্থঃ) ত্বৎসেবাসমধিগতসারং (তব সেবয়া চরণপ্রক্ষালনরূপয়া সমধিগতঃ প্রাপ্তঃ সারঃ শৌচবিশেষো যেন তৎ) ভুজবনং (করস্থিতং জলং) বিক্রময়তঃ (অর্পয়তঃ, মম স্বত্বত্যাগপূর্ব্বকম্ এতস্য প্রতিগ্রহীতুঃ স্বত্বমুৎপাদয়ামীতি মত্বা ত্রিপাদভূমেরুৎসর্গার্থং জলং দদতঃ) অমুষ্য (বলেঃ) ত্বয়ি অলসচলিতাঙ্গুষ্ঠশিরসি (লসনং লসঃ ক্রীড়া, অল্পো লসঃ অলসঃ—অল্পার্থে নঞ্, অলসেন কিঞ্চিল্লীলয়া ত্রিবিক্রমরূপেণ চলিতঃ গতঃ ইতি অলসচলিতঃ. তথাভূতঃ অঙ্গুষ্ঠঃ পাদাঙ্গুষ্ঠঃ শিরসি বলের্মস্তকে যস্ত তথাভূতে সতি) পাতালেঽপি অলভ্যা (ইন্দ্রাদিভিঃ প্রাপ্তুমশক্যা—তত্র ভবতো দ্বারিরূপেণ সান্নিধ্যাৎ) প্রতিষ্ঠা (স্থিতিঃ) আসীৎ। ধ্রুবমিত্যাদি পূর্ব্ববৎ। অয়ং ভাবঃ—তব স্বত্বাস্পদভূতং যৎ, তৎ স্বকীয়মিতি কৃত্বা ভুভাং দদতো বলের্মহানেবাপরাধঃ; পরমকারুণিকেন তু ত্বয়া ত্রিপাদমিতভূমিগ্রহণচ্ছলেন তস্য স্বাতন্ত্র্যমুৎসাদ্য মত্ততানিবৃত্তয়ে যোগ্যদণ্ডঃ কৃতঃ; অপিচ খলোঽয়মসুরঃ উপচিতঃ সমৃদ্ধঃ সন্ মুহ্যতি, অতো মোহনিবৃত্তয়ে অয়ম্ অপচিতঃ কার্য্য ইতি মত্বা পাতালে তস্য স্থিতির্বিহিতেতি।১২।

যদৃদ্ধিং সুত্রাম্ণো বরদ পরমোচ্চৈরপি সতী-
মধশ্চক্রে বাণঃ পরিজন-বিধেয়ত্রিভুবনঃ।

ন তচ্চিত্রং তস্মিন্ বরিবসিতরি ত্বচ্চরণয়ো-
র্ন কস্যা উন্নত্যৈ ভবতি শিরসস্ত্বয্যবনতিঃ ॥ ১৩

টীকা।—হরপক্ষে।—হে বরদ, বাণঃ (বলিসুতঃ) পরিজন-বিধেয়-ত্রিভুবনঃ (পরিজনানাং দাসানাং বিধেয়ং বশ্যং যথা পরিজনবৎ বিধেয়ং বশ্যং ত্রিভুবনং যস্য তথাভূতঃ সন্) সুত্রাম্ণঃ (ইন্দ্রস্য) পরমোচ্চৈঃ (অতিমহতীং) সতীম্ অপি ঋদ্ধিং (সম্পত্তিং) যৎ অধশ্চক্রে (ন্যক্কৃতবান্—ততোঽপি অধিকসম্পত্তিশালিত্বাৎ), তচ্চরণয়োঃ বরিবসিতরি (সেবকে) তস্মিন্ (বাণে) তৎ ন চিত্রম্ (আশ্চর্য্যম্)। (তত্র হেতুঃ) ত্বয়ি শিরসঃ অবনতিঃ (প্রণামঃ) কস্যৈ উন্নত্যৈ (সম্পত্তয়ে) ন ভবতি (অপি তু সর্ব্বস্যৈ সম্পত্তয়ে ভবতীত্যর্থঃ)। *। হরিপক্ষে।—হে বরদ, হে পরম (শ্রেষ্ঠ), সুত্রাম্ণঃ (ইন্দ্রস্য) বাণঃ (শরঃ—বাণঃ ইত্যুপলক্ষণং শস্ত্রমাত্রমিত্যর্থঃ) পরিজনবিধেয়ত্রিভুবনঃ সন্ উচ্চৈঃ (উপরি) অধঃ অপি (অধশ্চ) সতীং (বর্ত্তমানাং—ত্রিভুবনরূপামিত্যর্থঃ) ঋদ্ধিং (সম্পত্তিং) যৎ চক্রে (কৃতবান্, উপার্জ্জিতবান্), ত্বচ্চরণয়োঃ বরিবসিতরি তস্মিন্ ইন্দ্রে তৎ ন চিত্রমিত্যাদি পূর্ব্ববৎ। ১৩।

অকাণ্ড-ব্রহ্মাণ্ডক্ষয়চকিত-দেবাসুরকৃপা-
বিধেয়স্যাসীদ্ যস্ত্রিনয়ন বিষং সংহৃতবতঃ।

অনুবাদ।—হরপক্ষে।—হে বরদ, বাণ-নামক অসুর পরিজনের ন্যায় ত্রিভুবনকে বশীভূত করিয়া ইন্দ্রের অতিমহতী সমৃদ্ধিকেও যে পরাভূত করিয়াছিল, সে যখন তোমার শ্রীচরণের সেবক, তখন তাহার পক্ষে তাহা আশ্চর্য্য নহে। যেহেতু তোমার নিকট যে মস্তক অবনত করে, তাহার কোন্ সম্পত্তি না হয়? (অর্থাৎ সর্ব্ববিধ সম্পত্তিই হইয়া থাকে)। *। হরিপক্ষে।—হে বরদ, হে পরম (অর্থাৎ শ্রেষ্ঠপুরুষ), ইন্দ্রের বাণ পরিজনের ন্যায় ত্রিভুবনকে বশ করিয়া উচ্চ অধোভাগে অবস্থিত (অর্থাৎ ত্রিভুবনরূপ) সম্পত্তি যে উপার্জ্জন করিয়াছিল, তোমার শ্রীচরণের সেবক সেই ইন্দ্রের পক্ষে তাহা আশ্চর্য্য নহে। যেহেতু ইত্যাদি। ১৩।

স কল্মাষঃ কণ্ঠে তব ন কুরুতে ন শ্রিয়মহো
বিকারোঽপি শ্লাঘ্যো ভুবনভয়-ভঙ্গব্যসনিনঃ॥ ১৪

টীকা।—হরপক্ষে।—হে ত্রিনয়ন, অকাণ্ডব্রহ্মাণ্ডক্ষয়চকিত-দেবাসুর-কৃপাবিধেয়স্য (অকাণ্ডে অসময়ে যো ব্রহ্মাণ্ডক্ষয়ঃ-সমুদ্রমথনোদ্ভূত-বিষানল-জ্বালয়া সম্ভাবিতো জগদ্ধ্বংসঃ, তেন চকিতাঃ ভীতাঃ যে দেবাসুরাঃ, তেষু যা কৃপা, তদধীনস্য সতঃ) বিষং সংহৃতবতঃ (পীতবতঃ) তব কণ্ঠে যঃ কল্মাষঃ (কালিমা) আসীৎ (অভূৎ), সঃ (কল্মাষঃ) তব শ্রিয়ং (শোভাং) ন কুরুতে ইতি ন (অপি তু কুরুতে এব)। (নমু কল্মাষঃ কথং শোভাং কুরুতে ইত্যত আহ) অহো (আশ্চর্য্যং) ভুবনভয়ভঙ্গব্যসনিনঃ (জগত্রাসনাশাতুরতস্য জনস্য) বিকারোঽপি (বিকৃতিরপি) শ্লাঘ্যঃ (প্রশংসনীয়ঃ ভবতি)।০। হরিপক্ষে।—হে ত্রিনয়ন (ত্রয়াণাং লোকানাং নয়নবৎ সর্ব্বাভাসক), অকাণ্ডে যো ব্রহ্মাণ্ডক্ষয়ঃ দৈনন্দিন-প্রলয়জলপূরবেগাৎ সম্ভাবিতঃ খণ্ডপ্রলয়ঃ, তস্মাৎ চকিতাঃ যে দেবাসুরাঃ দেবাঃ অদেবাশ্চ চতুরানন স্বায়ম্ভুবমনুপ্রভৃতয়ঃ, তদ্বিষয়েষু কৃপাবশীকৃতস্য তব বিষং (জলং প্রলয়কালীনং—"বিষং ক্ষ্বেড়ং বিষং জল"মিতি ব্যাড়িঃ) সংহৃতবতঃ (যজ্ঞবরাহরূপেণাবগাহ্য পঙ্কীকৃত্য শোষিতবতঃ) তব যঃ কল্মাষঃ (পঙ্কব্যামিশ্রণেন কালিমা) আসীৎ, সঃ (কল্মাষঃ) কণ্ঠে (অর্থাৎ

অনুবাদ।—হরপক্ষে।—হে ত্রিনয়ন, অসময়ে ব্রহ্মাণ্ডক্ষয়ের আশঙ্কায় দেবগণ ও অসুরগণ ভীত হইলে তুমি তাঁহাদের প্রতি কৃপাপরবশ হইয়া যে বিষ পান করিয়াছিলে, তাহাতে তোমার কণ্ঠে যে কালিমা হইয়াছে, তাহা তোমার শোভা সম্পাদনই করিতেছে। যেহেতু জগতের ভয়ভঞ্জনে যিনি ব্যাপৃত হন, তাঁহার বিকৃতাবস্থাও প্রশংসনীয় হইয়া থাকে।০। হরিপক্ষে।—হে ত্রিনয়ন (অর্থাৎ ত্রিভুবনের নয়নবৎ প্রকাশক), অসময়ে ব্রহ্মাণ্ডক্ষয় অর্থাৎ খণ্ডপ্রলয় উপস্থিত হওয়ায় ব্রহ্মাদি দেবগণ এবং স্বায়ম্ভুব-মনু প্রভৃতি অদেবগণ ভীত হইলে তাঁহাদের প্রতি কৃপাপরবশ হইয়া তুমি (যজ্ঞবরাহরূপে প্রলয়জল অবগাহনপূর্ব্বক পঙ্কিল করিয়া) সেই বিষ অর্থাৎ জল শোষিত করিলে, (পঙ্কসম্পর্কে তোমার দেহে যে কালিমা হইয়াছিল, তাহা স্তোতৃবর্গের কণ্ঠে শোভা সম্পাদন করিতেছে (অর্থাৎ সকলেই সে রূপের স্তব করিয়া থাকে)। যেহেতু……। ১৪।

স্তোতৄণাং কণ্ঠে) শ্রিয়ং (শোভাং) ন কুরুতে ইতি ন (অপি তু স্তোতৃভি-র্বর্ণ্যমানস্তেষাং কণ্ঠশোভাং কুরুতে এব)। অন্যৎ সমানম্। ১৪।

অসিদ্ধার্থা নৈব ক্বচিদপি সদেবাসুরনরে
নিবর্ত্তন্তে নিত্যং জগতি জয়িনো যস্য বিশিখাঃ।
স পশ্যন্নীশ ত্বামিতরসুর-সাধারণ-মভূৎ
স্মরঃ স্মর্ত্তব্যাত্মা ন হি বশিষু পথ্যঃ পরিভবঃ॥ ১৫

টীকা।—হরপক্ষে।—যস্য (স্মরস্য) নিত্যং জয়িনঃ (জয়শীলাঃ) বিশিখাঃ (বাণাঃ) সদেবাসুরনরে (দেবাসুরনরসহিতে) জগতি ক্বচিদপি অসিদ্ধার্থাঃ (ব্যর্থাঃ সন্তঃ) নৈব নিবর্ত্তন্তে (অপি তু সিদ্ধপ্রয়োজনা এব নিবর্ত্তন্তে ইত্যর্থঃ), স স্মরঃ (কামঃ), হে ঈশ, ত্বাম্ ইতরসুরসাধা-রণম্ (অপরদেবতুল্যং) পশ্যন্ স্মর্ত্তব্যাত্মা অভূৎ (স্মরণীয়মাত্রদেহো বভূব, মৃত ইতি যাবৎ,—পশ্যন্নিতি হেতৌ শতৃঃ, ইতরদেবতুল্যত্বেন ত্বদ্দর্শনাদেব তস্য নাশঃ, কা বার্ত্তা পরিভবাদেরিতি)। (অত্র হেতুঃ) হি (যতঃ) বশিষু (জিতেন্দ্রিয়েষু মহাপুরুষেষু) পরিভবঃ (অবমাননা) ন পথ্যঃ (হিতঃ ন ভবতি)।০। হরিপক্ষে।—হে ইতরসুর (বিলক্ষণদেব,

---

অনুবাদ।—হরপক্ষে।—যে কামদেবের সতত জয়শীল বাণসমূহ সুরাসুরনর-সমাকীর্ণ জগতের কোনও স্থানেই ব্যর্থ হইয়া প্রত্যাবৃত্ত হয় না, হে ঈশ্বর, সেই কামদেব তোমাকে অন্যদেবের সমান জ্ঞান করিয়া স্মর্ত্তব্যদেহ (অর্থাৎ পঞ্চত্বপ্রাপ্ত) হইয়াছিল। তাই বলি, জিতেন্দ্রিয় মহাপুরুষের অবমাননা করা কখনই শ্রেয়স্কর নহে।০। হরিপক্ষে।—হে ইতরসুর (অর্থাৎ বিশিষ্ট দেব), (সেই কামদেব পঞ্চত্ব প্রাপ্ত হইয়া পুনর্জ্জন্মগ্রহণকালে) তোমাকে (পিতা বলিবার যোগ্য) দেখিয়া তোমার তুল্যরূপে (অর্থাৎ তোমার পুত্র হইয়া) জন্মিয়াছিল। (তথাপি সর্ব্বাংশে তুল্য হইতে পারে নাই) যেহেতু সে পরিভব অর্থাৎ কেবলই সংসারে প্রবর্ত্তক বলিয়া জিতেন্দ্রিয় ব্যক্তিগণের পক্ষে হিতকর নহে; কিন্তু তুমি চতুর্ব্বর্গফলপ্রদ বলিয়া কি জিতেন্দ্রিয় কি অজিতেন্দ্রিয় সকলের পক্ষেই হিতকারী। ১৫।

বিশিষ্টদেব) স্মর্ত্তব্যাত্মা (পূর্ব্বং মৃতোঽপি) স স্বয়ং ত্বাং পশ্যন্ (পুনর্জন্ম-গ্রহণকালে সর্ব্বগুণসম্পন্নং ত্বামেব পিতৃত্বযোগ্যম্ অবলোকয়ন্) সাধারণং (ত্বৎতুল্যরূপং যথা স্যাৎ তথা) অভূৎ (বভূব—তব পুত্ররূপেণ জাত ইত্যর্থঃ)। তৎ কিং সর্ব্বাংশেন তুল্যঃ ? ন, তত্র বৈলক্ষণ্যমাহ) হি (যতঃ) সঃ পরিভবঃ (পরিভবতি সংসারে নিয়োজয়তীতি পরিভবঃ), অতঃ বশিষু (জিতেন্দ্রিয়েষু) ন পথ্যঃ (হিতঃ,—ত্বন্তু চতুর্ব্বর্গফলপ্রদত্বাৎ জিতেন্দ্রিয়াজিতেন্দ্রিয় সাধারণেষু হিত এব)। ১৫।

মহী পাদাঘাতাদ ব্রজতি সহসা সংশয়পদং
পদং বিষ্ণোর্ভ্রাম্যদ্ভুজপরিঘ-রুগ্ণগ্রহগণম্।
মুহুর্দ্যৌ-র্দৌস্থ্যং যাত্যনিভৃতজটা-তাড়িত-তটা
জগদ্রক্ষায়ৈ ত্বং নটসি নমু বামৈব বিভুতা॥ ১৬

টীকা।—হরপক্ষে।—ত্বং জগদ্রক্ষায়ৈ (ত্রিপুরাসুরাদিভ্যো জগৎ রক্ষিতুং) নটসি (নৃত্যসি) কিন্তু পাদাঘাতাৎ (নৃত্যাবসরে তব পাদ-প্রহারাৎ) মহী (পৃথিবী) সহসা (হঠাৎ) সংশয়পদং ব্রজতি (স্থাস্যতি

অনুবাদ।—হরপক্ষে।—(ত্রিপুরাসুরাদির উচ্ছেদ সাধন করিয়া) জগতের রক্ষার জন্য তুমি যখন নৃত্য কর, তখন তোমার পদাঘাতে পৃথিবী (থাকে কি না থাকে এইরূপ) সংশয়াস্পদ হইয়া উঠে, তোমার ঘূর্ণমান মুদ্গরসদৃশ বাহু দ্বারা গ্রহগণ বিশীর্ণ হইতে থাকে এবং তোমার অসংযতজটামণ্ডল প্রান্তভাগে পুনঃ-পুনঃ আঘাত করায় স্বর্গলোক পতনোন্মুখ হইয়া পড়ে। (তুমি জগতের রক্ষা করিতে গিয়া প্রলয় ঘটাইয়া থাক), তাই বলি, তোমার ঐশ্বর্য্য বড়ই দুর্ব্বোধ। ০। হরিপক্ষে।—হিংসাপরায়ণ ভূপতির বশীভূত হইয়া যখন পৃথিবী এককালে সংশয়াস্পদ হইয়া উঠে, তাহার ভুজস্থিত মুদ্গরসঞ্চালনে সোমপাত্র সকল ভগ্ন হওয়ায় যখন যজ্ঞকার্য্য নষ্ট হয়, এবং অসংযত-জটাধারী পাষণ্ডগণ যখন বৈকুণ্ঠ-লোকের অস্তিত্ব স্বীকার না করায় স্বর্গলোকও একান্ত উচ্ছেদ প্রাপ্ত হয়, তখন তুমি (মৎ-স্যাদি অবতার স্বীকার করিয়া) নটের ন্যায় আচরণ কর। তাই বলি, তোমার বিভুতা বক্র (অর্থাৎ সরল উপায় সত্ত্বেও অন্য প্রকারে কার্য্য করিয়া থাকে)। ১৬।

ন বেত্তি সন্দেহাস্পদত্বং প্রাপ্নোতি) বিষ্ণোঃ পদম্ (আকাশং) ভ্রাম্যদ্-ভুজপরিঘরুগ্ণগ্রহগণং (ভ্রাম্যন্তঃ ভুজা এব পরিঘা লৌহমুদ্গরাঃ তৈঃ রুগ্ণাঃ বিশীর্ণাঃ গ্রহগণাঃ যস্মিন্ তথা ভবতি), দ্যৌঃ (স্বর্গঃ) মুহুঃ (পুনঃ-পুনঃ) অনিভৃতজটা-তাড়িততটা (অনিভৃতাঃ অসংযতা যাঃ জটাঃ, তাভিঃ তাড়িতং তটং প্রান্তভাগঃ যস্যাঃ তথাভূতা সতী) দৌঃস্থ্যং (দুঃস্থতাং, সংশয়পদমিত্যর্থঃ) যাতি (প্রাপ্নোতি)। ননু (ভোঃ) বিভুতা (বিভব-বত্তা) বামা এব । প্রতিকূলা এব—অনুকূলমাচরন্ত্যপি কিঞ্চিৎ প্রতিকূল-মাচরতীত্যর্থঃ, যদ্বা বামা বোধপ্রতিকূলা দুর্ব্বোধা ইতি যাবৎ—জগদ্রক্ষায়ৈ নটতস্তব সকাশাৎ জগদ্বিধ্বংসঃ কথং ভবতীতি মাদৃশৈর্ন বুধ্যতে ইত্যর্থঃ)। ০। হরিপক্ষে—আঘাতাৎ (আগতো ঘাতো হিংসা যস্মাৎ তস্মাৎ) মহীপাৎ (ভূমিপালাৎ অসুরাৎ, ভূমিপালং প্রাপ্য ইত্যর্থঃ—ল্যবর্থে ৫মী) সা (মহী) যদা সহ (যুগপৎ যজ্ঞাদিনাশসমকালে এব ইত্যর্থঃ) সংশয়পদং ব্রজতি, বিষ্ণোঃ পদম্ (অধিষ্ঠানং—যজ্ঞাদিকর্ম্ম) ভ্রাম্যদ্ভিঃ তাদৃশমহীপস্য ভুজস্থিতৈঃ পরিঘৈঃ রুগ্নঃ ভগ্নঃ গ্রহগণঃ সোমাদিপাত্র-বিশেষো যস্মিন্ তথা ভবতি (যজ্ঞাদিকর্ম্ম যদা নশ্যতি ইত্যর্থঃ), দ্যৌঃ (স্বর্গঃ) অনিভৃতাঃ যাঃ জটাঃ পাষণ্ডব্রতচিহ্নভূতাঃ তাভিঃ তাড়িতং তটঃ সত্যলোকাখ্যং পদং যস্যাঃ তথা সতী মুহুঃ (অত্যন্তং) দৌঃস্থ্যং যাতি (যদা পাষণ্ডৈঃ স্বর্গলোকঃ বৈকুণ্ঠলোকশ্চ নাঙ্গীক্রিয়ন্তে ইত্যর্থঃ), তদা ত্বং জগদ্রক্ষায়ৈ (সাধূনাং পরিত্রাণেন অসাধূনাঞ্চ বিনাশনেন জগতো রক্ষাং কর্ত্তুং) নটসি (মৎস্যাদ্যবতারান্ স্বীকৃত্য নট ইব আচরসি আচরণার্থে ক্বিপ্)। ননু (নিশ্চিতং) বিভুতা বামা (বক্রা) এব (সত্যপি উপায়া-ন্তরে ঋজুত্বে অন্যপ্রকারেণ কার্য্যং করোতীত্যর্থঃ)। ১৬।

বিয়দ্ব্যাপী তারাগণ-গুণিত-ফেনোদ্গমরুচিঃ

প্রবাহো বারাং যঃ পৃষত-লঘু দৃষ্টঃ শিরসি তে।

জগদ্দ্বীপাকারং জলধিবলয়ং তেন কৃতমি-
ত্যনেনৈবোন্নেয়ং ধৃতমহিম দিব্যং তব বপুঃ॥ ১৭

টীকা।—হরপক্ষে।—বিয়দ্ব্যাপী (আকাশব্যাপকঃ) তারাগণগুণিত-ফেনোদ্গমরুচিঃ (তারাগণৈঃ গুণিতা বর্দ্ধিতা ফেনোদ্গমস্য রুচির্যস্য সঃ তথা) যঃ বারাং প্রবাহঃ (গঙ্গাবতরণসময়ে জলানাং স্রোতঃ) তে (তব) শিরসি পৃষতলঘু (পৃষতেভ্যঃ বিন্দুভ্যোঽপি লঘু ক্ষুদ্রং যথা স্যাৎ তথা) দৃষ্টঃ, তেন (বারাং প্রবাহেন—সমুদ্রপূরণাৎ) জগৎ জলধি-বলয়ং (সাগরবেষ্টিতম্) অতএব দ্বীপাকারং কৃতম্। ইত্যনেন এব (এতেনৈব চিহ্নেন) তব দিব্যং (সর্ব্বেভ্যঃ অত্যুত্তমম্) বপুঃ (শরীরং) ধৃতমহিম (মহিমান্বিতম্, অতীব বৃহত্তমম্) উন্নেয়ম্ (উহ্যম্, অনুমেয়মিতি যাবৎ)। ০। হরিপক্ষে।—তারাগণৈঃ গুণিতাঃ সদৃশীভূতাঃ ফেনাঃ যস্যাঃ তস্যাঃ গঙ্গায়াঃ উদ্গমে আবির্ভাবে রুচিঃ প্রবৃত্তিঃ যস্য সঃ তথা, শিরসি (সর্ব্বলোকানাম্ উপরি ব্রহ্মলোকে অবস্থিতঃ) বিয়দ্ব্যাপী (বলিচ্ছলনে উৎক্ষিপ্তপাদাঙ্গুষ্ঠ-নির্ম্মিতব্রহ্মলোকবিবরাদাগতো গঙ্গোৎপত্তিহেতুভূতঃ আকাশব্যাপী) যঃ বারাং প্রবাহঃ তে (ত্বয়া—অব্যয়ম্) পৃষতলঘু দৃষ্টঃ (উপলব্ধঃ), ইত্যনেনৈব চিহ্নেন তব দিব্যং বপুঃ (দিবি আকাশে আবির্ভূতং ত্রৈবিক্রমং রূপম্) ধৃতমহিম উন্নেয়ং (জ্ঞেয়ম্)। ১৭।

অনুবাদ।—হরপক্ষে।—তারাগণের সম্মিলনে যাহার ফেনোদ্গমের শোভা সমধিক বর্দ্ধিত হয়, সেই যে আকাশব্যাপী গঙ্গাজল-প্রবাহ তোমার মস্তকে বিন্দুর ন্যায় ক্ষুদ্ররূপে দৃষ্ট হয়, সেই জলই জলধিবেষ্টিত করিয়া জগৎকে দ্বীপাকার করিয়াছে, ইহাতেই অনুমিত হয় যে, তোমার সর্ব্বোৎকৃষ্ট দেহ কিরূপ মহিমান্বিত (অর্থাৎ বৃহত্তম)। ০। হরিপক্ষে।—তারাগণের সহিত যাঁহার ফেনপুঞ্জের তুলনা হয়, সেই গঙ্গার আবির্ভাবনে প্রবৃত্ত, সর্ব্বলোকের শিরোভূত ব্রহ্মলোকে অবস্থিত, এবং (বলিচ্ছলনকালে উৎক্ষিপ্ত তোমার পদাঙ্গুষ্ঠ দ্বারা নির্ম্মিত ব্রহ্মলোকের বিবর হইতে আগমন পূর্ব্বক) আকাশব্যাপী যে জলপ্রবাহকে তুমি বিন্দুর ন্যায় ক্ষুদ্র জ্ঞান করিয়াছিলে, সেই জলই জলধিবেষ্টিত করিয়া জগৎকে দ্বীপাকার করিয়াছে; ইহাতেই জানা যায় যে, তোমার ত্রিবিক্রমরূপ দিব্য অর্থাৎ আকাশে আবির্ভূত হইয়া মহিমান্বিত হইয়াছিল। ১৭।

রথঃ ক্ষৌণী যন্তা শতধৃতি-রগেন্দ্রো ধনুরথো
রথাঙ্গে চন্দ্রার্কৌ রথচরণপাণিঃ শর ইতি।
দিধক্ষোস্তে কোঽয়ং ত্রিপুরতৃণ-মাড়ম্বরবিধি-
র্বিধেয়ৈঃ ক্রীড়ন্ত্যো ন খলু পরতন্ত্রাঃ প্রভুধিয়ঃ ॥ ১৮

টীকা।—হরপক্ষে।—ত্রিপুরতৃণং (ত্রিপুরমেব তৃণং—তৃণবৎ অতি-তুচ্ছং ত্রিপুরং) দিধক্ষোঃ (দগ্ধুমিচ্ছোঃ) তে (তব) রথঃ ক্ষৌণী (পৃথিবী), যন্তা (সারথিঃ) শতধৃতিঃ (ব্রহ্মা ইন্দ্রো বা), ধনুঃ অগেন্দ্রঃ (গিরিশ্রেষ্ঠঃ সুমেরুঃ), অথো (অপিচ) রথাঙ্গে (রথচক্রে) চন্দ্রার্কৌ (সূর্য্যাচন্দ্রমসৌ), শরঃ রথচরণপাণিঃ (রথচরণং চক্রং পাণৌ যস্য সঃ বিষ্ণুঃ), ইতি (অনেন প্রকারেণ) কোঽয়ম্ (আড়ম্বরবিধিঃ) উদ্‌যোগব্যাপারঃ ?—(মহৎ প্রয়োজনং হি সমুদ্দিশ্য এতাদৃশী রচনা ক্রিয়তে, ন তু অল্পং প্রয়োজনমিতি ভাবঃ)। (এবমাক্ষিপ্য পরিহারমাহ) প্রভুধিয়ঃ (প্রভূণাং বুদ্ধয়ঃ) বিধেয়ৈঃ (অধীনৈর্জনৈঃ সহ) ক্রীড়ন্ত্যঃ (খেলন্ত্যঃ সত্যঃ) খলু (নিশ্চিতং) পরতন্ত্রাঃ (পরাধীনাঃ) ন ভবন্তি (প্রভবঃ অধীনৈঃ জনৈঃ ক্রীড়ন্তঃ আত্মানং ন পরাধীনং মন্যন্তে ইত্যর্থঃ,—প্রভবো যদা ক্রীড়াং রচয়ন্তি, তদা তদ-

---

অনুবাদ।—হরপক্ষে।—তুমি তোমার পক্ষে তৃণতুল্য ত্রিপুরকে দগ্ধ করিতে ইচ্ছুক হইলে, পৃথিবী তোমার রথ হইয়াছিল, ব্রহ্মা বা ইন্দ্র তোমার সারথি হইয়াছিলেন, সুমেরু তোমার ধনু হইয়াছিল, চন্দ্র ও সূর্য্য রথের চক্র হইয়াছিলেন, চক্রপাণি বিষ্ণু তোমার বাণ হইয়াছিলেন,—এত আড়ম্বর কেন? তাই বলি, অধীনদিগকে লইয়া ক্রীড়া করিলে প্রভুদিগের বুদ্ধি পরাধীন হয় না (অর্থাৎ প্রভুরা আপনাদিগকে পরাপেক্ষী বোধ করেন না)।•। হরিপক্ষে।—তুমি তৃণতুল্য ত্রিপুর অর্থাৎ ত্রিকূটগিরির শিখরাশ্রিত লঙ্কাপুরকে দগ্ধপ্রায় করিতে ইচ্ছুক হইলে, পৃথিবীর ন্যায় বৃহৎ রথ ইন্দ্র কর্তৃক প্রেরিত হইয়াছিল, সারথি ইন্দ্রতুল্য, ধনু সুমেরুসদৃশ, চক্রদ্বয় চন্দ্র ও সূর্য্যের তুল্য, বাণ বিষ্ণুর তুল্য (অর্থাৎ নিজেরই সমান);—এত আড়ম্বর কেন? ইত্যাদি। ১৮।

ধীনা জনাঃ যদি স্বেচ্ছয়া আগত্য মিলিতা ভবন্তি, তেঽপি যদি তৈঃ সহ মিলিত্বা ক্রীড়ন্তি, তদা তেষাং পরাপেক্ষিত্বং ন ঘটতে, নাপি চ তেষাম্ আড়ম্বরবিধিঃ স্বেচ্ছাকৃতঃ, কিন্তু যাদৃচ্ছিক এবেতি ভাবঃ)।০। হরিপক্ষে।—ত্রিপুরতৃণং (ত্রীণি ত্রিকূটগিরিশৃঙ্গাণি পুরম্ আশ্রয়ো যস্য তৎ ত্রিপুরং, ত্রিকূটগিরিশিখরোপরিস্থিতং লঙ্কাপুরং, তদেব তৃণং) দিধক্ষোঃ (দগ্ধুমিচ্ছোঃ, সমরানলেন ভস্মসাৎ কর্ত্তুমিচ্ছোঃ) তব রথঃ (ইন্দ্রপ্রেরিতঃ স্যন্দনঃ) ক্ষৌণী (পৃথিবী ইব বিশালঃ সর্ব্বংসহশ্চ), যন্তা (সারথিঃ মাতলিনামা) শতধৃতিঃ (ইন্দ্র ইব মহাবিক্রমঃ), ধনুঃ অগেন্দ্রঃ (সুমেরুরিব সুবৃহৎ সুদৃঢ়ঞ্চ), রথাঙ্গে (চক্রে) চন্দ্রার্কৌ (চন্দ্রসূর্য্যাবিব উজ্জ্বল অপরিম্লানে চ), শরঃ রথচরণপাণিঃ (বিষ্ণুরিব, অসমানঃ, সর্ব্বশক্তিমান্ ইত্যর্থঃ) ইতি। অন্যৎ সমানম্।১৮।

হরিস্তে সাহস্রং কমলবলি-মাধায় পদয়ো-
র্যদেকোনে তস্মিন্ নিজমুদহরন্নেত্রকমলম্।
গতো ভক্ত্যুদ্রেকঃ পরিণতিমসৌ চক্রবপুষা
ত্রয়াণাং রক্ষায়ৈ ত্রিপুরহর জাগর্ত্তি জগতাম্॥ ১৯

টীকা।-হরপক্ষে।—হে ত্রিপুরহর, হরিঃ নারায়ণঃ, সাহস্রং

অনুবাদ।—হরপক্ষে।—হে ত্রিপুরহর, নারায়ণ তোমার পাদপদ্মে সহস্রপদ্মরূপ উপহার সমর্পণ করিতে গিয়া, তন্মধ্যে একটি কম হওয়ায়, আপন নয়নপদ্ম যে উৎপাটন করিয়াছিলেন, সেই ভক্তিপ্রকর্ষ সুদর্শনচক্ররূপে পরিণত হইয়া ত্রিভুবনের রক্ষার জন্য মনোযোগী রহিয়াছে (অর্থাৎ তাঁহার তাদৃশ ভক্তি পরীক্ষা করিয়া তুমি তাঁহাকে জগতের রক্ষার জন্য সুদর্শনচক্র প্রদান করিয়াছ)।০। হরিপক্ষে।—হে ত্রিপুরহর অর্থাৎ মোক্ষপ্রদ (১১ শ্লোকে দেখ), ইন্দ্র যে একবারে সহস্র নয়নকমল দ্বারা তোমার চরণ সন্দর্শন করিয়া আপনাকে এই মর্ত্ত্যলোক হইতে বিভিন্ন স্বর্গলোকে উন্নীত করিয়াছিলেন (অর্থাৎ স্বর্গলোকের অধিপতি হইয়াছিলেন), সেই ভক্তিপ্রকর্ষ চক্র অর্থাৎ ঐরাবতাদি-সৈন্যরূপ পরিণত হইয়া ত্রিভুবনের রক্ষার জন্য মনোযোগী রহিয়াছে।১৯।

(সহস্রপরিমিতং) কমলবলিং (পদ্মোপহারং) তে (তব) চরণয়োঃ আধায় (সমর্প্য) তস্মিন্ (কমলবলৌ) একোনে (একেন কমলেন হীনে সতি) নিজং নেত্রকমলং (নয়নপদ্মং) যৎ উদহরৎ (নেত্রকমলেনৈব সহস্রসংখ্যাং পূরয়িষ্যামি ইতি মত্বা উৎপাটিতবান্), অসৌ ভক্ত্যুদ্রেকঃ (সেবাপ্রকর্ষঃ) চক্রবপুষা (সুদর্শনচক্ররূপেণ) পরিণতিং গতঃ (প্রাপ্তঃ সন্) ত্রয়াণাং জগতাং (ত্রিভুবনস্য) রক্ষায়ৈ জাগর্ত্তি (সাবধানং তিষ্ঠতি ; —পুরা হরিঃ পদ্মসহস্রেণ শিবং শস্ত্রার্থমারাধয়তি স্ম, তস্য ভক্তের্দার্ঢ্যজ্ঞানার্থং মায়য়া পদ্মমেকমপহৃতবতঃ শিবস্য চরণয়োর্নিজং নেত্রমুৎপাট্য দিৎসোর্হরের্হস্তং ধৃত্বা নিবার্য্য কিমর্থমেবং তপঃ কুরুষে ইতি পৃষ্টায় হরয়ে অস্ত্রং নাস্তীতি নিবেদয়তে চরণাঙ্গুষ্ঠেন ভূমিং নিপীড্য সুদর্শনমাবির্ভাব্য শ্রীসদাশিবো দত্তবান্ ইতি পৌরাণিকী কথা)। ০। হরিপক্ষে।—হে ত্রিপুরহর (মোক্ষপ্রদ—ইতি প্রাগ্‌ব্যাখ্যাতং ১১ শ্লোকে) হরিঃ (ইন্দ্রঃ) সাহস্রং (সহস্রপরিমিতং) নেত্রকমলমেব কমলবলিং তে চরণয়োঃ আধায় (যুগপৎ নেত্রসহস্রদ্বারা তব চরণয়োর্দ্দর্শনরূপম্ আরাধনং কৃত্বা) একঃ (অসহায়ঃ, সহায়ান্তরশূন্যঃ সন্) নিজম্ (আত্মানং) অনেতস্মিন্ (ন এতস্মিন্ অনেতস্মিন্—অত্র অন্যার্থে নঞ্ এতন্মর্ত্ত্যলোকবিলক্ষণে স্বর্গলোকে) উদহরৎ (উদ্ধৃতবান্, স্বর্গলোকাধিপতিমাত্মানং কৃতবান্), অসৌ ভক্ত্যুদ্রেকঃ (আত্মানমুন্নতং কর্ত্তুং ত্বচ্চরণাবলোকনে যৎ প্রবণত্বং তৎ) চক্রবপুষা (চক্রঃ সৈন্যম্ ঐরাবতোচ্চৈঃশ্রবঃপ্রভৃতি তদ্রূপেণ) পরিণতিং গতঃ সন্ (সমুদ্রমথনে ঐরাবতাদীনাং প্রাদুর্ভাবাৎ) ত্রয়াণাং জগতাং রক্ষায়ৈ জাগর্ত্তি। ১৯।

তাং

ক বর্গ প্রথমঃ কম্পি পুরুষায়োবরষু তে।

অতস্ত্বাং সংপ্রেক্ষ্য ক্রতুষু ফলদানপ্রতিভুবং
ক্রতৌ শ্রদ্ধাং বদ্ধা কৃতপরিকরঃ কর্ম্মসু জনঃ ॥ ২০

টীকা।—হরপক্ষে।—ক্রতৌ (যজ্ঞাদিকর্ম্মণি) সুপ্তে (ধ্বস্তে, বিনষ্টে সতি) ক্রতুমতাং (যাজ্ঞিকানাং) ফলযোগে (ফলপ্রাপ্তিনিমিত্তং) ত্বং জাগ্রৎ অসি (প্রবুদ্ধ এব বর্ত্তসে, তস্মাৎ সর্ব্বেষু কর্ম্মসু ত্বম্ পূজ্য এবেতি ভাবঃ)। (নন্থ ক্রতুরেব অদৃষ্টদ্বারা ফলং জনয়তু, কিং মদারাধনেন? ইত্যত আহ) কর্ম্ম প্রধ্বস্তং (বিনষ্টং সৎ) পুরুষারাধনম্ ঋতে (ঈশ্বরস্য পূজনং বিনা) ক (কুত্র) ফলতি (ফলমুৎপাদয়তি, প্রধ্বস্তত্বাৎ অপূর্ব্বমপি জনয়িতুমসমর্থম্, অতস্তেষাম্ অপূর্ব্বং ত্বমেব জনয়সীতি ভবদারাধনং সমুচিতমেবেতি ভাবঃ)। অতঃ (অস্মাদ্ধেতোঃ) ত্বাং ক্রতুষু (শ্রৌতস্মার্ত্তেষু কর্ম্মসু কালান্তরফলসাধনেষু) ফলদানপ্রতিভুবং (ফলদানায় লগ্নকং) সংপ্রেক্ষ্য (নিশ্চিত্য) জনঃ শ্রুতৌ (বেদে) শ্রদ্ধাং বদ্ধা (কৃত্বা) কর্ম্মসু (শ্রৌতস্মার্ত্তেষু) কৃতপরিকরঃ (কৃতোদ্যমো ভবতি)। যদ্বা অকৃত পরিকরঃ কর্ম্ম সুজনঃ ইতি ছেদঃ.—পরিতঃ সর্ব্বতঃ কং সুখং বাতি দদাতীতি পরিকরঃ (সর্ব্বত্র সর্ব্বেষাং সন্দেহমপসার্য্য কর্ম্মপ্রবর্ত্তকঃ ইত্যর্থঃ এবম্ভূতঃ) সুজনঃ কর্ম্ম অকৃত (কৃতবান্)। "দৃঢ়পরিকরঃ" ইতি কচিৎ পাঠঃ। ০। হরিপক্ষেঽপ্যেবম্। ২০।

ক্রিয়াদক্ষো দক্ষঃ ক্রতুপতি-রধীশস্তনুভৃতা-
মৃষীণামার্ত্বিজ্যং শরণদ সদস্যাঃ সুরগণাঃ।

অনুবাদ।—হরপক্ষে।—যজ্ঞকর্ম্ম (সমাধানান্তেই) নষ্ট হইলে যজ্ঞকারীদিগের ফলপ্রাপ্তিতে তুমিই অবহিত থাক, (কর্ম্মের ফল কালান্তরে ঘটে, সুতরাং সমাধানান্তেই) কর্ম্ম নষ্ট হইলে, ঈশ্বরের আরাধনা ব্যতিরেকে তাহা কিরূপে ফলোৎপাদক হইতে পারে? অতএব তোমাকে যজ্ঞকার্য্যে ফলদানের প্রতিভূ অর্থাৎ জামিন জানিয়া, লোকে বেদবাক্যে শ্রদ্ধা বাঁধিয়া তাদৃশ কর্ম্মে বদ্ধপরিকর হয়। ০। হরিপক্ষেও ঐরূপ। ২০।

ক্রতুভ্রংশস্তত্ত্বঃ ক্রতুফল-বিধান-ব্যসনিনো

ধ্রুবং কর্ত্তুঃ শ্রদ্ধাবিধুর-মভিচারায় হি মখাঃ ॥ ২১

টীকা।—হরপক্ষে।—(ক্রিয়াসু তব হেলয়া কর্ম্ম বিপরীতং ফলং জনয়তীত্যাহ) হে শরণদ (রক্ষাপ্রদ), ক্রিয়াদক্ষঃ (অনুষ্ঠেয়াদিষু প্রবীণঃ) তনুভৃতাম্ অধীশঃ (প্রজাপতিঃ) দক্ষঃ ক্রতুপতিঃ (যজমানঃ, যজ্ঞকর্ত্তা), ঋষীণাং (মরীচ্যাদীনাম্) আর্ত্বিজ্যম্ (ঋত্বিক্ত্বং, তস্মিন্ যজ্ঞে মরীচ্যাদয়ঃ ঋষয়ঃ পুরোহিতা আসন্ ইত্যর্থঃ), সুরগণাঃ (ইন্দ্রাদয়ঃ) সদস্যাঃ (উপদেষ্টারঃ)। (এতাদৃশ-সকল-সামগ্রীসম্পত্তৌ সত্যামপি) ক্রতুফলবিধানব্যসনিনঃ (যজ্ঞফল-প্রদানে নিরতাৎ, ক্রতুফলদানপ্রতিভুবঃ ইত্যর্থঃ) ত্বত্তঃ (ত্বৎসকাশাৎ) ক্রতুভ্রংশঃ (যজ্ঞনাশঃ—জাতঃ ইতি শেষঃ)। (এতদেব দ্রঢ়য়তি) ধ্রুবং (নিশ্চিতং) শ্রদ্ধাবিধুরম্ (ঈশ্বরবিষয়ে যা শ্রদ্ধা ভক্তিঃ তয়া বিধুরং রহিতং যথা স্যাৎ তথা) কর্ত্তুঃ (যাগাদ্যনুষ্ঠাতুঃ) মখাঃ (যজ্ঞাঃ) অভিচারায় (তস্য বিনাশায় ভবন্তি)। ০। হরিপক্ষে।—ক্রিয়াদক্ষোদক্ষঃ (উৎকৃষ্টানি সৎপথপ্রবৃত্তানি অক্ষাণি ইন্দ্রিয়াণি যস্য স উদক্ষঃ, ক্রিয়াদক্ষশ্চাসৌ উদক্ষশ্চেতি ক্রিয়াদক্ষোদক্ষঃ) তনুভৃতাং (দৈত্যানাম্—দৈত্যা হি অন্নাদিনা তনুং স্বশরীরমেব বিভ্রতি পুষ্ণন্তি, ন তু দেবাদিভ্যঃ কিঞ্চিদপি প্রযচ্ছন্তি) অধীশঃ (অধিপতিঃ বলিঃ) ক্রতুপতিঃ (যজমানঃ, দানযজ্ঞকর্ত্তা), ঋষীণাং (শুক্রাচার্য্যাদী-

---

অনুবাদ।—হরপক্ষে।—হে রক্ষাকারিন্, কর্ম্মানুষ্ঠানে সুনিপুণ প্রজাপতি দক্ষ যজ্ঞকর্ত্তা, ঋষিগণ তাহাতে পুরোহিত, দেবগণ সদস্য অর্থাৎ তত্ত্বাবধায়ক,—এ সকল সত্বেও তোমা হইতে তাঁহার যজ্ঞধ্বংস হইয়াছিল, অথচ তুমিই যজ্ঞকার্য্যে ফলদানে প্রতিভূ। তাই বলি, ঈশ্বরের প্রতি শ্রদ্ধাশূন্য হইয়া যে কর্ম্মানুষ্ঠান করে, তাহার যজ্ঞ অনিষ্টের কারণই হয়। ০। হরিপক্ষে।—হে রক্ষাকারিন্, যিনি কার্য্যানুষ্ঠানে সুনিপুণ এবং যাঁহার ইন্দ্রিয়সমূহ সৎপথে প্রবৃত্ত সেই দৈত্যদিগের রাজা বলি দানযজ্ঞে ব্রতী, শুক্রাদি ঋষিগণ পুরোহিত, দেবতুল্য পুরুষেরা সদস্য; এ সকল সত্বেও ইত্যাদি। ২১।

নাম্) আর্ত্বিজ্যং (পৌরোহিত্যং) সুরগণাঃ (সুরেষু গণ্যন্তে ইতি সুরগণাঃ, দেবতুল্যাঃ পুরুষাঃ) সদস্যাঃ। শ্রদ্ধাবিধুরঃ (ভবদনুগৃহীতৈঃ ইন্দ্রাদিদেবৈঃ সহ বিরোধাৎ ত্বাং প্রতি ভক্তিশূন্যঃ যথা স্যাৎ তথা—নিজভক্তদ্রোহো হি ভগবতঃ স্বদ্রোহাদধিক এবেতি)। অন্যৎ সমানম্ ।২১।

প্রজানাথং নাথ প্রসভমভিকং স্বাং দুহিতরং
গতং রোহিদ্ভূতাং রিরময়িষুমৃষ্যস্য বপুষা।
ধনুষ্পাণের্যাতং দিবমপি সপত্রাকৃতমমুং
ত্রসন্তং তেঽদ্যাপি ত্যজতি ন মৃগব্যাধরভসঃ॥ ২২

টীকা।—হরপক্ষে।—(পুরা ব্রহ্মা স্বকীয়াং মানসীং কন্যাং সন্ধ্যাং বলাৎ সম্ভোক্তুমিচ্ছুর্বভূব, সা ভয়াৎ মৃগীরূপং ধারয়ামাস, ব্রহ্মাপি মৃগো বভূব, তদকার্য্যং দৃষ্ট্বা ভগবান্ হরঃ ব্যাধরূপং ধৃত্বা তং বাণেন বিব্যাধ; তদাসৌ ভয়াৎ পলায্য নক্ষত্রমধ্যে মৃগশিরোরূপেণ পরিণতঃ, হরশ্বরশ্চ আর্দ্রানক্ষত্ররূপেণ স্থিত ইতি পৌরাণিকীং কথামবলম্ব্য স্তৌতি) হে নাথ,

---

অনুবাদ।—হরপক্ষে।—হে নাথ, ব্রহ্মা কামুক হইয়া আপন কন্যাকে হরণ করিতে ইচ্ছুক হইলে, সে মৃগীরূপ ধারণ করিয়াছিল, তখন ব্রহ্মাও মৃগরূপ ধারণ করিয়া বলপূর্ব্বক তাহার নিকট উপস্থিত হইলে, তুমি ধনুষ্পাণি হইয়া তাঁহাকে বাণবিদ্ধ করিয়াছিলে। তাহাতে ব্রহ্মা ভীত হইয়া অন্তরীক্ষলোকে গমন করিলেও আজ পর্য্যন্ত তাঁহাকে সেই মৃগব্যাধের ধাক্কা পরিত্যাগ করিতেছে না (অর্থাৎ এখনও তিনি সেই ভয়ে ভীত আছেন)। •। হরিপক্ষে।—হে নাথ, প্রজানাথ অর্থাৎ প্রজাপীড়ক মারীচ স্বর্ণমৃগরূপে প্রকৃষ্ট সভার অধীশ্বর রামচন্দ্রকে সন্তুষ্ট করিতে এবং অযোনি-সম্ভবা কন্যা সীতাকেও প্রলোভিত করিতে ইচ্ছুক হইয়া মৃগরূপ ধারণ করিলে, তুমি ধনুষ্পাণি হইয়া তাহাকে বাণবিদ্ধ করিয়াছিলে. তাহাতে সে ভীত হইয়া পরে স্বর্গে গমন করিলেও আজ পর্য্যন্ত সেই মৃগব্যাধের ধাক্কা তাহাকে পরিত্যাগ করিতেছে না। ২২।

ধনুষ্পাণেঃ তে (তব) মৃগব্যাধরভসঃ (মৃগবেধকারিণ ইব বেগঃ উৎসাহাতিরেক ইতি যাবৎ) রোহিদ্ভূতাং (মৃগীভূতাং) স্বাং কন্যাং (স্বকীয়াং দুহিতরম্) ঋষ্যস্য বপুষা (মৃগশরীরেণ) রিরময়িষুং (সম্ভোক্তুমিচ্ছুং) প্রসভং (হঠেন, অনিচ্ছন্তীমপি তাং বলাৎকারেণ) গতম্ (উপস্থিতম্) অভিকং (কামুকং, কামেন অভিভূতত্বাৎ স্বমর্য্যাদালঙ্ঘিনমিত্যর্থঃ) সপত্রাকৃতং (সপত্রেণ শরেণ অতিবেধং নীতং—সপত্রনিষ্পত্রাভ্যামতিবেধনে ইতি ডাচ্ প্রত্যয়ঃ) অতএব ত্রসন্তং (ভয়তো বিভ্যতং) দিবম্ (অন্তরীক্ষং) যাতম্ অপি (নক্ষত্রমধ্যে মৃগশিরোরূপেণ পরিণতমপি) অমুং প্রজানাথং (ব্রহ্মাণম্) অদ্যাপি ন ত্যজতি (ন মুঞ্চতি, —অদ্যাপি স ত্বত্তয়াৎ বিকম্পতে ইত্যর্থঃ) । ০। হরিপক্ষে । - হে নাথ, ধনুষ্পাণেঃ তে (তব) মৃগব্যাধরভসঃ, ঋষ্যস্য বপুষা (স্বর্ণমৃগরূপেণ) প্রসভং (প্রকৃষ্টা শৌর্য্যাদিগুণযুক্তা শৌর্য্যাদিগুণসম্পন্নৈঃ পুরুষৈরলঙ্কৃতা ইত্যর্থঃ সভা যস্য তম্) অভিকম্ (অভিতঃ সর্ব্বতঃ কানি শিরাংসি যস্য তং দশগ্রীবং) রিরময়িষুং (সীতাহরণাবসরপ্রদানেন সন্তোষয়িতুমিচ্ছুং) তথা স্বাং দুহিতরং (স্বয়মুৎপন্নাং কন্যাম, অযোনিসম্ভবাং সীতাং, যদ্বা রাবণস্য স্বকীয়াং কন্যাং সীতাং—সীতা রাবণকন্যেতি ভবিষ্যপুরাণোক্তেঃ) রিরময়িষুং (প্রলোভয়িতুমিচ্ছুং সন্তং) রোহিদ্ভূতাং (রোহিতি হরিণ্যাং ভবতীতি রোহিদ্ভূর্মৃগঃ, তস্য ভাবঃ রোহিদ্ভূতা তাং) গতং (প্রাপ্তং—মৃগরূপং ধারয়ন্তং) সপত্রাকৃতং (বাণবিদ্ধং) ত্রসন্তং (বিভ্যতং) দিবং (স্বর্গং) যাতম্ অপি (মৃতমপি) প্রজানাথং (প্রজাঃ নাথয়তি উপতাপয়তীতি প্রজানাথঃ রাক্ষসঃ, তং মারীচম্), অদ্যাপি ন ত্যজতি (ত্বদ্বাণহতত্বাৎ স্বর্গলোকং গতোঽপি মারীচঃ অদ্যাপি ত্বত্তয়াৎ বিকম্পতে ইত্যর্থঃ) । ২২ ।

স্বলাবণ্যাশংসা-ধৃতধনুষমহ্নায় তৃণবৎ

পুরঃ প্লুষ্টং দৃষ্ট্বা পুরমথন পুষ্পায়ুধমপি ।

যদি স্ত্রৈণং দেবী যমনিরত দেহার্দ্ধঘটনা-
দবৈতি ত্বামদ্ধা বত বরদ মুগ্ধা যুবতয়ঃ ॥ ২৩

টীকা।—হরপক্ষে।—হে পুরমথন (ত্রিপুরান্তক), হে যমনিরত (ইন্দ্রিয়সংযমপরায়ণ—এতেন জিতেন্দ্রিয়ত্বং সূচিতম্) দেবী (পার্ব্বতী) স্বলাবণ্যাশংসাধৃতধনুষং (স্বস্য যৎ লাবণ্যং তদ্বিষয়ে যা আশংসা—অস্যাঃ সৌন্দর্য্যেণ ইমং বশীকরিষ্যামীতি প্রত্যাশা—তয়া হেতুভূতয়া ধৃতং ধনুর্যেন তং—ধৃতধনুষমিতি সমাসান্তবিধেরনিত্যত্বাৎ ন অন্ প্রত্যয়ঃ) পুষ্পায়ুধং (কামং) পুরঃ (সাক্ষাৎ, সমক্ষং) তৃণবৎ অহ্নায় (ঝটিতি) প্লুষ্টং (দগ্ধং) দৃষ্ট্বা অপি, দেহার্দ্ধঘটনাৎ (অর্দ্ধাঙ্গরূপেণ স্বীকারাৎ হেতোঃ) যদি ত্বাং স্ত্রৈণং (স্ত্রীবশম্) অবৈতি (জানাতি), তদা হে বরদ, বত (ইতি খেদে—হা) যুবতয়ঃ অদ্ধা (তত্ত্বতঃ) মুগ্ধাঃ। নির্ব্বোধাঃ, অতত্ত্বজ্ঞাঃ—স্বভাবতঃ ইতি শেষঃ)। ০। হরিপক্ষে।—হে অর্দ্ধঘটনাদব (অর্দ্ধঘটনয়া বনবহ্নিবৎ দাহকর—সীতারূপায়া লক্ষ্ম্যাঃ শ্রীরামরূপেণ উচিতাৎ সম্ভোগাৎ স্বেচ্ছয়া অগ্র্যং সম্ভোগং দত্ত্বা অবশিষ্টং ন দত্তবানসীত্যর্থঃ). হে বরদ, যমনিরতদেহা (ইন্দ্রিয়সংযমব্রতে সমাসক্তশরীরা,

---

অনুবাদ।—হরপক্ষে।—হে ত্রিপুরান্তক, হে জিতেন্দ্রিয়, দেবী পার্ব্বতী, তাঁহার নিজ সৌন্দর্য্য দ্বারা হরপরাভবে আশা করিয়া যে কামদেব ধনুর্দ্ধারণ করিয়াছিল, তাহাকে স্বসমক্ষে তৃণের মত অতিশীঘ্র দগ্ধ হইতে দেখিয়াও অর্দ্ধাঙ্গভাগিনী করায় যদি তোমাকে স্ত্রৈণ মনে করিয়া থাকেন তাহা হইলে, হে বরদ, হায়! যুবতীরা বাস্তবিকই নির্ব্বোধ। ০। হরিপক্ষে। হে—অর্দ্ধঘটনাদব (অর্থাৎ সীতার সহিত অর্দ্ধসুখসম্ভোগে দাবানলের ন্যায় তাঁহার দগ্ধকারক), হে বরদ, তুমি সীতা উদ্ধার করিয়া আপন কীর্ত্তি রক্ষা করিতে অভিলাষী হইয়া ধনুর্দ্ধারণ করিলে, সেই সীতাদেবী, তৃণের ন্যায় অতি শীঘ্র লঙ্কানগরী দাহ এবং তাদৃশ যুদ্ধ দেখিয়া যদি তোমাকে স্ত্রৈণ মনে করিয়া থাকেন, তাহা হইলে হায়! যুবতীরা বাস্তবিকই নির্ব্বোধ। ২৩।

"গুশব্দস্ত্বন্ধকারঃ স্যাদ্ রুশব্দস্তন্নিরোধকঃ। অন্ধকারনিরোধিত্বাদ্ গুরু-রিত্যভিধীয়তে ॥"—তন্ত্রার্ণব ('গু' শব্দে অন্ধকার, 'রু' শব্দে রোধক; অজ্ঞানরূপ অন্ধকার নষ্ট করেন বলিয়া গুরু)।০। গুরুর লক্ষণ—সদ্বংশজাত, জিতেন্দ্রিয়, বিনয়ী, শুদ্ধবেশ, শুদ্ধাচার, খ্যাতিমান্, বুদ্ধিমান্ ও শাস্ত্রজ্ঞ ব্যক্তিই গুরুকর্ম্মের উপযুক্ত; কিন্তু নূতন গুরু করিতে হইলেই এরূপ বিচার করিতে হইবে; কুলগুরুর পক্ষে কোনও বিচার নাই। যেহেতু "মন্ত্রত্যাগাদ্ ভবেন্মৃত্যু-র্গুরুত্যাগাদ্দরিদ্রতা। গুরুমন্ত্রপরিত্যা-গাদ্ রৌরবং নরকং ব্রজেৎ ॥"—জ্ঞানার্ণব (মন্ত্র ত্যাগ করিলে মৃত্যু হয়, গুরুত্যাগ করিলে দারিদ্র্য ঘটে, এবং গুরু ও মন্ত্র উভয় ত্যাগ করিলে রৌরব নরকে গমন করে)। অতএব "অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব চ দৈবতম্। অমার্গস্থোঽপি মার্গস্থো গুরুরেব সদা গতিঃ ॥"—নিগমকল্পদ্রুম (কুলগুরু বিদ্বান্ই হউন বা মূর্খই হউন, সদাচারী হউন বা কদাচারীই হউন, তিনিই পরিত্রাণের উপায়)। ভাগবতে ভগবান্ উদ্ধবকে বলিয়াছেন—"আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ। ন মর্ত্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্ব্বদেবময়ো গুরুঃ ॥" গুরুকে মৎস্বরূপ বলিয়াই জানিবে, তাঁহাকে কখনও অবজ্ঞা করিবে না, এবং মনুষ্যবুদ্ধিতে তাঁহার দোষাবিষ্কারে প্রবৃত্ত হইবে না; যেহেতু গুরু সর্ব্বদেবতাস্বরূপ)। অতএব শিষ্যের ভাব বুঝিয়া ভগবান্ তৎসম্বন্ধে তদনুরূপ গুরুই হইয়া থাকেন, সুতরাং গুরু মূর্খ ও কদাচারী হইলে তাঁহার প্রতি অভক্তি না করিয়া শিষ্যের বুঝা উচিত যে, তদবস্থায় তাঁহার পক্ষে সেইরূপ গুরুই উপযুক্ত; এবং অবস্থার উন্নতি হইলে সেই গুরুই তখন তদনুরূপ হইয়া দাঁড়াইবেন।০। শিষ্যের লক্ষণ—শান্ত, বিনীত, শুদ্ধচিত্ত, শ্রদ্ধাবান্, মেধাবী, সদ্বংশজাত ও সচ্চরিত্র ব্যক্তিই শিষ্য হইবার উপযুক্ত।০। শিষ্যকর্ত্তব্য—কায়মনোবাক্যে গুরুর হিতকার্য্য করিবে, গুরুর অহিতাচরণ করিলে বিষ্ঠার কৃমি

হয়। যে ব্যক্তি গুরুতে মনুষ্যবুদ্ধি, মন্ত্রে অক্ষরবুদ্ধি, ও প্রতিমাতে শিলাবুদ্ধি করে, সে নরকগামী হয়। "গুরুঃ পিতা গুরুর্মাতা গুরুর্দেবো গুরুর্গতিঃ। শিবে রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন।"—জ্ঞানার্ণব (গুরুই পিতা, গুরুই মাতা, গুরুই দেবতা, এবং গুরুই গতি; মহাদেব রুষ্ট হইলে গুরু রক্ষা করিতে পারেন, কিন্তু গুরু রুষ্ট হইলে রক্ষাকর্ত্তা কেহ নাই)। গুরুর পুত্র-পৌত্রদিগকেও গুরুবৎ সম্মান করিবে, এবং তাঁহাদেরও হিতানুষ্ঠান করিবে। গুরুকে আসিতে দেখিলে তদভিমুখে অগ্রসর হইবে; গুরু গমন করিলে তাঁহার অনুগমন করিবে; গুরুর সম্মুখে আসনে উপবেশন ও শয্যায় শয়ন করিবে না (তিনি অনুমতি করিলে করিতে পারা যায়)। গুরুর শয্যা, আসন, পাদুকা, স্নানজল ও ছায়া লঙ্ঘন করিবে না। গুরুর সম্মুখে অন্য দেবতার পূজা করিলে সে পূজা নিষ্ফল হয়, এবং শিষ্যকেও নরকগামী হইতে হয়। এক গ্রামে থাকিলে ত্রিসন্ধ্যায় গুরুকে দর্শন করিয়া প্রণাম করিবে; এবং একক্রোশ দূরে থাকিলে প্রত্যহ একবার দুই ক্রোশ দূরে থাকিলে পঞ্চ-পর্ব্বদিনে (অর্থাৎ অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা পূর্ণিমা ও সংক্রান্তিতে), ৪ ক্রোশ হইতে ৪৮ ক্রোশ পর্য্যন্ত দূরে থাকিলে প্রতি ৪ ক্রোশে ১ মাস অন্তর এই নিয়মে, আর তদপেক্ষাও দূরে থাকিলে ৬মাস অন্তর (অর্থাৎ উত্তরায়ণে ১ বার ও দক্ষিণায়নে ১ বার দর্শন ও প্রণাম করিবে। রিক্তহস্তে (শুধু হাতে) গুরুকে প্রণাম করিতে নাই, এবং গুরুর জন্য বার্ষিকেরও ব্যবস্থা করিতে হয়। গুরুর মৃত্যু হইলে ত্রিরাত্র অশৌচ হইয়া থাকে। ০। মন্ত্রগ্রহণ—ব্রাহ্মণের নিকট হইতেই মন্ত্রগ্রহণ করিতে হয় (অন্যবর্ণের নিকটে নহে)। ব্রাহ্মণকে বয়ঃকনিষ্ঠের নিকট হইতে মন্ত্রগ্রহণ করিতে নাই (ব্রাহ্মণী করিতে পারেন)। এরূপ অবস্থায় তাদৃশ গুরুপুত্রাদির অনুমতি লইয়া অন্যের নিকট হইতে মন্ত্রগ্রহণ করিতে হইবে। কুলগুরুর

অভাবে পিতা, মাতামহ, সহোদর, পতি, যতি (সন্ন্যাসী) ও বিধবার নিকট মন্ত্রগ্রহণ করিতে নাই; করিলে তাহা শুভজনক হয় না। "উদাসীনো হ্যুদাসানাং বনস্থো বনবাসিনাম্। যতীনাঞ্চ যতিঃ প্রোক্তো গৃহস্থানাং গুরুর্গৃহী॥" (উদাসীনদিগের উদাসীন, বানপ্রস্থাশ্রমীদিগের বানপ্রস্থাশ্রমী, যতিদিগের যতি, এবং গৃহস্থদিগের গৃহস্থ গুরুই উক্ত হইয়াছেন)। কুলগুরুর অভাবে জ্ঞানবান্ যতির নিকটেও মন্ত্রগ্রহণ বিহিত হইয়াছে। স্বামীর অনুমতি লইয়া মাতা পুত্রকে মন্ত্র দিতে পারেন। গর্ভিণীর পঞ্চম মাস অতীত হইলে দেবকার্য্যাদিতে অধিকার নাই বটে; কিন্তু মন্ত্রগ্রহণে অধিকার আছে: তবে দশম মাসে উহা নিষিদ্ধ। যদি কেহ স্বপ্নে কোনও মন্ত্র প্রাপ্ত হন, তাহা হইলে গুরুকে, তদভাবে অন্য সদ্ব্রাহ্মণকে ঐ মন্ত্র বলিয়া তাঁহার নিকট হইতে উহা পুনর্গ্রহণ করিবেন; পরন্তু কুলগুরু ও সদ্ব্রাহ্মণের অভাবে জলপূর্ণ কলসে গুরুর আবাহন ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া, বটপত্রে কুঙ্কুমের রসে সেই মন্ত্র লিখিয়া ঐ কলসের জলে নিক্ষেপ করিয়া, তৎপরে উহা তুলিয়া গ্রহণ করিবেন। কুলপুরোহিত ও কুলগুরু যেমন পরিত্যাগ করিতে নাই, সেইরূপ কুলদেবতাও পরিত্যাগ করিবে না (অর্থাৎ পূর্ব্বপুরুষেরা যে দেবতার মন্ত্র গ্রহণ করিয়াছেন, সেই দেবতারই মন্ত্র গ্রহণ করিবে; অন্য দেবতার মন্ত্র গ্রহণ করিবে না); ইহাই শাস্ত্রাদেশ। তাৎপর্য্য এই যে, যদিও সকল দেবতাই এক, তথাপি পূর্ব্বপুরুষদিগের শারীরিক ও মানসিক ভাব সন্তানপরম্পরায় প্রতিফলিত হয় বলিয়া, তাঁহাদের আরাধিত মূর্ত্তির উপাসনায় অনায়াসে সিদ্ধিলাভ হইয়া থাকে। ইষ্টদেবতা ও ইষ্টমন্ত্র কাহারও নিকট প্রকাশ করিতে নাই। ০। দীক্ষার কাল—পঞ্জিকায় যে সকল দিন নির্দ্দিষ্ট থাকে, তন্মধ্যে যে দিন চন্দ্রশুদ্ধি থাকিবে, সেই দিনই প্রশস্ত। তদ্ভিন্ন সংক্রান্তি, যুগাদ্যা প্রভৃতি পুণ্যকালেও দীক্ষা গ্রহণ করা যায়। জন্মস্পর্শ

দিনে যদি মঙ্গলবার ও চতুর্থী-তিথি ঘটে, তাহাও প্রশস্ত। দুর্গাদেবীর বোধনের দিন হইতে মহাষ্টমী পর্য্যন্ত যে কোনও দিনে, গ্রহণকালে, ও যে দিন গুরুর ইচ্ছা হয় সেই দিনে কোনও বিচার না করিয়া দীক্ষা গ্রহণ করিবে। গ্রহণকালে উপদেশমাত্রেই ফল হয়, পূজাহোমাদিরও আবশ্যকতা নাই। ০। দীক্ষার স্থান—গোশালা, দেবালয়, গুরুগৃহ, পুণ্যতীর্থ ও নদীতীর প্রশস্ত; কিন্তু গয়ায়, ভাস্করক্ষেত্রে (প্রয়াগে), চন্দ্রনাথতীর্থে ও বিরজাক্ষেত্রে (পুরুষোত্তমে) নিষিদ্ধ। ০। গুরুর কার্য্য—দেবতার মন্ত্রান্তর থাকিলে স্বীয় মন্ত্র কাহাকেও দিবেন না, এবং যাহা প্রণব-যুক্ত বা লক্ষ্মীবীজ-যুক্ত মন্ত্র স্ত্রী ও শূদ্রকে দিতে নাই। কোনও দেবতার অনেক মন্ত্র থাকিলে, গণনা করিয়া যাহার পক্ষে যে মন্ত্র শুভপ্রদ, তাহাকে সেই মন্ত্র দিবেন। কালীমন্ত্রে ও স্বপ্নলব্ধ মন্ত্রে গণনার আবশ্যকতা নাই। গণনা অনেক প্রকার আছে, তন্মধ্যে ঋণিধনিচক্রের গণনাই প্রদত্ত হইল।—

৬	৬	৬	০	৩	৪	৪	০	০	০	৩
অআ	ইঈ	উঊ	ঋৠ	৯ৡ	এ	ঐ	ও	ঔ	অং (ং ँ)	অঃ (ঃ)
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	ট
ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন	প	ফ
ব	ভ	ম	য	র	ল	ব	শ	ষ	স	হ
২	২	৫	৩	০	২	১	৭	৪	৪	১

উপরের অঙ্কগুলি সাধ্যাঙ্ক, এবং নিম্নের অঙ্কগুলি সাধকাঙ্ক। সাধ্য শব্দে মন্ত্র এবং সাধক শব্দে মন্ত্রগ্রহীতা। সাধকের রাশিনাম বা ডাক-নাম লইবে। এবং তাহাতে যতগুলি অক্ষর আছে, তৎসমুদায় পৃথক্ পৃথক্ রাখিয়া (শ্রী ও উপাধি ত্যাগ করিয়া কেবল নামই ধরিতে হয়) প্রত্যেক অক্ষরের সাধকাঙ্ক লইয়া যোগ করিবে, ঐ যোগফলকে ৮ দিয়া ভাগ করিলে যাহা ভাগশেষ থাকে, তাহা স্বতন্ত্র রাখিবে। তৎপরে মন্ত্রেরও

প্রত্যেক বর্ণ পৃথক্ পৃথক্ রাখিয়া প্রতিবর্ণের সাধ্যাঙ্ক যোগ করিয়া যোগফলকে ৮ দিয়া ভাগ করিবে, এবং ভাগশেষ স্বতন্ত্র রাখিবে। যাহার ভাগশেষ অধিক, তাহাকে ঋণী বলে; এবং যাহার ভাগশেষ অল্প, তাহাকে ধনী কহে। ঋণী মন্ত্র শুভপ্রদ, ধনী মন্ত্র অশুভজনক। উভয়ের ভাগশেষ সমান হইলে, বরং সে মন্ত্র দিবে; তথাপি ধনী মন্ত্র দিবে না। যে মন্ত্রের ভাগশেষ শূন্য হয়, সে মন্ত্র মৃত্যুদায়ক। উদাহরণ—সাধক হরিপদ = হ অ র ই প অ দ অ = ১+২+০+২+৪+২+১+২ = ১৪÷৮ = ১ (৬ ভাগশেষ); সাধ্য হ্রীং = হ র ঈ ং = ৩+৩+৬+০ = ১২÷৮ = ১ (৪ ভাগশেষ); এস্থলে মন্ত্র ধনী হইতেছে, সুতরাং হরিপদকে ঐ মন্ত্র দেওয়া হইবে না। মন্ত্র দিবার পূর্ব্বে শিষ্যকে মন্ত্রের ঋষ্যাদি (ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনিয়োগ) জানাইতে হয়। নিম্নে কতিপয় দেবতার কয়েক-প্রকার মন্ত্র ও তাহাদের ঋষ্যাদি লিখিত হইতেছে।—

দক্ষিণা কালিকার মন্ত্র—ক্রীং। ক্রীং ক্রীং ক্রীং। হূং হূং। হ্রীং হ্রীং। ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা।—ভৈরব ঋষিঃ, উষ্ণিক্ ছন্দঃ, দক্ষিণা কালিকা দেবতা, চতুর্ব্বর্গফলপ্রাপ্ত্যর্থে বিনিয়োগঃ।

তারার—হূং। হ্রীং স্ত্রীং হূং ফট্। হ্রীং স্ত্রীং হূং।—অক্ষোভ্য ঋষিঃ, বৃহতী ছন্দঃ, শ্রীমদেকজটা দেবতা, চতুর্ব্বর্গফলপ্রাপ্ত্যর্থে বিনিয়োগঃ।

জগদ্ধাত্রীর—দূং। হ্রীং দূং। দূং ফট্।—নারদ ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, জগদ্ধাত্রী দুর্গা দেবতা, চতুর্ব্বর্গফলপ্রাপ্ত্যর্থে বিনিয়োগঃ।

অন্নপূর্ণার—হ্রীং। হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা।—ব্রহ্মা ঋষিঃ, পঙ্‌ক্তিঃ ছন্দঃ, অন্নপূর্ণা দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

বিষ্ণুর—ওঁ নমো নারায়ণায়।—প্রজাপতিঃ ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, অর্দ্ধলক্ষ্মীহরিঃ দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। ওঁ নমো ভগবতে

বাসুদেবায়।—প্রজাপতিঃ ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, বাসুদেবঃ দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

কৃষ্ণের—ক্লীং।—সম্মোহন ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, ত্রৈলোক্যসম্মোহনো বিষ্ণুঃ দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। গোপীজনবল্লভায় স্বাহা।—নারদ ঋষিঃ, বিরাট্ ছন্দঃ, শ্রীকৃষ্ণো দেবতা, দৃষ্টাদৃষ্টফলপ্রাপ্ত্যর্থে বিনিয়োগঃ। ক্লীং হৃষীকেশায় নমঃ।—ঋষ্যাদি একাক্ষরমন্ত্রবৎ।

গোপালের—ক্লীং। ক্লীং কৃষ্ণ।—নারদ ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, শ্রীকৃষ্ণঃ দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। গোকুলনাথায় নমঃ।—ব্রহ্মা ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, কৃষ্ণঃ দেবতা, সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

রামের—রাং রামায় নমঃ। রাম।—ব্রহ্মা ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, শ্রীরামঃ দেবতা, সর্ব্বকামসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

শিবের—হৌং। ওঁ নমঃ শিবায়। নমঃ শিবায়।—বামদেব ঋষিঃ পঙ্‌ক্তিঃ ছন্দঃ, সদাশিবঃ দেবতা, সর্ব্বকামসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

সূর্য্যের—ওঁ ঘৃণিঃ সূর্য্য আদিত্যঃ। হ্রাং হ্রীং সঃ।—দেবভাগঃ ঋষিঃ, গায়ত্রী ছন্দঃ, আদিত্যঃ দেবতা, দৃষ্টাদৃষ্টফলপ্রাপ্ত্যর্থে বিনিয়োগঃ।

গণেশের—গং।—গণকঃ ঋষিঃ, নিচৃৎ গায়ত্রী ছন্দঃ, গণেশঃ দেবতা, সর্ব্বার্থসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ।

প্রথম খণ্ডে যে বীজমন্ত্রের অর্থ আছে, তাহাতে সকল মন্ত্রেরই অর্থ বোধ হইবে। শাক্ত,শৈব,বৈষ্ণব, সৌর ও গাণপত্য—এই পঞ্চপ্রকারমাত্র উপাসক আছেন বলিয়া ঐ পঞ্চদেবতারই মন্ত্র লিখিত হইল।

দীক্ষা-প্রয়োগ।

গুরু ও শিষ্য উভয়েই পূর্ব্বদিনে একবারমাত্র নিরামিষ ভোজন করিবে। পরদিনে স্নানান্তে শিষ্য পূর্ব্বমুখে বা উত্তরমুখে বসিয়া আচমন করিয়া পূজা করিবে—এতে গন্ধপুষ্পে (ওঁ) নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) শ্রীগুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) ব্রাহ্মণেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) শ্রীসূর্য্যায় নমঃ। (অর্ঘ্য লইয়া) ইদমর্ঘ্যং (ওঁ) শ্রীসূর্য্যায় স্বাহা (স্ত্রী ও শূদ্রের স্বাহা স্থলে নমঃ)। ০। স্বস্তিবাচন—(উত্তরমুখে বসিয়া কুশীতে আতপতণ্ডুল লইয়া দুই হাতে ধরিয়া) ব্রাহ্মণের পক্ষে—(ওঁ) কর্ত্তব্যেঽস্মিন্ অমুকদেবতায়া অমুকমন্ত্রদীক্ষাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু (গুরু—ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং); (ওঁ) কর্ত্তব্যেঽস্মিন্ অমুকদেবতায়া অমুকমন্ত্রদীক্ষাকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু (গুরু—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি); (ওঁ) কর্ত্তব্যেঽস্মিন্ অমুকদেবতায়া অমুকমন্ত্রদীক্ষাকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু (গুরু—ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং)। ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে "ওঁ" পরিত্যাগ করিয়া পূর্ব্ববৎ সমস্ত। স্ত্রী ও শূদ্রের পক্ষে—"ওঁ" এর পরিবর্ত্তে "নমঃ" ও না বলিয়া মধ্যের বাক্যটি অর্থাৎ কেবল স্বস্তির বাক্যটি (পুণ্যাহ ও ঋদ্ধি নহে)। (সর্ব্বত্র বাক্যেও যে নিয়ম, প্রতিবচনেও সেই নিয়ম)। তৎপরে আতপ-চাউলগুলি ছড়াইয়া দিবে। সঙ্কল্প—(শিষ্য উত্তরমুখে দক্ষিণ জানু পাতিয়া বসিয়া কোশায় জল তিল তুলসী হরীতকী ও ত্রিপত্র লইয়া, কোশাটি বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্তে আচ্ছাদন করিয়া) (বিষ্ণুরোঁ তৎসৎ) অদ্য অমুকে মাসি (সৌরমাস) অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ ধর্ম্মার্থকামমোক্ষপ্রাপ্তিকামঃ (দ্বিজাতিস্ত্রী—অমুক-

গোত্রা শ্রীঅমুক-দেবী... কামা; শূদ্রস্ত্রী...দাসী...কামা) অমুকদেবতায়া অমুকমন্ত্র-দীক্ষামহং করিষ্যে (ঈশানকোণে জল ফেলিয়া কোশাটি উপুড় করিয়া তাহার উপর আতপতণ্ডুল দিবে)। কৃতাঞ্জলি—(ওঁ) সঙ্কল্পিতে-ঽস্মিন্ কর্ম্মণি সিদ্ধিরস্তু (গুরু—ওঁ অস্তু); (ওঁ) অয়মারম্ভঃ শুভায় ভবতু (গুরু—ওঁ ভবতু)। ০। বরণ—গুরু উত্তরমুখে বসিলে, শিষ্য পূর্ব্বমুখে কৃতাঞ্জলি হইয়া—ওঁ সাধু ভবানাস্তাং; গুরু—ওঁ সাধ্বহমাসে। শিষ্য—(ওঁ) অর্চ্চয়িষ্যামো ভবন্তং; গুরু—ওঁ অর্চ্চয়। শিষ্য—এতানি গন্ধাদীনি (ওঁ) গুরবে নমঃ বলিয়া গুরুকে গন্ধ পুষ্প বস্ত্র যজ্ঞোপবীত ও অঙ্গুরীয় দিয়া তাঁহার দক্ষিণ জানুতে আতপতণ্ডুল রাখিয়া, বামহস্তসংযুক্ত দক্ষিণ হস্তে তাহা ধরিয়া (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য...শ্রীঅমুকঃ অমুকদেবতায়াঃ মৎকর্ত্তৃকামুকমন্ত্রদীক্ষাকর্ম্মণি অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গন্ধাদিভি-রভ্যর্চ্চ্য গুরুত্বেন ভবন্তমহং বৃণে (জানু ত্যাগ করিবে)। গুরু—ওঁ বৃতোঽস্মি। শিষ্য—(ওঁ) যথাবিহিতং গুরুকর্ম্ম কুরু। গুরু—ওঁ যথা-জ্ঞানং করবাণি।

তার পর গুরু আচমন করিয়া পঞ্চবর্ণগুণ্ডিকা দ্বারা অষ্টদল পদ্ম আঁকিয়া তদুপরি শালগ্রাম বা ঘট স্থাপন করিয়া বিঘ্নাপসারণ হইতে (প্রতিমা-পূজা দ্রষ্টব্য) আবাহন পর্য্যন্ত করিয়া মূলদেবতার ষোড়শোপচারে পূজা করিবেন *। অনন্তর আরতি, এবং ইচ্ছা হইলে তান্ত্রিক হোম

---

* তন্মধ্যে পীঠন্যাসে ও ঋষ্যাদিন্যাসে বিশেষ আছে। ঋষ্যাদিন্যাসে—যে ঋষ্যাদি উক্ত হইয়াছে, সেই ঋষ্যাদিরই ন্যাস করিতে হয়। পীঠন্যাসে—ওঁ আধারশক্তয়ে নমঃ হইতে হ্রীং জ্ঞানাত্মনে নমঃ পর্য্যন্ত বলিয়া, হৃৎপদ্মের পূর্ব্বাদি ঈশান পর্য্যন্ত অষ্ট কোণে দেবতা-বিশেষের অষ্ট পীঠশক্তি ও পীঠমনু এবং তদুপরি আসন ন্যাস করিতে হয় (কালীর ও সূর্য্যের প্রথম হইতেই অন্যপ্রকার)। যথা অন্নপূর্ণার—ওঁ জয়ায়ৈ নমঃ, এইরূপ বিজয়ায়ৈ, অজিতায়ৈ, অপরাজিতায়ৈ, নিত্যায়ৈ, বিলাসিন্যৈ, দোগ্ধ্র্যৈ, অঘোরায়ৈ; মঙ্গলায়ৈ, হ্রীং

সমাপন করিয়া শিষ্যকে নিকটে আনিয়া, আসনে পশ্চিমমুখে বসাইয়া পুষ্পাঞ্জলি দেওয়াইয়া, তাহার শরীরে ভূতশুদ্ধি, মাতৃকান্যাস প্রভৃতি ন্যাস করিবেন। তৎপরে দেয় মন্ত্র শিষ্যের মস্তকে ১০৮বার জপ করিয়া "ওঁ অমুকমন্ত্রং তেঽহং দদানি" (১) বলিয়া শিষ্যের হস্তে জল দিবেন। শিষ্য "(ওঁ) দদস্ব" (২) বলিলে, গুরু পূর্ব্বমুখে বসিয়া ঋষ্যাদি

সর্ব্বশক্তিকমলাসনায়। গণেশের—তীব্রায়ৈ, জ্বালিন্যৈ, নন্দায়ৈ, ভোগদায়ৈ, কামরূপিণ্যৈ, উগ্রায়ৈ, তেজোবত্যৈ, সত্যায়ৈ; বিঘ্ননাশিন্যৈ, সর্ব্বশক্তিকমলাসনায়। দুর্গার (জগদ্ধাত্রীর ও গণেশজননীরও)—আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, ঊং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওং নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ, অং বিজয়ায়ৈ; অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ, বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ। বিষ্ণুর (কৃষ্ণ, গোপাল ও রামেরও)—বিমলায়ৈ, উৎকর্ষিণ্যৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ যোগায়ৈ, প্রহ্ব্যৈ, সত্যায়ৈ, ঈশানায়ৈ; অনুগ্রহায়ৈ, নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগ-যোগপদ্ম-পীঠাত্মনে। শিবের—বামায়ৈ, জ্যেষ্ঠায়ৈ, রৌদ্র্যৈ, কাল্যৈ, কলবিকরণ্যৈ, বলবিকরণ্যৈ, বলপ্রমথন্যৈ, সর্ব্বভূতদমন্যৈ; মনোন্মন্যৈ, ভগবতে সকলগুণাত্মশক্তিযুক্তায়ানন্তায় যোগপীঠাত্মনে। কালীর—(হৃদয়ে) ওঁ আধারশক্তয়ে নমঃ, এইরূপ প্রকৃতয়ে, কমঠায়, শেষায়, পৃথিব্যৈ, সুধাম্বুধয়ে, মণিদ্বীপায়, চিন্তামণিগৃহায়, শ্মশানায়, পারিজাতায়, রত্নবেদিকায়ৈ, মণিপীঠায়; (চতুর্দ্দিকে) মুনিভ্যঃ, দেবেভ্যঃ, শিবাভ্যঃ, শবমুণ্ডেভ্যঃ; (দক্ষিণস্কন্ধে) ধর্ম্মায়, (বামস্কন্ধে) জ্ঞানায়, (বামোরুমূলে) বৈরাগ্যায়, (দক্ষিণোরুমূলে) ঐশ্বর্য্যায়, (মুখে) অধর্ম্মায়, (বামপার্শ্বে) অজ্ঞানায়, (নাভিতে) অবৈরাগ্যায়, (দক্ষিণপার্শ্বে) অনৈশ্বর্য্যায়; (পুনঃ হৃদয়ে) শেষায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায়, উং সোমমণ্ডলায়, মং বহ্নিমণ্ডলায়, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে; (পূর্ব্বাদি অষ্টকেশরে) ইচ্ছায়ৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ, কামিন্যৈ, কামদায়িন্যৈ, রত্যৈ, রতিপ্রিয়ায়ৈ, নন্দায়ৈ; (মধ্যে) মনোন্মন্যৈ; (তদুপরি) হসৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায়। সূর্য্যের—(হৃৎপদ্মের পূর্ব্বে) প্রভূতায়, (দক্ষিণে) বিমলায়, (পশ্চিমে) সারায়, (উত্তরে) সমারাধ্যায়; (মধ্যে) পরমসুখায়, আধারশক্তয়ে, প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, রত্নদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়; (দক্ষিণস্কন্ধে) ধর্ম্মায়, (বামস্কন্ধে) জ্ঞানায়, (বামোরুমূলে) বৈরাগ্যায়, (দক্ষিণোরুমূলে) ঐশ্বর্য্যায়, (মুখে) অধর্ম্মায়, (বামপার্শ্বে) অজ্ঞানায়, (নাভিতে) অবৈরাগ্যায়, (দক্ষিণপার্শ্বে) অনৈশ্বর্য্যায়; (পুনঃ হৃদয়ে) অনন্তায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে; (পূর্ব্বাদি অষ্টকেশরে) রাং দীপ্তায়ৈ, রীং সূক্ষ্মায়ৈ, রূং জয়ায়ৈ, রেং ভদ্রায়ৈ, রৈং বিভূত্যৈ, রোং বিমলায়ৈ, রৌং অমোঘায়ৈ, রং বিদ্যুতায়ৈ; (মধ্যে) রঃ সর্ব্বতোমুখ্যৈ, (তদুপরি) ব্রহ্মবিষ্ণুশিবাত্মকায় সৌরায় যোগপীঠায়।

---

(১) তোমাকে অমুক মন্ত্র দিই? (২) দিন।

উল্লেখপূর্ব্বক অগ্রে শিষ্যের দক্ষিণ কর্ণে ৩ বার শুনাইয়া পরে বাম-কর্ণে ১ বার মন্ত্র শুনাইবেন (স্ত্রী ও শূদ্রের অগ্রে বামকর্ণে ৩ বার, পরে দক্ষিণ কর্ণে ১ বার)। শিষ্য গুরুর চরণে পতিত হইয়া বলিবে—ওঁ ত্বৎপ্রসাদাদহং দেব কৃতকৃত্যোঽস্মি সর্ব্বতঃ। মায়ামৃত্যু-মহাপাশাদ্ বিমুক্তোঽস্মি শিবোঽস্মি চ ॥* (৩) গুরু—ওঁ উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি, সম্যগাচারবান্ ভব। কীর্ত্তি-শ্রী-কান্তি-পুত্রায়ু-র্বলারোগ্যং সদাস্ত তে ॥ + (৪) বলিয়া শিষ্যকে উঠাইবেন। শিষ্য গুরুর পূজা করিয়া (মন্ত্র—ঐং শ্রীগুরুবে নমঃ) প্রাণায়ামপূর্ব্বক গুরু, দেবতা ও মন্ত্রের ঐক্য চিন্তা করত ইষ্টমন্ত্র ১০৮ বার জপ করিবে এবং জপান্তে পুনর্ব্বার প্রাণায়াম করিয়া "গুহ্যাতিগুহ্য" (তান্ত্রিক সন্ধ্যা দেখ) মন্ত্রে জপ সমর্পণ করিবে। গুরুও স্বীয় শক্তিরক্ষার জন্য উক্ত মন্ত্র ১০৮ বার জপ করিবেন। ০। দক্ষিণা ‡—শিষ্য দক্ষিণাদ্রব্য অর্চ্চনা করিয়া (বিষ্ণুরোঁ-তৎসৎ) অদ্য ·····কামনয়া অমুকদেবতায়াঃ অমুকমন্ত্রদীক্ষাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে। ০। অচ্ছিদ্রাবধারণ – শিষ্য

---

*, + স্ত্রীলোকের পক্ষেও এই দুই মন্ত্র অবিকল পাঠ্য।

‡ দক্ষিণাদানাদি সকল বিষয়েই বিত্তশাঠ্য বর্জ্জন করিবে (অর্থাৎ যেমন ধন থাকিবে, তদনুরূপ দক্ষিণা ও অন্যান্য দ্রব্যের আয়োজন করিবে, ধন সত্ত্বেও সকল বিষয়ে দীনতা প্রকাশ করিলে পুত্র আয়ুঃ যশ ও ধন শীঘ্রই নষ্ট হইয়া থাকে। যথা কুলার্ণবে—"বিত্তশাঠ্যং পরিত্যজ্য সর্ব্বকর্ম্মাণি সাধয়েৎ। বিত্তশাঠ্যং নিহন্ত্যাশু পুত্রমায়ুর্যশো ধনম্ ॥"

(৩) হে দেব, আমি আপনার প্রসাদে সর্ব্বতোভাবে কৃতার্থ হইলাম, মায়া ও মৃত্যুরূপ মহাপাশ হইতে মুক্ত হইলাম, এবং সাক্ষাৎ শিব হইলাম।

(৪) বৎস, উঠ; তুমি মুক্ত হইয়াছ, সদাচারসম্পন্ন হও। তোমার সর্ব্বদা কীর্ত্তি, শ্রী, কান্তি, পুত্র, আয়ুঃ ও আরোগ্য হউক।

কৃতাঞ্জলি হইয়া (ওঁ) অমুকদেবতায়াঃ অমুকমন্ত্রদীক্ষাকর্ম্মাচ্ছিদ্রমস্তু। গুরু—ওঁ অস্তু।০। তৎপরে তান্ত্রিক মধ্যাহ্নসন্ধ্যা করিয়া (১ম খণ্ড) ব্রাহ্মণ-ভোজন করাইবে। দীক্ষার দিন গুরু ও শিষ্য উভয়েরই উপবাস নিষিদ্ধ।

কুল্লুকা, মহাসেতু, সেতু প্রভৃতি।

জপের পূর্ব্বে কুল্লুকা (মস্তকে ৭ বার জপ), মহাসেতু (কণ্ঠে ৭ বার জপ), সেতু (হৃদয়ে ৭ বার জপ), মুখশোধন (মুখে ৭ বার জপ), ও করশোধন (করে ৭বার জপ) করিবারও বিধি আছে (না করিলে দোষ নাই)। দেবতাবিশেষে কুল্লুকা প্রভৃতির মন্ত্র বিভিন্ন। যথা—কালীর কুল্লুকা—ক্রীঁ হূং স্ত্রীং হ্রীং ফট্; মহাসেতু—ক্রীং; সেতু—ঐং হূং ঐং; মুখশোধন—ক্রীং ক্রীং ক্রীং ওঁ ওঁ ওঁ ক্রীং ক্রীং ক্রীং; করশোধন—ক্রীং ঈঁ ক্রীং করমালে অস্ত্রায় ফট্। তারার কুল্লুকা—হ্রীং স্ত্রীঁং হূং; মহাসেতু—হূং; সেতু—ওঁ হ্রীং; মুখশোধন—হ্রীং হূং হ্রীং; করশোধন—ইষ্টমন্ত্র। জগদ্ধাত্রীর কুল্লুকা—হূং হ্রীং হূং হ্রীং; মহাসেতু—স্ত্রীং; সেতু—হ্রীং স্বাহা (স্ত্রী ও শূদ্রের—ফট্); মুখশোধন—ঐং ঐং ঐং; করশোধন—ওঁ হ্রীং স্ত্রীং হূং শ্রীং (স্ত্রী ও শূদ্রের ফট্)। অন্নপূর্ণার কুল্লুকা—ক্লীং; মহাসেতু—স্ত্রীং; সেতু—হ্রীং স্বাহা (স্ত্রী ও শূদ্রের—ফট্); মুখশোধন—ক্লীং; করশোধন—ইষ্টমন্ত্র। বিষ্ণু ও কৃষ্ণের কুল্লুকা—ওঁ নমো নারায়ণায়; মহাসেতু—স্ত্রীং; সেতু—ওঁ বিষ্ণবে ওঁ; মুখশোধন—ওঁ; করশোধন—ইষ্টমন্ত্র। গোপালের কুল্লুকা—ইষ্টমন্ত্র; মহাসেতু—স্ত্রীং; সেতু—ওঁ ক্লীং ওঁ; মুখশোধন ও করশোধন—ইষ্টমন্ত্র। রামের কুল্লুকা—ক্লীং ওঁ রাং ওঁ ক্লীং; মহাসেতু—স্ত্রীং; সেতু—ওঁ রাং ওঁ; মুখশোধন ও করশোধন—ইষ্টমন্ত্র। শিবের কুল্লুকা—হৌং; মহাসেতু—

স্ত্রীং ; সেতু—হংসঃ ; মুখশোধন—ওঁ ; করশোধন—ইষ্টমন্ত্র। সূর্য্যের কুল্লুকা—ইষ্টমন্ত্র ; মহাসেতু—স্ত্রীং ; সেতু—ওঁ ; মুখশোধন ও করশোধন ইষ্টমন্ত্র। গণেশের কুল্লুকা—ইষ্টমন্ত্র ; মহাসেতু—স্ত্রীং ; সেতু—ওঁ ; মুখ-শোধন—ওঁ গং ; করশোধন—ইষ্টমন্ত্র। ০। স্ত্রী ও শূদ্র সর্ব্বত্রই ওঁ স্থলে ঔং বলিবেন।

মালাসংস্কার।

মালাতেও ইষ্টমন্ত্র জপ করা যায় (১ম খঃ সাধারণ নিয়ম)। বৈষ্ণবে তুলসীমালা, শৈবে ও শাক্তে রুদ্রাক্ষমালা প্রশস্ত। পদ্মবীজ, স্ফটিক ও মুক্তার মালাতে সকল দেবতারই জপ করা যাইতে পারে। মালা সংস্কার না করিয়া জপ করিলে জপ নিষ্ফল হয় ও দেবতা ক্রুদ্ধ হইয়া থাকেন (স্ত্রী ও শূদ্র গুরু দ্বারা মালা সংস্কার করাইবেন)।

মালা-সংস্কার।—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ মালাসংস্কারকর্ম্মণি" ইত্যাদি বলিয়া স্বস্তিবাচন করিয়া, সঙ্কল্প করিবে ; যথা—বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য) অমুকদেবতায়া অমুক-মন্ত্রজপার্থং অমুকমালাসংস্কারকর্ম্মাহং করিষ্যে (পরার্থে—করিষ্যামি)। তৎপরে ৭টি অচ্ছিন্ন অশ্বত্থপত্রে ১টি পদ্মাকার ঠোঙ্গা প্রস্তুত করিয়া, অং আং হইতে হং লং ক্ষং পর্য্যন্ত মাতৃকাবর্ণ উচ্চারণ করত তন্মধ্যে মালা রাখিয়া, মূলমন্ত্র দ্বারা পঞ্চগব্য শোধিত ও একীকৃত করিয়া, "ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি, সদ্যোজাতায় বৈ নমো নমঃ। ভবে ভবে নাতিভবে ভবস্ব মাং,

ভবোদ্ভবায় নমঃ” (১) এই মন্ত্রে ঐ পঞ্চগব্য দ্বারা প্রক্ষালন করিয়া, বিশুদ্ধ জলে ক্ষালন করিবে। “ওঁ বামদেবায় নমো, জ্যেষ্ঠায় নমঃ, শ্রেষ্ঠায় নমো, রুদ্রায় নমঃ। কালায় নমঃ, কলবিকরণায় নমো, বলবিকরণায় নমো, বলায় নমো, বলপ্রমথনায় নমঃ, সর্ব্বভূতদমনায় নমো, মনোন্মনায় নমঃ” (২) এই মন্ত্রে চন্দন অগুরু ও কর্পূর দ্বারা মার্জ্জন করিবে। “ওঁ অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরঘোরতরেভ্যঃ। সর্ব্বেভ্য সর্ব্ব শর্ব্বেভ্যো নমস্তে অস্তু রুদ্ররূপেভ্যঃ” (৩) এই মন্ত্রে ধূপের ধূমে শুষ্ক করিবে। “ওঁ তৎ-

---

(১) মেধাবিনঃ পুরুষস্য জ্ঞানোৎপাদনায় মহাদেবসম্বন্ধিষু পঞ্চবক্ত্রেষু মধ্যে পশ্চিমবক্ত্রপ্রতিপাদকং মন্ত্রমাহ সদ্য ইতি। সদ্যোজাতনামকং যৎ পশ্চিমং বক্ত্রং তদ্রূপং পরমেশ্বরং প্রপদ্যামি (প্রাপ্নোমি)। তাদৃশায় সদ্যোজাতায় বৈ নমঃ অস্তু। হে সদ্যোজাত, ভবে ভবে (তত্তজ্জন্মনিমিত্তং) মাং ন ভবস্ব (ন প্রেরয় ইত্যর্থঃ)। কিং তর্হি? অতিভবে (জন্মাতিলঙ্ঘননিমিত্তং) ভবস্ব (তত্ত্বজ্ঞানায় প্রেরয়)। ভবোদ্ভবায় (ভবাৎ সংসারাৎ উদ্ধর্ত্রে) সদ্যোজাতায় নমঃ অস্তু।•। অনুবাদ—মহাদেবের সদ্যোজাত-নামক যে পশ্চিম মুখ, তাঁহার শরণ লই ; সদ্যোজাতকে প্রণাম করি ; হে সদ্যোজাত, তুমি আমাকে পুনঃপুনঃ জন্মগ্রহণের নিমিত্ত প্রেরণ করিও না ; জন্ম এড়াইবার জন্য তত্ত্বজ্ঞানলাভে প্রেরণ কর। তুমি সংসার হইতে উদ্ধারকর্ত্তা ; তোমাকে প্রণাম করি।

(২) উত্তরবক্ত্রপ্রতিপাদকং মন্ত্রমাহ বামেতি। উত্তরবক্ত্ররূপো বামদেবঃ, তস্যৈব বিগ্রহবিশেষাঃ জ্যেষ্ঠাদিনামকাঃ,তে চ মহাদেবপীঠশক্তীনাং বামাদীনাং নবানাং পতয়ঃ পুরুষাঃ, তেভ্যো নবভ্যো নমস্কারঃ অস্তু।•। অনুবাদ—(মহাদেবের পীঠদেবতা—বামা, জ্যেষ্ঠা, রৌদ্রী, কালী, কলবিকরণী, বলাবিকরণী, বলপ্রমথনী, সর্ব্বভূতদমনী ও মনোন্মনী এই নয় জন ; বামদেব প্রভৃতি নয় জন যথাক্রমে তাঁহাদের পতি) বামদেব-নামক উত্তর মুখকে এবং তাঁহারই মূর্ত্তিবিশেষ জ্যেষ্ঠ প্রভৃতিকে প্রণাম করি (শ্রেষ্ঠ ও বল এই দুইটি অতিরিক্ত বিগ্রহ)।

(৩) দক্ষিণবক্ত্রপ্রতিপাদকং মন্ত্রমাহ অঘোরেভ্য ইতি। অঘোরনামকো দক্ষিণবক্ত্ররূপো দেবঃ, তস্য বিগ্রহাঃ অঘোরাঃ (সাত্ত্বিকত্বেন শান্তাঃ)। অন্যে তু ঘোরাঃ (রাজসত্বেন উগ্রাঃ)। অপরে তু তামসত্বেন ঘোরাদপি ঘোরতরাঃ। হে সর্ব্ব (পরমেশ্বর), তে-

পুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি। তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ” (৪) এই মন্ত্রে চন্দনলিপ্ত করিবে। “ওঁ ঈশানঃ সর্ব্ববিদ্যানা-মীশ্বরঃ সর্ব্বভূতানাং। ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোঽধিপতির্ব্রহ্মা শিবো মে অস্তু সদাশিবো” (৫) এই মন্ত্র প্রত্যেক মণিতে ও মেরুতে এক-একবার জপ করিবে। তৎপরে মালাকে কোনও পাত্রে রাখিয়া “আং হ্রীং ক্রোং···অমুকমালায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ ইত্যাদি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা এবং তাহাতে ইষ্টদেবতার আবাহন করিয়া, ষোড়শোপচারে বা দশোপচারে ইষ্টদেবতার পূজা করিবে। মালা স্পর্শ করিয়া, “ওঁ মালে মালে মহামালে সর্ব্বতত্ত্ব-

---

(ত্বদীয়েভ্যঃ) সর্ব্বেভ্যঃ (পূর্ব্বোক্তেভ্যঃ ত্রিবিধেভ্যঃ) শর্ব্বেভ্যঃ (হিংস্রেভ্যঃ) রুদ্ররূপেভ্যঃ নমঃ অস্তু। ০। অনুবাদ।—অঘোরনামক যে দক্ষিণ মুখ, তাঁহার কতকগুলি রূপ সাত্ত্বিক বলিয়া শান্ত, কতকগুলি রূপ রাজসিক বলিয়া উগ্র, এবং কতকগুলি রূপ তামসিক বলিয়া অত্যন্ত উগ্র। হে পরমেশ্বর, তোমার সেই সমস্ত রুদ্ররূপকে প্রণাম করি।

(৪) প্রাগ্বক্ত্র প্রতিপাদকং মন্ত্রমাহ তৎপুরুষায়েতি। প্রাগ্বক্ত্রদেবঃ তৎপুরুষনামকঃ, দ্বিতীয়ার্থে চতুর্থী। তৎপুরুষং দেবং বিদ্মহে (গুরুশাস্ত্রমুখাৎ জানীমঃ)। (জ্ঞাত্বা চ) মহাদেবায় (তং মহাদেবং) ধীমহি (ধ্যায়েম)। তৎ (তস্মাৎ কারণাৎ) রুদ্রঃ দেবঃ নঃ (অস্মান্) প্রচোদয়াৎ (জ্ঞানধ্যানার্থং প্রেরয়তু) ৷৹। অনুবাদ।—তৎপুরুষনামক পূর্ব্বমুখকে জানি, সেই মহাদেবকে ধ্যান করি। রুদ্রদেব আমাদিগকে সেই জ্ঞান ও ধ্যানের জন্য প্রেরণ করুন।

(৫) ঊর্দ্ধবক্ত্র প্রতিপাদকং মন্ত্রমাহ ঈশান ইতি। যোঽহম্ ঊর্দ্ধবক্ত্রদেবঃ, সোঽহং সর্ব্ববিদ্যানাং (বেদশাস্ত্রাদীনাং চতুঃষষ্টিকলাবিদ্যানাম্) ঈশানঃ (নিয়ামকঃ)। তথা সর্ব্বভূতানাম্ (অখিলপ্রাণিনাম্) ঈশ্বরঃ (নিয়ামকঃ)। ব্রহ্মাধিপতিঃ (ব্রহ্মণঃ বেদস্য অধিকত্বেন পালকঃ)। তথা ব্রহ্মণঃ (হিরণ্যগর্ভস্য) অধিপতিঃ। ওঁ (হে ওঙ্কারস্বরূপ) সদাশিব, তাদৃশো যো ব্রহ্মা (প্রবৃদ্ধঃ পরমাত্মা) অস্তি, সোঽহং মে (মম) শিবঃ (মঙ্গলঃ করঃ) অস্তু। ।০। ঊর্দ্ধমুখরূপ যে ঈশান, তিনি সর্ব্ববিদ্যার অধিপতি, সর্ব্বপ্রাণীর অধিপতি, বেদের পালক, ও সৃষ্টিকর্ত্তার পালক। সেই ব্রহ্মা (অর্থাৎ সর্ব্বজ্ঞ পরমাত্মা) আমার মঙ্গলকারী হউন।

স্বরূপিণি। চতুর্ব্বর্গস্ত্বয়ি ন্যস্ত-স্তস্মান্মে সিদ্ধিদা ভব॥" (৬) এই মন্ত্র পাঠ করিয়া পঞ্চোপচারে মালার পূজা করিবে; যথা—(শক্তিবিষয়ে) এষ গন্ধঃ ওঁ হ্রীং অমুকমালিকায়ৈ নমঃ ইত্যাদি; (বিষ্ণুবিষয়ে)…ঐং শ্রীং…; (শিববিষয়ে)…হ্রীং সিদ্ধ্যৈ নমঃ; (সূর্য্য ও গণেশবিষয়ে)…ওঁ মালায়ৈ নমঃ (প্রত্যহই এইরূপ পূজা করিতে হয়)। তৎপরে তাহাতে অনুলোম ও বিলোম-ক্রমে ইষ্টমন্ত্র জপ করিয়া, ঐরূপ ক্রমে অং হইতে ক্ষং পর্য্যন্ত মাতৃকাবর্ণও জপ করিবে। পরে তান্ত্রিক বিধানে ১০৮ হোম করিয়া হুতশেষ ঐ মালাতে নিক্ষেপ করিবে। হোমে অশক্ত হইলে ইষ্ট-মন্ত্র তাহার চতুর্গুণ জপ করিবে। এইরূপ সংস্কৃত মালায় প্রত্যহ জপ করিয়া "(ওঁ) ত্বং মালে সর্ব্বদেবানাং সর্ব্বসিদ্ধিপ্রদা মতা। তেন সত্যেন মে সিদ্ধিং দেহি মাতর্নমোহস্তু তে॥" (৭) এই মন্ত্রে কর্ণদেশে বা উচ্চদেশে স্থাপন করিবে। যে মন্ত্রের জন্য যে মালার সংস্কার করা হয়, সেই মালায় সেই মন্ত্রই জপ করিবে; অন্য মন্ত্র জপ করিবে না। জপকালে মালা নাড়িলে সিদ্ধিহানি, ঝাড়িলে বহুদুঃখ, শব্দিত হইলে রোগ, করচ্যুত হইলে বা ছিন্ন হইলে মৃত্যু হয়। জপকালে অঙ্গুষ্ঠ ও মধ্যমার দ্বারা এক-একটি মণির মধ্যভাগ ধরিবে; তর্জ্জনী দ্বারা স্পর্শ করা নিষিদ্ধ। বাম হস্তেও স্পর্শ করিতে নাই।

ধারণার্থে রুদ্রাক্ষ-সংস্কার।—হ্রৌং মন্ত্রে সংশোধিত পঞ্চামৃতে ও পঞ্চ-গব্যে রুদ্রাক্ষকে স্নান করাইয়া, "নমঃ শিবায়" এই পঞ্চাক্ষর মন্ত্র, "ত্র্যম্বকং

---

(৬) হে মালে, হে মালে, হে মহামালে (ভক্তির আতিশয্য প্রকাশার্থে পুনঃপুনঃ সম্বোধন), তুমি সর্ব্বতত্ত্বরূপিণী। চতুর্ব্বর্গ তোমাতেই প্রতিষ্ঠিত আছে; সেই হেতু আমার সিদ্ধিপ্রদা হও।

(৭) হে মালে, তোমাকে সর্ব্বদেবের সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী বলিয়া জানি। সেই সত্য অনুসারে আমাকে সিদ্ধি প্রদান কর। হে মাতঃ, তোমাকে প্রণাম করি।

যজামহে" ইত্যাদি (১ম খঃ ধ্যানমালায়), এবং "ওঁ হৌং অঘোরে হৌং ঘোরে হুং ঘোরে ঘোরতরে ওঁ হ্রেং হ্রীং শ্রীং ঐং সর্ব্বেভ্যঃ সর্ব্ব শর্ব্বেভ্যো নমোঽস্তু রুদ্ররূপিণে হ্রুং হ্রুং" এই মন্ত্র তাহাতে ১০ বার জপ করিবে। পরে নিম্নলিখিত মন্ত্র প্রত্যেকটিতে ১০৮ বার জপ করিয়া ধারণ করিবে; যথা—১ মুখ রুদ্রাক্ষ ধারণে—ওঁ ওঁ ভৃশং নমঃ। ২ মুখ—ওঁ ওঁ নমঃ। ৩ মুখ—ওঁ ওঁ নমঃ। ৪ মুখ—ওঁ হ্রীং নমঃ। ৫ মুখ—ওঁ হ্রুং নমঃ। ৬ মুখ—ওঁ ওঁ হুং নমঃ। ৭ মুখ—ওঁ হুং নমঃ। ৮ মুখ—ওঁ নমঃ। ৯ মুখ—হ্রুং নমঃ। ১০ মুখ—ওঁ হং নমঃ। ১১ মুখ—ওঁ হ্রীং নমঃ। ১২ মুখ—ওঁ হ্রীং নমঃ। ১৩ মুখ—ওঁ ক্ষাং ক্ষৌং নমঃ। ১৪ মুখ—ওঁ নমো নমঃ। শিখায়, হস্তে, কণ্ঠে ও কর্ণদ্বয়ে রুদ্রাক্ষ ধারণ করিতে হয়। বামহস্তে নবমুখ, ও শিখায় চতুর্দ্দশমুখ রুদ্রাক্ষ ধারণ প্রশস্ত। যে ব্যক্তি ৬ মুখ রুদ্রাক্ষ ব্রাহ্মণকে দান করে, ভগবান্ রুদ্র প্রসন্ন হইয়া তাহাকে নিজ পদ প্রদান করেন। মৃত্যুকালে যাহার দেহে রুদ্রাক্ষ থাকে, সে রুদ্রলোকে গমন করে। বিনা সংস্কারে রুদ্রাক্ষ ধারণ করিলে নরকগামী হয়।

ধারণার্থে তুলসীমালা সংস্কার।—পঞ্চগব্য দ্বারা ধৌত করিয়া, তাহার উপর মূলমন্ত্র ১০ বার ও বিষ্ণুগায়ত্রী ৮ বার জপ করিবে। তৎপরে তাহাতে ধূপের ধূম লাগাইয়া "সদ্যোজাতং প্রপদ্যামি" ইত্যাদি মন্ত্রে পূজা করিবে (যথা—ওঁ সদ্যোজাতং প্রপদ্যামি···ভবোদ্ভবায় নমঃ এতৎ পাদ্যং ওঁ তুলসীকাষ্ঠমালায়ৈ নমঃ ইত্যাদি)। পরে কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে—ওঁ তুলসীকাষ্ঠসম্ভূতে মালে কৃষ্ণজনপ্রিয়ে। বিভর্ম্মি ত্বামহং কণ্ঠে কুরু মাং কৃষ্ণবল্লভং॥ যথা ত্বং বল্লভা বিষ্ণো-র্নিত্যং বিষ্ণু-জনপ্রিয়া। তথা মাং কুরু দেবেশি নিত্যং বিষ্ণুজনপ্রিয়ং। দানে লা-ত্বাতুকদ্দিষ্টো লাসি মাং হরিবল্লভে। ভক্তেভ্যশ্চ সমস্তেভ্য-স্তেন মালা নিগ-

স্তসে। (৮) এইরূপ প্রার্থনা করিয়া বিষ্ণুকে ঐ মালা পরাইয়া নিজকণ্ঠে ধারণ করিবে।

পুরশ্চরণ।

মন্ত্র-সিদ্ধির জন্য পুরস্—অগ্রে, চরণ—আচরণ করিতে হয় বলিয়া তন্ত্রোক্ত কার্য্যবিশেষকে পুবশ্চরণ বলে। জপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণভোজন—এই পাঁচটি পুরশ্চরণেব অঙ্গ। জপের দশাংশ (১০ ভাগের ১ ভাগ) হোম, হোমের দশাংশ তর্পণ, তর্পণের দশাংশ অভিষেক ও অভিষেকের দশাংশ ব্রাহ্মণভোজন করিতে হয় (অর্থাৎ ১০০০০০ জপ হইলে ১০০০০ হোম, ১০০০তর্পণ, ১০০ অভিষেক, ১০ ব্রাহ্মণভোজন; ৫০০০০ জপ হইলে ৫০০০ হোম, ৫০০ তর্পণ, ৫০ অভিষেক, ৫ ব্রাহ্মণভোজন; ১০০০০ জপ হইলে ১০০০ হোম, ১০০ তর্পণ, ১০ অভিষেক, ১ ব্রাহ্মণভোজন)। স্ত্রী ও শূদ্রে ব্রাহ্মণদ্বারা হোম করাইবেন। গোপালবিষয়ে—হোমসমসংখ্য তর্পণ। হোমে অশক্ত হইলে ব্রাহ্মণের পক্ষে হোমসংখ্যার দ্বিগুণ জপ, ক্ষত্রিয়ের পক্ষে ত্রিগুণ, বৈশ্যের পক্ষে চতুর্গুণ, এবং শূদ্রের পক্ষে পঞ্চগুণ জপ কর্ত্তব্য। বীরাতন্ত্রে আছে যে, স্ত্রীলোকের জপমাত্রেই পুরশ্চরণ সিদ্ধ হয়, হোমাদির আবশ্যকতা নাই, তবে ব্রাহ্মণভোজন অবশ্য কর্ত্তব্য।

---

(৮) হে বৈষ্ণবপ্রিয়ে তুলসীকাষ্ঠসম্ভূতে মালে, আমি তোমাকে কণ্ঠে ধারণ করিতেছি, আমাকে কৃষ্ণপ্রিয় কর। তুমি যেমন সর্ব্বদা বিষ্ণুর প্রিয়া ও বৈষ্ণবের প্রিয়া, হে দেবেশি, আমাকে সেইরূপ সর্ব্বদা বৈষ্ণবপ্রিয় কর। মা শব্দের অর্থ—লক্ষ্মী, লা ধাতুর অর্থ দান; হে হরিপ্রিয়ে, তুমি সমস্ত ভক্তকে লক্ষ্মী দান কব অর্থাৎ বৈষ্ণবী শক্তিকে তাহাদিগের আয়ত্ত করিয়া দাও), সেইজন্য তোমাকে মালা বলে।

পুরশ্চরণ অনেক প্রকার আছে, তন্মধ্যে গ্রহণপুরশ্চরণই লিখিত হইতেছে (১ম খঃ গ্রহণস্নানের টীকা দ্রষ্টব্য)।—

গ্রহণ আরম্ভ হইলেই তাহা দর্শন করিয়া সত্বর স্নান করিবে। স্নানান্তে উত্তরমুখে আচমন করিয়া সঙ্কল্প করিবে—(বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি (সৌর মাস) অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ রাহুগ্রস্তে দিবাকরে * অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ অমুকদেবতায়াঃ অমুকমন্ত্রসিদ্ধিকামঃ গ্রাসাদ্বিমুক্তিপর্য্যন্তং অমুকদেবতায়াঃ অমুকমন্ত্রজপমহং করিষ্যে। পরে নাভিমাত্র জলে দাঁড়াইয়া (অথবা শুষ্কবস্ত্র পরিধানপূর্ব্বক স্থলে আসনে বসিয়া) প্রাণায়াম করিয়া সংখ্যা রাখিয়া জপ করিবে (জপের নিয়ম—১ম খঃ)। মুক্তি হইলে গুরু (তদভাবে অন্য ব্রাহ্মণ) বলিয়া দিবেন। তখন "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে (১ম খঃ) জপ সমর্পণ করিয়া প্রাণায়াম করিবে, এবং কত জপ হইল গণিয়া দেখিবে। তৎপরে সূর্য্যগ্রহণে সেই দিনেই সময় থাকিলে (রাক্ষসী বেলা † ত্যাগ করিয়া), ও চন্দ্রগ্রহণে তৎপরদিনে, অথবা উভয় গ্রহণেই তৎপরদিনে পূর্ব্বাহ্ণে ইষ্টদেবতার পূজা করিয়া হোমাদির সঙ্কল্প করিবে—(বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য···শ্রীঅমুকঃ কৃতৈতদ্রাহুগ্রস্তদিবাকরকালীন—অমুকমন্ত্রজপ-দশাংশহোম—তদ্দশাংশতর্পণ-তদ্দশাংশাভিষেক—তদ্দশাংশব্রাহ্মণভোজনমহং করিষ্যে ‡। স্ত্রী ও শূদ্রে হোমের জন্য গুরুকে বরণ (৩য় খঃ) করিবেন; বরণ-

---

* সূর্য্যগ্রহণেই "দিবাকরে" বলিতে হইবে। চন্দ্রগ্রহণে—"নিশাকরে"। এইরূপ সর্ব্বত্র সূর্য্যগ্রহণে "দিবাকর" ও চন্দ্রগ্রহণে "নিশাকর" বলিবে।

† দিবাভাগের শেষ মুহূর্ত্ত (প্রায় ৬ দণ্ড) রাক্ষসী বেলা।

‡ গোপালমন্ত্রে—"তদ্দশাংশতর্পণ" স্থলে "তৎসমসংখ্যতর্পণ" বলিবে। ভোজন—ভুজ + ণিচ্ + অনট্ (ভোজন করান)।

বাক্য যথা—...শ্রীঅমুকঃ মৎসঙ্কল্পিত-রাহুগ্রস্তদিবাকরকালীন—অমুক-মন্ত্রজপদশাংশহোমকর্ম্মণি হোতৃকর্ম্মকরণায় অমুকগোত্রং...)। হোম—তান্ত্রিক (৩য় খঃ)। হোমে অশক্ত হইলে জপের সঙ্কল্প... শ্রীঅমুকঃ কৃতৈতদ্রাহুগ্রস্ত-দিবাকরকালীন-অমুকমন্ত্রজপদশাংশ-হোমদ্বিগুণং অমুকমন্ত্রজপকর্ম্মাহং করিষ্যে *। তর্পণ—ইষ্টমন্ত্র উচ্চারণপূর্ব্বক তদন্তে "অমুকদেবতাং তর্পয়ামি" বলিয়া দৈবতীর্থে (১ম খঃ) জল দিবে; "তর্পয়ামি"র পর শক্তিবিষয়ে "স্বাহা" (স্ত্রী ও শূদ্রে—নমঃ) এবং বিষ্ণুবিষয়ে "নমঃ" বলিতে হয়। অভিষেক—আপনাকে দেবতারূপ চিন্তা করিয়া ইষ্টমন্ত্র উচ্চারণপূর্ব্বক, তদন্তে "নমঃ" বলিয়া "অমুকদেবতামহ-মভিষিঞ্চামি" (শক্তিবিষয়ে "মভিষিঞ্চামি"র পরেও আবার "নমঃ" বলিয়া কুম্ভমুদ্রা দ্বারা † নিজ মস্তকে জল দিবে। তৎপরে ষোড়শোপচারে ইষ্টদেবতার পূজা করিয়া ব্রাহ্মণভোজন করাইবে এবং ব্রাহ্মণদিগকে ভোজনদক্ষিণা দিয়া গুরুকে পুরশ্চরণের দক্ষিণা (১ম খঃ) দিবে; দক্ষিণাবাক্য—...শ্রীঅমুকদেবতায়াঃ অমুক-মন্ত্রসিদ্ধিকামনয়া কৃতৈতৎপুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চন-মূল্যং শ্রীবিষ্ণুদৈবতম্ অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে ‡ (গুরু—ওঁ স্বস্তি বলিয়া দক্ষিণা গ্রহণ করিবেন)। গুরু দ্বারা হোম করাইলে অগ্রে হোমের দক্ষিণা দিয়া তৎপরে পুরশ্চরণের দক্ষিণা দিবে। অচ্ছিদ্রাবধারণ—কৃতাঞ্জলি হইয়া, (ওঁ) কৃতৈতৎ-

* ক্ষত্রিয়াদির পক্ষে "দ্বিগুণ" স্থলে "ত্রিগুণ" ইত্যাদি বলিতে হইবে।

† কুম্ভমুদ্রা—"দক্ষাঙ্গুষ্ঠং পরাঙ্গুষ্ঠে ক্ষিপ্‌ত্বা হস্তদ্বয়েন তু। সাবকাশামেকমুষ্টিং কুর্য্যাৎ সা কুম্ভমুদ্রিকা॥" দক্ষিণাঙ্গুষ্ঠকে বামাঙ্গুষ্ঠে যোগ করিয়া দুই হস্তে একটি মুষ্টি করিবে, ঐ মুষ্টির মধ্যে ফাঁক থাকিবে।

‡ গুরুর অভাবে—"যথাসম্ভবগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে" ইহার পরিবর্ত্তে শ্রীঅমুক-দেবতায়ৈ (ইষ্টদেবতার নাম) তুভ্য মহং সম্প্রদদে।

পুরশ্চরণকর্ম্মাচ্ছিদ্রমস্তু (গুরু—ওঁ অস্তু)। বৈগুণ্যসমাধান—...শ্রীঅমুকঃ কৃতেঽস্মিন্ পুরশ্চরণকর্ম্মণি ইত্যাদি (৩য় খঃ)।

বিবাহবিধি।

সন্দেহ-ভঞ্জন।

বিবাহসংক্রান্ত অনেক বিষয়ে সন্দিহান হইয়া অনেকে যে সকল প্রশ্ন করিযাছিলেন, সেই সকল প্রশ্ন, ও তাহাদের যথাজ্ঞান উত্তর লিখিত হইতেছে।—

১। সম্প্রদাতা প্রায়ই উত্তরমুখে বসেন, কেহ কেহ পশ্চিমমুখে বসিয়া থাকেন। ইহার কারণ কি ?

উত্তর।—প্রাচীনমতে উত্তরমুখে, ও স্মার্ত্তমতে পশ্চিমমুখে বসিবার বিধি আছে। অতএব যাঁহাদের যেরূপ কৌলিক প্রথা আছে, তাঁহারা সেইরূপই করিবেন। ঐ সম্বন্ধে যে তিনটি বচন আছে, তাহাদের অর্থ-ভেদ অনুসারেই এইরূপ মতভেদ ঘটিয়াছে। বচন তিনটি এই—(১) “সর্ব্বত্র প্রাঙ্মুখো দাতা গ্রহীতা চ উদঙ্মুখঃ। এবমেব বিধির্দানে বিবাহে তু ব্যতিক্রমঃ॥”—দানধর্ম্মোত্তর। (২) “কন্যাং বরয়মাণানা-মেষ ধর্ম্মো বিধীয়তে। প্রত্যঙ্মুখা বরয়ন্তি প্রতিগৃহ্ণন্তি প্রাঙ্মুখাঃ॥”—গৃহ্যপরিশিষ্ট। (৩) “প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচিসন্নিধৌ। দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণসংযুতে॥”—শঙ্খ।

প্রথম বচনের স্থূলার্থ—সমস্ত দানকার্য্যে দাতা পূর্ব্বমুখে ও গ্রহীতা উত্তরমুখে বসিবে এই নিয়ম ; কিন্তু বিবাহে তাহার ব্যতিক্রম। দ্বিতীয় বচনের স্থূলার্থ—কন্যা-বরণের নিয়ম এই যে, পশ্চিম মুখে বরণ করিবে,

ও পূর্ব্বমুখে গ্রহণ করিবে। তৃতীয় বচনের স্থূলার্থ—পূর্ব্বমুখ বরকে অগ্নিসমীপে পশ্চিমমুখ হইয়া কন্যাদান করিবে।

স্মার্ত্তেরা বলেন—বিবাহে ব্যতিক্রম অর্থাৎ অন্যপ্রকারে বসিতে হইবে। সে অন্যপ্রকার কি? না, দ্বিতীয় ও তৃতীয় বচন অনুসারে পশ্চিম মুখে বসা। দ্বিতীয় বচনে বরণ ও প্রতিগ্রহ শব্দ থাকায়, প্রতিগ্রহ শব্দের সাহচর্য্যে বরণ শব্দের অর্থ দান; তৃতীয় বচনে স্পষ্টই দাতার পশ্চিম মুখে বসিবার উল্লেখ রহিয়াছে।

প্রাচীনেরা বলেন—প্রথম বচনে দাতার পূর্ব্বমুখে ও গ্রহীতার উত্তরমুখে বসিবার বিধি দিয়া, বিবাহকার্য্যে যখন ব্যতিক্রম অর্থাৎ বৈপরীত্য করিতে বলিতেছেন, তখন দাতার উত্তরমুখে ও গ্রহীতার পূর্ব্বমুখে বসাই বুঝাইতেছে। ঐ বচনে যখন পশ্চিমমুখের উল্লেখ নাই, তখন ব্যতিক্রম বলিতে পশ্চিমমুখে বসা কিছুতেই বুঝায় না। বিশেষতঃ হরগৌরীর বিবাহে দানের সাধারণবিধি অনুসারে দাতা হিমালয়ের পূর্ব্বমুখে বসিবার জন্য, এবং গ্রহীতা মহাদেবের উত্তরমুখে বসিবার জন্য আসন পাতা ছিল। কিন্তু মহাদেব প্রথমে গিয়া হিমালয়ের আসনেই পূর্ব্বমুখে বসিয়াছিলেন *। মান্য ব্যক্তিকে এক আসন হইতে উঠিয়া অন্য আসনে বসিতে বলিলে তাঁহার অপমান বোধ হয়; এইজন্য স্বয়ং বিধি বিধি দিলেন যে, অদ্য হইতে বিবাহে এইরূপ ব্যতিক্রমই চলিবে। তখন

* মহাদেব যে ভ্রমক্রমে হিমালয়ের আসনে বসিয়াছিলেন, তাহা নহে। যেহেতু যিনি সর্ব্বজ্ঞানময়, তাঁহাতে ভ্রম সম্ভবে না। তাঁহার অভিপ্রায় এই যে, দাতার যাহাতে স্বত্ব থাকে, সেই বস্তুই সে দান করিতে পারে। গৌরী চিরদিনই আমার বস্তু—আমার সর্ব্বপ্রধান শক্তি,—তাঁহাতে আমারই চিরস্বত্ব বর্ত্তমান। সুতরাং এ কার্য্যে হিমালয় দাতা, আমি গ্রহীতা নহি,—আমিই দাতা, হিমালয় গ্রহীতা। যেহেতু আমি আজি কৃপা করিয়া গৌরীগ্রহণচ্ছলে তাঁহাকে আত্মসমর্পণ করিতে—চিরকাল তাঁহার বশীভূত থাকিতে—আসিয়াছি।

হিমালয় মহাদেবের আসনে গিয়া উত্তরমুখে বসিলেন। তদবধি ঐরূপ নিয়মই চলিয়া আসিতেছে। সুতরাং দাতার উত্তরমুখে বসাই যুক্তিযুক্ত। দ্বিতীয় বচনে যখন বরণ শব্দ আছে, তখন ঐ বচনে বরণেরই বিধি নির্দ্দেশ করা হইয়াছে; দানের নহে। বরণ শব্দের অর্থ—গন্ধাদি দান দ্বারা প্রীতি উৎপাদন করিয়া কাহাকেও কোনও কর্ম্ম করিবার জন্য প্রেরণ *। অতএব ঐ বচনের তাৎপর্য্য এই যে, বরণকার্য্যে বরণকর্ত্তা পশ্চিমমুখে বসিবেন; এবং যাঁহাকে বরণ করা হইবে, তিনি পূর্ব্বমুখে বসিয়া বরণার্থে প্রদত্ত গন্ধাদি গ্রহণ করিবেন †। তৃতীয় বচনে ("শুচি-সন্নিধৌ"—অগ্নিসমীপে) থাকায় যাঁহাদিগকে অগ্নিস্থাপন করিয়া সমস্ত কার্য্য করিতে হয় (অর্থাৎ যাঁহারা সাগ্নিক), তাঁহাদের পক্ষেই বিবাহকার্য্যে দাতার পশ্চিমমুখে বসা ব্যবস্থাপিত হইয়াছে; সাধারণের পক্ষে নহে।

২। বরকে উবু হইয়া মাটিতে পা ঠেকাইয়া বসিতে হয় কেন?

উঃ।—আসনের উপর পায়ের তলা রাখিয়া বসাকে প্রৌঢ়পাদে বসা বলে। প্রৌঢ়পাদে বসিয়া ও কাষ্ঠাসনে বসিয়া কোনও কার্য্য করিতে নাই; কিন্তু ভূমিতে প্রৌঢ়পাদে বসিয়া কার্য্য করিবার বিধি আছে। বরের বসিবার জন্য কাষ্ঠাসন (আলিপনা দেওয়া পিঁড়ে) দেওয়া হয় বলিয়া, পিঁড়ের উপর পায়ের তলা না রাখিয়া ভূমিতে রাখিতে হয়।

৩। কর্ম্মারম্ভে "এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ" ইত্যাদি বলিয়া নারায়ণাদির অর্চ্চনা কোনও পুঁথিতে লেখা নাই; অথচ সকলেই করিয়া থাকেন; ইহার কারণ কি?

* বরণন্তু গন্ধাদিদানদ্বারা প্রীতিমুৎপাদ্য কর্ম্মকরণায় প্রেরণম্।

† বস্তুতঃ ঋগ্বেদীয় কন্যাবরণেই এইরূপ বসিবার নিয়ম। ব্রাহ্মণবরণে বসিবার নিয়ম ৬ষ্ঠ প্রশ্নের উত্তরে দ্রষ্টব্য।

৪। ঐ অর্চ্চনার মধ্যে “ব্রাহ্মণেভ্যো নমঃ” এরূপ বহু-বচনে বলা হয় কেন?

৫। স্বস্তিবাচনে কেহ কেহ “পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু,” কেহ কেহ “পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু,” কেহ বা “পুণ্যাহং ভবন্তস্ত্রি-ব্রু র্বন্তু” বলিয়া থাকেন। কোন্ পাঠটি ঠিক?

৬। পুণ্যাহং ও স্বস্তি এই দুই বাক্যের প্রতিবচনেও যেমন পুণ্যাহং ও স্বস্তি বলিতে হয়; সেইরূপ ঋদ্ধির প্রতিবচনে ঋদ্ধিঃ না বলিয়া ঋধ্যতাং বলিতে হয় কেন?

উঃ।—“মাল্যানুলেপনাদগ্রং ন প্রদদ্যাত্তু কস্যচিৎ। অন্যত্র দেবতা-বিপ্রগুরূণাং ভৃগুনন্দন॥”—বিষ্ণুধর্ম্মোত্তর। (গন্ধ-পুষ্পের* অগ্রভাগ দেবতা, বিপ্র ও গুরুকে না দিয়া আর কাহাকেও দিতে নাই)। “অর্চ্চয়িত্বা জগন্নাথং শুভং কর্ম্ম সমাচরেৎ। দত্ত্বাগ্রং দেবদেবায় তচ্ছেষাণ্যুপযুঞ্জয়েৎ॥” —অগ্নিপুরাণ (নারায়ণকে অর্চ্চনা করিয়া শুভ কর্ম্ম করিবে, এবং তাঁহাকে অগ্রভাগ দিয়া অবশিষ্ট দ্রব্যে কর্ম্ম করিবে)। এই দুই বচন অনুসারে অগ্রে নারায়ণায় নমঃ, গুরবে নমঃ, (আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, বিবা-হাদি সংস্কারকর্ম্মে প্রজাপতয়ে নমঃ), এবং ব্রাহ্মণেভ্যো নমঃ বলিয়া তাঁহাদিগকে গন্ধপুষ্প দিতে হয়। “সম্পূজ্য গন্ধপুষ্পাদ্যৈর্ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ। ধর্ম্ম্যে কর্ম্মণি মাঙ্গল্যে সংগ্রামাদ্ভুতদর্শনে॥”—ব্যাস। (ধর্ম্মকর্ম্মে

---

* অধিবাসমন্ত্র-ব্যাখ্যায় আছে—“সংস্কারো গন্ধমাল্যাদ্যৈর্যৎ স্যাৎ তদধিবাসনম্। মল মল্ল ধারণে।” অর্থাৎ ধারণার্থ মল ধাতুর উত্তর ণ্য প্রত্যয় করিয়া মাল্য। মাল্য শব্দের অর্থ—ধারণার্হ পুষ্প অর্থাৎ শুভ্র পুষ্প। গন্ধাদির দ্বারা (গন্ধ হইতে দূর্ব্বা পর্য্যন্ত) ও পুষ্পাদি দ্বারা (পুষ্প হইতে মহী পর্য্যন্ত) এই সপ্তদশ দ্রব্য দ্বারা যে সংস্কার, তাহাকে অধিবাস বলে।

ব্রাহ্মণদিগকে অর্থাৎ বহুব্রাহ্মণকে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া স্বস্তি বলিতে বলিবে)। "অর্চ্চিতা ব্রাহ্মণাঃ সম্যগ্ গন্ধমাল্যৈঃ সদক্ষিণৈঃ। তিষ্ঠেয়ুঃ প্রাঙ্মুখা যুগ্মা বক্তারো দর্ভপাণয়ঃ। তিষ্ঠেদ্ বাচয়িতা তেষাং দক্ষিণস্যামুদঙ্মুখঃ। পুণ্যাহং স্বস্তিমৃদ্ধিঞ্চ ভবৎপূর্ব্বং ব্রুবন্ত্বিতি। প্রণবাদ্যা-স্ত্রিরাচষ্টে ভবদাদি বিনা পরে। পুণ্যাহাদেস্ত্রিরভ্যাসো মন্দমধ্যোচ্চনিস্বনৈঃ। শ্রাবয়েয়ুরিমং সর্ব্বে যথাগমপরম্পরম্। প্রত্যুক্তিবিষয়ে ভেদস্তৃতীয়ে ঋধ্যা-তামিতি।"—ভট্টকুমারিলধৃতজয়ন্তবচন। [ব্রাহ্মণদিগকে গন্ধমালা ও দক্ষিণা দ্বারা * অর্চ্চনা করিলে তাঁহারা যুগ্ম-যুগ্ম হইয়া পূর্ব্বমুখে অবস্থান করিবেন এবং যজমান তাঁহাদের দক্ষিণে উত্তরমুখে অবস্থান করিয়া আদিতে "ওঁ" ও অন্তে "ভবন্তো ব্রুবন্তু" বলিয়া পুণ্যাহ, স্বস্তি ও ঋদ্ধি শব্দ তিনবার করিয়া বলিবে। অপরে (অর্থাৎ ব্রাহ্মণেরা) ভবদাদি বিনা অর্থাৎ "ভবন্তো ব্রুবন্তু" ব্যতিরেকে কেবল পুণ্যাহ, স্বস্তি ও ঋদ্ধি শব্দ যজমানকে তিনবার শুনাইবেন; প্রথমবারে মৃদু, দ্বিতীয় বারে মধ্য, ও তৃতীয় বারে উচ্চ শব্দে ঐ সকল শব্দ উচ্চারণ করিবেন। তন্মধ্যে বিশেষ এই যে, ঋদ্ধি শব্দের প্রতিবচনে "ঋধ্যতাং" বলিতে হইবে]। এতাবতা "ভবন্তো ব্রুবন্তু" এই পাঠই প্রামাণিক।

৭। "অর্চ্চয়িষ্যামো ভবন্তং" (আমরা আপনাকে অর্চ্চনা করি?)—একা যজমান এইরূপ বহুবচনে প্রয়োগ করেন কেন?

উঃ।—পারস্কর-গৃহ্যসূত্র—"ষড়র্ঘ্যা ভবন্তি আচার্য্য ঋত্বিগ্ বৈবাহ্যো রাজা প্রিয়ঃ স্নাতক ইতি।" শ্রুতি—"যত্র বা অর্হয়াগচ্ছতি সর্ব্বগৃহা এব বৈ তত্র চেষ্টয়ন্তি"। হরিহরভাষ্য—"অর্চ্চয়িষ্যাম ইতি বহুবচনং ভার্য্যা-পুত্রাদি-সর্ব্বগৃহ্যাপেক্ষম্।" গুরু, পুরোহিত, বর, রাজা, শ্রোত্রিয় অতিথি ও

* এইজন্যই বিবাহে ব্রাহ্মণদিগকে ছায়ামণ্ডপী দক্ষিণা দিবার প্রথা আছে।

স্নাতক (কৃতসমাবর্ত্তন ব্রহ্মচারী), এই ছয় জনকে অর্ঘ্য (অর্হণীয় বা পূজ্য) বলে। অর্হণীয় ব্যক্তি আসিলে গৃহস্থ স্ত্রীপুত্রাদির সহিত তাঁহাকে অর্চ্চনা করিবে। এইজন্যই বহুবচনে প্রয়োগ কর্ত্তব্য (আমরা অর্থাৎ স্ত্রীপুত্রাদির সহিত আমি)।

৮। বরণে "ভবন্তং" (আপনাকে) বলা; কিন্তু দানে "তুভ্যং" (তোমাকে) বলা হয় কেন?

উঃ।—"ন পুংসং যুষ্মদা বদেৎ" (মান্য ব্যক্তিকে "তুমি" বলিতে নাই) এই শ্রুতি অনুসারে সর্ব্বত্র ভবৎ শব্দেরই প্রয়োগ করিতে হয়। কিন্তু "পরিতুষ্টেন ভাবেন তুভ্যং সম্প্রদদে ইতি" এই বচনে "তুভ্যং" পদ থাকায় কেবল দানবাক্যেই "তুভ্যং" বলিতে হইবে।

৯। যাঁহাকে কোনও কার্য্যে বরণ করা যায়, তিনি "যথাজ্ঞানং করবাণি" (আমি যেমন জানি তেমনি করিব) বলেন। ইহাতে মূর্খ পুরোহিতেরা যেমন-তেমন করিয়া যজমানের কার্য্য করিলে তাঁহাদের কি কিছু দোষ হইতে পারে?

উঃ।—পারে। "যথাজ্ঞানং করবাণি" ইহার অর্থ "আমি যেমন জানি তেমনি করিব" নহে, যেহেতু যজমান বলেন—"যথাবিহিতং অমুককর্ম্ম কুরু" (আপনাকে যে কার্য্যে বরণ করিলাম, সেই কার্য্য যেরূপ বিহিত আছে অর্থাৎ শাস্ত্রে উহা যেরূপে করিবার বিধি আছে) সেইরূপে করুন। ইহার উত্তরে "আমি যেমন জানি তেমনি করিব" বলা কি সঙ্গত হয়? জ্ঞা ধাতুর উত্তর করণবাচ্যে অনট্ করিলেও জ্ঞান হয়। যাহা দ্বারা কর্ত্তব্য বিষয় জানা যায়, তাহা জ্ঞান (জ্ঞায়তে অনেন ইতি জ্ঞানম্); জ্ঞান শব্দের অর্থ এখানে শাস্ত্র। "যথাজ্ঞানং করবাণি"—ইহার অর্থ—যথাশাস্ত্র অর্থাৎ শাস্ত্রবিধি-অনুসারেই করিব।

১০। কন্যার নামে যেমন শ্রীমতী বলা হয়, বরের নামে সেরূপ শ্রীমান্ বলা হয় না কেন ?

উঃ।—কন্যার নামেও শ্রীমতী বলা উচিত নহে। প্রথমতঃ উহাতে ব্যাকরণ-দোষ ঘটে। যেহেতু শ্রীমতী শব্দ বিশেষণ। বিশেষ্যপদের সহিত সমাস করিলে উহার পুংবদ্ভাব হয়। সুতরাং শ্রীমৎসুশীলাদেবীং হইয়া যায় (শ্রীমতীসুশীলাদেবীং হয় না)। দ্বিতীয়তঃ, শাস্ত্রে আছে "দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাম্। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ * শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ ॥" (দেবতার নাম, গুরুর নাম, গুরুর বাসস্থানের নাম, তীর্থক্ষেত্রের নাম, ঐ ক্ষেত্রের অধিষ্ঠাতার নাম, প্রসিদ্ধ পুরুষের নাম এবং জীবিত ব্যক্তিদিগের নামের পূর্ব্বে শ্রীশব্দ প্রয়োগ করিবে)। এই বচনে শ্রীশব্দ প্রয়োগেরই বিধি আছে (শ্রীমৎ শব্দের নাই)।

১১। বরণবাক্যে কেহ "অমুকীং শুভবিবাহায় দাতুং," কেহ "অমুকীং শুভবিবাহেন দাতুং," কেহ "অমুকীং শুভবিবাহায়" কেহ বা "অমুক্যাঃ শুভবিবাহায়" বলেন। কোন্‌টি ঠিক ?

উঃ। প্রাচীন-মতে "অমুকীং শুভবিবাহেন দাতুং"—ইহাই প্রকৃত পাঠ। "অমুকীং শুভবিবাহায় দাতুং"—ইহা স্মার্ত্তমতে কল্পিত পাঠ। "অমুক্যাঃ শুভবিবাহায়" ইহা প্রামাণিক পাঠ নহে। "অমুকীং শুভ-বিবাহায়"—ইহা অশুদ্ধ পাঠ। কারণ—বিপূর্ব্ব বহ্ ধাতুর উত্তর ঘঞ প্রত্যয় করিয়া বিবাহ হইয়াছে; উহা ক্রিয়াবাচক বিশেষ্যপদ। ক্রিয়াবাচক বিশেষ্যপদের কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। তজ্জন্য "অমুক্যাঃ শুভবিবাহায়" হইবে; "অমুকীং শুভবিবাহায়" হইতে পারে না। দা ধাতুর উত্তর তুম্

---

* স্বর্গগামিত্বাদিনা সিদ্ধঃ অধিকারো যেষাং তান্ ইত্যনেন জীবতাং শ্রীশব্দাদিত্বং নাস্তি, মৃতানান্তু ন তথেতি শিষ্টাঃ।—উদ্বাহতত্ত্ব।

প্রত্যয় করিয়া "দাতুম্" হয়; উহা অসমাপিকা ক্রিয়া। উহার কর্ম্মকারক অমুকী; সুতরাং উহাতে দ্বিতীয়া বিভক্তি (অমুকীং) হইবে। অমুকী শব্দটি বিবাহেরও কর্ম্ম, এবং দাতুং পদেরও কর্ম্ম; অতএব উহাতে ষষ্ঠীও হইতে পারে, দ্বিতীয়াও হইতে পারে। এরূপ স্থলে "উপপদ-বিভক্তেঃ কারক-বিভক্তির্ব্বলীয়সী" (উপপদ-বিভক্তি অপেক্ষা কারক-বিভক্তি বলবত্তর) এই ন্যায় স্বীকার করিতে হয়। কোনও শব্দের যোগে যে বিভক্তি হয়, তাহাকে উপপদ-বিভক্তি, এবং কোনও কারক বলিয়া শব্দের উত্তর যে বিভক্তি হয়, তাহাকে কারক বিভক্তি বলে। অতএব "বিবাহায়" ও "দাতুং" এই দুইটি পদের প্রয়োগ থাকায়, অমুকী শব্দে দ্বিতীয়া বিভক্তিই হইবে। ০। "বিবাহেন" ও "বিবাহায়"—(স্মার্ত্তমতে) বিবাহ শব্দের অর্থ—ভার্য্যাত্বে গ্রহণ। সেই গ্রহণের কর্ত্তা ও কর্ম্ম বলিয়া যথাক্রমে বর ও কন্যারই বিবাহ হইয়া থাকে। "আহূয় দানং কন্যায়া ব্রাহ্মো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ" এই মনুবচনে যে দান পদ আছে, উহার অর্থও গ্রহণ (যাহার নিমিত্ত দেওয়া যায়—এই বাক্যে দা ধাতুর উত্তর নিমিত্ত বাচ্যে অনট্ করিয়া উহা সিদ্ধ হইয়াছে *)। ভাববাচ্যে অনট্ করিয়া উহার অর্থ দান বলিলে সম্প্রদাতার বিবাহ হইয়া পড়ে। এই বলিয়া স্মার্ত্তেরা "বিবাহেন দাতুং" এই প্রাচীন পাঠ পরিবর্ত্তন করিয়া "বিবাহায় দাতুং" (ভার্য্যাত্বে গ্রহণ করিবার জন্য দিতে) এই পাঠ করিয়া থাকেন †। প্রাচীনেরা বলেন যে, মনুবচন-অনুসারে বিবাহ শব্দের অর্থ দানই। সেই দান বর ও কন্যাকে আশ্রয় করিয়া হয় বলিয়া তাহাদেরই বিবাহ; সম্প্রদাতার বিবাহ

* ইতি মন্বাদিবচনে যৎ দানপদং, তৎ দীয়তে যস্মৈ গ্রহণায় ইতি ব্যুৎপত্ত্যা কৃত্যল্যুটো বহুলমিতি ল্যুটা সিদ্ধং গ্রহণপরম্।—রঘুনন্দন।

† স্মার্ত্তাস্ত......প্রাচাং মতে শুভবিবাহেন দাতুমিতি বাক্যে তৃতীয়ার্থস্য কারণত্বাভেদাদিরূপস্য বাধাৎ শুভবিবাহায় দাতুমিতি বাক্যভেদকল্পনমপীত্যাহুঃ।—কাশিরাম-টীকা।

হইবার আশঙ্কা নাই। অতএব "শুভবিবাহেন" এই পদে অভেদে তৃতীয়া (শুভবিবাহেন দাতুং = শুভবিবাহরূপ দান করিবার জন্য)। তাঁহাদের মধ্যে আবার কেহ কেহ ইহাও বলেন যে, দানকে বিবাহ বলিলে আট-প্রকার বিবাহের মধ্যে রাক্ষসাদি বিবাহকে বিবাহ বলা যায় না ; যেহেতু তাহাতে দান নাই। অতএব কুমারী-পাণিতে গ্রহীতার পাণি-সংযোগ-বিশেষের নাম বিবাহ *। ইহাতে সম্প্রদাতার বিবাহ-প্রসঙ্গ ঘটে না। অতএব "শুভবিবাহেন" এই পদে হেত্বর্থে তৃতীয়া বুঝিতে হইবে (শুভ-বিবাহ হেতু অর্থাৎ শুভবিবাহের কারণস্বরূপ যে দান, সেইরূপ দান করিবার জন্য)। এতাবতা প্রাচীন উভয়মতেই "শুভবিবাহেন দাতুং" ইহাই সিদ্ধ হইতেছে, এবং ভবদেবও ঐরূপ লিখিয়াছেন।

১২। "পাদ্যাঃ পাদ্যাঃ পাদ্যাঃ প্রতিগৃহ্যন্তাং" এবং "পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাং"—এই দ্বিবিধ পাঠ প্রচলিত আছে। কোন্‌টি ঠিক ?

১৩। ঐরূপ তিনবার করিয়া বলা হয় কেন ?

উঃ।—ভবদেব প্রথমপ্রকার লিখিয়াছেন, সেইজন্য সামবেদীরা ঐরূপই বলেন। যদিও রঘুনন্দন ঐ পাঠ দূষিয়াছেন, তথাপি সামবেদীরা সংস্কারকার্য্য স্মার্ত্তমতে না করিয়া ভবদেবমতেই করিয়া থাকেন। গোভিল-গৃহ্যসূত্রে পাদ্যপ্রকরণে 'যতো দেবীরিত্যপঃ প্রেক্ষেত" ("যতো দেবীঃ" এই মন্ত্রে অপ্ অর্থাৎ জল দর্শন করিবে) এই সূত্রে অপ শব্দ (স্ত্রীলিঙ্গ নিত্য-বহুবচনান্ত) থাকায় সরলানাম্নী টীকাতে আছে যে, ঐ অপ্ শব্দের বিশেষণরূপে পাদ্যাঃ (পাদ্য শব্দের স্ত্রীলিঙ্গে প্রথমার বহুবচনে) বলিতে

* কুমারীপাণ্যবচ্ছেদেন প্রতিগ্রহীতৃপাণিসংযোগবিশেষবৃত্তিজাতিবিশেষো বিবাহঃ। —কাশিরাম-টীকা।

হইবে। ভবদেবও ঐ সূত্র এবং ঐ টীকা-অনুসারে "পাদ্যাঃ" লিখিয়াছেন। রঘুনন্দন বলেন—পাদ্য শব্দের অর্থই পা ধুইবার জল, এবং উহা ক্লীবলিঙ্গ একবচন ; যথা কালিকাপুরাণে—"পাদার্থমুদকং পাদ্যং" এবং অমরকোষে —"পাদ্যং পাদায় বারিণি"। অতএব জলের বিশেষণরূপে পাদ্যাঃ (পাদ্যাঃ আপঃ) বলিলে পুনরুক্তি দোষ হয়।

কিন্তু আমরা সামবেদী বলিয়া ভবদেবের সম্মানরক্ষার্থে বলি যে, রূঢ় ও যোগরূঢ় শব্দ স্থলবিশেষে যৌগিক অর্থও প্রকাশ করিয়া থাকে। যথা —মণ্ডপ শব্দের অর্থ গৃহ হইলেও "মণ্ডপঃ পুরুষঃ" এখানে 'মণ্ডপানকারী' অর্থ বুঝায় ; জলজ শব্দের অর্থ পদ্ম হইলেও "জনয়িত্বা সুতস্ত্যক্তো জলজেনাত্মজো যথা" (রামায়ণ), এখানে "মৎস্য" অর্থ হইতেছে ; অর্ঘ্য শব্দের অর্থ দূর্ব্বাক্ষতাদি হইলেও "ষড়র্ঘ্যা ভবন্তি" (গৃহ্যসূত্র), এখানে (অর্ঘ—পূজা, তদর্হ) "পূজনীয়" অর্থ হইতেছে, এবং রঘুনন্দন নিজেও লিখিয়াছেন—"যবতিলপ্রক্ষেপানন্তরং গন্ধপুষ্পপ্রক্ষেপণমাহ ব্রহ্মপুরাণম্— অর্ঘ্যাঃ পুষ্পৈশ্চ গন্ধৈশ্চ তাঃ প্রপূজ্যাঃ স্বশাস্ত্রতঃ। অর্ঘ্যা আপ ইতি শেষঃ।"—(শ্রাদ্ধতত্ত্ব), এখানে অর্ঘ্য শব্দ 'পূজার্থ' অর্থে, উহ্য 'আপঃ' পদের বিশেষণ হইতেছে। সেইরূপ পাদ্য শব্দে অন্যত্র "পাদার্থ জল" বুঝাইলেও এখানে "পাদার্থ" এই অর্থ বুঝাইয়া, উহা "আপঃ" পদের বিশেষণ হইতে পারে। যেমন পারস্কর-গৃহ্যসূত্রে "আহরন্তি বিষ্টরং পাদ্যং পাদার্থমুদকম্" ইত্যাদি স্থলে ভাষ্যকার লিখিয়াছেন—পাদ্য অর্থাৎ পাদার্থ (পাদাক্রমণীয়) দ্বিতীয় বিষ্টর। অপিচ বিশেষ্যরূপে প্রযুক্ত হইয়া থাকিলেও স্ত্রীলিঙ্গ হইবার কোনও বাধা নাই, যেহেতু অমরকোষে আছে—"ষট্ তু ত্রিষর্ঘ্য-মর্ঘার্থে পাদ্যং পাদায় বারিণি। ক্রমাদাতিথ্যা-তিথেয়ে অতিথ্যর্থেঽত্র সাধুনি। স্যাদাবেশিক আগন্তুরতিথির্না গৃহা-গতে॥" (অর্ঘ্য হইতে আগন্তু পর্য্যন্ত ছয়টি শব্দ তিন-লিঙ্গই হয় ; তন্মধ্যে

(১) অর্ঘ্য শব্দের অর্থ—অর্ঘার্থ, (২) পাদ্য শব্দের অর্থ—পাদার্থ জল, (৩) আতিথ্য শব্দের অর্থ—অতিথ্যর্থ, (৪) আতিথেয় শব্দের অর্থ—অতিথি বিষয়ে সাধু; (৫) আবেশিক, (৬) আগন্তু ও (৭) অতিথি শব্দের অর্থ—গৃহাগত, তন্মধ্যে অতিথি শব্দ পুংলিঙ্গ)। এতাবতা 'পাদার্থ জল' অর্থে পাদ্য শব্দ স্ত্রীলিঙ্গেও ব্যবহৃত হইতে পারে, এবং এখানে প্রাচুর্য্য অর্থে বহুবচন হইয়াছে (অর্থাৎ প্রথমে বামপদ, তৎপরে দক্ষিণ-পদ, তৎপরে উভয়পদ প্রক্ষালনোপযোগি প্রচুর জল)।

সূত্রকারেরা বিষ্টর, পাদ্য প্রভৃতির প্রত্যেকটি তিনবার উচ্চারণ করিয়া দিতে বলিয়াছেন বলিয়াই তিনবার বলিতে হয়। তদ্বিষয়ে যুক্তি এই যে, 'ত্বরায়াং যাবদ্বোধম্" এই সূত্রানুসারে ত্বরা বুঝাইলে কোনও পদ দুইবার, তিনবার বা ততোধিকবার প্রয়োগ করিতে হয়। লোকাচারেও দেখা যায় যে, মাননীয় ব্যক্তি বাটীতে আসিলে গৃহস্থ ব্যস্ত হইয়া "আসন আসন আসন" ইত্যাকারে উপচারদ্রব্যের নামোল্লেখ করিয়া থাকেন। পারস্কর-গৃহ্যসূত্রে স্পষ্টই লিখিত আছে যে, অন্য ব্যক্তি "বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ" ইত্যাদি তিনবার বলিলে সম্প্রদাতা "প্রতিগৃহ্যতাং" বলিয়া অর্পণ করিবে; যথা—"অন্যস্ত্রিস্ত্রিঃ প্রাহ বিষ্টরাদীনি।" হরিহরভাষ্য যথা—"অন্যঃ অর্চ্চকাদপরঃ বিষ্টরো বিষ্টরো বিষ্টর ইত্যেবমেকৈকান্ ত্রিস্ত্রিঃ ত্রীন্ বারান্ ক্রয়াৎ বিষ্টরপ্রভৃতীন্।" তৎকৃত প্রয়োগ যথা—"অথার্চ্চয়িতা একং বিষ্টরমাদায় তিষ্ঠতি। অন্যঃ কশ্চিৎ ব্রাহ্মণো বিষ্টরো বিষ্টরো বিষ্টর ইতি শ্রাবয়তি। প্রতিগৃহ্যতামিতি অর্ঘ্যান্ত (আর্চনীয়ন্ত) হস্তয়োদদাতি।" ইত্যাদি। এতদ্দ্বারা এই বুঝাইতেছে যে, অন্যের উক্তিই সম্প্রদাতা নিজে বলিয়া থাকেন।

১৪। নাপিত গৌর গৌর বলে কেন ?

উঃ।—গৌর গৌর নহে; গৌ-গৌ-গৌঃ। সূত্রকার বলিয়াছেন

—"আচান্তোদকায় গৌরিতি নাপিতস্ত্রিব্রূয়াৎ" (মধুপর্ক ভক্ষণ করিয়া আচমন করিলে নাপিত তিনবার "গৌঃ" বলিবে)। গৌঃ-গৌঃ-গৌঃ—সন্ধি করিলে গৌর্গৌর্গৌঃ হয়। ঐরূপ বলিবার কারণ এই—শ্রুতিতে আছে "নামাংসো মধুপর্কঃ" (মাংস ব্যতিরেকে মধুপর্ক হয় না) অর্থাৎ মধুপর্কের সহিত মাংসও দিতে হয়। মহাকবি ভবভূতি "উত্তরচরিতে" লিখিয়াছেন—"নামাংসো মধুপর্ক ইত্যাম্নায়ং বহুমন্যমানাঃ শ্রোত্রিয়ায় অভ্যাগতায় বৎসতরীং মহোক্ষং বা মহাজং বা নির্ব্বপন্তি গৃহমেধিনঃ।" (মাংস ব্যতিরেকে মধুপর্ক হয় না, এই শ্রুতি মানিয়া গৃহস্থেরা অভ্যাগতকে বৎসতরী, বৃষ বা ছাগ দিয়া থাকেন)। অতএব বরকে মধুপর্ক দিবার সঙ্গে একটি গাভীও দিতে হয়। এইজন্য ভবদেব স্পষ্টই লিখিয়াছেন —"সম্প্রদানশালায়া উত্তরতঃ স্ত্রীগবীং বদ্ধা" (সম্প্রদানশালার উত্তরে গাভী বন্ধন করিয়া)। মধুপর্ক দেওয়া হইল দেখিয়া নাপিত জিজ্ঞাসা করে "গৌর্গৌর্গৌঃ" অর্থাৎ গরুটা তবে কাটা যাউক? ("গৌর্গৌর্গৌঃ আলভ্যতামিতি শেষঃ"—হরিহরভাষ্য)। কিন্তু "ভুক্ত্বা কিঞ্চিন্ন চাচরেৎ" (ভোজন করিয়া কোনও কার্য্য করিতে নাই) বলিয়া তদ্দিনের কর্ম্ম শেষ হওয়া পর্য্যন্ত বরকে উপবাসী থাকিতে হয়, সুতরাং তিনি তখন মধুপর্ক ভক্ষণ না করিয়া আঘ্রাণমাত্র করেন। মধুপর্ক ভক্ষণ করিলেই মাংস ভোজন আবশ্যক, নচেৎ নহে। যেহেতু গার্গ্যনারায়ণী বৃত্তিতে আছে—"মধুপর্কাঙ্গং ভোজনম্ অমাংসং ন ভবতীত্যর্থঃ। কুতঃ? মাংসস্য ভোজনাঙ্গত্বেন লোকে প্রসিদ্ধত্বাৎ।" (মধুপর্কাঙ্গ ভোজন মাংসবর্জ্জিত হয় না; যেহেতু মাংস ভোজনের অঙ্গ বলিয়া লোকে প্রসিদ্ধ আছে); বিশেষতঃ গোভিল "অনাত্র যজ্ঞাৎ" (যজ্ঞভিন্ন স্থলে গাভীকে মোচন করিবে —বধ করিবে না) বলিয়াছেন। এইজন্য বর মন্ত্র দ্বারা নাপিতকে গোবধ করিতে নিষেধ করিয়া থাকেন। সুতরাং গোবধ করা হয় না

বলিয়া এবং "মধুপর্কে পশোর্বধঃ" ইত্যাদি বচনে কলিযুগে মধুপর্কে পশুবধ নিষিদ্ধ বলিয়া, এখন আর গাভী দেওয়া হয় না; মন্ত্রপাঠমাত্রই করা হইয়া থাকে। আর এক কথা—মধুপর্কের অঙ্গ বলিয়া মধুপর্কদানের পরেই গবানুমন্ত্রণ কর্ত্তব্য; ঋগ্বেদীয় ও যজুর্ব্বেদীয় পদ্ধতিতে সেইরূপই আছে; কিন্তু ভবদেব কন্যাসম্প্রদানের পরে উহা লিখিয়াছেন বলিয়া সামবেদীরা সেইখানেই করিয়া থাকেন। ভবদেবের ওরূপ লিখিবার অভিপ্রায় বোধ হয় এই যে, যখন ভক্ষণ করাই হইবে না, তখন আর ঐ ব্যাপার লইয়া সম্প্রদানের কালাতিপাত করা কেন?

প্রসঙ্গতঃ আর একটি কথাও বলা যাইতেছে—সূত্রকারেরা বলিয়াছেন যে, মধুপর্ক ভক্ষণ করিয়া অবশিষ্ট অংশ পুত্র বা শিষ্যরূপ ব্রাহ্মণকে, তদভাবে অব্রাহ্মণকে দিবে। যথা—"ভূয় এবাভিপায় শেষং ব্রাহ্মণায় দদ্যাৎ" —গোভিল; "ন সর্ব্বং। ন তৃপ্তিং গচ্ছেৎ। ব্রাহ্মণায় উদঙ্ উচ্ছিষ্টং প্রযচ্ছেৎ। অলাভে অপ্সু। সর্ব্বং বা।" (সমস্ত খাইবে না। পেট ভরিয়া খাইবে না। উত্তরমুখ হইয়া ব্রাহ্মণকে উচ্ছিষ্ট দিবে। উচ্ছিষ্টভোজী ব্রাহ্মণ না থাকিলে জলে ফেলিয়া দিবে। অথবা সমস্তই ভক্ষণ করিবে)"—আশ্বলায়ন; "পুত্রায় অন্তেবাসিনে বা উত্তরত আসীনায় উচ্ছিষ্টং দদ্যাৎ। সর্ব্বং বা প্রাশ্নীয়াৎ" (উত্তরদিকে উপবিষ্ট পুত্র বা শিষ্যকে উচ্ছিষ্ট দিবে)—পারস্কর; তদভাবে "অদ্ভিঃ সম্প্রোক্ষ্য অব্রাহ্মণায়" (পুত্র ও শিষ্যের অভাবে জলপ্রোক্ষণ করিয়া অব্রাহ্মণকে দিবে)—দ্রাহ্যায়ণ। এইজন্যই এখন মধুপর্কের বাটি নাপিতকে দেওয়া হইয়া থাকে।

১৫। উৎসর্গবাক্যে কেহ "সবস্ত্রাচ্ছাদিতাং", কেহ "সবস্ত্রাচ্ছাদনাং" কেহ "সবস্ত্রাসাচ্ছাদনাং", কেহ "সাচ্ছাদিতাং" এবং কেহ "সবস্ত্রালঙ্কৃতাং" বলেন। কোন্‌টি ঠিক? বস্ত্র ও আচ্ছাদনে প্রভেদ কি?

উঃ।—প্রথম দুইটি পদ শুদ্ধ; কেবল সমাসের বাক্য বিভিন্ন। যথা:—সবস্ত্রা চাসৌ আচ্ছাদিতা চেতি সবস্ত্রাচ্ছাদিতা; বস্ত্রঞ্চ আচ্ছাদনঞ্চ বস্ত্রাচ্ছাদনে, তাভ্যাং সহ বর্ত্তমানা সবস্ত্রাচ্ছাদনা। তৃতীয় ও চতুর্থ পদ অশুদ্ধ; যেহেতু সবস্ত্রা চাসৌ সাচ্ছাদনা চেতি এইরূপ সমাসে পূর্ব্বপদের পুংবদ্ভাব হইয়া সবস্ত্রসাচ্ছাদনা হয়; তদ্ভিন্ন সহ শব্দের দুইবার প্রয়োগ করায় গৌরব-দোষও ঘটে। আচ্ছাদিতা—আচ্ছাদিত শব্দ বিশেষণ, তাহার সহিত সহ শব্দের সমাস হইতে পারে না। ভাববাচ্যে ক্ত প্রত্যয় করিলে আচ্ছাদিত বিশেষ্যপদ হইতে পারে বটে, কিন্তু ওরূপ কষ্টকল্পনা দোষাবহ। তদ্ভিন্ন সবস্ত্র পদের উল্লেখ না করাতেও দোষ হয়। "সবস্ত্রা লঙ্কৃতা" বলিলে "সাচ্ছাদনা"ও বলিতে হয়। ফল কথা, সংক্ষিপ্তসার-ব্যাকরণের একটি উদাহরণে "এনাং কন্যাং সালঙ্কারাং" পাঠ ধৃত হওয়ায় "...সালঙ্কারাং সবস্ত্রাচ্ছাদনাং" বলাই প্রাচীন-পদ্ধতি-সম্মত। বস্ত্র ও আচ্ছাদন উভয়েরই উল্লেখ করা আবশ্যক। বস্ত্র ও আচ্ছাদনের অর্থ এক হইলেও এখানে প্রভেদ আছে;—এখানে বস্ত্র শব্দে উৎসর্গের গামছা ও আচ্ছাদন শব্দে পরিধেয় বস্ত্র। ঐ দুইটির প্রয়োগ করিবার কারণ—"আচ্ছাদ্য চার্চ্চয়িত্বা চ শ্রুতশীলবতে স্বয়ম্। আহূয় দানং কন্যায়া ব্রাহ্মো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ॥" —মনু। "সবিশেষবাসসা কন্যাবরৌ আচ্ছাদ্য অলঙ্কারাদিনা চ পূজয়িত্বা বিদ্যাচারবন্তম্ অপ্রার্থক-বরম্ আনীয় তস্মৈ কন্যাদানং ব্রাহ্মো বিবাহঃ মন্বাদিভিঃ উক্তঃ"—কুল্লূকটীকা (বর ও কন্যাকে বিশিষ্ট বস্ত্র দ্বারা আচ্ছাদন ও অলঙ্কারাদি দ্বারা সংকৃত করিয়া বিদ্যা ও সদাচার-বিশিষ্ট বরকে বাটীতে আনিয়া কন্যাদান করাকে ব্রাহ্মবিবাহ বলে)। এইজন্য আচ্ছাদনের উল্লেখ করিতে হয়। আর স্কন্দপুরাণে কন্যা, আসন গো সবস্ত্র করিয়া দিবার বিধি থাকায় "সবস্ত্র"ও বলিতে হয়।

১৬। দক্ষিণাবাক্যে "কাঞ্চনমূল্যং" বলিতে হয় কেন ?—কেহ কেহ বরের অঙ্গুরীয়টিই দক্ষিণা দেন, এবং দক্ষিণাবাক্যে "কাঞ্চনং" বলেন। কি পরিমাণ সোণাকে কাঞ্চন বলে ? কেহ কেহ "যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং"ও বলিয়া থাকেন, তাহার অর্থ কি ?—

উঃ।—রঘুনন্দন লিখিয়াছেন—"সুবর্ণং পরমং দানং সুবর্ণং দক্ষিণা পরা। সর্ব্বেষামেব দানানাং সুবর্ণং দক্ষিণেষ্যতে॥ ইতি বচনাৎ কাঞ্চনং দক্ষিণা দেয়া।" টীকা—"সুবর্ণমিতি নপুংসকনির্দ্দেশাৎ সামান্যতঃ কাঞ্চনং লভ্যতে। অশীতিরত্তিকা-পরিমিত-সুবর্ণবাচিত্বে তু পুংলিঙ্গতা স্যাৎ। তথাচামরঃ—সুবর্ণবিস্তৌ হেম্নোঽক্ষে।" অর্থাৎ উক্ত বচনে সুবর্ণকেই শ্রেষ্ঠ দান (দেয় বস্তু) ও সুবর্ণকেই শ্রেষ্ঠ দক্ষিণা বলায় এবং সুবর্ণ শব্দ ক্লীবলিঙ্গে নির্দ্দেশ করায় সামান্যতঃ কাঞ্চনই দিতে হয়। পুংলিঙ্গ সুবর্ণ শব্দে ১ ভরি সোণা বুঝায়, আর ক্লীবলিঙ্গ সুবর্ণ শব্দে স্বর্ণমাত্রকেই বুঝায়। অতএব দক্ষিণায় সোণার কোনও পরিমাণ নাই, এবং কাঞ্চন বলিলেও স্বর্ণমাত্রকেই বুঝায়। কাঞ্চন দিলে "কাঞ্চনং," এবং তাহার মূল্য দিলে "কাঞ্চনমূল্যং" বলিতে হয়। ১৫ প্রশ্নের উত্তরের মধ্যে মন্ত্রবচনে বরকে অলঙ্কার দিবার বিধি থাকায় বরণের সময়ে কিছু স্বর্ণাভরণও দিতে হয়। অতএব সে সময়ে অন্য আভরণ (ঘড়ির চেন প্রভৃতি) দিলে আঙটিটি দক্ষিণায় দিতে পারা যায়; অন্য স্বর্ণাভরণ না থাকিলে বরণের সময়ে আঙটি দিয়া দক্ষিণায় কাঞ্চনমূল্য (টাকা) দিতে হয়। ০। "যৎকিঞ্চিৎ" শব্দের অর্থ—যা হউক কিছু। "অলাভে-ফলমূলানাং ভক্ষ্যাণাং দক্ষিণাং দদাতি" (বিহিত দ্রব্য না জুটিলে ভক্ষণোপযুক্ত ফলমূল দক্ষিণা দিবে) এই বচনে ফলমূল (হরীতকী প্রভৃতি) দক্ষিণা দিবার বিধি থাকায়, এবং উহা কাঞ্চনের প্রকৃত মূল্য নহে বলিয়া ঐরূপ স্থলেই "যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং" (কাঞ্চনের মূল্যস্বরূপ যা হউক কিছু) বলিতে হয়।

১৭। কন্যাদানের দক্ষিণা যদি বরকে দেওয়া হইল, তবে আবার উভয়পক্ষের পুরোহিতকে দক্ষিণা দিবার প্রয়োজন কি?

উঃ। যাঁহাকে পূজা বা দান করা যায়, দক্ষিণাও তাঁহাকেই দিতে হয়। এইজন্য দেবপূজার দক্ষিণা (মূল দক্ষিণা) তত্তৎ দেবতাকে দেওয়া হয়, এবং পূজকাদি ব্রাহ্মণের বরণদক্ষিণা ব্রাহ্মণদিগকে দেওয়া হইয়া থাকে; অন্যবিধ-দানস্থলে দেয় বস্তু ব্রাহ্মণকে দেওয়া হয় বলিয়া, দক্ষিণাও ব্রাহ্মণকেই দেওয়া হইয়া থাকে। কন্যা-সম্প্রদানে বরকে কন্যা দেওয়া হয় বলিয়া দক্ষিণাও বরকে দিতে হয়। পরন্তু পূজা দান প্রভৃতি কার্য্যের শেষে অচ্ছিদ্রাবধারণের (অর্থাৎ কর্ম্মটি যে নির্দ্দোষে হইল, তদ্বিষয়ে ব্রাহ্মণদিগের সম্মতি গ্রহণের) বিধি আছে; যথা—(কর্ত্তা) কৃতৈতৎকর্ম্মাচ্ছিদ্রমস্তু; (ব্রাহ্মণ) অস্তু। কিন্তু শাস্ত্র বলেন—"বৃথা বিপ্রবচো যস্তু গৃহ্ণীয়ান্মনুজঃ শুভে। অদত্ত্বা দক্ষিণাং বাপি স যাতি নরকং ধ্রুবম্॥" (দক্ষিণা না দিয়া যে ব্যক্তি ব্রাহ্মণের আশীর্ব্বাদ গ্রহণ করে, তাহাকে নিশ্চয়ই নরকগামী হইতে হয়)। অতএব অন্যান্য কার্য্যে কর্ম্মের দক্ষিণা ব্রাহ্মণকেই দেওয়া হয় বলিয়া অচ্ছিদ্রাবধারণের জন্য স্বতন্ত্র দক্ষিণা দিতে হয় না; কিন্তু কন্যাসম্প্রদানে কার্য্যের দক্ষিণা বরকে দেওয়া হয় বলিয়া অচ্ছিদ্রাবধারণের জন্য ব্রাহ্মণদিগকে (অর্থাৎ উভয়-পক্ষের পুরোহিতকে) দক্ষিণা দেওয়া হইয়া থাকে।

১৮। কেহ কেহ বলেন—শূদ্রের বিবাহ ভিন্ন আর কোনও সংস্কার নাই। এই বলিয়া তাঁহারা উহাদের পুত্রকন্যার মুখ্যকালে অন্নপ্রাশনের অনুরোধে মাতাপিতার সপিণ্ডীকরণা-পকর্ষের ব্যবস্থা দেন না। ইহাই ঠিক কি না?

১৯। শূদ্রের যদি বিবাহই প্রধান সংস্কার, তবে উহাতে মন্ত্রপাঠের ব্যবহার নাই কেন?

২০। বিনা মন্ত্রপাঠে শূদ্রের বিবাহ সিদ্ধ হয় কি না?

২১। আজ-কাল কোনও কোনও শূদ্র, বিবাহে মন্ত্রপাঠ ও হোম করিয়া বা করাইয়া থাকেন; তাহা শাস্ত্রীয় কি না?

উঃ।—"বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতাং সদা" (শূদ্রও বিবাহমাত্র সংস্কার সদা লাভ করিবে) এই বচনে 'মাত্র' (কেবল) ও 'সদা' (নিত্য) পদ থাকায় কেহ কেহ বলেন যে, শূদ্রের বিবাহ-সংস্কারটিই নিত্য (অর্থাৎ অবশ্যকর্ত্তব্য); সুতরাং অন্যান্য সংস্কার কাম্য (অর্থাৎ ইচ্ছাধীন)। অতএব উহাদের অন্নপ্রাশনের যখন অবশ্য-কর্ত্তব্যতা নাই, তখন তদনুরোধে সপিণ্ডীকরণাপকর্ষ হইতে পারে না।

কিন্তু এই মত আমাদের সমীচীন বলিয়া বোধ হয় না। যেহেতু "শূদ্রের বিবাহসংস্কারটিই নিত্য" এইরূপ অর্থ করিলে উক্ত বচনে যে 'অপি' (ও) শব্দ আছে, তাহা নিরর্থক হয়; কিন্তু বচনের কোনও পদই নিরর্থক নহে। সুতরাং অপি শব্দ ত্যাগ না করিলে উহার অর্থ হয় যে "শূদ্রেরও বিবাহসংস্কারটিই নিত্য, সুতরাং অন্যান্য সংস্কার কাম্য।" এতাবতা ব্রাহ্মণাদি দ্বিজাতিরও বিবাহ ভিন্ন আর সংস্কার নাই বুঝায়। অপিচ শূদ্রের অন্যান্য সংস্কার কাম্য বলিলে নামকরণ সংস্কারও ইচ্ছাধীন হয়; কিন্তু নামকরণ না হইলে কোনও কার্য্যই—এমন কি বিবাহাদি কার্য্যও তাঁহাদের হইতে পারে না। যেহেতু সকল কার্য্যের সঙ্কল্পাদিতে নামের উল্লেখ করিতে হয়, এবং ধর্ম্মকর্ম্মে নামকরণ-সংস্কার দ্বারা রক্ষিত নামই (রাশি-নামই) গ্রাহ্য; অন্যনাম (ডাক নাম) গ্রাহ্য নহে।

অতএব ঐ বচনটির প্রামাণিক ব্যাখ্যা লিখিত হইতেছে। প্রাচীনমতে ও স্মার্ত্তমতে উহার যেরূপ ব্যাখ্যা লিখিত আছে, তাহাই উদ্ধৃত করিতেছি।—

প্রাচীনমতে—পারস্কর-গৃহ্যসূত্রের ভাষ্যকার হরিহর লিখিয়াছেন "এতানি উক্তানি নামকরণাদীনি চূড়াকরণান্তানি মন্ত্ররহিতানি দুহিতৃণামপি কুর্য্যাৎ, যথাহ যাজ্ঞবল্ক্যঃ—তূষ্ণীমেতাঃ ক্রিয়াঃ স্ত্রীণাং বিবাহস্তু সমন্ত্রক ইতি। তথা শূদ্রস্য, যথাহ যমঃ—শূদ্রোঽপ্যেবংবিধঃ কার্য্যো বিনা মন্ত্রেণ সংস্কৃতঃ। ন কেনচিৎ সমসৃজচ্ছন্দসা তং প্রজাপতিঃ॥ এবংবিধঃ সংস্কৃতঃ—গর্ভাধানাদিচূড়াকরণান্তৈঃ সংস্কারৈঃ বৈদিক-গার্ভিক-পাপশূন্যঃ। বিনা মন্ত্রেণ তূষ্ণীম্; যতঃ তং শূদ্রম্ একতমেনাপি ছন্দসা বেদেন ন সমসৃজৎ সমযোজয়ৎ। তথা ব্রহ্মপুরাণে—বিবহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতাং সদা। মাত্রশব্দেন বিহিতেতরসংস্কারনিবৃত্তিশ্চ। যম-ব্রহ্মপুরাণবচনাভ্যাং শূদ্রস্য গর্ভাধান-পুংসবন-সীমন্ত-জাতকর্ম্ম-নামধেয়-নিষ্ক্রমণান্নপ্রাশন-চূড়াকরণ-বিবাহা নব সংস্কারা বিহিতাঃ। তে চ তূষ্ণীম্। ইতরেষাং নিবৃত্তিঃ।" অপিচ "শূদ্রামপ্যেকে মন্ত্রবর্জ্জম্" এই সূত্রের ভাষ্যে—"ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রামপ্যেকে বিবাহ্যাং মন্যন্তে। তত্র বিশেষঃ, মন্ত্রবর্জ্জং মন্ত্ররহিতং যথা ভবতি তথা। অত্র দ্বিজাতীনামপি শূদ্রাপরিণয়নে আচার্য্যেণ মন্ত্রবৎ-ক্রিয়ানিষেধাৎ, শূদ্রস্য শূদ্রাপরিণয়নে মন্ত্রবৎক্রিয়া নাস্তি; কিন্তু মন্ত্ররহিতং ক্রিয়ামাত্রং গম্যতে। ততশ্চ শূদ্রস্য শূদ্রাপরিণয়নে যৎ মন্ত্রবদ্ধোমাদিকর্ম্ম কুর্ব্বন্তি তৎ অশাস্ত্রীয়ম্।" (অর্থাৎ—যম ও ব্রহ্মপুরাণের বচনে শূদ্রের গর্ভাধানাদি নয়টি সংস্কার বিহিত হইয়াছে; কেবল উপনয়নাদি সংস্কার নাই। মনু বলিয়াছেন "বৈবাহিকো বিধিঃ স্ত্রীণাং সংস্কারো বৈদিকঃ স্মৃতঃ। পতিসেবা গুরৌ বাসো গৃহার্থোঽগ্নিপরিক্রিয়া॥" (স্ত্রীলোকদিগের বিবাহই উপনয়ন-সংস্কার, পতিসেবাই গুরুকুলবাসপূর্ব্বক বেদাধ্যয়ন, এবং গৃহকর্ম্মই সমিদাধান। এই জন্যই ব্রহ্মপুরাণে শূদ্রের সম্বন্ধে ব্যবস্থা করা হইয়াছে যে, "বিবাহমাত্র সংস্কার" অর্থাৎ শূদ্রের বিবাহই উপনয়নস্থানীয়। কিন্তু উহাদের

সমস্ত সংস্কারই বিনা মন্ত্রে করিতে হইবে। দ্বিজাতিদিগের (প্রাচীন প্রথায়) শূদ্রকন্যাবিবাহে যখন আচার্য্য মন্ত্রপাঠ করিতে নিষেধ করিয়াছেন, তখন শূদ্রেরও শূদ্রকন্যাবিবাহে মন্ত্রপাঠ নিষিদ্ধ জানিবে। কেহ কেহ যে শূদ্রবিবাহে মন্ত্রপূর্ব্বক হোমাদি কার্য্য করেন, তাহা অশাস্ত্রীয়।

স্মার্ত্তমতে—"তস্য (শূদ্রস্য) সংস্কারমাহ যমঃ—শূদ্রোঽপ্যেবংবিধঃ কার্য্যো বিনা মন্ত্রেণ সংস্কৃতঃ। ন কেনচিৎ সমসৃজচ্ছন্দসা তং প্রজাপতিঃ। ব্রহ্ম-পুরাণং—বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতাং সদা। মাত্রশব্দোঽত্র ন বিবাহেতর-সংস্কার-ব্যবচ্ছেদপরঃ, কিন্তু অন্যত্র মন্ত্রসম্বন্ধনিষেধপরঃ, যম-বচনেন গর্ভাধানাদিসংস্কার-প্রতিপাদনাদিতি শূলপাণিমহামহোপাধ্যায়াঃ।" —মলমাসতত্ত্ব। কাশিরামটীকা—"এতেন অমন্ত্রক-গর্ভাধানাদিসংস্কারাঃ শূদ্রস্যাপি সন্তীতি সূচিতম্।—শূদ্রোঽপীতি শূদ্রোঽপি মন্ত্রেণ বিনা এবংবিধঃ সংস্কৃতঃ কার্য্য ইত্যর্থঃ।—তথা চ শূদ্রস্য বিবাহাতিরিক্তসংস্কারে ব্রাহ্মণেনাপি মন্ত্রা ন পাঠ্যাঃ। শূদ্রস্য বিবাহে তু ব্রাহ্মণেন মন্ত্রাঃ পাঠ্যাঃ, বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতাং সদেতি বচনেন সমন্ত্রকবিবাহবিধানাৎ। এতদ্ব-চনস্য অমন্ত্রক-বিবাহপরত্বে আনর্থক্যং স্যাৎ; শূদ্রোঽপ্যেবংবিধঃ কার্য্যঃ ইত্যনেনৈব অমন্ত্রকসংস্কারাণাং প্রাপ্তত্বাদিতি বোধ্যম্। ফলিতার্থ—যম-বচনে শূদ্রের গর্ভাধানাদি সংস্কার বিহিত হইয়াছে; কিন্তু ঐ বচনেই অমন্ত্রক-সংস্কারের বিধান থাকায় ব্রহ্মপুরাণীয় বচনে "বিবাহমাত্র" পদের অর্থ—বিবাহসংস্কারটিই সমন্ত্রক বুঝিতে হইবে।" অতএব বিবাহে ব্রাহ্মণ দ্বারা মন্ত্রপাঠ ও হোম করান আবশ্যক; এবং অন্যান্য সংস্কারে ব্রাহ্মণ দ্বারাও মন্ত্রপাঠ নিষিদ্ধ।

এতাবতা প্রাচীন ও স্মার্ত্ত উভয়মতেই শূদ্রের গর্ভাধানাদি নব সংস্কার প্রতিপন্ন হইতেছে। তন্মধ্যে প্রভেদ এই যে, স্মার্ত্তমতে বিবাহটি সমন্ত্রক ও অন্যান্য সংস্কার অমন্ত্রক; এবং প্রাচীনমতে সকল সংস্কারই অমন্ত্রক।

অতএব যাঁহাদের যেরূপ কুলাচার আছে, তাঁহারা সেইরূপই করিতে পারেন; এবং অন্নপ্রাশনের অনুরোধে সপিণ্ডীকরণাপকর্ষও সকলেই করিতে পারেন।

অপিচ যে শাস্ত্র দ্বিজাতিদিগের সমন্ত্রক সংস্কার বিধান করিয়াছেন, সেই শাস্ত্রই যখন শূদ্রদিগের অমন্ত্রক সংস্কারের ও মন্ত্রবিশেষের স্থলে "নমঃ" শব্দ উচ্চারণের বিধি দিতেছেন, তখন উভয়পক্ষেই সমান ফল বুঝিতে হইবে, অর্থাৎ সমন্ত্রক সংস্কারে যে ফল ঘটে, অমন্ত্রক সংস্কারেও সেই ফল ঘটিয়া থাকে। ভগবান্ মনুও বলিয়াছেন—"ধর্ম্মেপ্সবস্তু ধর্ম্মজ্ঞাঃ সতাং বৃত্তিমনুষ্ঠিতাঃ। মন্ত্রবর্জ্জং ন দুষ্যন্তি প্রশংসাং প্রাপ্নুবন্তি তে॥" (ধর্ম্মেচ্ছু ও ধর্ম্মজ্ঞ শূদ্রগণ শ্রেষ্ঠ ব্যক্তিদিগের অনুকরণে অমন্ত্রক কার্য্য করিলে ফল-হানি হয় না, প্রত্যুত সিদ্ধিই লাভ করেন)। শিবপুরাণেও আছে—"স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ ম্লেচ্ছাশ্চ যে চান্যে পাপযোনয়ঃ। নমস্কারেণ মন্ত্রেণ তদেব ফলমাপ্নুয়ুঃ॥" (স্ত্রী, শূদ্র, এবং ম্লেচ্ছ ও নিকৃষ্টজাতীয়েরা "নমঃ" উচ্চারণে মন্ত্রোচ্চারণেরই ফল প্রাপ্ত হইয়া থাকে)।

প্রায় সর্ব্বত্রই শূদ্রের প্রাচীনমতে অমন্ত্রক বিবাহই সমাজে প্রচলিত। যাঁহারা স্মার্ত্তমতে সমন্ত্রক বিবাহ করিয়া থাকেন বা করিতে ইচ্ছুক হন, তাঁহারা যজুর্ব্বেদি-বিধানে ব্রাহ্মণ দ্বারা মন্ত্র পাঠ করাইবেন, (নিজে "নমঃ নমঃ" বলিবেন), এবং ব্রাহ্মণকে বরণ করিয়া তদ্দ্বারা হোম করাইবেন।

সংস্কার।

সংস্কার—সংস্কার না করিলে গৃহাদি যাবতীয় পদার্থ যেমন ক্রমশঃ শ্রীভ্রষ্ট ও নষ্ট হইয়া যায়, এবং সংস্কার করিলে তাহাদের যেমন শ্রীবৃদ্ধি ও স্থায়িত্ব ঘটে, সেইরূপ সন্তানেরও সংস্কার করা অবশ্যকর্ত্তব্য। সন্তানের পক্ষে গর্ভাধানাদি দশবিধ কার্য্যকে * সংস্কার বলে। সংস্কার শব্দের অর্থ

* বৃদ্ধিশ্রাদ্ধের ব্যবহার প্রথম টীকা দ্রষ্টব্য।

উৎকর্ষাধান (অর্থাৎ শারীরিক ও মানসিক উৎকর্ষসাধন) *। মহর্ষি অঙ্গিরা বলিয়াছেন—"চিত্রং কর্ম্ম যথানেকৈ-রঙ্গৈরুন্মীল্যতে শনৈঃ। ব্রাহ্ম-ণ্যমপি তদ্বৎ স্যাৎ সংস্কারৈর্বিধিপূর্ব্বকৈঃ॥" (রেখা দ্বারা চিত্র অঙ্কিত করিয়া তাহাতে ক্রমে ক্রমে রঙ্ দিলে যেমন তাহা পরিস্ফুট হইয়া উঠে, সেইরূপ যথাক্রমে বিধিপূর্ব্বক সংস্কারসমূহ করিলে ব্রহ্মতেজ পরিস্ফুট হইয়া থাকে)।

বিবাহাদির ব্যবস্থা।

বিবাহ।—কন্যাদান, কিংবা ভার্য্যাত্বসম্পাদক গ্রহণ, অথবা বর ও কন্যার পরস্পর হস্তসংযোগ-বিশেষের নাম বিবাহ (সন্দেহভঞ্জনের টীকা)। সেই দান, গ্রহণ বা সংযোগ উভয়নিষ্ঠ বলিয়া বর ও কন্যা উভয়েরই বিবাহ বলা যায়। বিবাহ আটপ্রকার, যথা—ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ। গুণবান্ পাত্রকে আহ্বান করিয়া যথাশক্তি অলঙ্কৃতা কন্যা দান করার নাম ব্রাহ্ম-বিবাহ; পুরোহিতকে যজ্ঞে বরণ করিয়া কন্যা দান করার নাম দৈব-বিবাহ; যজ্ঞাদি কার্য্য সম্পাদনের জন্য (পণস্বরূপ মনে না করিয়া) বরের নিকট হইতে একটি গাভী ও একটি বৃষ লইয়া কন্যাদানের নাম আর্ষ-বিবাহ; "দুই জনে একত্র ধর্ম্মাচরণ কর" বলিয়া কন্যাদান করার নাম প্রাজাপত্য-বিবাহ; পণ গ্রহণ করিয়া কন্যাদান করার নাম আসুর-বিবাহ; পরস্পর অনুরাগবশতঃ পতিপত্নীত্বে আবদ্ধ হওয়ার নাম গান্ধর্ব্ব-বিবাহ; বলপূর্ব্বক কন্যা হরণ করিয়া বিবাহ করার নাম রাক্ষস-বিবাহ; এবং নিদ্রিতা, মত্তা বা আত্মরক্ষণে অনবহিতা কন্যাতে উপগত হওয়ার নাম পৈশাচ-বিবাহ। এই আটপ্রকার বিবাহের মধ্যে ব্রাহ্মবিবাহই

---

* সম্-কৃ+ঘঞ্, সুট্ (স্) আগম—সংস্কার।

সর্ব্বোৎকৃষ্ট, ও পৈশাচ-বিবাহই সর্ব্বনিকৃষ্ট। বর্ত্তমান কালে আর্য্য-সমাজে ব্রাহ্ম-বিবাহ, এবং কচিৎ আসুর-বিবাহই প্রচলিত আছে। তন্মধ্যে আসুর-বিবাহ নিন্দিত; কিন্তু অধুনা যেরূপ বরপণের আধিক্য হইয়াছে, তাহাতে ব্রাহ্ম-বিবাহও নিন্দিত হইয়া পড়িয়াছে। যথাশক্তি অলঙ্কৃতা কন্যা দান করাই যখন ব্রাহ্ম-বিবাহ বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে, তখন শাস্ত্রাদেশ উপেক্ষা করিয়া কন্যাপক্ষকে পীড়ন করা ধর্ম্মপরায়ণ ব্যক্তির উচিত নহে। বিশেষতঃ কন্যাপণ-গ্রহণে যে শুক্রবিক্রয় দোষ ঘটে, বরপণগ্রহণেও সেই দোষ ঘটিয়া থাকে।

বিবাহে নিষিদ্ধা কন্যা।—সপিণ্ডা, সগোত্রা, সমানপ্রবরা, মাতৃনাম্নী, বয়োজ্যেষ্ঠা, অসবর্ণা, বিমাতার ভ্রাতৃকন্যা ও ভ্রাতৃদৌহিত্রী, গুরুকন্যা, এবং শিষ্যকন্যাকে বিবাহ করিতে নাই। স্বীয় দৈর্ঘ্য অপেক্ষা অধিক দৈর্ঘ্য-বিশিষ্ট, অতি খর্ব্বাকৃতি, কেকর (টেরা) ও পিঙ্গল (কটা)-নয়না, অধিকাঙ্গী (ষড়ঙ্গুলিবিশিষ্টা ইত্যাদি), চিররোগিণী ও লোমশা কন্যা অপ্রশস্তা। ০। বিবাহ বিষয়ে সপিণ্ডা—বরের পিতা হইতে উপরিতন সাত পুরুষের মধ্যে প্রত্যেকের সন্তানপরম্পরায় (অর্থাৎ কন্যাপুত্রপরম্পরায়) সপ্তমী পর্য্যন্ত কন্যা অবিবাহ্যা; পিতৃবন্ধুর (অর্থাৎ পিতার পিস্তুতো ভাই, মাস্তুতো ভাই ও মামাতো ভাইএর) সন্তান-পরম্পরায় সপ্তমী পর্য্যন্ত কন্যা অবিবাহ্যা; মাতামহ হইতে উপরিতন পাঁচ পুরুষের মধ্যে প্রত্যেকের সন্তানপরম্পরায় পঞ্চমী পর্য্যন্ত কন্যা অবিবাহ্যা; মাতৃবন্ধুর (অর্থাৎ মাতার পিস্তুতো ভাই, মাস্তুতো ভাই ও মামাতো ভাইএর) সন্তানপরম্পরায় পঞ্চমী পর্য্যন্ত কন্যা অবিবাহ্যা। ০। সগোত্রা ও সমানপ্রবরা—বংশপরম্পরাপ্রসিদ্ধ আদিপুরুষ ব্রাহ্মণকে গোত্র বলে, এবং গোত্রপ্রবর্ত্তক মুনিগণের ব্যাবর্ত্তক (বিশেষত্ব-বোধক) মুনিগণকে প্রবর কহে (অর্থাৎ একনামে গোত্রপ্রবর্ত্তক দুই মুনি থাকিলে, প্রবর

দ্বারা তাঁহাদের প্রভেদ জানা যায়)। অতএব ব্রাহ্মণ ভিন্ন আর কোনও বর্ণের যদিও গোত্র ও প্রবর সম্ভবে না, তথাপি তাঁহাদের বংশের সর্ব্বপ্রথম পুরোহিতের গোত্র ও প্রবরই তাঁহাদের গোত্র ও প্রবর বলিয়া গণ্য। এক গোত্রে প্রবরের ভিন্নতা (যথা—ঘৃতকৌশিকগোত্রে কুশিক-কৌশিক-ঘৃতকৌশিক প্রবর, ও কৌশিক-কুশিক-বন্ধুল প্রবর), এবং ভিন্নগোত্রে প্রবরের একতা (যথা—বাৎস্য ও সাবর্ণগোত্রে ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবান প্রবর) থাকায় গোত্র ও প্রবরের পৃথক্ উল্লেখ করা হইয়াছে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যেরই এক গোত্রে ও এক প্রবরে বিবাহ নিষিদ্ধ। শূদ্রের নিষিদ্ধ নহে ; তবে যাঁহাদের উপাধি-অনুসারে গোত্রের স্থিরতা আছে, তাঁহাদের (অর্থাৎ বসু-ঘোষাদির) নিষিদ্ধ বটে।০। বরের মাতার রাশি নামে বা ডাকনামে যে কন্যার নাম, তাহাকে বিবাহ করিতে নাই (পিতৃনামা বরের সঙ্গে বিবাহ নিষিদ্ধ নহে)। কোনও মতে ব্রাহ্মণ দ্বারা নামান্তর করাইয়া মাতৃনাম্নী কন্যাকে বিবাহ করিবার যে বিধি আছে, তাহা বাগ্দানের পর জানিতে পারিলেই বিধেয় ; সর্ব্বত্র নহে। এখন বাগ্দানপ্রথা উঠিয়া যাওয়ায়, কাহারও ওরূপ করা কর্ত্তব্য নহে (এখন কেহ কেহ যে "লগ্নপত্র" করেন, তাহাকে বাগ্দান বলে না ; বাগ্দানের বিশেষ বিধি আছে)।০। অসবর্ণা (অসজাতীয়া) কন্যা কলিযুগে বিবাহে নিষিদ্ধা।০। পূর্ব্বোক্ত সর্ব্বপ্রকার অবিবাহ্যা কন্যা বিবাহ করিলে চান্দ্রায়ণ করিয়া ঐ কন্যাকে পরিত্যাগপূর্ব্বক মাতার ন্যায় ভরণ পোষণ করিতে হয়। তাহাতে সন্তান উৎপাদন করিলে পতিত হইতে হয় এবং সে সন্তানও চণ্ডাল বলিয়া গণ্য হইয়া থাকে।

সহোদর ও সহোদরাদিগের বিবাহ।—জ্যেষ্ঠ সহোদরের বিবাহ না হইলে (তাহার জীবিতাবস্থায়) কনিষ্ঠের বিবাহ নিষিদ্ধ, এবং জ্যেষ্ঠা সহোদরার বিবাহ না হইলে কনিষ্ঠারও তাহা নিষিদ্ধ।

ঐরূপ বিবাহ হইলে ঐ সহোদরদ্বয়, এবং কন্যা, কন্যাদাতা ও পুরোহিত-পর্য্যন্ত পতিত হন *। অনুমতি গ্রহণ করিয়া করিলেও দোষ হয়। তবে জ্যেষ্ঠ সহোদর যদি চিরবিদেশস্থ, নপুংসক, বেশ্যারত, পতিত, অতিরোগী, জড়, মূক, অন্ধ, বধির, কুব্জ, বামন, অতিবৃদ্ধ, বিবাহ করিতে অনিচ্ছুক, অন্যের দত্তকপুত্র, ব্রহ্মচারী বা সন্ন্যাসী হয়, এবং জ্যেষ্ঠা-সহোদরা যদি বিকলাঙ্গী হয়, তাহা হইলে অনুমতি না লইয়াও করিতে পারে। বিদ্যা, ধর্ম্ম বা ধন উপার্জ্জনার্থে জ্যেষ্ঠ সহোদর বিদেশস্থ হইলে ব্রাহ্মণে ১২ বৎসর, ক্ষত্রিয়ে ১০ বৎসর, বৈশ্যে ৮ বৎসর ও শূদ্রে ৬ বৎসর অপেক্ষা করিয়া তৎপরে বিবাহ করিবে। যমজ সন্তানের মধ্যে যে অগ্রে ভূমিষ্ঠ হয়, সেই জ্যেষ্ঠ; এবং তাহাতেও সন্দেহ ঘটিলে অগ্রে যাহার মুখ দর্শন করা যায়, সেই জ্যেষ্ঠ বলিয়া গণ্য। একদিনে দুই সহোদরের বিবাহ ও দুই কন্যা দান নিষিদ্ধ। "একোদরপ্রসূতানা-মেকস্মিন্নেব বাসরে। বিবাহো নৈব কর্ত্তব্যো গর্গস্য বচনং যথা" এই বচনে "একোদরপ্রসূতানাং" পদের, এবং "একস্মিন্ দিবসে চৈব সোদরাণাং তথৈচ। যুগ্মমৌদ্বাহিকং বর্জ্জ্যং কন্যাদানদ্বয়ং তথা" এই বচনে "সোদরাণাং" পদের অর্থ একশেষে সহোদর ও সহোদরা ধরিয়া কেহ কেহ সহোদর ও সহোদরারও একদিনে বিবাহ হয় না বলেন; কিন্তু পরিবর্ত্ত-বিবাহে একদিনে সহোদর ও সহোদরার বিবাহ চিরপ্রচলিত থাকায় আমাদের মনে হয় যে, পূর্ব্ববচনে যখন "কর্ত্তব্যঃ" পদ আছে, তখন বিবাহকর্ত্তা বলিয়া সহোদরদিগেরই বিবাহ নিষিদ্ধ;

* জ্যেষ্ঠেঽনির্বিষ্টে কনীয়ান্ নির্ব্বিশন্ পরিবেত্তা ভবতি, পরিবিন্নো জ্যেষ্ঠঃ, পরিবেদনীয়া কন্যা, পরিদায়ী দাতা, পরিকর্ত্তা যাজকস্তে সর্ব্বে পতিতাঃ।—হারীত। কেবল বিবাহ বিষয়েই ঐ দোষ; অন্য সংস্কারে নহে। এতাবতা অন্নপ্রাশনাদি কোনও সংস্কার কোনও জ্যেষ্ঠের না হইলে কনিষ্ঠেরও তাহা করিতে নাই বলিয়া অনেকের যে সংস্কার আছে, তাহা অমূলক।

সহোদরারা বিবাহকর্ত্তা নহে (বিবাহের কর্ম্ম) বলিয়া তাহাদের বিবাহে দোষ নাই ; এবং পূর্ব্ববচনের সহিত একবাক্য করিয়া পরবচনের "সোদরাণাং" পদের অর্থও বহু সহোদর (বহু সহোদরা, অথবা সহোদর ও সহোদরা নহে)।*

পাত্রান্তরে কন্যাদান।—বরণের পর যদি কোনও কারণে সে বরের সহিত কন্যার বিবাহ না হয়, তাহা হইলে অন্যপাত্রে সেই কন্যাকে দান করা যাইতে পারে। আর সম্প্রদান হইয়া গেলেও পাণিগ্রহণের পূর্ব্বে যদি বরের মৃত্যু হয়, তাহা হইলে অন্যপাত্রে কন্যাদানের যে বিধি আছে, তাহা কলিযুগে নিষিদ্ধ।

চতুর্থ বিবাহ।—যে পুরুষ তিনটি বিবাহ করিয়াছে, তাহাকে চতুর্থ বিবাহ করিতেই হয়। না করিলে তাহার সপ্তকুল পতিত হইয়া থাকে। এইজন্য অনেক স্থানে ফুলগাছের সহিত বিবাহপ্রথা দাঁড়াইয়াছে ; কিন্তু তাহা শাস্ত্রসম্মত নহে। পরন্তু তিন স্ত্রী জীবিত থাকিলেই চতুর্থ বিবাহ করা শাস্ত্রাদেশ।

বিবাহের কালাকাল।—দিবাভাগে বিবাহ হইলে কন্যা পুত্রহীনা ও স্বামিঘাতিনী হয়। অতএব গোধূলিলগ্নেও রাত্রিদণ্ডে বিবাহ বিধেয়। ভাদ্রমাসে বেশ্যা, আশ্বিনমাসে মৃত্যু, কার্ত্তিকমাসে চিররোগিণী, পৌষমাসে পতিবিরহিণী বা বিধবা, এবং চৈত্রমাসে কামাতুরা হইয়া থাকে। অকালে বিবাহ সম্বন্ধে মতভেদ আছে। প্রাচীনমতে অরক্ষণীয়া কন্যার অকালে বিবাহ দোষাবহ নহে ; কিন্তু স্মার্ত্তমতে নিষিদ্ধ। গর্ভ-

---

* লক্ষ্মণ ও শত্রুঘ্নের একদিনে বিবাহ দেবচরিত বলিয়া, এবং দুই কন্যার দান বিহিত হওয়ায় জনকের কন্যাচতুষ্টয়দান দোষাবহ হয় নাই।

সঞ্চার হইতে গণনায় যুগ্ম বর্ষে কন্যার, ও অযুগ্ম বর্ষে পুরুষের বিবাহ বিধেয়। জন্মদিনে (অর্থাৎ জন্মতিথিতে ও জন্মবারে), জন্মনক্ষত্রে ও জন্মমাসে পুরুষের বিবাহ নিষিদ্ধ। জন্মমাস সম্বন্ধে বশিষ্ঠের মতে জন্মদিন, গর্গের মতে প্রথম ৮ দিন, ও যবনের মতে প্রথম ১০ দিন ত্যাজ্য। কিন্তু নারীর বিবাহ জন্মমাসে, জন্মনক্ষত্রে ও জন্মরাশিতেই প্রশস্ত। জ্যৈষ্ঠ মাসে ও অগ্রহায়ণ মাসে জ্যেষ্ঠ পুত্রের ও জ্যেষ্ঠা কন্যার বিবাহ দিতে নাই। এখানে জ্যেষ্ঠ বলিতে সর্ব্বপ্রথমগর্ভের সন্তান। "দশ মাসাঃ প্রশস্তাস্তে চৈত্র-পৌষ-বিবর্জ্জিতাঃ" এই বচনে চৈত্র ও পৌষ মাস অতি-দোষাবহ সূচিত হওয়ায় অবস্থাবিশেষে ভাদ্র, আশ্বিন ও কার্ত্তিক মাসে বিবাহ তত দোষাবহ নহে।

বৃষ্ট্যাদিজন্য অকাল।—মকর-সংক্রান্তি হইতে হরিশয়ন পর্য্যন্ত যে কোনও দিনে বৃষ্টি হইলে অকাল হয়। ১ দিন বৃষ্টি হইলে ১ দিন, উপর্য্যুপরি ২ দিন বৃষ্টি হইলে দ্বিতীয় দিন হইতে ৩ দিন, এবং উপর্য্যুপরি ৩ দিন বৃষ্টি হইলে তৃতীয় দিন হইতে ৭ দিন অকাল হইয়া থাকে। যে বৃষ্টিতে ভূমিতে গোখুর নিমগ্ন হয় না, তাহা বৃষ্টি বলিয়া গণ্য নহে। যে দিন প্রাতঃকালে সন্ধ্যাগর্জ্জন হয় (পূর্ব্বদিনে সায়ংকালে নহে), সে দিনও অকাল হইয়া থাকে। গ্রহণে ৭ দিন, ও ভূমিকম্পে ৩ দিন অকাল হয়।

গোধূলি লগ্ন।—যে সময়ে আকাশ সন্ধ্যারাগে রঞ্জিত, গোচারণ-স্থান হইতে প্রত্যাগমনকারী গোসমূহের ধূলিতে আবৃত, ও বিরলনক্ষত্র দৃষ্ট হয়, সেই সময়কেই সাধারণতঃ গোধূলি বলে। কিন্তু বিবাহে তাহার বিশেষ আছে; যথা—হেমন্ত ও শীতকালে যে সময়ে সূর্য্য অস্তোন্মুখ হয়, বসন্ত ও গ্রীষ্মকালে অর্দ্ধাস্ত হয়, এবং বর্ষা ও শরৎকালে সম্পূর্ণ অস্ত হয়, তাহাই গোধূলি বলিয়া গণ্য। গোধূলিলগ্নে তিথিনক্ষত্রাদিজন্য কোনও দোষ ঘটে না বটে; কিন্তু অন্য শুভ লগ্ন পাওয়া গেলে গোধূলিলগ্ন শুভ

জনক নহে। বিশেষতঃ অগ্রহায়ণ ও মাঘমাসে গোধূলি লগ্নে বিবাহ হইলে কন্যা বিধবা হয়।

কন্যাদানাধিকারী।—পিতা, পিতামহ, সহোদর ভ্রাতা, পিতৃজ্ঞাতি, মাতামহ, মাতুল, মাতা ও মাতামহজ্ঞাতি; ইহারা যথাক্রমে কন্যাদানের অধিকারী। ইহাদের মধ্যে কেহ মৃত বা অপ্রকৃতিস্থ (অর্থাৎ পতিত, প্রব্রজিত বা উন্মাদাদিব্যাধিগ্রস্ত) হইলে তৎপরবর্ত্তী ব্যক্তিই অধিকারী হইবেন। তবে যদি কেহ পাতিত্যাদিদোষযুক্ত হইয়াও কন্যা সম্প্রদান করিয়া ফেলেন, তাহা হইলে বিবাহ অসিদ্ধ হইবে না *। জ্ঞাতিদিগের মধ্যে যথাক্রমে নিকটসম্পর্কীয়েরই অধিকার। দ্বিজাতির উপনয়ন সংস্কার ও শূদ্রের চূড়াকরণ-সংস্কার না হইলে অন্যের সংস্কার করিবার অধিকার হয় না; যেহেতু উপনয়ন-সংস্কার না হইলে মন্ত্রপাঠে অধিকার জন্মে না, এবং চূড়াকরণ-সংস্কার না হইলে শ্রাদ্ধকার্য্যে অধিকার হয় না। উক্তরূপ কোনও অধিকারী না থাকিলে কন্যা আপনিই আপনাকে দান করিবে †।

প্রতিনিধি।—প্রকৃত অধিকারী স্বয়ং কার্য্যকরণে অশক্ত হইলে প্রতিনিধি দ্বারা সেই কার্য্য করাইবেন। তিনি যাঁহাকে অনুমতি করিবেন, তিনিই তাঁহার প্রতিনিধি হইবেন; কিন্তু সগোত্র থাকিলে পরগোত্রকে প্রতিনিধি করা অকর্ত্তব্য। পুত্র, ভ্রাতা, মাতা, ভাগিনেয়, গুরু ও পুরোহিত বিনা-অনুমতিতেই প্রতিনিধি হইতে পারেন। কিন্তু

---

* অপ্রকৃতিস্থেন পিত্রাদিনা কৃতমপ্যকৃতমেব। তদাহ নারদঃ—স্বতন্ত্রোঽপি হি যৎ কার্য্যং কুর্য্যাদপ্রকৃতিং গতঃ। তদপ্যকৃতমেবাহুরস্বাতন্ত্র্যস্য হেতুতঃ। যদি তু বিবাহো নির্বৃত্তস্তদা প্রধানস্য নিষ্পন্নত্বেন অধিকারিবৈকল্যাৎ ন তস্য পুনরাবৃত্তিরিতি।—উদ্বাহতত্ত্ব।

† এরূপ স্থলে বাক্যে "অমুকীং" পদের পর "স্বাং" বলিতে হইবে।

প্রতিনিধিকে প্রকৃত অধিকারীর নামোল্লেখ করিয়া কার্য্য করিতে হইবে। যথা কন্যাসম্প্রদানে—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (বা অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকদেব্যাঃ) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ.. দদানি।

অনেকে, প্রকৃত অধিকারী থাকিতেও অন্যে কন্যা সম্প্রদান করিলে, তাঁহাকে পরার্থোচিত সম্প্রদানবাক্য না বলাইয়া স্বার্থোচিত বাক্যই বলাইয়া থাকেন; তাহা বিধিসঙ্গত নহে।

কন্যাদানের ফল।—অষ্টবর্ষা বালিকাকে গৌরী, নববর্ষাকে রোহিণী ও দশবর্ষাকে কন্যা বলে। দশ বর্ষ অতীত হইলে রজস্বলা হইবার আশঙ্কা ঘটে। গৌরীদানে স্বর্গে, রোহিণীদানে বৈকুণ্ঠে, কন্যাদানে ব্রহ্মলোকে এবং রজস্বলাদানে রৌরব নরকে গমন হয়। অতএব রজস্বলা হইবার পূর্ব্বেই কন্যাদান প্রশস্ত। কিন্তু রজস্বলা হইলেও বিবাহসংস্কার অবশ্যকর্ত্তব্য।

বৃদ্ধিশ্রাদ্ধ।—সকলেরই বিবাহাদি সংস্কারে, * এবং পুরুষের নবগৃহপ্রবেশ, ব্রতাদি-প্রতিষ্ঠা, তীর্থযাত্রা, তীর্থ-প্রত্যাগমনোত্তর স্বগৃহ-প্রবেশ, তুলাপুরুষাদি-মহাদান, গ্রহযাগ এবং কাম্য বৃষোৎসর্গে (প্রেতের বৃষোৎসর্গে নহে) অগ্রে বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয়। বৃদ্ধিশ্রাদ্ধকে আভ্যুদয়িক

---

* দশবিধ সংস্কার—গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন, বিবাহ। সামবেদীয় গর্ভাধানে বৃদ্ধিশ্রাদ্ধের বিধি নাই; কিন্তু ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয় আছে। স্ত্রী ও শূদ্রের উপনয়ন ও সমাবর্ত্তন নাই। শূদ্রের নামকরণের পর নিষ্ক্রমণ সহ নববিধ সংস্কার। তন্মধ্যে পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম ও নিষ্ক্রমণ এখন কাহারই প্রচলিত নাই। কর্ণ-বেধাদি কার্য্য সংস্কার নহে বলিয়া তজ্জন্য বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয় না।

শ্রাদ্ধ, নান্দীশ্রাদ্ধ ও নান্দীমুখ শ্রাদ্ধও বলে *। বৃদ্ধি, অভ্যুদয় ও নান্দী শব্দের অর্থ সমৃদ্ধি; এবং এই শ্রাদ্ধে পূজনীয় পিতৃগণের নাম নান্দীমুখ (অর্থাৎ প্রসন্নবদন)। সংস্কারাদি কার্য্যের সমৃদ্ধিজনক (অর্থাৎ শুভকর) এবং নান্দীমুখ পিতৃগণের শ্রাদ্ধ বলিয়া ইহার ঐরূপ নাম হইয়াছে। বৃদ্ধিশ্রাদ্ধে যদিও পিতৃলোকের শ্রাদ্ধ করিতে হয়, তথাপি উহা দেবকার্য্য বলিয়াই গণ্য। সেইজন্য শ্রাদ্ধ করিয়া দানাদি যে সকল কার্য্য করিবার নিষেধ আছে, এ শ্রাদ্ধ করিয়া তৎসমস্তই করিতে পারা যায়; এবং ইহা প্রাতঃ কালেই করিতে হয় †। প্রাতঃকালে ঘটিয়া না উঠিলে অগত্যা সংস্কারের পূর্ব্ব পর্য্যন্ত যে কোনও সময়ে করা চলে।০। সম্পূর্ণ বৃদ্ধিশ্রাদ্ধ করিতে অসমর্থ হইলে অন্নোৎসর্গমাত্র করিবারও বিধি আছে। বৃদ্ধিশ্রাদ্ধে সামবেদীর যথাক্রমে পিতৃপক্ষের পিত্রাদি ৩ পুরুষ, এবং মাতামহপক্ষের মাতামহাদি ৩ পুরুষ; এই ৬ পুরুষের শ্রাদ্ধ কর্ত্তব্য (মাতৃপক্ষের শ্রাদ্ধ নাই)। ঋগ্বেদী ও যজুর্ব্বেদীর যথাক্রমে মাতৃপক্ষের মাত্রাদি ৩ জন, পিতৃপক্ষের ৩ জন ও মাতামহপক্ষের ৩ জন; এই ৯ জনের শ্রাদ্ধ করিতে

---

* চারিপ্রকার নাম হইলেও সূত্রকারেরা আভ্যুদয়িক বলায় বাক্যে "আভ্যুদয়িক-শ্রাদ্ধ"ই বলিতে হইবে। যথা—"অভিলাপে আভ্যুদয়িকশ্রাদ্ধমিতি প্রযোজ্যম্"।—রঘুনন্দন।

† দিনমানকে ১৫ ভাগ করিলে এক এক ভাগকে (প্রায় ২ দণ্ডকে) মুহূর্ত্ত বলে। তন্মধ্যে প্রথম ৩ মুহূর্ত্ত প্রাতঃকাল, তার পর ৩ মুহূর্ত্ত সঙ্গব, তার পর ৩ মুহূর্ত্ত মধ্যাহ্ন, তার পর ৩ মুহূর্ত্ত অপরাহ্ণ, এবং তার পর ৩ মুহূর্ত্ত সায়াহ্ন (বা রাক্ষসী বেলা)। সমস্ত রাত্রিকালকে, এবং দিবসের প্রথম মুহূর্ত্তকেও রাক্ষসী বেলা বলে; অতএব প্রাতঃকালের প্রথম ২ দণ্ড ত্যাগ করিয়া অবশিষ্ট ৪ দণ্ডই বৃদ্ধিশ্রাদ্ধের মুখ্য কাল। মধ্যাহ্নের ৩ মুহূর্ত্তের মধ্যে দ্বিতীয় মুহূর্ত্তকে কুতপ, এবং তৃতীয় মুহূর্ত্তকে রৌহিণ বলে। একোদ্দিষ্টশ্রাদ্ধ কুতপের শেষভাগে আরম্ভ করিয়া রৌহিণের মধ্যেই সমাপন করিতে হয়। পার্ব্বণশ্রাদ্ধ অপরাহ্নে কর্ত্তব্য। রাক্ষসী বেলায় শ্রাদ্ধাদি কোনও কার্য্য করিতে নাই।

হয়। তৎপূর্ব্বে দেবপক্ষের দুই জনের শ্রাদ্ধ সকলেরই কর্ত্তব্য।০। কন্যা ও পুত্রের বিবাহাদি সংস্কারে পিতাই বৃদ্ধিশ্রাদ্ধের অধিকারী; সুতরাং তিনি নিজেই করুন বা প্রতিনিধি দ্বারাই করাউন, তাঁহারই পিতৃ-পক্ষাদির উল্লেখ হইবে। পিতা জীবিত না থাকিলে এবং পূর্ব্বোক্তরূপ (১৬৭ পৃঃ ৬ প) পাতিত্যাদি-দোষ-যুক্ত হইলে সংস্কার্য্যের (অর্থাৎ যাহার সংস্কার হইবে তাহারই) বৃদ্ধিশ্রাদ্ধে অধিকার জন্মে *; সুতরাং সে নিজেই করুক বা প্রতিনিধি দ্বারাই করাউক, তাহারই পিতৃপক্ষাদির উল্লেখ হইবে। পুত্রের দ্বিতীয়বারাদি বিবাহে পিতার বৃদ্ধিশ্রাদ্ধে অধিকার নাই; সুতরাং সে স্থলে সংস্কারের অঙ্গ বলিয়া বৃদ্ধিশ্রাদ্ধও করিতে হইবে, এবং বিবাহকর্ত্তারই পিতৃপক্ষাদির উল্লেখ হইবে। পিতা জীবিত না থাকিলেও কন্যার সকল সংস্কারেই বৃদ্ধিশ্রাদ্ধ কর্ত্তব্য (তাহাতে কন্যারই পিতৃপক্ষাদির উল্লেখ হইবে)। মতান্তরে পিতা জীবিতই থাকুন বা মৃতই হউন, কন্যার বিবাহসংস্কারেই বৃদ্ধিশ্রাদ্ধ কর্ত্তব্য; অন্য সংস্কারে নহে†।

* ফলভাগিত্বেন প্রধানত্বাৎ সংস্কার্য্যস্যৈব শ্রাদ্ধাধিকারঃ প্রাপ্তঃ।—কাশিরাম-বাচস্পতি।

† স্বপিতৃভ্যঃ পিতা দদ্যাৎ সুতসংস্কারকর্ম্মসু। পিণ্ডানোদ্বহনাত্তেষাং তদভাবেঽপি তৎক্রমাৎ॥ ইতি ছন্দোগপরিশিষ্টবচনে পিণ্ডানিতি শ্রাদ্ধপরং কন্যাপুত্রবিবাহেষ্বিতি শ্রাদ্ধবিষয়কবিষ্ণুপুরাণৈকবাক্যত্বাৎ; তদেকবাক্যতয়া একশেষাৎ সুতসংস্কারকর্ম্মস্বিত্যত্র সুতপদং কন্যাপুত্রপরম্।...নান্দীমুখেভ্যঃ শ্রাদ্ধস্তু পিতৃভ্যঃ কাযামৃদ্ধয়ে। ততো বিবাহঃ কর্ত্তব্যঃ শুদ্ধঃ শুভসুতপ্রদঃ॥ ইতি ব্রহ্মপুরাণে শ্রাদ্ধেন বিবাহস্য শুদ্ধত্বাভিধানেন তদভাবাদশুদ্ধত্বপ্রতীতেঃ। অঙ্গত্বাদেব অবশ্যং বৃদ্ধিশ্রাদ্ধং কর্ত্তব্যম্।...এবঞ্চাঙ্গত্বাৎ পিতামহাদিক্রিয়মাণে কন্যাদানে বৃদ্ধিশ্রাদ্ধমুপপদ্যতে। মাত্রা জীবৎপিত্রাদিত্রিকবৎ বৃদ্ধিশ্রাদ্ধং বিনা কন্যা দীয়তে, তদনধিকারাৎ।—উদ্বাহতত্ত্ব।০। প্রেতীভূতমাতাপিতৃকস্য পিতুঃ, প্রেতীভূতমাতাপিতৃকস্য সংস্কার্য্যস্য চ, প্রেতীভূতমাতাপিতৃকায়া অনূঢ়ায়াঃ কন্যায়াশ্চ বৈদিককর্ম্মকর্তৃত্বকর্ম্মত্বানর্হত্বেন তৎপরীহারায়, যদহর্ব্বা বৃদ্ধিরাপদ্যেত্তেত্যনেন

কন্যার বিবাহে দানাধিকারীকেই বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয়; সেইজন্য মাতা, বা কন্যা স্বয়ং দানাধিকারিণী হইলে (সপিণ্ডীকরণ ভিন্ন আর কোনও পার্ব্বণশ্রাদ্ধে স্ত্রীলোকের অধিকার নাই বলিয়া) বিনা বৃদ্ধিশ্রাদ্ধেই দান হইতে পারিবে। ০। গর্ভাধান-সংস্কার ভাবী সন্তানের শুদ্ধিজনক বলিয়া, তদঙ্গভূত (যজুর্ব্বেদী ও ঋগ্বেদীর) বৃদ্ধিশ্রাদ্ধে সেই সন্তানের পিতা (অর্থাৎ গর্ভাধানকর্ত্তাই) অধিকারী। ০। যিনি যাঁহার প্রতিনিধি হইয়া শ্রাদ্ধ করিবেন, তাঁহাকে অধিকারীর নামোল্লেখপূর্ব্বক তাঁহারই পিত্রাদির নাম বলিতে হইবে। অতএব সহোদর ভ্রাতা যদি প্রতিনিধি হন, তাহা হইলে উভয়ের পিত্রাদি এক হইলেও অমুকের পিতা ইত্যাদি বলিতে হইবে; যথা—অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মপিতুঃ অমুকদেবশর্ম্মণঃ ইত্যাদি। ০। একই কর্ত্তা (অর্থাৎ প্রকৃত অধিকারী) একই দিনে অনেক কার্য্য স্বয়ং করিলে (বা একমাত্র প্রতিনিধি দ্বারা করাইলে) প্রত্যেক কার্য্যের জন্য পৃথক্ পৃথক্ বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয় না; সমস্ত

পূর্ব্বাদিনে সপিণ্ডনং কৃত্বা পিত্রাদিঃ পরদিনে অভ্যুদয়ং নামকরণাদিকঞ্চ কুর্য্যাৎ।—শ্রাদ্ধতত্ত্ব। ০। জাতস্য জাতকর্ম্মাদীত্যাদি-বিষ্ণুপুরাণবচনে জাতস্যেতি পুংস্ত্বমবিবক্ষিতং তূষ্ণীমেতাঃ ক্রিয়াঃ স্ত্রীণাং বিবাহস্তু সমন্ত্রক ইত্যনেন স্ত্রীণামপি সংস্কারপ্রাপ্তেঃ। ততশ্চ কন্যাসংস্কারেঽপি শ্রাদ্ধং কর্ত্তব্যম্, উক্তবিষ্ণুপুরাণবচনাৎ। অতএব, স্ত্রিয়াস্তূষ্ণীং মন্ত্রেণ তু হোম ইতি গোভিলসূত্রব্যাখ্যানে তুল্যত্বাৎ বৃদ্ধিশ্রাদ্ধমপি স্ত্রীসংস্কারে সমন্ত্রকমিতি শূলপাণ্যুপাধ্যায়াঃ। গোবিন্দানন্দস্তু—সুতসংস্কারকর্ম্মস্বিত্যনেন কন্যাসংস্কারে শ্রাদ্ধং নাস্তীতি সূচিতম্; বিষ্ণুপুরাণেঽপি কন্যাপুত্রবিবাহেষ্বিত্যনেন কন্যাবিবাহে বিশিষ্য শ্রাদ্ধস্যোক্ত্যা অন্যেষু কন্যাসংস্কারেষু শ্রাদ্ধং নাস্তীতি স্ফুটমভিহিতম্। অন্যথা চূড়াকর্ম্মাদিকে ইত্যনেন বিবাহস্যাপি প্রাপ্তৌ কন্যাপুত্রবিবাহেষ্বিতি ব্যর্থং স্যাৎ। গোভিলেন পুত্রজন্মোপক্রম্য জাতকর্ম্মাদিসংস্কারাভিধানাৎ কন্যাসংস্কারস্য গৃহ্যানুক্তত্বাৎ কুতঃ শ্রাদ্ধপ্রাপ্তিঃ। কুতস্তর্হি কন্যায়াঃ সংস্কারপ্রাপ্তিরিতি চেৎ? তূষ্ণীমেতাঃ ক্রিয়াঃ স্ত্রীণামিতি যাজ্ঞবল্ক্যবচনাৎ ইত্যাহ।—শ্রাদ্ধতত্ত্বটীকা।

কার্য্যের নামোল্লেখপূর্ব্বক সকলের আদিতে একটিমাত্র বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয়। সুতরাং কেহ যদি একদিনে স্বীয় পুত্রের নামকরণ ও অন্নপ্রাশন করেন, তাহা হইলে সঙ্কল্পবাক্যে "শুভনামকরণান্নপ্রাশনকর্ম্মাভ্যুদয়ার্থং" বলিয়া একটিমাত্র বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন; এইরূপ "শুভচূড়োপনয়নসমাবর্ত্তনকর্ম্মাভ্যুদয়ার্থং।" একদিনে স্বীয় পুত্র ও কন্যার বিবাহ দিলে "শ্রীঅমুকদেবশর্ম্ম-শ্রীঅমুকদেব্যোঃ শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং"। এইরূপ একদিনে এক পুত্রের বিবাহ ও অন্যপুত্রের নামকরণান্নপ্রাশন হইলে "অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভবিবাহকর্ম্মণঃ, অমুকগোত্রস্য মমাঙ্গিনবজাতকুমারস্য শুভনামকরণান্নপ্রাশনকর্ম্মণোশ্চাভ্যুদয়ার্থং"। কিন্তু পিতা জীবিত না থাকিলে সংস্কার্য্যই বৃদ্ধিশ্রাদ্ধের অধিকারী বলিয়া একদিনে অনেক সহোদরের বা সহোদর-সহোদরার সংস্কার হইলে, একজনে করিলেও পৃথক্ পৃথক্ বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হইবে। ০। পিতৃপক্ষ, মাতামহপক্ষ ও মাতৃপক্ষের তিনজনের মধ্যে কেহ জীবিত থাকিলে, অথবা পতিত বা প্রব্রজিত হইয়া মৃত হইলে, কিংবা সপিণ্ডীকরণ দ্বারা প্রেতত্ব মুক্ত না হইলে, তাঁহাকে ত্যাগ করিয়া তাঁহার উপরিতন মৃত ব্যক্তিকে ধরিয়া সংখ্যা পূর্ণ করিতে হইবে *; অর্থাৎ পিতা জীবিত থাকিলে পিতামহ, প্রপিতামহ ও বৃদ্ধপ্রপিতামহের শ্রাদ্ধ হইবে; পিতা মৃত ও পিতামহ জীবিত থাকিলে পিতা, প্রপিতামহ ও বৃদ্ধপ্রপিতামহের শ্রাদ্ধ হইবে; পিতা ও পিতামহ উভয়ই জীবিত থাকিলে প্রপিতামহ, বৃদ্ধপ্রপিতামহ ও অতিবৃদ্ধপ্রপিতামহের শ্রাদ্ধ হইবে; কিন্তু পিতা, পিতামহ ও প্রপিতামহ জীবিত থাকিলে বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয় না †;

* যস্মাৎ স্বজনকাদয়ঃ পতিতত্বাদিনা শ্রাদ্ধানর্হত্বেন অপ্রসন্নমুখা ভবন্তি তস্মাৎ তেভ্যঃ পূর্ব্বতরাঃ পুরুষাঃ শ্রাদ্ধার্হত্বেন প্রসন্নমুখত্বাৎ নান্দীমুখাঃ। পার্ব্বণমপি তেষাং বিষ্ণাদিভির্নিষিদ্ধমেব।—শ্রাদ্ধবিবেক।

† পিতরি পিতামহে প্রপিতামহে চ জীবতি নৈব কুর্য্যাৎ।—বিষ্ণু।

এইরূপ মাতামহপক্ষের ও মাতৃপক্ষের মধ্যে যে পক্ষের প্রথম হইতে উপর্য্যুপরি তিনজন জীবিত থাকেন, সে পক্ষেরও শ্রাদ্ধ করিতে হয় না *। ০। বৃদ্ধিশ্রাদ্ধের পূর্ব্বে সংস্কার্য্যের অধিবাস, গণেশের সহিত গৌর্য্যাদি ষোড়শ মাতৃকার পূজা, বসুধারা ও আয়ুষ্যমন্ত্রজপ করিতে হয় †। অধিবাসের পূর্ব্বে ষষ্ঠী, ও মার্কণ্ডেয়ের ষোড়শোপচারে

---

* মাতামহাদিষু ত্রিষু জীবৎসু পিত্রাদিত্রিকশ্রাদ্ধমাত্রং কর্ত্তব্যম্।—শ্রাদ্ধতত্ত্ব।

† অধিবাসের অর্থ—গন্ধপুষ্পাদি (মহী গন্ধ ইত্যাদি) দ্বারা সংস্কার। সর্ব্বকর্ম্মেই পূর্ব্বদিনে অধিবাস কর্ত্তব্য। যে স্থলে তাহা না ঘটে, সে স্থলে কর্ম্মের দিনে সর্ব্বাগ্রেই উহা করিতে হয়। সংস্কার কার্য্যে প্রায় সকলেই তদ্দিনে বসুধারার পর অধিবাস করিয়া থাকেন; কিন্তু তাহা যুক্তিসিদ্ধ নহে। পূর্ব্ব দিনের কার্য্য বলিয়া; সর্ব্বাগ্রেই অর্থাৎ মাতৃক-পূজার পূর্ব্বেই উহা করা উচিত। প্রাচীন পদ্ধতিগ্রন্থেও সেইরূপ লেখা আছে; যথা—"প্রাতঃ সুস্নাতঃ কৃতনিত্যক্রিয়ঃ, শালগ্রামে জলে বা বিষ্ণুং সম্পূজ্য, যদি পূর্ব্বদিনে অধিবাসো ন কৃতঃ তদা অস্মিন্ সময়ে অধিবাসং কৃত্বা ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়িত্বা ওঁ তৎসদিত্যুচ্চার্য্য তাম্রপাত্রে কুশতিলজলান্যাদায়, অদ্যেত্যাদি অমুকগোত্রস্যামুকদেবশর্ম্মণঃ অমুককর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ-গৌর্য্যাদি-ষোড়শমাতৃকাপূজাবসোর্দ্ধারাসম্পাতনায়ুষ্যমন্ত্রজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে ইতি সঙ্কল্প্য তজ্জলমৈশান্যাং ক্ষিপেৎ"। ০। বসুধারা—সঙ্কল্পবাক্যে "বসোর্দ্ধারা" বলিতে হয়; যেহেতু উহা অলুক্সমাস-নিষ্পন্ন পদ। বসু শব্দ পুংলিঙ্গ ঘৃতবাচক; এবং পূর্ব্বকালে চেদি দেশে এক রাজা ছিলেন, তাঁহার নামও বসু। বসুর (ঘৃতের) ধারা, অথবা চেদিরাজ বসুর উদ্দেশে ধারা=বসোর্দ্ধারা। মহাভারতের শান্তিপর্ব্বান্তর্গত মোক্ষধর্ম্মে চেদিরাজ বসুর এই উপাখ্যান আছে—তিনি পরম ধার্ম্মিক ও হরিভক্ত ছিলেন, এবং বৃহস্পতির নিকট সমস্ত শাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। ঋষিগণ ও দেবগণও তাঁহাকে সম্মান করিতেন। বিমানারোহণে শূন্যপথে বিচরণ করিতেন বলিয়া তিনি উপরিচর নামেও অভিহিত হইতেন। একদিন দেবতারা ঋষিদিগকে ডাকিয়া বলিলেন—বেদে পশুযাগে যে "অজৈর্যষ্টব্যং" (অজ দ্বারা যজ্ঞ করিবে) আছে, উহাতে অজ শব্দের অর্থ ছাগ; অতএব আপনারা যজ্ঞে আমাদের উদ্দেশে ছাগ বলি দিবেন। ঋষিরা বলিলেন—"ন জায়ন্তে ইতি অজাঃ" (যাহা প্রতিবৎসর জন্মে না) এই ব্যুৎপত্তিতে অজ শব্দের অর্থ ওখানে ত্রৈবর্ষিক ধান্য; ছাগ নহে। এই কথা লইয়া

পূজা করিবার আচার আছে। মাতৃকাপূজা বৃদ্ধিশ্রাদ্ধেরই অঙ্গ বলিয়া যে স্থলে বৃদ্ধিশ্রাদ্ধ নাই, সে স্থলে উহাও করিতে হয় না *; কেবল ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের পূজা করিয়া অধিবাস করিলেই হইবে। ০। অন্নোৎসর্গ পর্য্যন্তই প্রকৃত শ্রাদ্ধ বলিয়া, ও বিবাহাদি কার্য্যে বৃদ্ধিশ্রাদ্ধই আরম্ভ বলিয়া, এবং আরব্ধ কার্য্যে অশৌচাদি প্রতিবন্ধক হয় না বলিয়া বৃদ্ধি-শ্রাদ্ধে অন্নোৎসর্গ পর্য্যন্ত হইয়া গেলে প্রকৃত কর্ম্মের বাধা হয় না; সুতরাং বিবাহাদি স্থলে সংস্কার্য্যের ও প্রকৃত কন্যাদানাধিকারীর অশৌচ ঘটে না: কিন্তু অন্নোৎসর্গের পর পিণ্ডদানাদি শ্রাদ্ধের অতিরিক্ত কার্য্য করা চলিবে না। অন্নোৎসর্গের পূর্ব্বে অশৌচ হইলে সঙ্কল্পিত কার্য্য বলিয়া

উভয়পক্ষে বিবাদ আরম্ভ হইল। এমন সময়ে চেদিরাজ বসু সেই স্থান দিয়া যাইতেছিলেন। উভয়পক্ষ তাঁহাকে আহ্বান করিয়া মধ্যস্থ মানিলেন। তিনি দেবপক্ষ অবলম্বন করাই শ্রেয় ভাবিয়া অজ শব্দের অর্থ ছাগই বলিলেন। তখন ঋষিরা ক্রুদ্ধ হইয়া তাঁহাকে শাপ দিলেন — তুমি মধ্যস্থ হইয়া পক্ষপাত করিলে, এজন্য এখনই অধঃপতিত হইয়া ভূবিবরে বাস কর। তৎক্ষণাৎ তাহাই হইল দেখিয়া দেবতারা পরস্পর মন্ত্রণা করিলেন যে, চেদিরাজ আমাদের পক্ষ অবলম্বন করিয়াই শাপগ্রস্ত হইলেন; অতএব তাঁহার উপকার করা আমাদের কর্ত্তব্য। অনন্তর তাঁহারা বসুর নিকটে উপস্থিত হইয়া বলিলেন অতঃপর লোকে শুভকর্ম্ম উপলক্ষে গৃহভিত্তিতে (দেওয়ালে) বসুধারা দিবে, তুমি ভূবিবরে থাকিয়া তাহাই পান করিবে; তাহাতে তোমার ক্ষুধা-তৃষ্ণা থাকিবে না। ০। আয়ুষ্যমন্ত্র—আয়ুর হিতকর (অর্থাৎ আয়ু-বৃদ্ধিকর মন্ত্র)। শ্রাদ্ধবিবেকের টীকাকার লিখিয়াছেন—"আয়ুষ্যমন্ত্রজপশ্চ সামগানামেব" (অর্থাৎ ছন্দোগপরিশিষ্টকারই যখন আয়ুষ্যমন্ত্র জপ করিতে বলিয়াছেন, তখন উহা সামবেদী-দিগেরই কর্ত্তব্য; অন্যবেদীর নহে); কিন্তু সামবেদীর অনুকরণে অন্যবেদীরাও ইহা করিয়া থাকেন এবং করিলে কোনও দোষ হয় না।

* যত্র যত্র ভবেচ্ছ্রাদ্ধং তত্র তত্র তু মাতরঃ।—ছন্দোগপরিশিষ্ট। যত্র যত্র শ্রাদ্ধং ভবেৎ, তত্র তত্রৈব মাতরঃ পূজ্যা ইতি বচনার্থেন তেন অষ্টকাদৌ শ্রাদ্ধস্য নিষেধে মাতৃ-পূজা-নিষেধঃ কৃতঃ।—রঘুনন্দন।

"সগণাধিপ গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকা-পূজা-বসোর্ধারা-সম্পাতনায়ুষ্য-সূক্তজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে" বলিয়া সঙ্কল্প করা হইয়াছে বলিয়া) বৃষোৎসর্গ পর্য্যন্ত করিতে পারা যাইবে; কিন্তু বিবাহাদি প্রকৃত কর্ম্ম হইবে না। বর ও কন্যার মধ্যে একজনের বিবাহের জন্য বৃদ্ধিশ্রাদ্ধ করিবার পর অন্যের অশৌচ ঘটিলেও বিবাহের বাধা হইবে না; যেহেতু একপক্ষের বৃদ্ধিশ্রাদ্ধই উভয়পক্ষের আরম্ভস্বরূপ হইয়া থাকে *। কিন্তু প্রতিনিধি দ্বারা বৃদ্ধিশ্রাদ্ধ করাইবার পরে তাহার অশৌচ হইলে, অন্য শুচি প্রতিনিধি দ্বারা কন্যাদান করাইতে হইবে। সামবেদীর পাণিগ্রহণাঙ্গ প্রত্যভিবাদন পর্য্যন্ত,এবং অন্যবেদীর অনডুচ্চর্ম্মোপবেশন পর্য্যন্ত বিবাহ। অতএব বৃদ্ধিশ্রাদ্ধের পর অশৌচাদি ঘটিলেও ঐ পর্য্যন্ত কার্য্য করা যাইতে পারে। তদনন্তর যে সকল কার্য্য কর্ত্তব্য, তৎসমুদায় অশৌচান্ত দ্বিতীয় দিনে অথবা অন্য শুভদিনে ব্যস্তসমস্তমহাব্যাহৃতি-হোমরূপ প্রায়শ্চিত্ত করিয়া করিতে হইবে। কিন্তু এক্ষণে ঐ সমস্ত কার্য্য পাণি-

---

* অত্রেদং বোধ্যং—বিবাহে যদি বরপিত্রা নান্দীশ্রাদ্ধং কৃতং কন্যাপিতুর্নান্দীশ্রাদ্ধা-করণে এব অশৌচং জাতং; কন্যাপিত্রৈব বা নান্দীশ্রাদ্ধং কৃতং, বরপিতুর্নান্দীশ্রাদ্ধাকরণে এব অশৌচং জাতম্; উভয়ত্রাপি বিবাহস্য ন বাধঃ। তথাহি বরকর্তৃকো বিবাহ এব কন্যা-কর্ত্তৃকঃ। কন্যাবরয়োর্বিবাহস্য ঐক্যাৎ অন্যতরেণ নান্দীশ্রাদ্ধকরণাদেব আরম্ভো জাতঃ। নহি একস্য কর্ম্মণঃ অনেক আরম্ভঃ কাপি দৃষ্টচরঃ। আরব্ধস্য চ সমাপ্তিরাবশ্যকী, অন্যথা প্রত্যবায়ঃ স্যাৎ। যথাহ অঙ্গিরাঃ—আরব্ধস্যাসমাপ্তৌ স্যাচ্চণ্ডালঃ খতা ভতঃ (খতা—কুক্কুরতা,ভতঃ—জন্মান্তরে)। ন চ একেন কৃতং নান্দীশ্রাদ্ধং কথমন্যকর্ত্তৃকস্য আরম্ভ ইতি বাচ্যম্; যত্র পিত্রা শ্রাদ্ধং কৃতম্, অনন্তরং পুত্রস্য অশৌচে জাতে পুত্রেণ বিবাহকরণপ্রসঙ্গাৎ। তথা চ নান্দীমুখশ্রাদ্ধস্য যৎ কর্ম্ম নিমিত্তং. তৎকর্ম্মনির্ব্বাহকা যাবন্তঃ, তেষাং সর্ব্বেষাম্ অশৌচবাধকং নান্দীমুখম্। বৃষোৎসর্গস্য প্রাধান্যাৎ তন্নির্ব্বাহানন্তরং যস্যাশৌচং জায়তে তদা বিবাহাদি-বাধো নাস্তি; কিন্তু পিণ্ডদানাদিকং শেষং ন কার্য্যং, তস্য তস্য আরম্ভাভাবাদিতি।—কাশি-রামবাচস্পতি।

গ্রহণের সঙ্গে এক দিনেই করিবার প্রথা দাঁড়াইয়াছে বলিয়া তদনুরোধে পাণিগ্রহণও অশৌচান্তে উক্তরূপ প্রায়শ্চিত্ত করিয়া কর্ত্তব্য।০। যে কার্য্যের জন্য যে দিন বৃদ্ধিশ্রাদ্ধ করা হয়, কোনও কারণে সে কার্য্য সে দিনে না করিয়া অন্য দিনে করিতে হইলে, পুনর্ব্বার বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হইবে।০। পুরুষের ও অবিবাহিতা কন্যার পিতা ও মাতা এবং বিবাহিতা নারীর কেবলমাত্র পতিই মহাগুরু। মহাগুরুনিপাতে সপিণ্ডীকরণ না করা পর্য্যন্ত দেহাশুদ্ধি (কালাশৌচ) থাকে। দেহাশুদ্ধিতে সন্ধ্যাহ্নিক প্রভৃতি নিত্যকর্ম্ম ব্যতীত আর কোনও কর্ম্ম করিতে নাই। প্রথম মৃততিথি হইতে গণনায় ত্রয়োদশ (মলমাস পড়িলে চতুর্দ্দশ) মৃততিথিই সপিণ্ডীকরণের মুখ্য কাল। কিন্তু পুত্র ও কন্যার মুখ্যকালে নামকরণাদি সংস্কার, অরক্ষণীয়া কন্যার বিবাহ-সংস্কার এবং সাবিত্রী পতিত হইবার সম্ভাবনায় উপনয়ন-সংস্কারের অনুরোধে মুখ্যকালের পূর্ব্বেও (অর্থাৎ তত্তৎ সংস্কারের অব্যবহিত পূর্ব্বদিনে অপরাহ্ণে) কেবল ঐ মহাগুরুদিগের সপিণ্ডীকরণ করিতে পারা যায়। ইহাকে অপকর্ষ-সপিণ্ডীকরণ বলে।০। সামবেদীর পূর্ব্বমুখে এবং অন্যবেদীর উত্তরমুখে বৃদ্ধিশ্রাদ্ধ কর্ত্তব্য। মাতৃকাপূজা পূর্ব্বমুখে বা উত্তরমুখেও করা চলে। দান পূর্ব্বমুখে কর্ত্তব্য বলিয়া ভোজ্যোৎসর্গ পূর্ব্বমুখেই করিতে হয়। শ্রাদ্ধ করিয়া দান করিতে নাই বলিয়া শ্রাদ্ধের পূর্ব্বে ভোজ্যোৎসর্গ করিবার বিধি আছে; কিন্তু বৃদ্ধিশ্রাদ্ধ দেবকার্য্য, সুতরাং ইহা করিয়া দান করিবার বাধা নাই বলিয়া এ শ্রাদ্ধে ভোজ্যোৎসর্গ করিবার আবশ্যকতা নাই; তবে অন্য শ্রাদ্ধের অনুকরণে সকলেই করিয়া থাকেন।০। বৃদ্ধিশ্রাদ্ধ আমান্ন দ্বারা করিতে হয়, ঐ আমান্ন প্রক্ষালন করিয়াও লইতে হয়*।০।

---

* তীর্থশ্রাদ্ধ (অর্থাৎ তীর্থযাত্রা, তীর্থপ্রাপ্তি ও তীর্থপ্রত্যাগমন-নিমিত্ত শ্রাদ্ধ), গ্রহণশ্রাদ্ধ, সংক্রান্তিশ্রাদ্ধ, ও বৃদ্ধিশ্রাদ্ধ আমান্ন দ্বারা করিতে হয়। শূদ্রের সকল

বিবাহের দিনে পিত্রাদির সাংবৎসরিক শ্রাদ্ধ উপস্থিত হইলে, শ্রাদ্ধ করিয়া দান ও প্রতিগ্রহ নিষিদ্ধ বলিয়া প্রতিনিধি দ্বারা যথাকালে তাহা করাইবে।

কন্যাসম্প্রদান।—রাত্রিতে দান নিষিদ্ধ হইলেও অভয়, বিদ্যা, কন্যা, দীপ, অন্ন ও আশ্রয় দান করিবার বিধি আছে। এবং গ্রহণে, সংক্রান্তিতে, বিবাহে ও কাম্যব্রতে রাত্রিতেও সর্ব্বপ্রকার দানের বিধি থাকায়, বিবাহে যৌতুকাদি দানও করা যাইতে পারে। ০। হাঁচি—উপবেশনে, শয়নে, দানে, ভোজনে, বস্ত্রপরিধানে, ও বিবাহে ক্ষুত (হাঁচি) শুভকর। অন্য কার্য্যে অশুভকর হইলেও বিষ্ণুস্মরণে শুভ হয়।০। মঙ্গলধ্বনি—দেবপূজায়, যাত্রায়, গৃহপ্রবেশে, মহোৎসবে ও মঙ্গলকর্ম্মে স্ত্রীলোকের হলুধ্বনি শুভকর। মাঙ্গল্যবাদ্যসহকারে কন্যাদান করিলে অমঙ্গল নষ্ট হয়। ০। সৌভাগ্যতিলক—গোরোচনা (অভাবে হরিদ্রা), গোমূত্র, শুষ্কগোময়, দধি ও চন্দন একত্র বাটিয়া বিবাহকালে কন্যার কপালে তিলক দিলে সৌভাগ্য ও আরোগ্য লাভ হয়। ০। চণ্ডী—সম্প্রদানকালে কন্যার কোলে চণ্ডীপুঁথি দিবার আচার আছে। ০। হস্তলেপ—কর্পূর, কুঙ্কুম, মৌয়া ফুল, ধূনা, জায়ফল; এই পাঁচটি দ্রব্য বা ইহাদের মধ্যে যে কোনও একটি দ্রব্য বাটিয়া কন্যার হস্তে প্রলেপ দিলে তাহার কখনই দৌর্ভাগ্য ও বৈধব্য ঘটে না।৺০। শুভদৃষ্টি—বর ও কন্যাকে আচ্ছাদন করিয়া পরস্পর মুখদর্শন করানকে জম্বুলমালিকা

শ্রাদ্ধই আমান্ন দ্বারা কর্ত্তব্য। তন্মধ্যে গ্রহণশ্রাদ্ধে, সংক্রান্তিশ্রাদ্ধে ও বৃদ্ধিশ্রাদ্ধে আমান্ন ক্ষালন করিতে হয় (অন্য শ্রাদ্ধে নহে)। যথা—আপদ্যনগ্নৌ তীর্থে চ চন্দ্রসূর্য্য-গ্রহে তথা। আমশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যং শূদ্রেণ তু সদৈব হি।—বৃদ্ধপ্রচেতা। নিরগ্নে-রামশ্রাদ্ধে তু অন্নং ন ক্ষালয়েৎ কচিৎ। বৃদ্ধৌ তু ক্ষালয়েদন্নং সংক্রমে গ্রহণেষু চ।—যোগিনীতন্ত্রে।

বা শুভদৃষ্টি বলে। ০। বিধবাস্পর্শ—শুভকর্ম্মে মাতা ভিন্ন আর কোনও বিধবাকে স্পর্শ করিতে নাই।

পাণিগ্রহণ (কুশণ্ডিকা)।—সাধারণ লোকে পাণিগ্রহণকেই কুশণ্ডিকা বলে। কিন্তু বাস্তবিক তাহা নহে। কুশ-ধাতুর অর্থ—সংযোগ করা, তাহার উত্তর অণ্ডচ্ প্রত্যয় করিয়া স্ত্রীলিঙ্গে ঈ করিলে কুশণ্ডী হয়; তদুত্তরে আবার স্বার্থে ক ও স্ত্রীলিঙ্গে আ করিলে কুশণ্ডিকা হইয়া থাকে উহার অর্থ—সংযোগ করা অর্থাৎ প্রয়োজনীয় দ্রব্য-সমূহের আয়োজন করা। শাস্ত্রকারেরা হোমকার্য্যকে তিনভাগে বিভক্ত করিয়াছেন। তন্মধ্যে প্রথম ভাগকে "কুশণ্ডিকা," মধ্যভাগকে "প্রকৃত-কর্ম্ম", উত্তর অর্থাৎ শেষ ভাগকে "উদীচ্যকর্ম্ম" বলে। কুশণ্ডিকা ও উদীচ্যকর্ম্ম সকল কার্য্যেই একরূপ; কেবল প্রকৃত কর্ম্মই কার্য্যবিশেষে বিভিন্ন। পাণি শব্দের অর্থ—হস্ত; পাণিগ্রহণ—বরবর্ত্তৃক কন্যার হস্তগ্রহণ। পাণিগ্রহণ-কার্য্য কন্যাসম্প্রদানান্তে সেই রাত্রেই কর্ত্তব্য। কোনও কারণে সে রাত্রে না ঘটিলে অন্য দিনেও করা চলে। পাণিগ্রহণ আরব্ধ হইলে যদি কন্যার রজোযোগ হয়, তাহা হইলে তাহাকে স্নান করাইয়া, ঋতুদোষপ্রশমন-কামনায় গায়ত্রীমন্ত্রে আজ্যহোম (অন্ততঃ ২৮ বার) করিয়া, পরে অবশিষ্ট কার্য্য করিতে হয়। পাণিগ্রহণের পূর্ব্বে রজোযোগ হইলে তদবধি পঞ্চম দিনে পাণিগ্রহণ কর্ত্তব্য।

বৌভাত ও ফুলশয্যা।—বিবাহরাত্রি হইতে ত্রিরাত্র বর ও কন্যাকে অক্ষার-লবণাশী হইয়া (অর্থাৎ মাষকলাই, মুগ, মুসুর, তিল প্রভৃতি ক্ষারদ্রব্য এবং লবণ ভোজন না করিয়া), ভূমিতে শয্যা পাতিয়া একসঙ্গে অথচ ব্রহ্মচারিভাবে শয়ন করিতে হয়। এইজন্য ঐ তিন রাত্রিকে কালরাত্রি বলে। কালরাত্রির পর যে কোনও রাত্রিতে ফুলশয্যা করিতে হয়। বৌভাত (অর্থাৎ নববধূর পাকস্পর্শ) ফুলশয্যার দিন

মধ্যাহ্নে বা রাত্রে কর্ত্তব্য। বিবাহের পর ১ বৎসর, অশক্তপক্ষে ১২ দিন, ৬ দিন বা ৩ দিন সহবাস নিষিদ্ধ। এইজন্যই অনেকের প্রথা আছে, তাঁহারা ১ বৎসরের মধ্যে কন্যাকেও পাঠান না, এবং জামাতাকেও আনেন না।

বিবাহাদির ব্যয়-নির্ব্বাহ।—যে ব্যক্তি অন্যের বিবাহ, উপনয়ন প্রভৃতির ব্যয় নির্ব্বাহ করেন, তাঁহার অশ্বমেধ-যজ্ঞের ফল হয়।

নববধ্বাগমন ও দ্বিরাগমন।—বিবাহের পর বধূর পতিগৃহে নূতন (অর্থাৎ প্রথম) আগমনকে নববধ্বাগমন, এবং দ্বিতীয়বার আগমনকে দ্বিরাগমন বলে। সম্মুখ-শুক্রাদি পরিত্যাগ করিয়া শাস্ত্রোক্ত দিনে নববধ্বাগমন ও দ্বিরাগমন কর্ত্তব্য। কিন্তু এক্ষণে বিবাহরাত্রে পাণিগ্রহণ না করিয়া বরের বাটীতে গিয়া করার প্রথা দাঁড়াইয়াছে বলিয়া তদনুরোধে নববধ্বাগমনে বিহিত দিনের বিচার করা হয় না। বিবাহ-মাসে যদি বধূর প্রথম পতিগৃহে আগমন (অর্থাৎ নববধ্বাগমন) না হয়, তাহা হইলে যুগ্মাদি বর্ষের বিচার করিতে হয় (অর্থাৎ অষ্টম, দশম ও দ্বাদশ বর্ষ বয়সে দ্বিরাগমন করিতে নাই) *। অনেকে "ধূলা-পায়ে লগ্ন" করিয়া (অর্থাৎ বিবাহের পর ৮ দিনের মধ্যে বধূকে পিত্রালয়ে পাঠাইয়া পুনর্ব্বার আনিলে) আর দ্বিরাগমনের দিন দেখিতে হয় না বলেন, এবং সেইরূপ করিয়াও থাকেন; কিন্তু তাহার কোনও প্রমাণ নাই। এক গ্রামে, এক গৃহে ও রাজ্যবিপ্লবে পতি স্বয়ং আনিলে, এবং পিত্রালয়ে

* বিবাহমাসি প্রথমং বধ্বা নাগমনং যদি। তদা সর্ব্বমিদং চিন্ত্যং যুগ্মাদ্যব্দং বিচক্ষণৈঃ।—জ্যোতিঃসারসংগ্রহ।

বর্জ্জ্যং হ্যষ্টমে বর্ষে বধূরক্ষ দশাধিকে। সদ্যস্তু দ্বাদশে বর্ষে পতিং হন্তি দ্বিরা-গমে।—কৃত্যচিন্তামণি।

স্তনোদ্গম হইলে সম্মুখ শুক্রাদি দ্বিরাগমনোক্ত দিনের বিচার করিতে হয় না; যাত্রিক শুভদিন দেখিয়া আনিলেই হয়।

পতিগৃহে ভোজন-নিষেধ।—পিতৃগৃহে ভোজন করিয়া পতিগৃহে গিয়া (নববধূও) তদ্দিনে ভোজন করিলে দুর্ভগা হয় (অন্যের বাটীতে ভোজন কর্ত্তব্য)।

জামাতৃগৃহে ভোজন-নিষেধ।—দৌহিত্র (দৌহিত্রী নহে) না জন্মিলে জামাতৃগৃহে ভোজন করিতে নাই। ব্রাহ্মবিবাহে দৌহিত্র জন্মিলেও ভোজন নিষিদ্ধ।

দম্পতির-কর্ত্তব্য।—পতির কর্ত্তব্য—অর্থ উপার্জ্জন করিয়া পত্নীর হস্তে দিবে, এবং ব্যয় করিবার ভারও তাহাকে দিবে। অতিথি-সেবাদি ধর্ম্মচর্য্যায়, রন্ধনে ও গৃহসামগ্রীর পর্য্যবেক্ষণে পত্নীকে নিযুক্ত করিবে। পত্নীর সহিত কলহ করিবে না, সর্ব্বপ্রকারে তাহাকে সন্তুষ্ট রাখিবে ও সদুপদেশ দিবে। শাস্ত্রে উক্ত হইয়াছে যে—যে পরিবারে পতি পত্নী পরস্পর পরস্পরের প্রতি প্রীত থাকেন, সে পরিবারে নিত্য কল্যাণ হয়। স্ত্রী গৃহের আলোকস্বরূপ ও পূজার্হা; গৃহে স্ত্রী ও শ্রীর মধ্যে কোন প্রভেদ নাই।০। পত্নীর কর্ত্তব্য পতির ও অন্যান্য গুরুজনদিগের নাম বৃথা উচ্চারণ করিবে না। পতি ক্রোধ করিলেও তাহার প্রতি ক্রোধ করিবে না। প্রহার করিলেও অভিমান-ভরে পতিগৃহত্যাগ বা আত্মহত্যা করিবে না। স্বামীকে কখনও কটু কথা কহিবে না ও স্বামীর প্রতি অসন্তুষ্ট হইবে না। সীতার চরিত্র স্মরণে রাখিবে—রামচন্দ্র বিনাদোষে গর্ভাবস্থায় সীতাকে বনবাসে পাঠাইলেও তিনি মনে মনেও স্বামীকে কটূক্তি করেন নাই; নিজেরই দুর্ভাগ্য স্মরণ করিয়া ব্যথিত হইয়াছিলেন; পতির প্রতি তখনও তাঁহার অচলা ভক্তি ছিল; দেবতাদের নিকট সতত প্রার্থনা করিতেন "আর্য্য-

পুত্রকেই যেন জন্মে জন্মে পতি পাই"। অন্য পুরুষের প্রতি দৃষ্টিপাত করিবে না। দ্বারে বা বাতায়নে (সাধারণের দৃষ্টিপথে) অবস্থান করিবে না। স্বামী দুশ্চরিত্র, নির্ধন, বৃদ্ধ বা রুগ্ণ হইলেও,তাহাকেই পরম দেবতা ভাবিয়া অকপটে সেবা করিবে। অকপটে পতিসেবা করিলেই সর্ব্বদেবতা-পূজার ও সর্ব্বব্রতানুষ্ঠানের ফল হয়। পতির পাদোদক পান করিলে তীর্থস্নানের ফল হইয়া থাকে। স্বামীর অমতে ব্রতোপবাসাদি ধর্ম্মকর্ম্মও করিবে না, অন্য কর্ম্মের ত কথাই নাই। অর্থের অপব্যবহার করিয়া স্বামীর বিরাগভাজন হইবে না। স্বামীর নিকট কোনও বিষয় গোপন করিবে না; দোষের কথা হইলেও তাহা ব্যক্ত করিবে। স্বামীর সুখে সুখিনী, ও দুঃখে দুঃখিনী হইবে। স্বামীর আয়ুর্বৃদ্ধির জন্য হরিদ্রা, কুঙ্কুম, সিন্দুর, কজ্জল, তাম্বূল, কেশবন্ধন, কর্ণভূষণ ও হস্তাভরণ ত্যাগ করিবে না। মহাপ্রসাদজ্ঞানে পতির উচ্ছিষ্ট ভোজন করিবে। ঋতুমতী হইলে ত্রিরাত্র স্বামীকে মুখ দেখাইবে না। ঋতুস্নানান্তে অগ্রে পতিমুখ দর্শন করিবে; অন্য পুরুষকে দেখিবে না। শ্বশ্রূ শ্বশুর প্রভৃতি গুরুজনকে, দেবর ননদ প্রভৃতি বন্ধুজনকে, ও অন্যান্য পরিজনদিগকে যথোচিত ভক্তি-শ্রদ্ধা ও আদর-যত্ন করিবে। মাদকদ্রব্য সেবন, কদাচারিণীর সংসর্গ, নানাস্থানে পর্য্যটন ও পরগৃহে বাস বর্জ্জন করিবে। স্বামী বিদেশে থাকিলে বেশভূষা করিবে না; কেবল আয়তিচিহ্ন ধারণ করিবে। স্বামীর মৃত্যু হইলে ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া তাঁহার পারত্রিক সদ্গতির জন্য ধর্ম্মাচরণ করিবে; ইত্যাদি।

আদ্য-ঋতু।—ইহাকে পুষ্পোৎসবও বলে। পুষ্প শব্দের অন্য অর্থ ঋতু। আদ্য ঋতু রবিবারে হইলে বিধবা, মঙ্গলবারে বেশ্যা, ও শনিবারে বন্ধ্যা হয়। পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী, অশ্লেষা ও আর্দ্রা নক্ষত্রে বিধবা, মঘানক্ষত্রে শোকার্ত্তা, পুনর্ব্বসুনক্ষত্রে

কুলটা, এবং কৃত্তিকা ও জ্যেষ্ঠানক্ষত্রে দরিদ্রা হয়। অশুভ বারাদিতে আগুঋতু হইলে তজ্জন্য প্রতিকার করিয়া সহবাস করিবে ; নচেৎ যতদিন আবার শুভ বারাদিতে ঋতু না হয়, ততদিন সহবাস করিবে না।

বারাদিদোষের প্রতিকার।---সকল কার্য্যেই বারদোষে ও নক্ষত্রদোষে ধান্য, তিথিদোষে তণ্ডুল, লগ্নদোষে স্বর্ণ, চন্দ্র-অশুদ্ধিতে শঙ্খ, তারা-অশুদ্ধিতে লবণ উৎসর্গ করিবে। ধান্যাদির পরিমাণ ১ সেরের, এবং স্বর্ণের পরিমাণ ১ রতির কম না হয়। লবণের পরিমাণ— জন্মতারায় ২ পল, বিপত্তারায় ৩ পল, প্রত্যরিতারায় ৫ পল, এবং বধতারায় ৭ পল (৪ তোলায় ১ পল হয়)। জন্মতারাদির বিবরণ পরে আছে। একখানি নূতন কুলায় উক্তপরিমাণ লবণ দ্বারা যুবতী-প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া উৎসর্গ করিতে হয় ; মতান্তরে বিপত্তারায় গুড়, জন্মতারায় শাক, প্রত্যরিতারায় লবণ, এবং বধতারায় তিলকাঞ্চন উৎসর্গ করিতে হয়। ০। গ্রহদোষে ধারণীয়—রবিগ্রহে তাম্র, চন্দ্রে শঙ্খ, মঙ্গলে প্রবাল, বুধে স্বর্ণ, বৃহস্পতিগ্রহে মুক্তা, শুক্রে মণি, শনিগ্রহে সীস, রাহুগ্রহে লৌহ, ও কেতুগ্রহে কর্পূর উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দিবে. এবং নিজেও হস্তে ধারণ করিবে।

গর্ভাধান।---ইহাকে চলিত কথায় দ্বিতীয়বিবাহ ও পুনর্ব্বিবাহ বলে। সন্তানোৎপাদনের জন্য গর্ভে বীজবপন করার নাম গর্ভাধান। একবার মাত্র গর্ভাধান-সংস্কার করিলেই নারীর গর্ভ চিরদিনের জন্য পবিত্র হয়। সেই পবিত্র গর্ভে সঞ্চারিত শোণিত-শুক্রেরও পবিত্রতা জন্মে বলিয়া তদ্দ্বারা পবিত্র সন্তান উৎপন্ন হইয়া থাকে। এই সংস্কার প্রথম ঋতুতে (৬ষ্ঠ হইতে ১৬শ দিনের মধ্যে যুগ্মদিবসে) শাস্ত্রোক্ত দিনে করিতে হয়। প্রথম ঋতুতে করা না হইলে অন্য ঋতুতে কর্ত্তব্য। কিন্তু

যতদিন উহা করা না হয়, ততদিন সহবাস নিষিদ্ধ। কোনও ঋতুতে করা না হইলে ব্রাহ্মণ দ্বারা পঞ্চগব্য শোধন করাইয়া ভক্ষণ করাইবার প্রথা আছে।

ষোড়শবর্ষীয়-গর্ভ-চিন্তা।—ষোড়শ বর্ষে গর্ভসঞ্চার বা প্রসব হইলে সন্তানসহ গর্ভিণীর ও তৎপতির মৃত্যু হয়। তাহার প্রতিকারার্থে গর্ভিণীকে সর্ব্বৌষধিজলে স্নান করাইয়া, গৌরীর পূজা, শিবপ্রদক্ষিণ, কৃষ্ণবস্ত্র সহ গর্ভবতী ছাগী দান, আধ তোলা রূপার অর্দ্ধচন্দ্র গড়াইয়া কাংস্যপাত্র শুক্লবস্ত্র ও শুক্ল পদ্মের সহিত উৎসর্গ, দুইটি গোমূল্য (৷৹) উৎসর্গ, এবং তিনটি ব্রাহ্মণকে ভোজন করাইবে।

পঞ্চামৃত ও সাধভক্ষণ।—পঞ্চম মাসে গর্ভিণীকে পঞ্চামৃত পান করাইয়া, নবম মাসে সাধভক্ষণ করাইতে হয়। পঞ্চম মাসে ঘটিয়া না উঠিলে, নবম মাসে সাধভক্ষণের পূর্ব্বে বিহিত দিনে পঞ্চামৃত খাওয়াইবে। গর্ভিণীর যে যে দ্রব্য ভক্ষণে অভিলাষ হয়, তাহা ভক্ষণ করানকে সাধভক্ষণ বলে।

সূতিকাষষ্ঠী পূজা।—সূচীপত্র দেখ।

শিশুর দন্তোদ্গম।—শিশু দন্তসহ ভূমিষ্ঠ হইলে মাতা পিতা উভয়ের, প্রথম মাসে দন্ত উঠিলে পিতার, দ্বিতীয় মাসে মাতার, তৃতীয় মাসে ভ্রাতার, এবং দশম মাসে নিজের মৃত্যু হয়। অষ্টম মাসে দন্ত উঠিলে দরিদ্র ও অসুখী হইয়া থাকে। তৎপ্রতিকারার্থে চন্দনের সহিত গন্ধক বাটিয়া, তদ্দ্বারা আটটি পুতুল গড়িয়া স্রোতের জলে ডুবাইয়া দিবে। পরে শিশুর মস্তকে শুক্লপুষ্প দিয়া সেই স্রোতের জলে তাহাকে স্নান করাইয়া শিবমূর্ত্তি দেখাইবে, এবং যজ্ঞোডুম্বর সমিধ দ্বারা বিষ্ণুহোম করাইয়া ব্রাহ্মণ ভোজন করাইবে।

নামকরণ ও অন্নপ্রাশন।—এক্ষণে এই দুইটি সংস্কার একদিনে করাই প্রচলিত হইয়াছে। অন্নপ্রাশনোক্ত দিনে বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া অগ্রে নামকরণ, তৎপরে অন্নপ্রাশন করিতে হয়। পুত্রের ষষ্ঠ মাস, ও কন্যার পঞ্চম মাসই অন্নপ্রাশনের মুখ্যকাল। তাহাতে না ঘটিলে পুত্রের অষ্টম মাসে ও কন্যার সপ্তম মাসে করিবে। তাহাতেও না ঘটিলে চূড়াকরণের পূর্ব্বে যে কোনও শাস্ত্রোক্ত দিনে, অথবা চূড়াকরণের দিনেই কর্ত্তব্য। মুখ্যকালে অন্নপ্রাশন করিলে, মলমাসাদি কোনপ্রকার অকাল প্রতিবন্ধক হয় না। কিন্তু গৌণকালে করিলে শুদ্ধকালে করিতে হয়, এবং কালাতিক্রমজন্য অগ্রে মহাব্যাহৃতি-হোমরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়।০। দেবতার সম্মুখে অলঙ্কৃত পুত্রকে পিতা কোলে করিয়া বসিলে তাহার সম্মুখে উৎকৃষ্ট পাত্রে অন্ন ধরিয়া দিবে। মাতুলের অন্ন দেওয়ার প্রথা আছে; কিন্তু শাস্ত্রানুসারে বালকের মুখে পিতাকেই অন্ন দিতে হয়। ভোজনান্তে আচমন করাইয়া পুত্রকে মাতার ক্রোড়ে দিবে। তৎকালে শিল্পসামগ্রী, শস্ত্র, শাস্ত্র প্রভৃতি তাহার সম্মুখে রাখিয়া লক্ষণ জানিবে। বালক প্রথমে যাহা স্পর্শ করিবে, তাহাই তাহার জীবিকা হইবে।

চূড়াকরণ ও কর্ণবেধ।—এক্ষণে এই দুইটি কার্য্যও একদিনেই হইয়া থাকে; দ্বিজাতিদিগের উপনয়নের দিনেই হয়। কিন্তু কর্ণবেধ (কাণ-বিঁধুনি) সংস্কার নহে বলিয়া উহার জন্য বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয় না (ষষ্ঠী মার্কণ্ডেয়ের পূজা করিয়া শিশুর অধিবাস করিলেই হয়)। তৃতীয় বর্ষই চূড়াকরণের মুখ্যকাল; কিন্তু অকালে হয় না। মুখ্যকালে ঘটিয়া না উঠিলে পরবর্ত্তী সংস্কারের পূর্ব্বে অথবা তদ্দিনে মহাব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্ত করিয়া কর্ত্তব্য। যুগ্ম বর্ষে ও যুগ্ম মাসে, এবং জন্মমাসে, জন্মনক্ষত্রে, জন্মরাশিতে ও রবি-অশুদ্ধিতে নিষিদ্ধ; কিন্তু অন্য সংস্কারের দিনে হইলে যুগ্মমাসাদির বিচার করিতে হয় না। চূড়াশব্দের অর্থ কেশ, এবং করণ

শব্দের অর্থ সংস্কার। ইহাতে কুলাচার অনুসারে মস্তক মুণ্ডন বা কেশ কর্ত্তন করিতে হয়। নখচ্ছেদনও কর্ত্তব্য। ০। কর্ণবেধে বৎসরের নিয়ম নাই; তবে যুগ্মবর্ষে ও যুগ্মমাসে,এবং জন্মমাসে, জন্মনক্ষত্রে,জন্মরাশিতে ও রবি-অশুদ্ধিতে নিষিদ্ধ। তিনি পুত্রের কর্ণবেধ না হইলে, তাহাকে ষট্‌কর্ণ বলে। ষট্‌কর্ণ ঘটিলে তিন পুত্রের মধ্যে একের মৃত্যু হয়। অতএব ষট্‌কর্ণের আশঙ্কা হইলে পৌর্ব্বাপর্য্য বিচার না করিয়া যে পুত্রের অযুগ্মাদি বর্ষ হইবে, তাহারই কর্ণবেধ করিবে। তৃতীয় সন্তান ভূমিষ্ঠ হইলে, প্রসূতি স্বয়ং তাহাকে কোলে লইয়া, দ্বিগুণ সূত্রযুক্ত সূচী দ্বারা তাহার কর্ণবেধ করিতে পারে।

বিদ্যারম্ভ।——সূচীপত্র দেখ।

উপনয়ন ও সমাবর্ত্তন।----যে কর্ম্ম দ্বারা বালককে বেদাধ্যয়নার্থে আচার্য্যের নিকট লইয়া যাওয়া হয়, তাহাকে উপনয়ন বলে। বেদাধ্যয়ন সমাপ্ত হইলে গুরুগৃহ হইতে ফিরাইয়া আনার নাম সমাবর্ত্তন*। ব্রাহ্মণের গর্ভাবধি অষ্টম,ক্ষত্রিয়ের গর্ভাবধি একাদশ,এবং বৈশ্যের গর্ভাবধি দ্বাদশ বর্ষই উপনয়নের মুখ্যকাল। মুখ্যকালে না হইলে ব্রাহ্মণের গর্ভাবধি ১৬ বৎসর পর্য্যন্ত, ক্ষত্রিয়ের গর্ভাবধি ২২ বৎসর পর্য্যন্ত, এবং বৈশ্যের গর্ভাবধি ২৪ বৎসর পর্য্যন্ত গৌণকাল। গৌণকালে মহাব্যাহৃতিহোমরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। উক্ত গৌণকালের পর সাবিত্রী পতিত হয় (অর্থাৎ সাবিত্রীতে অধিকার নষ্ট হয়)। যাহার সাবিত্রী পতিত হয়, তাহাকে ব্রাত্য বলে। ব্রাত্যের প্রায়শ্চিত্ত—চান্দ্রায়ণ ও গোদান (অর্থাৎ চান্দ্রায়ণের অনুকল্প ২২॥ কাহন ও গোদানের অনুকল্প ১ কাহন উৎসর্গ) করিয়া তৎপরে উপনয়ন-সংস্কার করিবে। দারিদ্র্য বা রাষ্ট্রবিপ্লবাদি

---

* অধ্যয়নার্থম্ আচার্য্যস্য সমীপং নীয়তে যেন কর্ম্মণা তৎ উপনয়নম্।—রঘুনন্দন।

বশতঃ ব্রাত্যত্ব ঘটিলে তাহার প্রায়শ্চিত্ত ৩টি প্রাজাপত্য (তদনুকল্প ৯ কাহন উৎসর্গ) করাইয়া উপনয়ন-সংস্কার করিবে। প্রায়শ্চিত্ত না করাইয়া ব্রাত্যের উপনয়ন দিলে ব্রাত্যাচার্য্যকে ৯ কাহন উৎসর্গরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। অকৃতপ্রায়শ্চিত্ত ব্রাত্যাচার্য্যের অন্ন ভোজন করিলে ১২ পণ উপসর্গ কর্ত্তব্য।০। অকালে (বৃষ্ট্যাদিজন্য অকালেও), হরিশয়নে ও দক্ষিণায়নে উপনয়ন নিষিদ্ধ। কিন্তু বৈশ্যের দক্ষিণায়নে নিষেধ নাই। জন্মলগ্নে, জন্মসংজ্ঞক তারায়, জন্মমাসে ও জন্মরাশিতে উপনয়ন প্রশস্ত।

চন্দ্রাদিশুদ্ধি।—সকল কার্য্যেই চন্দ্রশুদ্ধির প্রয়োজন। কোনও কোনও কার্য্যে তারাশুদ্ধি ও রবিশুদ্ধিরও প্রয়োজন আছে (পূর্ব্বে উক্ত হইয়াছে)। শুক্লপক্ষে চন্দ্রশুদ্ধি ও কৃষ্ণপক্ষে তারাশুদ্ধি বিশেষ আবশ্যক।০। চন্দ্রশুদ্ধি—কর্ম্মের সময়ে চন্দ্র যে রাশিতে থাকেন (পঞ্জিকার পার্শ্বে "মেষের চন্দ্র" ইত্যাদি দ্রষ্টব্য), সেই রাশিই কর্ত্তার রাশি হইলে, অথবা কর্ত্তার রাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, দশম বা একাদশ হইলে চন্দ্রশুদ্ধি হয়। শুক্লপক্ষে দ্বিতীয়, পঞ্চম ও নবম হইলেও চন্দ্রশুদ্ধি হইয়া থাকে।০। তারাশুদ্ধি—কর্ত্তার জন্মনক্ষত্র হইতে ৯টি করিয়া তারার যথাক্রমে জন্ম, সম্পদ্, বিপদ্, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ (মৃত্যু), মিত্র ও পরমমিত্র; এই ৯টি নাম হইয়া থাকে। দশম হইতে অষ্টাদশ, এবং উনবিংশ হইতে সপ্তবিংশ পর্য্যন্ত নয়টি তারারও যথাক্রমে ঐ সকল নাম জানিবে (অর্থাৎ দশম নক্ষত্র জন্ম; একাদশ নক্ষত্র সম্পদ্ ইত্যাদি ; এইরূপ উনবিংশ নক্ষত্র জন্ম, বিংশ নক্ষত্র সম্পদ্ ইত্যাদি)। তন্মধ্যে বিপদ্, প্রত্যরি ও বধ অশুভ ; অন্য ছয়প্রকার তারা শুভ। পূর্ব্বোক্ত কোনও কোনও কার্য্যে জন্মতারা নিষিদ্ধ আছে।০। রবিশুদ্ধি—পঞ্জিকায় প্রতিমাসের প্রথমে যে রাশিচক্র অঙ্কিত থাকে, তাহাতে কর্ত্তার জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ,

দশম ও একাদশ স্থানে রবি থাকিলে শুভ; এবং মাসের ত্রয়োদশ দিনের পর দ্বিতীয়, পঞ্চম ও নবম স্থানে থাকিলেও শুভ হয়। তদ্ভিন্ন স্থানে থাকিলে অশুভ। ০। চন্দ্র ও তারা অশুভ হইলে তৎপ্রতিকার পূর্ব্বে দ্রষ্টব্য (১৮২ পৃঃ)।

দেশাচার ও কুলাচার।---"ন যত্র সাক্ষাদ্ বিধয়ো, ন নিষেধাঃ শ্রুতৌ স্মৃতৌ। দেশাচার-কুলাচারৈস্তত্র ধর্ম্মো নিরূপ্যতে।" (শ্রুতিতে ও স্মৃতিতে যাহার বিধি নাই, অথচ নিষেধও নাই, দেশাচার ও কুলাচার অনুসারে তাহাও ধর্ম্ম বলিয়া স্বীকার্য্য)। "দেশানুশিষ্টং কুলধর্ম্মমগ্র্যং স্বগোত্রধর্ম্মং নহি সংত্যজেচ্চ।" (দেশাচার ও কুলাচার পরিত্যাগ করা উচিত নহে)।

প্রবরনির্ণয়।*

তুলাদানে, হাটকাচলদানে ও কন্যাদানে প্রবরের উল্লেখ করিতে হয়। কোন্ গোত্রের কি প্রবর, তাহা অকারাদিক্রমে লিখিত হইতেছে।--

অগস্ত্যগোত্র—আগস্ত্য-দার্ঢ্যচ্যুতৈধ্মবাহপ্রবর।

অঙ্গিরোগোত্র—আঙ্গিরস-বার্হস্পত্য-ভারদ্বাজপ্রবর।

অত্রিগোত্র—আত্রেয়ার্চ্চনানস-শ্যাবাশ্বপ্রবর।

আলবাল—আঙ্গিরস-ভার্ম্ম্যাশ্ব-মৌদ্গল্যপ্রবর।

কাণ্বগোত্র—কাণ্বাঙ্গিরসাজমীঢ়প্রবর।

কাশ্যপগোত্র—কাশ্যপাবৎসার-নৈধ্রুবপ্রবর।

কৌণ্ডিন্যগোত্র—ভরদ্বাজাঙ্গিরস-বার্হস্পত্যপ্রবর।

কৌণ্ডিল্যগোত্র— ,, ,, ।

* আশ্বলায়ন, বৌধায়ন, প্রবরমঞ্জরী প্রভৃতি গ্রন্থ দর্শনে লিখিত। প্রবর জানা না থাকিলে "যথার্হপ্রবর" বা "যথাসম্ভবপ্রবর" বলিতে হয়।

গৌতমগোত্র—গৌতমাঙ্গিরসায়াস্তপ্রবর।

ঘৃতকৌশিকগোত্র—কুশিক-কৌশিক-ঘৃতকৌশিকপ্রবর। বা কুশিক-কৌশিক-বন্ধুলপ্রবর।

জমদগ্নিগোত্র—ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবানপ্রবর।

পরাশরগোত্র—পারাশর্য্য-শাক্ত্য-বশিষ্ঠপ্রবর।

পূতিমাষ্যগোত্র—আঙ্গিরস-সাঙ্কৃত্য-গৌরবীতপ্রবর।

ভরদ্বাজগোত্র—ভারদ্বাজাঙ্গিরস-বার্হস্পত্যপ্রবর।

ভৃগুগোত্র—ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবানপ্রবর।

মৌদ্গল্যগোত্র— „ „

বশিষ্ঠগোত্র—ঔর্ব্ব চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবানপ্রবর।

বাস্থকিগোত্র—অক্ষোভ্যানন্ত-বাস্থকিপ্রবর।

বিশ্বামিত্রগোত্র—বৈশ্বামিত্রৌদল-দৈবরাতপ্রবর।

বৈয়াঘ্রপদ্যগোত্র—সাঙ্কৃতিপ্রবর। বা আঙ্গিরস-সাঙ্কৃত্য-গৌরবীতপ্রবর।

শক্তিগোত্র—শাক্ত্য-গৌরবীত-সাঙ্কৃত্যপ্রবর।

শাণ্ডিল্যগোত্র—শাণ্ডিল্যাসিত-দৈবলপ্রবর।

শুনকগোত্র—শৌনকপ্রবর।

সাবর্ণগোত্র—ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবানপ্রবর।

সিরীষগোত্র—আত্রেয়ার্চ্চনানস-পৌর্ব্বাতিথপ্রবর।

সৌকালিনগোত্র—সৌকালিনাঙ্গিরস-বার্হস্পত্যাবৎসার-নৈধ্রুবপ্রবর।

আরও অনেক গোত্র আছে; সমস্ত লিখিতে হইলে বৃহৎ একখানি পুস্তক হইয়া যায়। তজ্জন্য কতকগুলি প্রচলিত গোত্রই লিখিত হইল।

অভিনব-মাধবাচার্য্য "গোত্রপ্রবরনির্ণয়ে" লিখিয়াছেন—"ত্র্যার্ষেয়-সন্নিপাতাস্ত্র ত্র্যার্ষেয়াণাং করগ্রহঃ। ত্র্যার্ষেয়সন্নিপাতার পঞ্চার্ষেয়করগ্রহঃ। ভৃগ্বঙ্গিরোগণেষেবং শেষেষেকোঽপি বার্য্যতে।" (ভৃগুগণ ও অঙ্গিরোগণের

মধ্যে যাহাদের ত্রিপ্রবর,তাহাদের দুই প্রবরের সাম্য হইলে এবং যাহাদের পঞ্চপ্রবর, তাহাদের তিন প্রবরের সাম্য হইলে পরস্পর বিবাহ হয় না; অবশিষ্ট গণে একপ্রবরের সাম্য হইলেই বিবাহ নিষিদ্ধ); ভৃগুগণ যথা— ভৃগু, জমদগ্নি, বাৎস্য, মার্কণ্ডেয় ইত্যাদি। ইহাদের মধ্যে কতিপয়ের পঞ্চপ্রবর— ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবান, ও ভার্গব-চ্যাবনা-প্নবানার্ষ্টিষেণানূপ; কতিপয়ের ত্রিপ্রবর—ভার্গবৌর্ব্ব-জামদগ্ন্য, ও ভার্গব-চ্যাবনাপ্নবান। অঙ্গিরোগণ যথা—অঙ্গিরাঃ, আয়ু, দক্ষ ইত্যাদি। ইহাদের কতিপয়ের পঞ্চপ্রবর—আঙ্গিরসবার্হস্পত্য-ভারদ্বাজ-গার্গ-শৈন্য, ও আঙ্গিরসবার্হস্পত্য-ভারদ্বাজ-মৌদ্গল্য-শৈশির; কতিপয়ের ত্রিপ্রবর— আঙ্গিরস-বার্হস্পত্য-ভারদ্বাজ, ও আঙ্গিরস-ভার্ম্যাশ্ব-মৌদ্গল্য।

পাকা দেখা।

শনি ও মঙ্গল বার; চতুর্থী, নবমী, চতুর্দ্দশী ও অমাবস্যা তিথি; ভরণী, কৃত্তিকা, অশ্লেষা ও মঘা নক্ষত্র; বারবেলা, রাক্ষসীবেলা, কালরাত্রি ও ত্র্যহস্পর্শ ত্যাগ করিয়া, বর বা কন্যাকে পূর্ব্বমুখে বসাইয়া, মধ্যমাঙ্গুলী দ্বারা ললাটে চন্দনের তিলক ও হস্তে, সুবর্ণাদি দিবে। তৎপরে নিম্নলিখিত স্বস্তিসূক্ত ও আশীর্ব্বাদী মন্ত্র পাঠ করিয়া শঙ্খধ্বনি-সহকারে মস্তকে জল, পুষ্প (দূর্ব্বা) ও যব (ধান্য) প্রক্ষেপ করিবে; বর বা কন্যাও ব্রাহ্মণদিগকে রজতমুদ্রাদি দিয়া প্রণাম করিবে।

স্বস্তিসূক্ত—[ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ স্বস্তি স্বস্তি স্বস্তি॥

আশীর্ব্বাদী মন্ত্র—[ওঁ শিবা আপঃ সন্তু (জল)। ওঁ সৌমনস্যমস্তু (পুষ্প)। ওঁ অক্ষতকারিষ্টকাস্তু (যব)। ওঁ দীর্ঘায়ুঃ শ্রেয়ঃ শান্তিঃ পুষ্টিস্তুষ্টিশ্চাস্তু।]

ঋগ্বেদীর কন্যাবরণ।

বরের পাকা দেখার পর শুভ দিনে বর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া, ২ জন, ৪ জন, বা ৮ জন প্রশস্ত-বেশধারী সভ্য ব্যক্তিকে কন্যার বাটীতে পাঠাইবে।—

ওঁ অনৃক্ষরা ঋজবঃ সন্তু পন্থাঃ
যেভিঃ সখায়ো যন্তি নো বরেয়ং।
সমর্য্যমা সং ভগো নো নিনীয়াৎ
সং জাস্পত্যং সুযম-মস্তু দেবাঃ॥ (১)

তাহারা স্ব-সমসংখ্য পুরন্ধ্রীর (পতিপুত্রবতী প্রৌঢ়া রমণীর) সহিত মাঙ্গল্যগীত-বাদ্য-সহকারে কন্যাগৃহে গিয়া কন্যাকে শোভন পীঠের উপর

---

(১) ব্যাখ্যা—হে দেবাঃ, পন্থাঃ (পন্থানঃ—মার্গাঃ) অনৃক্ষরাঃ (ঋক্ষরঃ কণ্টক উচ্যতে—কণ্টকরহিতাঃ) ঋজবঃ (অকুটিলাঃ) চ সন্তু। যেভিঃ (যৈঃ পথিভিঃ) নঃ (অস্মাকং) সখায়ঃ (বরপ্রেষিতাঃ বন্ধবঃ) বরেয়ং (বরৈঃ যাচিতব্যং কন্যাপিতরং প্রতি) যন্তি (গচ্ছন্তি—তে পন্থানঃ ইত্যন্বয়ঃ)। কিঞ্চ অর্য্যমা দেবঃ নঃ (অস্মান্) সং নিনীয়াৎ (সম্যক্ প্রাপয়েৎ)। তথা ভগো দেবঃ সং নিনীয়াৎ। ইদং জাস্পত্যং (জায়াপত্যোর্যুগলং) সুযমং (সুমিথুনম্) সম্ অস্তু (সম্যক্ ভবতু)। পন্থাঃ—"সুপাং সুলুক্" ইত্যাদিনা জসঃ স্থানে সুঃ। যেভিঃ—ছান্দসঃ ঐসভাবঃ। সং নিনীয়াৎ—"ব্যবহিতাশ্চ" ইতি ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ। জাস্পত্যং—জায়াপত্যমিতি বক্তব্যে ছান্দসং রূপম্।•। অনুবাদ—হে দেবগণ, যে পথে আমার বন্ধুরা কন্যা-পিতার

বসাইয়া, ও আপনারা পশ্চিমমুখে বসিয়া, কন্যার জ্ঞাতি-বন্ধুগণের সমক্ষে, তাহার হস্তে একটি ফল দিয়া বলিবেন—

ওঁ অমুকগোত্রোদ্ভবায় অমুকস্য প্রপৌত্রায়, অমুকস্য পৌত্রায়, অমুকস্য পুত্রায়, শ্রীঅমুকনাম্নে বরায় ; অমুকগোত্রোদ্ভবাং, অমুকস্য প্রপৌত্রীং, অমুকস্য পৌত্রীং, অমুকস্য পুত্রীং, শ্রীঅমুকনাম্নীম্ ইমাং কন্যাং ভার্য্যাত্বায় বৃণীমহে। (২)

তৎপরে কন্যাদাতা ভার্য্যা-জ্ঞাতি-বন্ধুগণের সহিত কন্যার পার্শ্বে পূর্ব্বমুখে বসিয়া অবিকল ঐরূপই বলিবেন; কেবল "বৃণীমহে" স্থলে "বৃণীধ্বং" (৩) পাঠ করিবেন।

উভয়পক্ষের এইরূপ তিনবার বলা হইলে, দাতা উচ্চৈঃস্বরে তিনবার "প্রদাস্যামি" (৪) বলিবেন। তার পর পূর্ব্বোক্তরূপ স্বস্তিসূক্ত ও আশীর্ব্বাদী মন্ত্র পাঠপূর্ব্বক "পাকা দেখা" সম্পন্ন হইলে, ব্রাহ্মণেরা বলিবেন—ওঁ এতদ্ বঃ সত্যমস্তু (৫)।

ওঁ সমানী ব আকূতিঃ সমানা হৃদয়ানি বঃ।
সমানমস্তু বো মনো যথা বঃ সুসহাসতি॥ (৬)

নিকটে যাইতেছেন, সেই পথ নিষ্কণ্টক ও সরল হউক। অর্য্যমা দেব ও ভগদেব আমাদিগকে সুখে সেই স্থানে পৌঁছাইয়া দিন। দম্পতিযুগল যেন সুমিথুন (অর্থাৎ সুদম্পতী) হয়।

(২) অমুকগোত্রোৎপন্ন, অমুকের প্রপৌত্র, অমুকের পৌত্র, অমুকের পুত্র, অমুক-নামক বরের জন্য; অমুকগোত্রোৎপন্না, অমুকের প্রপৌত্রী, অমুকের পৌত্রী, অমুকের পুত্রী, অমুকনাম্নী এই কন্যাকে ভার্য্যারূপে আমরা বরণ করি।

(৩) বরণ করুন।

(৪) দিব। (৫) আপনাদের এই বাক্য সত্য হউক।

(৬) ব্যাখ্যা—বঃ (যুষ্মাকম্) আকূতিঃ (সঙ্কল্পঃ) সমানী (একবিধা অস্তু)।

ওঁ প্র সু গ্মন্তা ধিয়সানস্য সক্ষণি
বরেভির্বরা অভি ষু প্রসীদতঃ।
অস্মাকমিন্দ্র উভয়ং জুজোষতি
যৎ সোম্যস্যান্ধসো বুবোধতি॥ (৭)

তৎপরে পুরন্ধ্রীরা কুলকর্ম্মানুসারে মঙ্গলাচরণ করিবেন।

তথা বঃ (যুষ্মাকং) হৃদয়ানি সমানা (সমানানি—একবিধানি সন্তু)। তথা বঃ (যুষ্মাকং) মনঃ (অন্তঃকরণম্—প্রত্যেকাপেক্ষয়া একবচনম্) সমানম্ অস্তু। যথা বঃ (যুষ্মাকং) সুসহ (শোভনং সাহিত্যম্) অসতি (ভবতি), তথা সমানমস্তু ইত্যন্বয়ঃ। সমানা—"শেশ্ছন্দসি বহুলম্" ইতি শেলোপঃ। সুসহ—অব্যয়ত্বাৎ বিভক্তিলুক্। অসতি—অস্তের্লটি "বহুলং ছন্দসি" ইতি শপো লুগভাবঃ।০। অনুবাদ—তোমাদের সঙ্কল্প একপ্রকার হউক; তোমাদের হৃদয় একপ্রকার হউক; যেরূপে তোমরা পরস্পর একত্র থাকিতে পার, সেইরূপ তোমাদের মন একপ্রকার হউক।

(৭) ব্যাখ্যা—ধিয়সানস্য (ইন্দ্রাগমনং চিন্তয়তো মম সম্বন্ধিনি) সক্ষণি (সেবায়াং, যজ্ঞে নিমিত্তে) আ গ্মন্তা (আগচ্ছন্তৌ স্বকীয়ৌ অশ্বৌ) প্র সু (প্রকর্ষেণ সুষ্ঠু চ—ইন্দ্রঃ প্রেরয়তি ইতি শেষঃ)। ততঃ ইন্দ্রঃ বরেভিঃ (বরণীয়ৈঃ মার্গৈঃ) প্রসীদতঃ (হবিঃ আসাদয়তঃ মম) বরান্ (উৎকৃষ্টান্ হবিঃশেষান্ স্তুতিবিশেষাংশ্চ) অভি (লক্ষীকৃত্য) সু (সুষ্ঠু—আগচ্ছতু ইতি শেষঃ)। ইন্দ্রঃ আগতঃ সন্ অস্মাকং উভয়ং (হবিঃ স্তুতিশ্চ ইত্যেতৎ দ্বয়ং) জুজোষতি (সেবতাং—ভক্ষয়তু শৃণোতু চ ইত্যর্থঃ)। যৎ (যদা) সোম্যস্য (সোমরস-সম্পাদিনো মম) অন্ধসঃ (অন্নরূপস্য সোমস্য—রসমিতি শেষঃ) বুবোধতি (বুধ্যতে, জিহ্বয়া বিজানাতি, সোমং পিবতীত্যর্থঃ) তদা জুজোষতি ইতি পূর্ব্বেণান্বয়ঃ॥ গ্মন্তা—গমধাতোঃ শতরি "ব্যত্যয়ো বহুলম্" ইতি ব্যত্যয়েন অদাদিত্বাৎ শপো লুকি, উপধালোপে চ গ্মৎশব্দঃ সিদ্ধঃ, ততঃ "সুপাং সুলুক্" ইত্যাদিনা ঔ স্থানে আ আদেশঃ; গ্মন্তা-আ—গ্মন্তা—"ছন্দসি পরেঽপি" ইতি উপসর্গস্য পরভাবঃ। ধিয়সানস্য—"ছন্দস্যসানচ্ শুজৃভ্যাম্" ইত্যনেন বিহিতঃ ঔণাদিকঃ অসানচ্ প্রত্যয়ঃ বাহুলকাৎ ধ্যৈধাতোরপি প্রাপ্তঃ, ধীভাবঃ, ইযঙাদেশশ্চ। সক্ষণি—সক্ষন্‌শব্দস্য সপ্তম্যাং রূপম্।

নিমন্ত্রণ পত্র।

(বরপক্ষের)

শ্রীশ্রীপ্রজাপতয়ে নমঃ।*

যথাবিহিতসম্মানপূর্ব্বক সবিনয় নিবেদন—

আগামী ৭ই বৈশাখ বৃহস্পতিবার আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের, কলিকাতা ৫ নং সিমলাষ্ট্রীট্-নিবাসী শ্রীযুক্ত রামচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী সুরবালা দেবীর সহিত শুভ বিবাহ হইবে। এবং তদুপলক্ষে উক্ত দিবস সায়ংকালে বরানুগমন, ও ১০ই বৈশাখ রবিবার মধ্যাহ্নে (বা রাত্রে) নববধূর পাক-স্পর্শ হইবে। অতএব আপনারা অনুগ্রহপূর্ব্বক ৩নং গ্রে-ষ্ট্রীটস্থ মদীয়

* এখানে প্রজাপতি শব্দের অর্থ ব্রহ্মা বা বিষ্ণু। বিবাহাদি সংস্কারে প্রজার (অর্থাৎ সন্তানের) সমৃদ্ধি কামনায় প্রজাপতির (অর্থাৎ ব্রহ্মার) পূজা বিহিত আছে। এবং বিষ্ণুর ষোড়শনাম-স্তোত্রে "বিবাহে চ প্রজাপতিং" বলিয়া বিবাহে বিষ্ণুর প্রজাপতি নাম স্মরণ করিবার বিধি দেওয়া হইয়াছে।

বরেভিঃ—"বহুলং ছন্দসি" ইতি ঐসভাবঃ। বরা অভি—বরান্, অভি ইতি স্থিতে "দীর্ঘাদটি সমানপাদে" ইতি নস্থানে রুঃ, "আতোঽটি নিত্যম্" ইতি রুস্থানে অনুনাসিকঃ। অভি সু—"সুঞঃ" ইতি ষত্বম্। ৩। অনুবাদ—আমি ইন্দ্রের আগমন চিন্তা করিতেছি, আমার এই সেবাকার্য্যে আসিবার জন্য তাঁহার দুইটি অশ্বকে তিনি উত্তমরূপে প্রেরণ করিতেছেন। আমি তাঁহার জন্য হবিঃ সাজাইতেছি ও স্তুতি করিতেছি, তিনি এই সমস্ত লক্ষ্য করিয়া উৎকৃষ্ট পথ দিয়া আগমন করুন। আমি সোমরস প্রস্তুত করিতেছি, সেই সোমরূপ অন্নের রস যখন আস্বাদন করিবেন, তখন সেই ইন্দ্র আমাদিগের হবিঃ ও স্তুতি উভয়ই গ্রহণ করুন।

ভবনে আগমন করিয়া সকল কার্য্য সুসম্পন্ন করাইবেন। পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম। ইতি—তাং ১লা বৈশাখ, ১৩১৮ সাল।

বিনীত—

শ্রীদেবেন্দ্রনাথ দেবশর্ম্মা।

(কন্যাপক্ষের)

শ্রীশ্রীপ্রজাপতয়ে নমঃ।

বিহিত সম্মানপূর্ব্বক সবিনয় নিবেদন—

আগামী ৭ই বৈশাখ বৃহস্পতিবার কলিকাতা ৩নং গ্রে-ষ্ট্রীট্ নিবাসী দেবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সহিত আমার জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী সুরবালা দেবীর শুভ বিবাহ হইবে। এবং তদুপলক্ষে ৩রা বৈশাখ রবিবার অব্যূঢ়ান্ন-ভোজন হইবে *। অতএব আপনারা অনুগ্রহপূর্ব্বক ৫নং সিমলাষ্ট্রীটস্থ মদীয় ভবনে আগমন করিয়া সকল কার্য্য সুসম্পন্ন করাইবেন। পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম। ইতি—তাং ১লা বৈশাখ, ১৩১৮ সাল।

বিনীত—

শ্রীরামচন্দ্র দেবশর্ম্মা।

(জ্যেষ্ঠা স্থলে যথাসম্ভব মধ্যমা বা দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ইত্যাদি লিখিতে হইবে।)

---

* বি-উঢ়া—ব্যূঢ়া (যাহার বিবাহ হইয়াছে), অ-ব্যূঢ়া—অব্যূঢ়া (যাহার বিবাহ হয় নাই—আইবুড়া)।

বিবাহের কর্ম্ম ।

বৃদ্ধিশ্রাদ্ধের দ্রব্য। *

দ্রব্য		পরিমাণ
মার্কণ্ডেয়ের	...	১ ধুতি
ষষ্ঠীর ও ষোড়শ মাতৃকার		২ শাটী
যজ্ঞেশ্বরের	...	১ বস্ত্র
ভূস্বামীর	...	১ „ (০)
দেবপক্ষের	...	২ বস্ত্র
পিতৃপক্ষের	...	৩ „
মাতামহপক্ষের	...	৩ „
ঋগ্বেদী ও যজুর্ব্বেদীর মাতৃপক্ষের	...	৩ „
বর বা কন্যার গাত্রহরিদ্রার জন্য পরিধেয়	...	২ „
আতপতণ্ডুল অন্ততঃ		৴৭॥
উপকরণ		
পাণ	...	১১ গণ্ডা
সুপারি	..	ঐ
রম্ভা	...	ঐ
মিষ্টদ্রব্য	...	
আসন, অঙ্গুরীয়, মধুপর্ক	প্রত্যেক	৩
ঘট	...	১
বট-ডাল	...	১
কলাপাতা	...	২০
কলার পেটো অন্ততঃ		৩ (০)
কুশ		
পুষ্প, তুলসী, দূর্ব্বা		
চন্দন		
তিল		
যব		
দধি, দুগ্ধ, মধু		
ঘৃত	...	৴৵০
সিন্দূর		
হরীতকী	...	১
ধূপ	...	৩৫ বা ১৭
দীপ	...	৩৫ বা ১৭
ধুনা		
দ্বিজাতির পক্ষে পৈতা	...	১০
আইভাঁড়	...	৪
শ্রী	...	১

* (০) এই চিহ্নিত দ্রব্যগুলি অসামর্থ্য-পক্ষে না করিলেও চলে। কিন্তু সামর্থ্য-সত্ত্বে কৃপণতা-বশতঃ অঙ্গহানি করিলে ফলহানি হয়।

বরণডালা—

গঙ্গামৃত্তিকা (মহী)
চন্দন
নুড়ি (শিলা)
ধান্য
দূর্ব্বা
পুষ্প
রম্ভা ১ ছড়া (ফল)
দধি
ঘৃত
স্বস্তিক
সিন্দুর
শঙ্খ
কাজলনাতা (কজ্জল)
হরিদ্রা-বাটা (রোচনা)
শ্বেত সর্ষপ (সিদ্ধার্থ)
স্বর্ণ (কাঞ্চন)
রৌপ্য
তাম্র
চামর
দর্পণ
প্রদীপ (দীপ)
সাদা সূতা
বরের পক্ষে টোপর ১
কন্যার পক্ষে সিঁতি ১

কন্যাসম্প্রদানের দ্রব্য।

পুষ্প, দূর্ব্বা, চন্দন
কুশাঙ্গুরীয় ... ২
ত্রিপত্র ... ১
বিষ্টর ... ২
কুশরজ্জু ... ১
হরীতকী ১
তিল, আতপতণ্ডুল
মধুপর্ক-সহিত কাঁসার বা
উহার ঢাকনি ১ (০)
কন্যা উৎসর্গের গামছা ... ১
ঐ কোশা ... ১ (০)
কন্যার রক্তবস্ত্র ... ১
ঐ অলঙ্কার
পুষ্পমাল্য ... ৫
ছাউনি ... ২
বরের টোপর ... ১
ঐ বস্ত্র ... ১
ঐ জুতা ... ১ জোড়া
ঐ আভরণ
ঐ দানসামগ্রী
দ্বিজাতির পক্ষে পৈতা
পূর্ব্ব জামাতার বরণ-বস্ত্র
গাঁইটছড়ার জন্য
অখণ্ড ছোট গামছা

সুপারি, বয়ড়া, ধান্য, কড়ি ও হরিদ্রা—প্রত্যেক ৫	সিন্দূর	..	১ বাণ্ডিল
	কুনিকা	..	১
চণ্ডীর পুথি ১	লজ্জাবস্ত্র	..	১ শাটী
হস্তলেপ (১৭৭পৃঃ ৬পং)	সপ্তপদীর মণ্ডল		৭
সৌভাগ্য-তিলক (১৭৭ পৃঃ ১২ পং)	কুলা		১
সশীষ ডাব ..	পাঁচন বাড়ি		১

শূদ্রের

পাণিগ্রহণের দ্রব্য।

(সংক্ষেপপক্ষে)

পুষ্প, চন্দন			ঘৃত	...	/৵০
হরীতকী, কুশ			খই	...	
বেণার আসন (চেটাই)		১	আগুন জ্বালাইবার তৃণকাষ্ঠ		
গব্যঘৃত	...	/৷০	সিন্দূর	...	১ বাণ্ডিল
হোমের কাষ্ঠ	...	/২৷০	কুনিকা	...	১
বালি	...	১	লজ্জাবস্ত্র	...	১ শাটী
পিতলের কলসী		১	(বাহুল্য পক্ষে)		
আজ্যস্থালী (পিতলের শরা)		১	পূর্ব্বের ন্যায় সমস্ত দ্রব্য এবং		
খই, শাঁই-পাতা			তদতিরিক্ত হোতা ও তন্ত্র-		
শিল-নোড়া			ধারকের বরণবস্ত্র .. ২জোড়		
পূর্ণপাত্র		১			

সামবেদীয় বৃদ্ধিশ্রাদ্ধ। *

অধিবাস †—উত্তর মুখে বসিয়া, প্রদীপ জ্বালিয়া, কুশাঙ্গুরীয় ধারণপূর্ব্বক আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া, গন্ধাদির অর্চ্চনা ও নারায়ণাদির অর্চ্চনা (১ম খঃ) করিবে। সংস্কারকার্য্যে—'এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ' বলিয়া ব্রাহ্মণদিগের অর্চ্চনা করিবার পূর্ব্বে; 'এতে গন্ধপুষ্পে ওঁ প্রজাপতয়ে নমঃ' বলিয়া প্রজাপতিরও অর্চ্চনা করিতে হয়।

---

* ব্যবস্থা-প্রকরণে বৃদ্ধিশ্রাদ্ধ ও প্রতিনিধি দ্রষ্টব্য।

† সংস্কারভিন্ন (ব্রতপ্রতিষ্ঠাদি) কার্য্যে অধিবাস করিতে হয় না।

তৎপরে স্বস্তিবাচন করিবে; যথা—কুশীতে আতপতণ্ডুল লইয়া, ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভাধিবাসনকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্ত ইত্যাদি। স্বস্তিসূক্ত (স্বস্তি ন ইন্দ্রো ইত্যাদি) ও সাক্ষ্যমন্ত্র (সূর্য্যঃ সোমো ইত্যাদি) পাঠ করিয়া, সঙ্কল্প করিবে; যথা—দক্ষিণজানু পাতিয়া কোশায় জল তিল কুশ ও হরীতকী দিয়া ঐ কোশা বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা আচ্ছাদন করিয়া, বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (কন্যাপক্ষে—অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকদেব্যাঃ) শুভবিবাহকর্ম্মাঙ্গভূত-ষষ্ঠীমার্কণ্ডেয়পূজা-পূর্ব্বক-শুভাধিবাসনকর্ম্মাহং * করিষ্যামি। কোশার জল ঈশানকোণে ভূমিতে ফেলিয়া কোশাটি উপুড় করিয়া তদুপরি আতপতণ্ডুল দিয়া, সঙ্কল্পসূক্ত (দেবো বো ইত্যাদি) পাঠ করিবে। তৎপরে পূর্ব্বমুখে বসিয়া গণেশাদি পঞ্চদেবতার ও বিষ্ণুর পূজা করিয়া, বটশাখার মূলে ঘটস্থাপনা করিয়া তাহাতে (অথবা শালগ্রামে) ষোড়শোপচারে ষষ্ঠীর পূজা করিবে †। ধ্যান—(১মখঃ); আবাহন—ওঁ ষষ্ঠীদেবি ইহাগচ্ছ ইত্যাদি; পূজা—এতৎ রজতাসনং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ; ওঁ ষষ্ঠীদেবি স্বাগতং তে, ইহ সুস্বাগতং; এতৎ পাদ্যং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ ইত্যাদি; প্রণাম—(১ম খঃ)। মার্কণ্ডেয়েরও ষোড়শোপচারে পূজা করিবে; ধ্যান—(১ম খঃ); আবাহন—ওঁ মার্কণ্ডেয় ইহাগচ্ছ ইত্যাদি; পূজা—এতৎ রজতাসনং ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ, ওঁ মার্কণ্ডেয় স্বাগতং তে, ইহ সুস্বাগতং; এতৎ পাদ্যং ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ ইত্যাদি; প্রণাম—(১ম খঃ)। সংস্কার্য্যকে (অর্থাৎ পুত্র

---

* অন্য সংস্কার হইলে "বিবাহ" স্থলে সেই সংস্কারের নাম বলিবে।

† ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের জন্য ২ খানি প্রধান নৈবেদ্য করিতে হয়। গণেশাদি দেবতার জন্য কাঁচা নৈবেদ্য করিবে।

বা কন্যাকে) স্বীয় বামভাগে পূর্ব্বমুখে বসাইয়া, তৈলহরিদ্রা লইয়া—ওঁ অনয়া তৈলহরিদ্রয়া * অস্য (কন্যাপক্ষে—অস্যাঃ ; এইরূপ সর্ব্বত্র) শুভাধিবাসনমস্তু—বলিয়া ঘটে ছুঁয়াইয়া সংস্কার্য্যের কপালে ছুঁয়াইবে (এইরূপ সর্ব্বত্র)। গন্ধ লইয়া—ওঁ অনেন গন্ধেন অস্য শুভাধিবাসনমস্তু। তৎপরে মহীপ্রভৃতি এক-একটি দ্রব্য লইয়া বিশেষ বিশেষ মন্ত্র পাঠ করিয়া ঐরূপে কপালে ছুঁয়াইবে। সামবেদীয় বিশেষ বিশেষ মন্ত্র যথা—

মহী—ওঁ মহি ত্রীণা-মবরস্তু দ্যুক্ষং, মিত্রস্যার্য্যম্ণঃ। দুরাধর্ষং বরুণস্য ॥ ওঁ অনয়া মহ্যা অস্য শুভাধিবাসনমস্তু। †

গন্ধ—ওঁ অলর্ষিরাতিং বসুদা-মুপ স্তুহি, ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। যো অস্য কামং বিধতো ন রোষতি, মনো দানায় চোদয়ন্ ॥ ওঁ অনেন গন্ধেন···।

শিলা—ওঁ বি ত্বদাপো ন পর্ব্বতস্য পৃষ্ঠা,-দুক্থেভিরগ্নে জনয়ন্ত দেবাঃ। তং ত্বা গিরঃ সুষ্টুতয়ো বাজয়ন্ত্যাজিং ন গির্ব্ববাহো জিগ্যুরশ্বাঃ ॥ ওঁ অনয়া শিলয়া...।

ধান্য—ওঁ ধানাবন্তং করম্ভিণ,-মপূপবন্ত-মুক্থিনং। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ ॥ ওঁ অনেন ধান্যেন···।

দূর্ব্বা—ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য, মঘবন্ বৃত্রহত্যায়। তৎ পৃথিবী-মপ্রথয়,-স্তদস্তভ্না উতো দিবং ॥ ওঁ অনয়া দূর্ব্বয়া··।

পুষ্প—ওঁ পবমান ব্যশ্নুহি, রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যং ॥ ওঁ অনেন পুষ্পেণ...।

---

* তৈলসহিতা হরিদ্রা তয়া।

† এই সকল মন্ত্রের পরিবর্ত্তে প্রায় সকলেই গায়ত্রী পাঠ করিয়া থাকেন। সেই হেতু মন্ত্রগুলির ব্যাখ্যা এস্থলে প্রদত্ত হইল না। ইচ্ছা হইলে "মন্ত্রপ্রভা" দ্রষ্টব্য।

ফল—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে, যৎ পার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শবসশ্চকান, আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ॥ ওঁ অনেন ফলেন···।

দধি—ওঁ দধিক্রাবণো অকারিষং, জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্র ণ আয়ূংষি তারিষৎ॥ ওঁ অনেন দধ্না ···।

ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানা-মভিশ্রিয়োর্ব্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিষ্কভিতে অজরে ভূরিরেতসা॥ ওঁ অনেন ঘৃতেন···।

স্বস্তিক—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ব-বেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দ-ধাতু॥ ওঁ অনেন স্বস্তিকেন...।

সিন্দূর—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্ত-মুক্ষণং, ঘৃতস্য ধারাঃ পঞ্চমণ্ গৃভণতে॥ ওঁ অনেন সিন্দূরেণ···।

শঙ্খ—ওঁ স সুষে যো বসূনাং, যো রায়া-মানেতা য ইড়ানাং। সোমো যঃ সুক্ষিতীনাং॥ ওঁ অনেন শঙ্খেন···

কজ্জল—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে, ক্রতুং রিহন্তি মধ্বা-ভ্যঞ্জতে॥ ওঁ অনেন কজ্জলেন···।

রোচনা—ওঁ অধ জ্মো অধ বা দিবো, বৃহতো রোচনাদধি॥ অয়া বর্দ্ধস্ব তম্বা গিরা, মমা জাতা সুক্রতো পৃণ॥ ওঁ অনয়া রোচনয়া···।

সিদ্ধার্থ—ওঁ এষো উষা অপূর্ব্ব্যা, ব্যুচ্ছতি প্রিয়া দিবঃ। স্তুষে বা-মশ্বিনা বৃহৎ॥ ওঁ অনেন সিদ্ধার্থেন···।

কাঞ্চন—ওঁ ত্বং পূর্ব্ব্যা বর্ণরং দেবাসো, দেব-মরতিং দধন্বিরে। দেবত্রা হব্যমূহিষে॥ ওঁ অনেন কাঞ্চনেন…।

রৌপ্য—ওঁ যদ্ বর্চ্চো হিরণ্যস্ত, যদ্‌বা বর্চ্চো গবামুত। সত্যস্ত ব্রহ্মণো বর্চ্চ,-স্তেন মা সং সৃজামসি॥ ওঁ অনেন রৌপ্যেণ…।

তাম্র—ওঁ বণ্মহাঁ অসি সূর্য্য, বড়াদিত্য মহাঁ অসি। মহস্তে সতো মহিমা পনিষ্টম, মহ্না দেব মহাঁ অসি॥ ওঁ অনেন তাম্রেণ…।

চামর—ওঁ বাত আ বাতু ভেষজং, শম্ভু ময়োভু নো হৃদে। প্র ণ আয়ুংষি তারিষৎ॥ ওঁ অনেন চামরেণ…।

দর্পণ—ওঁ আদিৎ প্রত্নস্ত রেতসো, জ্যোতিষ্পশ্যন্তি বাসরং। পরো যদিধ্যতে দিবি॥ ওঁ অনেন দর্পণেন…।

দীপ—ওঁ অগ্ন আ যাহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥ ওঁ অনেন দীপেন…।

প্রশস্তিপাত্র (বরণডালা)—ওঁ উদ্যয়োঁকানরোচয়, ইমাঁল্লোঁকানরোচয়ঃ, প্রজাভূত-মরোচয়ো, বিশ্বভূতমরোচয়ঃ॥ ওঁ অনেন প্রশস্তিপাত্রেণ…।*

মাঙ্গল্যসূত্র (৫ পাছি বা ৭ পাছি দূর্ব্বাযুক্ত হরিদ্রাক্ত সূত্র)—ওঁ সূত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং, সুশর্ম্মাণ-মদিতিং সুপ্রণীতিং। দৈবীং নাবং স্বরিত্রা-মনাগস,-মস্রবন্তী-মা রুহেমা স্বস্তয়ে॥ ওঁ অনেন মাঙ্গল্যসূত্রেণ…।

---

* মহী-গন্ধ-শিলা-ধান্য-দূর্ব্বা-পুষ্প-ফলং দধি। ঘৃত-স্বস্তিক-সিন্দূর-শঙ্খ-কজ্জল-রোচনাঃ। সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্র-চামর-দর্পণম্। দীপং প্রশস্তিপাত্রঞ্চ বরণে-ঽদ্ভুতকর্ম্মসু।

শ্রী, আইভাড়, টোপর ও সিঁতি প্রত্যেকে—ওঁ অনেন মাঙ্গল্যদ্রব্যেণ...।

ওঁ ষষ্ঠীদেবি ক্ষমস্ব, এবং ওঁ মার্কণ্ডেয় ক্ষমস্ব এই দুই মন্ত্রে ঘটে দুই বার জলের ছিটা দিয়া বিসর্জ্জন করিবে। তৎপরে দক্ষিণা—(বাক্য —...কৃতৈতচ্ছুভবিবাহকর্ম্মাঙ্গভূত-ষষ্ঠীমার্কণ্ডেয়-পূজাপূর্ব্বক-শুভাধিবাসন-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং...) ও অচ্ছিদ্রাবধারণ (ওঁ কৃতৈতচ্ছুভ-বিবাহকর্ম্মাঙ্গভূত-ষষ্ঠীমার্কণ্ডেয়পূজা-পূর্ব্বক-শুভাধিবাসনকর্ম্মাচ্ছিদ্রমস্ত্ব) করিবে।

মাতৃকাপূজা।—স্বস্তিবাচন—উত্তরমুখে বসিয়া কুশীতে আতপ-তণ্ডুল লইয়া দুই হাতে ধরিয়া, ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভবিবাহকর্ম্মণি ইত্যাদি * বলিয়া ঐ তণ্ডুল ছড়াইয়া দিয়া, স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র পাঠ করিবে।

সঙ্কল্প।—পূর্ব্ববৎ কোশা ধরিয়া, বিষ্ণুরোঁতৎসং অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে + অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা শ্রীঅমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণঃ ‡ শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং

---

* দুইটি কর্ম্ম হইলে কর্ত্তব্যয়োরনয়োঃ শুভনামকরণান্নপ্রাশনকর্ম্মণোঃ; শুভচূড়াকরণ-বিবাহকর্ম্মণোঃ ইত্যাদি। বহুকর্ম্ম হইলে—কর্ত্তব্যেষেষু শুভচূড়োপনয়নসমাবর্ত্তন-কর্ম্মসু; শুভনামকরণান্নপ্রাশনচূড়োপনয়নসমাবর্ত্তনকর্ম্মসু ইত্যাদি।

+ প্রধান কর্ম্মে মুখ্য বা গৌণ চান্দ্র মাসের উল্লেখ হইলে সঙ্কল্পাদিবাক্যেও সেইরূপ মাসের উল্লেখ করিতে হইবে; তখন আর "অমুকরাশিস্থে ভাস্করে" বলিতে হইবে না। এইরূপ সর্ব্বত্র।

‡ কন্যা হইলে—"অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" স্থলে "অমুকগোত্রায়াঃ শ্রীঅমুক-দেব্যাঃ।" নামকরণে—"অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" স্থলে "মমাভিনবজাতকুমারস্য" বা "মমাভিনবজাতকুমার্য্যাঃ"; প্রতিনিধি পক্ষে—"অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ অভি-নবজাতকুমারস্য (বা...কুমার্য্যাঃ)। নিজের জন্য হইলে—"অমুকগোত্রস্য শ্রীঅমুক-দেবশর্ম্মণঃ" বলিতে হইবে না। এইরূপ সর্ব্বত্র।

সগণাধিপ-গৌর্য্যাদি ষোড়শমাতৃকাপূজা-বসোর্ধারাসম্পাতনা-যুষ্যসূক্তজপা-ভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে *। তৎপরে সঙ্কল্পসূক্ত পাঠ করিবে।

পূর্ব্বমুখে বসিয়া স্বীয় বামভাগে কদলীপত্র পাতিয়া তাহাতে ১৮ খানি নৈবেদ্য করিবে, এবং সম্মুখে ১৭টি যবপুঞ্জ (১৭ মুঠা যব) রাখিয়া তাহাদের এক-একটিতে, অথবা শালগ্রামে বা জলে গণপতি ও গৌরী প্রভৃতি ষোড়শমাতৃকার পূজা করিবে †। যবপুঞ্জে পূজার পূর্ব্বে আবাহন ও পূজার পরে বিসর্জ্জন করিতে হয়। আবাহন—ওঁ ভূর্ভুবঃস্বঃ গণপতে ইহাগচ্ছ ইত্যাদি ; বিসর্জ্জন—ওঁ গণপতে ক্ষমস্ব (জলের ছিটা) ; ওঁ ভূর্ভুবঃস্বঃ গৌরি মাতঃ ইহাগচ্ছ ইত্যাদি ; ওঁ গৌরি মাতঃ ক্ষমস্ব ;— এইরূপ পদ্মে মাতঃ, শচি মাতঃ, মেধে মাতঃ, সাবিত্রি মাতঃ, বিজয়ে মাতঃ, জয়ে মাতঃ, দেবসেনে মাতঃ, স্বধে মাতঃ, স্বাহে মাতঃ, শান্তে মাতঃ, পুষ্টে মাতঃ, ধৃতে মাতঃ, তুষ্টে মাতঃ, আত্মদেবতে মাতঃ, কুলদেবতে মাতঃ।

পূজা—এষ গন্ধঃ ওঁ গণপতয়ে নমঃ ইত্যাদি। এষ গন্ধঃ ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ ইত্যাদি। এইরূপ পদ্মায়ৈ মাত্রে, শচ্যৈ মাত্রে, মেধায়ৈ মাত্রে, সাবিত্র্যৈ মাত্রে, বিজয়ায়ৈ মাত্রে, জয়ায়ৈ মাত্রে, দেবসেনায়ৈ মাত্রে, স্বধায়ৈ মাত্রে, স্বাহায়ৈ মাত্রে, শান্ত্যৈ মাত্রে, পুষ্ট্যৈ মাত্রে, ধৃত্যৈ মাত্রে, তুষ্ট্যৈ মাত্রে, আত্মদেবতায়ৈ মাত্রে, কুলদেবতায়ৈ মাত্রে।

বসুধারা।—দ্বারের দক্ষিণ পার্শ্বে গোময়লিপ্ত ভিত্তিতে (দেয়ালে)

---

* 'আয়ুষ্যসূক্ত' স্থলে 'আয়ুষ্যমন্ত্র' বলিলেও হয়। *তিনিধিপক্ষে—"করিষ্যে" স্থলে "করিষ্যামি"। এইরূপ সর্ব্বত্র।

† গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ। শান্তিঃ পুষ্টির্ধৃতিস্তুষ্টি-রাত্মদেবতয়া সহ। আদৌ বিনায়কঃ পূজ্যো হ্যন্তে চ কুলদেবতা॥ এখানে স্বধা স্বাহা দেবতাদের নাম (মন্ত্র নহে), সুতরাং শূদ্রে বলিতে পারে।

নাভিপ্রমাণ ঊর্দ্ধে একটি সিন্দূরের পুত্তলী এবং তন্নিম্নে হরিদ্রার একটি অর্দ্ধচন্দ্র আঁকিয়া উহার নিম্নে সিন্দূরের ৭টি বা ৫টি তিলক দিবে *। ঐ সকল তিলক হইতে যথাক্রমে ঘৃতধারা ভিত্তি-মূল পর্য্যন্ত পাতিত করিবে। প্রতিবারে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া, পাঠাবসানে ধারা দিবে। মন্ত্র যথা—

ওঁ যদ্ বর্চ্চো হিরণ্যস্য যদ্ বা বর্চ্চো গবামুত।
সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সং সৃজামসি॥ †

তৎপরে বসিয়া, ঐ সকল ধারার মুখে ভিত্তিমূলে চেদিরাজ বসুর আবাহন করিবে—ওঁ চেদিরাজবসো ইহাগচ্ছ ইত্যাদি। পূজা—এষ গন্ধঃ ওঁ চেদিরাজবসবে নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ চেদিরাজ নমস্তভ্যং শাপগ্রস্ত মহামতে।
ক্ষুৎপিপাসাক্ষমে দাস্ত চেদিরাজ নমোঽস্তু তে॥ (১)

আয়ুষ্যসূক্ত—ওঁ আয়ুর্বিশ্বায়ুর্বিশ্বং, বিশ্বমায়ু-রশীমহি।
প্রজাত্বষ্ট-রধিনি ধেহ্যস্মে, শতং জীবেম শরদো বয়ন্তে॥
ওঁ আয়ুষে মে পবস্ব, বর্চ্চসে মে পবস্ব,
বিদুঃ পৃথিব্যা দিবো জনিত্রাচ্ছৃণ্বন্ত্বাপোঽধঃ ক্ষরন্তীঃ।

---

* পূর্ব্বমুখে তিলক দিলে উদক্‌সংস্থ অর্থাৎ দক্ষিণ হইতে উত্তর পর্য্যন্ত, এবং উত্তরমুখে দিলে প্রাক্‌সংস্থ অর্থাৎ পশ্চিম হইতে পূর্ব্ব পর্য্যন্ত এইরূপ ক্রমে দিবে।

† সামবেদি-পদ্ধতিতে এই মন্ত্রটিই লিখিত আছে; কিন্তু শ্রাদ্ধবিবেকের টীকাকার লিখিয়াছেন যে, সর্ব্ববেদীকেই "বসোঃ পবিত্রমসি" ইত্যাদি যজুর্ব্বেদীয় মন্ত্রই পাঠ করিতে হয়; যথা—"বসুধারামন্ত্রস্তু ওঁ বসোঃ পবিত্রমসীত্যাদি-বসুধারা-প্রকাশকো যাজুর্ব্বেদিক এব। ততশ্চান্যশাখিনাং মন্ত্রান্তরানুপদেশাৎ সর্ব্বশাখিভিরয়মেব মন্ত্রো নিযোজ্যঃ। পরোক্তমবিরোধি চেতি বচনাৎ।"

---

(১) হে শাপগ্রস্ত মহামতে চেদিরাজ, তোমাকে নমস্কার করি। ক্ষুধা-তৃষ্ণা অপনোদনের জন্য কষ্টসহিষ্ণু হে চেদিরাজ, তোমাকে নমস্কার।

সোমেহোদপায়, মমায়ুষে, মম ব্রহ্মবর্চ্চসায়, যজমানস্যর্দ্ধ্যৈ, শ্রীঅমুকদেবশর্ম্মণো রাজ্যায় *॥ (২)

* মন্ত্রের প্রকৃত পাঠ—যজমানস্যর্দ্ধ্যা অমুষ্যা রাজ্যায় (যজমানস্য + ঋদ্ধ্যৈ + অমুষ্য)। কিন্তু কাত্যায়নের মতে "অমুষ্য" স্থানে সংস্কার্য্যের ষষ্ঠ্যন্ত নাম বলিতে হয়; তখন শ্রীশব্দ পরে থাকায় সন্ধি হইবে না। কন্যা হইলে—শ্রীঅমুকদেব্যা রাজ্যায়। নামকরণে—মমাভিনবজাতকুমারস্য, বা…কুমার্য্যা রাজ্যায়।

(২) ব্যাখ্যা—আয়ুঃ (জীবিতকালঃ) বিশ্বং (সর্ব্বম্ অধিবৃত্য বর্ত্ততে) অতএব বিশ্বায়ুঃ (বিশ্বান্ মনুষ্যাদীন্ প্রতি এতি গচ্ছতীতি বিশ্বায়ুঃ—"এতেণিচ্চ" ইতি ইধাতোঃ ঔণাদিকঃ উস্‌প্রত্যয়ঃ, ণিত্বাৎ বৃদ্ধিঃ)। বিশ্বং (সর্ব্বম্) আয়ুঃ অশীমহি (যজমানসহিতাঃ ঋত্বিজো বয়ম্ উপভুঞ্জীমহি)। হে ত্বষ্টঃ (ত্বষ্টৃদেব), ত্বম্ অস্মৈ (সপ্তম্যর্থে চতুর্থী—অস্মিন্ যজমানে) প্রজাং (সন্ততিম্, তৎসমৃদ্ধিমিত্যর্থঃ) অধিনিধেহি (স্থাপয়)। বয়ং (যজমানসহিতাঃ ঋত্বিজঃ) তে (ত্বদর্থং, তদুপাসনার্থং) শরদঃ শতং (শতং বর্ষাণি ব্যাপ্য), জীবেম (প্রাণান্ ধারয়েম)॥ হে সোম (সোমরস), ত্বং মে (মম) আয়ুষে (আয়ুবৃদ্ধ্যর্থং) পবস্ব (পূতো ভব, নির্ম্মলো ভব)। তথা মে (মম) বর্চ্চসে (ব্রহ্মবর্চ্চসনিমিত্তং) পবস্ব (পূতো ভব)। পৃথিব্যাঃ দিবশ্চ (দ্যাবাপৃথিবীরূপাৎ) জনিত্রাৎ (উৎপাদকাৎ দশাপবিত্রাৎ—সোমরস-পবনার্থং যৎ পিধান-সহিতম্ আধারপাত্রং স্থাপ্যতে তদুভয়ং জনিত্রপদেনোচ্যতে, তত্র আধারপাত্রং পৃথিবী, পিধানপাত্রং দ্যৌরিতি কল্প্যতে) অধঃ ক্ষরন্তীঃ (ক্ষরন্ত্যঃ—নির্ম্মলীভূয় পতন্ত্যঃ) আপঃ (সোমরসাত্মিকাঃ) বিদুঃ (ব্যত্যয়েন লোটো লট্—অস্মদীয়াং মতিং জানন্তু), শৃণ্বন্তু (অস্মদীয়াং স্তুতিম্ আকর্ণয়ন্তু)। হে সোম, ত্বম্ ইহ (অস্মিন্ কর্ম্মণি) উদপায় (উদপানং কুরু—পূয়মানস্য সোমস্য শব্দঃ উদপানত্বেন প্রত্যুচ্যতে)। তৎ উদপানং মম আয়ুষে (আয়ুবৃদ্ধ্যর্থং সম্পদ্যতামিতি শেষঃ। তথা মম ব্রহ্মবর্চ্চসায় সম্পদ্যতাম্। তথা যজমানস্য ঋদ্ধ্যৈ (ধনধান্যাদিসমৃদ্ধ্যৈ) সম্পদ্যতাম্। তথা অমুষ্য (অস্য সংস্কার্য্যস্য) রাজ্যায় (শ্রীবৃদ্ধয়ে) সম্পদ্যতাম্।•। অনুবাদ—আয়ুঃ সকলকেই অধিকার করিয়া থাকে বলিয়া বিশ্বব্যাপি। আমরা সেই সমগ্র আয়ুঃ যেন উপভোগ করি। হে ত্বষ্টৃদেব, তুমি এই যজমানের সন্ততিসমৃদ্ধি বিধান কর। যজমানের সহিত আমরা যেন তোমার উপাসনার্থ শত বৎসর জীবিত থাকি॥ হে সোম, আমার আয়ুবৃদ্ধির জন্য তুমি পূত

(শ্রাদ্ধ)

কুশাদির সংখ্যা।—কুশাঙ্গুরীয় ২। ত্রিপত্র ৪৫ (ঋগ্বেদী ও যজুর্ব্বেদীর ৬২)। পবিত্র ৭ (ঋঃ যঃ ১০)। দর্ভপিঞ্জলী ২ (ঋঃ যঃ ৩)। ব্রাহ্মণ ৬ (ঋঃ যঃ ৮)। প্রাদেশপ্রমাণ কুশমুষ্টি। ভোজ্যপাত্র ৭। ভোজনপাত্র ৬ (ঋঃ যঃ ৮)। পিণ্ডপাত্র ১। ব্রাহ্মণাসন ৬ (ঋঃ যঃ ৮)। ভূজি ৩০ (ঋঃ যঃ ৫০)।

পাতনামা (পাত্রস্থাপন)।—নিজে পূর্ব্বমুখে বসিয়া পূর্ব্ব দিকে পূর্ব্বাগ্র করিয়া ভোজ্যোৎসর্গের জন্য ১টি বা ৩টি ভোজ্য, এবং বাস্তুপুরুষ, যজ্ঞেশ্বর, গঙ্গা ও ভূস্বামীর জন্য ৪টি ভোজ্য সাজাইবে। স্বীয় বাম ভাগে পশ্চিমদিকে দেবপক্ষীয় দুইজন ব্রাহ্মণের জন্য পূর্ব্বাগ্র কুশদ্বয়যুক্ত যবপ্রোক্ষিত পূর্ব্বাগ্র দুইটি আসন; স্বীয় দক্ষিণভাগে দক্ষিণদিকে পিতৃপক্ষীয় দুই জন ব্রাহ্মণের জন্য পূর্ব্বাগ্র কুশদ্বয়যুক্ত যবপ্রোক্ষিত উত্তরাগ্র দুইটি আসন; এবং তৎপশ্চিমে মাতামহ-পক্ষীয় দুইজন ব্রাহ্মণের জন্য ঐরূপ দুইটী আসন পাতিবে। বৃদ্ধিশ্রাদ্ধে সকল পক্ষেই দৈবরীতিতে কার্য্য করিতে হয়, এবং যব ও ত্রিপত্র ব্যবহার করিতে হয় (তিল ও মোটক ব্যবহার্য্য নহে)। দক্ষিণাবর্ত্তে (ডাইন দিক্ দিয়া ঘুরিয়া) উত্তরমুখে বসিয়া দেবপক্ষের কার্য্য, এবং ঐরূপ দক্ষিণাবর্ত্তেই ঘুরিয়া পূর্ব্বমুখে বসিয়া পিতৃপক্ষ ও মাতামহপক্ষের কার্য্য

হও (অর্থাৎ চুয়াইয়া নির্ম্মল হও), আমার ব্রহ্মতেজের জন্য তুমি পূত হও। যে পাত্রে চুয়ান হয়, তাহা পৃথিবীস্বরূপ, এবং তাহার আবরণটি স্বর্গস্বরূপ, তোমার রসোৎপাদক সেই পাত্রদ্বয় হইতে তোমার রসরূপ জল নিম্নে পতিত হইয়া আমাদের অভিপ্রায় অবগত হউক, এবং আমাদের স্তুতি শ্রবণ করুক। হে সোম, তুমি এই কার্য্যে গান কর (অর্থাৎ চুয়ানকালে শব্দ কর)। সেই গান আমার আয়ুর্বৃদ্ধির জন্য, আমার ব্রহ্মতেজের জন্য, যজমানের সমৃদ্ধির জন্য, ও ইহার শ্রীবৃদ্ধির জন্য হউক।

করিতে হয় (ঘুরিতে না পারিলে মনে মনেই তাহা করিবে)। কোনও পাত্র বাম হস্তে ধরিতে হইলে সকল পক্ষেই উপুড় হাতে ধরিবে এবং সকল পক্ষেই দৈবতীর্থে (অঙ্গুলির অগ্রভাগ দ্বারা) আসনাদি নিবেদন করিবে।

কুশ—দানে, পাতনে ও আচ্ছাদনে দেবপক্ষে উত্তরাগ্র ও পিতৃপক্ষে পূর্ব্বাগ্র।

প্রদীপ—শ্রাদ্ধ-সমাপ্তি পর্য্যন্ত প্রদীপ যেন নির্ব্বাণ না হয়। প্রতি-পক্ষের ব্রাহ্মণাসনের নিকটেই এক-একটি প্রদীপ রাখিবার বিধি আছে।*

অর্চ্চনা—একবারেই সমস্ত ভোজ্যে জলপ্রোক্ষণ করিয়া, এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যঃ সোপকরণামান্নভোজ্যেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ, এতৎসম্প্রদানেভ্যঃ ওঁ ব্রাহ্মণাদিভ্যো নমঃ।

ভোজ্যোৎসর্গবাক্য—বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (বা গোত্রায়াঃ...দেব্যাঃ) শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেব-শর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুক-গোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইদং সোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতমহং + যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি। দক্ষিণাবাক্য...

* পৃথক্ পৃথক্ চাসনেষু তিলতৈলেন দীপকাঃ। অবিচ্ছিন্নাস্তথা দেয়াস্তে তু রক্ষন্তি বৈ দ্বিজাঃ।—ব্রহ্মপুরাণ। (আসনেষু তৎসন্নিধানেষু। অবিচ্ছিন্নাঃ—দীপাচ্ছাদনাবধি অবস্থায়িনঃ। রক্ষন্তি—শ্রাদ্ধমিতি শেষঃ। হে দ্বিজাঃ।)

\+ বহু ভোজ্য হইলে—এতানি সোপকরণামান্নভোজ্যানি শ্রীবিষ্ণুদৈবতান্যহং।

শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎসোপকরণামান্নভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং ...। অচ্ছিদ্রাবধারণ ওঁ কৃতৈতৎসোপকরণামান্নভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত—ওঁ অস্তু)।

বাস্তুপূজা *—এষ গন্ধঃ ওঁ বাস্তুপুরুষায় নমঃ, এতৎ পুষ্পং···,এষ ধূপঃ ···, এষ দীপঃ···, এতৎ সোপকরণামান্নভোজ্যং···, ইদমাচমনীয়ং···, এতৎ তাম্বুলং...। প্রণাম—

ওঁ সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ং জগৎ।
পৃথ্বীধরস্তু বিজ্ঞেয়ো বাস্তুদেব নমোঽস্তু তে॥ (১)

বিষ্ণুস্মরণ †—ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং ইত্যাদি পড়িয়া, 'ওঁ বিষ্ণুঃ' ৩ বার বলিবে।

বিষ্ণুপূজা ‡—এতৎ পাদ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদমর্ঘ্যং..., ইদমাচমনীয়ং...,ইদং স্নানজলং···, ইদমাচনীয়ং···, এষ গন্ধঃ..., এতৎ পুষ্পং···, এষ ধূপঃ···, এষ দীপঃ···, এতৎ প্রাজ্ঞীয়াগ্রভাগ-সবস্ত্রযজ্ঞোপবীত-সোপকরণামান্নভোজ্যং......, ইদমাচমনীয়ং ···, এতৎ তাম্বুলং···। প্রণাম—

* শ্রাদ্ধাধিকরণে যত্র নার্চ্চিতো বাস্তুদৈবতঃ। তত্র শূন্যং ভবেৎ সর্ব্বং রক্ষোবিঘ্নাদিভির্হতম্॥—যম।

† ধ্যায়েন্নারায়ণং নিত্যং স্নানাদিষু চ কর্ম্মসু।···তদ্বিষ্ণোরিতি মন্ত্রেণ মজ্জেদপ্সু পুনঃপুনঃ॥—যাজ্ঞবল্ক্য।

‡ অর্চ্চয়িত্বা জগন্নাথং শুভং কর্ম্ম সমাচরেৎ। দত্ত্বাগ্রং দেবদেবায় তচ্ছেষাণ্যুপযুঞ্জয়েৎ॥—অগ্নিপুরাণ। (উপযুঞ্জয়েৎ—কর্ম্মণি যোজয়েৎ)।—এইজন্যই 'প্রাজ্ঞীয়াগ্রভাগ' বলিতে হয়। বাস্তুপুরুষের পক্ষে অগ্রভাগ দিবার বিধি না থাকায় বলিতে হয় না।

(১) সমস্ত দেবতা বাস্তুময়, সমস্ত জগৎ বাস্তুময়, বাস্তুদেবই পৃথিবীকে ধারণ করিয়া আছেন জানিবে। হে বাস্তুদেব, তোমাকে প্রণাম করি।

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
ওঁ অনাদিনিধন জ্ঞান নিত্যানন্দ জনার্দ্দন।
ময়াত্র শ্রাদ্ধে কর্ত্তব্যে সান্নিধ্যং কুরু কেশব॥ (২)
ওঁ ভো ভগবন্ অত্র শ্রাদ্ধেঽধিষ্ঠাতা ভব। (৩)

গঙ্গাপূজা *—এষ গন্ধঃ ওঁ গঙ্গায়ৈ নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ সদ্যঃ পাতকসংহন্ত্রী সদ্যো দুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

ভূস্বামী †—যব-তুলসী-ত্রিপত্র লইয়া, এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগসোপকরণামান্ন-ভোজ্যম্ ওঁ এতদ্ভূস্বামিপিতৃভ্যো নমঃ।

ব্রাহ্মণ— ছয়টি কুশব্রাহ্মণকে বামহস্তে ধরিয়া নিম্নলিখিত মন্ত্রে চন্দন মাখাইবে—

ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ং॥

---

* গঙ্গাপূজা আচারতঃ করা হইয়া থাকে।

† পরকীয় গৃহে যস্তু স্বান্ পিতৄন্ তর্পয়েজ্জড়ঃ। তদ্ভূমিস্বামিনস্তস্য হরন্তি পিতরো বলাৎ॥ অগ্রভাগং ততস্তেভ্যো দত্ত্বায়ং ল্যক জীবতাম্।—ব্রহ্মপুরাণ। (গৃহে ইতি ভূমাত্রপরম্),—অতএব ভূস্বামীর পিতৃগণকেও 'শ্রাদ্ধীয়াগ্রভাগ' বলিয়া ভোজ্য দিতে হয়। যে ভূমির জন্য কোনপ্রকার রাজকর দিতে হয় না, তাহাই স্বকীয় ভূমি; এবং রাজা যে ভূমির কোনরূপ উপস্বত্ব ভোগ করেন না, তাহাই অস্বামিক ভূমি; তদ্ভিন্ন সমস্তই পরকীয় ভূমি। পরকীয় ভূমিতে শ্রাদ্ধ করিলেই ভূস্বামীর মৃত পিতৃগণকে অগ্রভাগ দিতে হয়।

---

(২) হে জনার্দ্দন, তুমি জন্মমৃত্যুবর্জ্জিত, তুমি জ্ঞানময়, তুমি আনন্দময়। হে কেশব, আমার কর্ত্তব্য এই শ্রাদ্ধে উপস্থিত হও।

(৩) হে ভগবন্, এই শ্রাদ্ধে অধিষ্ঠান কর।

ঐ ব্রাহ্মণগুলিকে বাম হস্তে ধরিয়াই, নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে—

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ, সহস্রাক্ষঃ সহস্রপাৎ।

স ভূমিং সর্ব্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দাদশাঙ্গুলং॥

ইদং স্নানীয়জলং ওঁ দর্ভময়-ব্রাহ্মণেভ্যো নমঃ।

তৎপরে পূর্ব্বস্থাপিত ৬টি আসনে যথাক্রমে পশ্চিমাগ্র করিয়া দেবপক্ষের, এবং দক্ষিণাগ্র করিয়া পিতৃপক্ষ ও মাতামহপক্ষের ব্রাহ্মণদিগকে বসাইবে। *

অনুজ্ঞা—দেবপক্ষীয় ব্রাহ্মণে একগণ্ডূষ জল দিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিবে—বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধে কর্ত্তব্যে বসুসত্যয়োর্বিশেষাং দেবানাম্ (৩) আভ্যুদয়িকশ্রাদ্ধং

* মনে করিতে হইবে যে, এক এক পক্ষের দুই দুইটি ব্রাহ্মণ একজনের হস্তের উপর আর একজন হস্ত রাখিয়া বসিয়াছেন। অতএব যে কোনও দ্রব্য দিতে হইবে, তাহা একজনের হস্ত উদ্দেশে একটি পাত্রে দিলেই হইবে।

(৩) বসু ও সত্য-নামক বিশ্বদেবগণের। যে সকল দেবতার সাধারণ নাম এক, তাঁহাদিগকে গণদেবতা বলে; যথা—১২ আদিত্য, ১০ বিশ্ব, ৮ বসু, ৩৬ তুষিত, ৬৪ আভাস্বর, ৪৯ বায়ু, ২২০ মহারাজিক, ১২ সাধ্য, ও ১১ রুদ্র। ইঁহাদের প্রত্যেকের বিশেষ বিশেষ নামও আছে। তন্মধ্যে বিশ্ব-দেবগণের বিশেষ নাম যথা—

দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে। (পুরোহিত—ওঁ কুরুষ)।০। পিতৃপক্ষীয় ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, কৃতাঞ্জলি হইয়া—বিষ্ণুরোঁতৎসৎ অদ্য... শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে। (পুরোহিত—ওঁ কুরুষ)।০। মাতামহপক্ষীয় ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, কৃতাঞ্জলি হইয়া—বিষ্ণুরোঁতৎসৎ অদ্য...শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে। (পুরোহিত—ওঁ কুরুষ)।

দৈবাদিক্রমে তিন পক্ষেই পৃথক্ পৃথক্ এক-একবার গায়ত্রী পাঠ করিবে।

ওঁ ভূর্ভুবঃস্বঃ; তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥

বসু ও সত্য, ক্রতু ও দক্ষ, কাল ও কাম, ধুরিন্ ও লোচন এবং পুরূরবস্ ও মাদ্রবস্। ইঁহারা শ্রাদ্ধে উক্তরূপে যুগ্ম যুগ্ম হইয়া পিতৃলোকের রক্ষার্থে আসেন বলিয়া ইঁহাদিগকে শ্রাদ্ধদেবও কহে। "ইষ্টিশ্রাদ্ধে ক্রতুর্দক্ষো সত্যো নান্দীমুখে বসুঃ,। নৈমিত্তিকে কালকামৌ কাম্যে চ ধুরিলোচনৌ। পুরূরবা মাদ্রবাশ্চ পার্ব্বণে সমুদাহৃতৌ ॥" ইচ্ছাশ্রাদ্ধে ক্রতু ও দক্ষ, নান্দীশ্রাদ্ধে বসু ও সত্য, নৈমিত্তিক শ্রাদ্ধে (অর্থাৎ সাগ্নিক ঋগ্বেদীদিগের প্রেতশ্রাদ্ধে) কাল ও কাম, কাম্যশ্রাদ্ধে ধুরিন্ ও লোচন, এবং পার্ব্বণ শ্রাদ্ধে পুরূরবস্ ও মাদ্রবস্। সাধারণ নামগুলি গণবাচক, সুতরাং বহুত্ববোধক বলিয়া বহুবচনান্ত, এবং বিশেষ নামগুলি একত্ববোধক বলিয়া একবচনান্ত;—যথা বসুসত্যৌ (বসুশ্চ সত্যশ্চ) বিশ্বে দেবাঃ ইত্যাদি। বিশ্ব শব্দ এখানে সংজ্ঞাবাচক হইলেও, এবং সংজ্ঞাবাচকের সর্ব্বনামসংজ্ঞা নিষিদ্ধ হইলেও ঋষিবচনে ও বেদমন্ত্রে 'বিশ্বে দেবাঃ' ইত্যাদি প্রয়োগ থাকায় "নঞা নির্দিষ্টমনিত্যং" (ন শব্দ দ্বারা নির্দিষ্ট নিষেধবিধি অনিত্য) এই ন্যায়ে সর্ব্বনামই জানিতে হইবে।

ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্যঃ এব চ।
নমঃ পুষ্ট্যৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি* ॥ —৩বার। (৪)

ওঁ পুণ্ডরীকাক্ষঃ। তৎপরে একটি পাত্রের জলে মৃত্তিকা গুলিয়া সেই মৃজ্জল দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্য প্রোক্ষণপূর্ব্বক পিতৃপক্ষীয় ও মাতামহপক্ষীয় ব্রাহ্মণদিগের রক্ষার্থ ঐ জল দুইটি পাত্রে করিয়া দুইপক্ষের ব্রাহ্মণগণের পার্শ্বে এক-একটি পাত্রে স্থাপন করিবে।

আসন—দেবপক্ষীয় ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া দুইটি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ। বসুসত্যৌ বিশ্বে দেবাঃ এতদ্ বো দর্ভাসনং নমঃ †—বলিয়া ব্রাহ্মণের দক্ষিণ পার্শ্বে দিবে। ০। পিতৃপক্ষীয় ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া ৩টি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ। অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে দর্ভাসনং ‡ ওঁ যে চাত্র ত্বামনু, যাংশ্চ ত্বমনু, তস্মৈ তে নমঃ (৫) বলিয়া ব্রাহ্মণের বাম পার্শ্বে দিবে। ০। মাতামহপক্ষীয় ব্রাহ্মণে জলগণ্ডূষ

---

* পিতৃদয়িতোক্ত মন্ত্র।

† হে বসুসত্যৌ বিশ্বে দেবাঃ (বসু ও সত্য নামে বিশ্বদেবগণ), বঃ (তোমাদিগকে) এতৎ দর্ভাসনং নমঃ (এই কুশাসন দিতেছি)।

‡ এতৎ তে—প্রত্যেকাপেক্ষয়া একবচনম্।

---

(৪) ব্যাখ্যা—(পুরূরবা প্রভৃতি পিতৃগণের রক্ষক) দেবতাদিগকে, (অগ্নিষ্বাত্ত প্রভৃতি) পিতৃলোকবাসীদিগকে, (সনক প্রভৃতি) মহাযোগীদিগকে, (পিতৃলোকের অন্নাধিষ্ঠাত্রী) পুষ্টি-দেবীকে, এবং (দেবতাদিগের অন্নাধিষ্ঠাত্রী) স্বাহা-দেবীকে প্রণাম। তাঁহারা নিত্যই মৎসমীপে উপস্থিত হউন (অর্থাৎ আমি প্রত্যহই যেন শ্রাদ্ধ-তর্পণ করিতে পারি)। [পার্ব্বণ ও একোদ্দিষ্ট শ্রাদ্ধে, 'পুষ্ট্যৈ' স্থলে 'স্বধায়ৈ' পাঠ; অর্থ স্বধাদেবীকে।]

(৫) এই শ্রাদ্ধে যাঁহারা তোমার সহিত থাকেন, এবং তুমি যাঁহাদিগের সহিত থাক, তাঁহাদের সকলকে ও তোমাকে দিতেছি। ০। তস্মৈ—"তেভ্যঃ" অর্থে "তস্মৈ"-প্রয়োগ ছান্দস। যদিও বাক্যে একবার 'তে' বলা হইয়াছে, তথাপি ইহা মন্ত্র বলিয়া

দিয়া তিনটি ত্রিপত্র ধরিয়া (বিষ্ণুরে৷) অমুকগোত্র নান্দীমুখ মাতামহ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ প্রমাতামহ অমুকদেবশর্ম্মন্, অমুক-গোত্র নান্দীমুখ বৃদ্ধপ্রমাতামহ অমুকদেবশর্ম্মন্, এতৎ তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু, যাংশ্চ ত্বমনু,তস্মৈ তে নমঃ বলিয়া ব্রাহ্মণের বাম পার্শ্বে দিবে।

আবাহন—যব লইয়া দেবপক্ষের ব্রাহ্মণকে বলিবে—ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে ? (৬)। (পুরোহিত—ওঁ আবাহয়)।

ওঁ বিশ্বে দেবাস আ গত, শৃণুতা ম ইমং হবং।
এদং বর্হির্নি ষীদত ॥ (৭)

এই মন্ত্র পাঠ করিয়া বিনা মন্ত্রে ব্রাহ্মণদিগের উপর যবগুলি ছড়াইয়া দিবে। পরে কৃতাঞ্জলি হইয়া—

ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে
যে অন্তরিক্ষে, য উপ দ্যবি ষ্ঠ।
যে অগ্নিজিহ্বা উত বা যজত্রা
আসদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বং ॥ (৮)

ইহাও অবিকল পাঠ্য ; তজ্জন্য পুনরুক্তি-দোষ ঘটে না। কেহ কেহ বলেন—বাক্যস্থ 'তে' পদে সম্বন্ধে ষষ্ঠী, এবং মন্ত্রস্থ 'তে' পদে সম্প্রদানে চতুর্থী (অর্থাৎ তোমার এই দর্ভাসন তাঁহাদিগকে ও তোমাকে দিতেছি)। মন্ত্রের মধ্যেই "নমঃ" আছে বলিয়া বাক্যে আর "নমঃ" বলিতে হয় না—"নমোঽন্তে ন নমো দত্তাৎ"।

(৬) বিশ্বদেবদিগকে আবাহন করি ?

(৭) ব্যাখ্যা—বিশ্বে দেবাসঃ (হে বিশ্বসংজ্ঞকা দেবাঃ), আ গত (যূয়ম্ ইহ আগচ্ছত)। মে (মদীয়ম্) ইমং হবম্ (আহ্বানং) শৃণুত। ইদং বর্হিঃ (অস্মিন্ বর্হিষি) আ নিষীদত (সম্যক্ উপবিশত) ॥ দেবাসঃ—দেবশব্দাৎ জস্, "আজ্জসেরসুক্" ইতি জসঃ পরে অস্ আগমঃ, তেন দেবাসস্ ইতি জাতে সস্য বিসর্গঃ। আ গত—আঙ্ পূর্ব্বাৎ গমধাতোঃ লোট্ ত, "ব্যত্যয়ো বহুলম্" ইতি ব্যত্যয়েন অদাদিত্বাৎ শপো লুকি পঞ্চমলোপঃ। শৃণুতা—"ঋচি তু-নু-ঘ" ইত্যাদিনা দীর্ঘঃ। ইদং বর্হিঃ—ব্যত্যয়েন সপ্তমীস্থানে প্রথমা। (আ ইদং—এদং)। আ নিষীদত—'ব্যবহিতাশ্চ' ইতি ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ। ০।

অনুবাদ—হে বিশ্বদেবগণ, তোমরা এস ; আমার এই আহ্বান শুন ; এবং এই কুশাসনে উপবেশন কর।

(৮) ব্যাখ্যা—হে বিশ্বে দেবাঃ, মে (মদীয়ম্) ইমং হবম্ (আহ্বানং) শৃণুত।

ওঁ ওষধয়ঃ সমবদন্ত, * সোমেন সহ রাজ্ঞা।

যস্মৈ কৃণোতি ব্রাহ্মণ,-স্তং রাজন্ পারয়ামসি॥ (৯)

তৎপরে পিতৃপক্ষে ও মাতামহপক্ষে একবারমাত্র যব লইয়া, ওঁ নান্দীমুখান্ পিতৄন্ † আবাহয়িষ্যে? (পুরোহিত—ওঁ আবাহয়)।

ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো

গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ।

দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং

রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নি যচ্ছত॥ (১০)

---

* ঋগ্বেদের পাঠ—সংবদন্তে। † পিতৄন্—পিতৃলোকগতান্ পিত্রাদীন্।

যে যূয়ম্ অন্তরিক্ষে স্থ (অন্তরীক্ষলোকে বর্ত্তমানা ভবথ)। যে চ উপ (তৎসমীপস্থে ভূলোকে স্থ)। যে চ দ্যুবি (দ্যুলোকে), স্থ। যে চ অগ্নিজিহ্বাঃ (অগ্নিজিহ্বাস্থানীয়ো যেষাং; যদ্বা অগ্নের্জিহ্বা, তয়া পোষ্যমাণত্বাৎ অগ্নিজিহ্বা উচ্যন্তে)। উত বা (অপি বা) যে যজত্রাঃ (যজনীয়াঃ)। তে সর্ব্বে যূয়ম্ অস্মিন্ (আস্তীর্ণে) বর্হিষি (কুশে) আসদ্য (উপবিশ্য) মাদয়ধ্বং (হৃষ্টা ভবত, মৎকৃতপূজনেন আত্মানং তর্পয়ত)॥ যে অন্তরিক্ষে, যে অগ্নিজিহ্বাঃ—"প্রকৃত্যান্তঃপাদমব্যপারে" ইতি অকারলোপাভাবঃ। দ্যুবি ষ্ঠ—"পূর্ব্বপদাৎ" ইতি ষত্বম্।০। অনুবাদ—হে বিশ্বদেবগণ, যে তোমরা অন্তরীক্ষলোকে, তৎসমীপবর্ত্তী ভূলোকে, ও স্বর্গলোকে অবস্থান করিয়া থাক, যে তোমাদের অগ্নিই জিহ্বাস্থানীয় (অর্থাৎ যে তোমরা অগ্নিশিখায় প্রদত্ত আহুতি আস্বাদন করিয়া থাক) এবং যে তোমরা যজ্ঞদ্বারা উপাসনীয়, সেই তোমরা আমার আহ্বান শ্রবণ কর, এবং এই কুশাসনে উপবেশন করিয়া হৃষ্ট হও।

(৯) ব্যাখ্যা—ওষধয়ঃ (ব্রীহ্যাদয়ঃ) রাজ্ঞা (ওষধীনামীশেন) সোমেন (চন্দ্রেণ সহ) সমবদন্ত (স্থিরীভূতাঃ—বদ স্থৈর্য্যে); অয়মর্থঃ—যা ওষধয়ঃ শ্রাদ্ধে দীয়ন্তে, তাঃ সোমেন সহ ঐক্যমাপন্নাঃ অমৃতময়ীভূতা ইতি। তথা ব্রাহ্মণঃ (শ্রাদ্ধভোক্তা) যস্মৈ (দেবায়) কৃণোতি (করোতি—ভোজনমিতি শেষঃ), হে রাজন্ (সোম) তং (দেবং) বয়ং পারয়ামসি (আপ্যায়য়ামঃ)॥ পারয়ামসি—"ইদন্তো মসিঃ" ইতি মসঃ স্থানে মসিরাদেশঃ।০। অনুবাদ—ওষধীসমূহ তাহাদের রাজা চন্দ্রের সহিত মিলিত হইয়াছে (অর্থাৎ সুধাময় হইয়াছে)। এই শ্রাদ্ধভোক্তা ব্রাহ্মণ যাঁহার জন্ত ভোজন করিতে বসিয়াছেন, হে রাজন্, আমরা তাঁহাকে আপ্যায়িত করি।

(১০) ব্যাখ্যা—(সোমমর্হন্তীতি সোম্যাঃ) হে সোম্যাসঃ (সোম্যাঃ) নান্দীমুখাঃ

ওঁ উশন্তস্ত্বা নি ধীমহ্যুশন্তঃ সমিধীমহি।
উশন্নুশত আ বহ নান্দীমুখান্ পিতৄন্ হবিষে অত্তবে॥ (১১)
ওঁ আ যন্তু নো নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো-
ঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ।
অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা মদন্তোঽধি ব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্॥ (১২)

পিতরঃ, এত (যূয়ম্ আগচ্ছত)। কৈঃ আগমনমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—পথিভিঃ। কিম্ভূতৈঃ পথিভিঃ? গম্ভীরেভিঃ (গম্ভীরৈঃ—দেবাদীনাং প্রসিদ্ধবর্ত্মভিরিত্যর্থঃ)। তথা পূর্ব্বিণৈঃ—(পূর্ব্বপুরুষাণাং গমনাগমনার্থং প্রসিদ্ধবর্ত্মভিরিত্যর্থঃ)। আগত্য চ ইহ (অস্মিন্ শ্রাদ্ধে) অস্মভ্যং দ্রবিণা (দ্রবিণানি—ধনানি) ভদ্রং (কল্যাণং) চ দত্ত (প্রযচ্ছত)। নঃ (অস্মভ্যং) রয়িং (সুবর্ণং) চ নিযচ্ছত (নিতরাং দত্ত)। কিম্ভূতং রয়িম্? সর্ব্ববীরং (সর্ব্বে বীরাঃ প্রার্থয়িতারো যস্য তথাভূতম্)। ধনাদিলাভতয়া যথা বয়ং পুরুষপরম্পরয় নিরাময়াঃ সন্তঃ বিহিতদ্রব্যসম্ভারপূর্ব্বকং যুষ্মাকং শ্রাদ্ধং কর্ত্তুং সমর্থা ভবেম তথা কুরুত ইতি আশংসাবাক্যার্থঃ॥ সোম্যাসঃ—'সোমমর্হতি যঃ' ইতি যঃ। গম্ভীরেভিঃ—'বহুলং ছন্দসি' ইতি ঐসভাবঃ। পূর্ব্বিণেভিঃ—'পূর্ব্বৈঃ কৃতমিনযৌ চ' ইতি ইনঃ, পূর্ব্ববৎ ঐসভাবঃ। দ্রবিণা—'শেশ্ছন্দসি বহুলম্' ইতি শের্লোপঃ।০। অনুবাদ—হে পূজনীয় নান্দীমুখ পিতৃগণ, তোমরা দেবতাদিগের ও পূর্ব্বপুরুষদিগের যাতায়াতের পথ দিয়া এস। এখানে আসিয়া আমাদিগকে ধন ও কল্যাণ দাও, এবং সমস্ত বীরপুরুষদিগের প্রার্থনীয় সুবর্ণও দাও। [একোদ্দিষ্ট শ্রাদ্ধে—এহি পিতঃ সোম্য; দেহ্যস্মভ্যং; নিযচ্ছ। বৃদ্ধিশ্রাদ্ধ ভিন্ন কোনও শ্রাদ্ধেই 'নান্দীমুখাঃ' বলিতে হয় না।]

(১১) ব্যাখ্যা—হে অগ্নে, উশন্তঃ (কাময়মানাঃ বয়ং) ত্বা (ত্বাং) নিধীমহি (স্থাপয়ামঃ)। উশন্তঃ (কাময়মানা এব বয়ং) ত্বাং সমিধীমহি (সন্দীপয়ামঃ)। ত্বঞ্চ উশন্ (কাময়মানঃ সন্) উশতঃ (কাময়মানান্) পিতৄন্ আ বহ (আনয়)। কিং কর্ত্তুম্? হবিষে অত্তবে (হবিঃ অত্তুং ভক্ষয়িতুম্)॥ উশন্তঃ—বশ কান্তৌ শতৃ। হবিষে—ব্যত্যয়েন দ্বিতীয়াস্থানে চতুর্থী। অত্তবে—অদধাতোঃ তুমর্থে তবে প্রত্যয়ঃ।০। অনুবাদ—হে অগ্নে, আমরা হবির্দান কামনা করিয়া তোমাকে স্থাপন করিতেছি, এবং সেই কামনা করিয়াই তোমাকে উদ্দীপ্ত করিতেছি। তুমিও নিজে সেই হবিঃ কামনা করিয়া, হবিঃ কামনা করেন যে পিতৃগণ, তাঁহাদিগকে সেই হবিঃ ভোজন করিবার জন্য লইয়া আইস।

(১২) ব্যাখ্যা—নঃ (অস্মাকং) পিতরঃ দেবযানৈঃ পথিভিঃ আযন্তু (আগচ্ছন্তু;

ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ॥ (১৩)

বলিয়া ৪টি ব্রাহ্মণাসন সমীপে যবগুলি ছড়াইয়া দিবে, এবং জলস্পর্শ করিবে। *

অর্ঘ্য—দেবপক্ষে উত্তরাগ্র কুশোপরি একটি †, এবং পিতৃপক্ষে ও মাতামহপক্ষে পূর্ব্বাগ্র-কুশোপরি ছয়টি অর্ঘ্যপাত্র (পশ্চিমাদিক্রমে) স্থাপন করিবে। পবিত্রের জন্য দুইগাছি করিয়া সাগ্র কুশ লইয়া "ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" (১৪) বলিয়া অগ্র হইতে প্রাদেশ-প্রমাণ রাখিয়া মূলের দিকে নখব্যতিরেকে ছেদন করিয়া, "ওঁ বিষ্ণো-

---

* পিতৃমন্ত্র পাঠের পর সর্ব্বত্রই জলস্পর্শ করিতে হয়; যথা ছন্দোগপরিশিষ্ট—'পিত্র্যমন্ত্রানুহরণে আত্মালম্ভে হ্যবেক্ষণে।...নিমিত্তেষেষু সর্ব্বেষু কর্ম্ম কুর্ব্বন্নপঃ স্পৃশেৎ॥'

† দেবপক্ষে তন্ত্রেণ একমেব অর্ঘ্যপাত্রমিতি বোধ্যম্। অত্র কেচিৎ—নিধান্ দেবান্ যবৈঃ পুষ্পৈরভ্যর্চ্চ্যাসনপূর্ব্বকম্। পূরয়েৎ পাত্রযুগ্মন্তু স্থাপ্যং দর্ভপবিত্রকে। ইতি মৎসপুরাণবচনাৎ অর্ঘ্যদ্বয়ং দৈবে নিত্যমাহুঃ। তৎ অসঙ্গতম্, ভাজনে সপবিত্রকে ইতি যাজ্ঞবল্ক্যবচনাৎ একত্বাবগতেঃ। অর্ঘ্যদ্বয়বচনন্তু দেবশ্রাদ্ধস্য তন্ত্রত্বাভাবপক্ষে বর্ণনীয়ম্; যদ্বা পুরূরবোমাদ্রবসোরুভয়ত্বাৎ প্রীত্যতিশয়ার্থং, ন তু নিত্যমিতি ধ্যেয়ম্।—কাশিরাম।

দেবৈঃ সহ যান্তি পিতরো যেষু তে দেবযানাঃ মার্গাঃ তৈঃ) কীদৃশাঃ পিতরঃ? সোম্যাসঃ (সোম্যাঃ—সোমপানার্হাঃ)। অগ্নিষ্বাত্তাঃ (অগ্নিনা স্বাত্তাঃ স্বাদিতাঃ, অগ্নিঃ হবির্ব্বহন্ যান্ স্বাদয়তি)। কিঞ্চ তে পিতরঃ আগত্য অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা (অন্নেন) মদন্তঃ (তৃপ্যন্তঃ, তুষ্টাঃ সন্তঃ) নঃ (অস্মান্) অধি ব্রুবন্তু (অধিকান্ বদন্তু, তদ্বাক্যাৎ তথৈব বয়ম্ অধিকাঃ স্যাম ইত্যর্থঃ)। তে পিতরঃ অস্মান্ অবন্তু (পালয়ন্তু)। যন্তু—ইণধাতোর্লোটি রূপম্।০। অনুবাদ—সোমরসপানার্হ ও অগ্নিষ্বাত্ত (অর্থাৎ যাঁহারা অগ্নির সাহায্যে হবিঃ আস্বাদন করেন সেই) আমাদের পিতৃগণ দেবযান-নামক পথ দিয়া আসুন। তাঁহারা আসিয়া এই যজ্ঞে অন্ন দ্বারা তৃপ্ত হইয়া আমাদিগকে "বড়" বলুন (অর্থাৎ তাঁহাদের আশীর্ব্বাদে আমরা যেন বড় হইতে পারি); এবং তাঁহারা আমাদিগকে রক্ষা করুন।

(১৩) ব্যাখ্যা—বেদ্যাং সীদন্তীতি বেদিষদঃ, তাদৃশাঃ অসুরাঃ বেদিসকাশাৎ অপহতাঃ (অপগতাঃ—তিলপ্রক্ষেপেণ অপহৃতাঃ)। তথা রক্ষাংসি (রাক্ষসাঃ) বেদ্যা অপহতা-নীতি শেষঃ।০। অনুবাদ—বেদি (অর্থাৎ শ্রাদ্ধের জন্য পরিষ্কৃত ভূমিতে) অবস্থিত (শ্রাদ্ধবিঘ্নকারী) অসুর ও রাক্ষসেরা (এই তিলপ্রক্ষেপ দ্বারা) দূরীভূত হইয়াছে। (জ্ঞাতব্য—এই মন্ত্রটির পাঠ সকলবেদেই একরূপ)।

-র্মনসা পূতে স্থঃ" (১৫) বলিয়া জলপ্রোক্ষণপূর্ব্বক যথাক্রমে এক-একটি পাত্রে রাখিবে। (উল্লিখিত ছেদন ও প্রোক্ষণের মন্ত্র, এবং নিম্নলিখিত অর্ঘ্যপাত্রে জল ও যব দিবার মন্ত্র প্রত্যেক বারে পৃথক্ পৃথক্ পড়িতে হইবে)। জল দিবার মন্ত্র—

ওঁ শন্নো দেবী-রভিষ্টয়ে, শন্নো ভবন্তু পীতয়ে।

শং যো-রভি স্রবন্তু নঃ ॥

জলস্পর্শান্তে দৈবপাত্রে যব দিবার মন্ত্র—

ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়াঽরাতী-

র্দিবে ত্বান্তরিক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা।

শুন্ধন্তাং লোকাঃ পিতৃষদনাঃ পিতৃষদনমসি ॥ (১৬)

---

(১৪) ব্যাখ্যা—হে পবিত্রে, যুবাং বৈষ্ণব্যৌ (যজ্ঞসম্বন্ধিনী) স্থ (ভবথ—"যজ্ঞো বৈ বিষ্ণু-রিতি শ্রুতেঃ) ॥ বৈষ্ণবে ৗ ইতি 'ব্যত্যয়ো বহুল'মিতি স্রাষম্।•। অনুবাদ—হে পবিত্রদ্বয়, তোমরা যজ্ঞসম্বন্ধি।

(১৫) ব্যাখ্যা—হে পবিত্রে, যুবাং বিষ্ণোঃ, মনসা (মননেন, স্মরণমাত্রেণ) পূতে (পবিত্রে) স্থ (ভবথ)।•। অনুবাদ—হে পবিত্রদ্বয়, তোমরা বিষ্ণুর স্মরণমাত্রেই পবিত্র হইয়াছ।

(১৬) ব্যাখ্যা—হে ধান্তবিশেষ, যস্মাৎ ত্বং যবঃ অসি (যৌতি পৃথক্ করোতীতি যবঃ), তস্মাৎ দ্বেষঃ (দ্বেষ্টৄন্, শত্রূন্, দৌর্ভাগ্যানি বা) অস্মৎ (অস্মত্তঃ) যবয় (পৃথক্-কুরু)। তথা অরাতীঃ (অ-দানানি চ) যবয় (পৃথক্কুরু) ; অনেন সৌভাগ্যং ধনঞ্চ প্রার্থ্যতে ইতি ভাবঃ। হে অগ্রভাগ, দিবে (দ্যুলোক-প্রীত্যর্থং) ত্বা (ত্বাং) প্রোক্ষামীতি শেষঃ। হে মধ্যভাগ, অন্তরিক্ষায় (অন্তরীক্ষলোকপ্রীত্যৈ) ত্বা (ত্বাং) প্রোক্ষামি। হে মূলভাগ, পৃথিব্যৈ (ভূলোকপ্রীত্যৈ) ত্বা (ত্বাং) প্রোক্ষামি। (পিতরঃ সীদন্তি যেষু লোকেষু তে) পিতৃষদনাঃ লোকাঃ শুন্ধন্তাম্ (অনেন উদকসেচনেন শুদ্ধা ভবন্তু)। (পিতরঃ সীদন্তি উপবিশন্তি যস্মিন্ তৎ পিতৃষদনং) হে বর্হিঃ ত্বং পিতৃষদনম্ অসি।•। অনুবাদ—হে শস্য, যেহেতু তুমি যব (অর্থাৎ পৃথক্কারী), সেই হেতু তুমি দৌর্ভাগ্য ও অদাতৃত্ব হইতে আমাদিগকে পৃথক্ করিয়া দাও (অর্থাৎ আমাদিগকে সৌভাগ্য, ও দানোপযোগি ধন দাও)। স্বর্গলোকের প্রীত্যর্থে তোমার অগ্রভাগকে, অন্তরীক্ষলোকের প্রীত্যর্থে তোমার মধ্য-

পিত্রাদিপাত্রে যব দিবার মন্ত্র—

ওঁ যবোঽসি সোমদেবত্যো, গোযবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ পুষ্ট্যা, নান্দীমুখান্ পিতৄঁল্লোঁকান্ প্রীণাহি নঃ স্বাহা॥ (১৭)

জলস্পর্শান্তে দৈবাদিক্রমে প্রত্যেক পাত্রে অমন্ত্রক গন্ধ,পুষ্প, দূর্ব্বা ও আতপতণ্ডুল দিয়া, উত্তরাগ্র কুশ দ্বারা দৈবপাত্র আচ্ছাদন করিয়া বলিবে —ওঁ অচ্ছিদ্র-মিদ-মর্ঘ্যপাত্র-মস্তু * (১৮); (পুরোহিত—ওঁ অস্তু)। আচ্ছাদন-কুশ উত্তরদিকে নিক্ষেপ করিয়া, অর্ঘ্যপাত্রস্থ পবিত্রটি ব্রাহ্মণে দিয়া, কোশার একটু জল ব্রাহ্মণে দিয়া, পুষ্পপাত্র হইতে একটি পুষ্প

* দুইটি অর্ঘ্যপাত্র করিলে—ওঁ অচ্ছিদ্রে ইমে অর্ঘ্যপাত্রে স্তাম্ (পুরোহিত—ওঁ স্তাম্)।

ভাগকে, এবং ভূলোকের প্রীত্যর্থে তোমার মূলভাগকে সেচন করি। এই সেচন দ্বারা পিতৃলোকদিগের আবাসভূত লোকসমূহ শুদ্ধ হউক। হে কুশ, তুমি পিতৃলোকের আসন হও।

জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
ওঁ অনাদিনিধন জ্ঞান নিত্যানন্দ জনার্দ্দন।
যস্যাত্র শ্রাদ্ধে কর্ত্তব্যো সান্নিধ্যং কুরু কেশব॥
ওঁ ভো ভগবন্ অত্র শ্রাদ্ধেঽধিষ্ঠাতা ভব।

গঙ্গাপূজা—এষ গন্ধঃ ওঁ গঙ্গায়ৈ নমঃ, এতৎ পুষ্পং···, এষ ধূপঃ..., এষ দীপঃ···, এতৎ সোপকরণামান্নভোজ্যং···। প্রণাম—

ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

ভূস্বামী—যব-তুলসী-ত্রিপত্র লইয়া, এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগসোপকরণামান্নভোজ্যং ওঁ এতদ্ভূস্বামিপিতৃভ্যো নমঃ।

ব্রাহ্মণাসন—উত্তরমুখে বসিয়া স্বীয় বামভাগে দক্ষিণাংশে দেবপক্ষীয় দুইটি ব্রাহ্মণের দুইটি আসন (ডুলী বা কলাপাতা), তদুত্তরে ঐরূপ মাতৃপক্ষীয় দুইটি ব্রাহ্মণের দুইটি আসন, তদুত্তরে পিতৃপক্ষীয় দুইটি ব্রাহ্মণের দুইটি আসন, এবং তদুত্তরে মাতামহপক্ষীয় দুইটি ব্রাহ্মণের দুই আসন স্থাপন করিবে। সমস্ত আসনই পূর্ব্বাগ্র করিয়া পাতিবে এবং তাহাদের প্রত্যেকের উপর দুইগাছি করিয়া পূর্ব্বাগ্র কুশও রাখিবে।

ব্রাহ্মণ—৮টি কুশব্রাহ্মণকে বাম হস্তে ধরিয়া নিম্নলিখিত মন্ত্রে চন্দন মাখাইবে—

ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপ হ্বয়ে শ্রিয়ম্॥

নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে—

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
স ভূমিং সর্ব্বত স্পৃত্বাঽত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥

ইদং স্নানজলং ওঁ দর্ভময়ব্রাহ্মণেভ্যো নমঃ। তৎপরে দেবপক্ষাদির দুইটি দুইটি আসনে যথাক্রমে দুইটি দুইটি ব্রাহ্মণ পশ্চিমাগ্র করিয়া রাখিবে।

অনুজ্ঞা—দেবপক্ষে যে কোনও একটি ব্রাহ্মণে একগণ্ডূষ জল দিয়া, কৃতাঞ্জলি হইয়া—বিষ্ণুরোঁ তৎ সৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (বা অমুকদেব্যাঃ) শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যা মাতুঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যাঃ পিতামহ্যাঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যাঃ প্রপিতামহ্যাঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধে কর্ত্তব্যে বসুসত্যয়োর্বিশ্বেষাং দেবানাম্ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে (পুরোহিত - ওঁ কুরুষ) ।•। মাতৃপক্ষব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া কৃতাঞ্জলি হইয়া, বিষ্ণুরোঁ তৎ সৎ অদ্য…কর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যাঃ মাতুঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যাঃ পিতামহ্যাঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রায়াঃ নান্দীমুখ্যাঃ প্রপিতামহ্যাঃ অমুকদেব্যাঃ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে (পুরোহিত—ওঁ কুরুষ)।•। পিতৃপক্ষব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, কৃতাঞ্জলি হইয়া—বিষ্ণুরোঁ তৎ সৎ অদ্য…কর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য

অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে (পুরোহিত—ওঁ কুরুষ) ।•। মাতামহপক্ষব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, কৃতাঞ্জলি হইয়া—বিষ্ণুরোঁ তৎ সৎ অদ্য…কর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য মাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ, অমুকগোত্রস্য নান্দীমুখস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িক-শ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে (পুরোহিত—ওঁ কুরুষ)।

দৈবাদিক্রমে প্রতিপক্ষে এক-একবার গায়ত্রী পড়িয়া,

ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ।
নমঃ পুষ্ট্যৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি॥

এই মন্ত্রটি ৩বার পড়িয়া, ওঁ পুণ্ডরীকাক্ষঃ বলিয়া একটি পাত্রের জলে মৃত্তিকা গুলিয়া সেই মৃজ্জল দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্য প্রোক্ষণ করিয়া রক্ষার্থ ঐ জল মাতৃপক্ষাদি ৩ পক্ষের ব্রাহ্মণাসনের পার্শ্বে ৩টি পাত্রে রাখিবে।

আসন—দেবপক্ষ-ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, দুইটি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ বসুসত্যৌ বিশ্বে দেবা এতদ্বো দর্ভাসনং নমঃ—বলিয়া ব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে দিবে।•। মাতৃপক্ষ-ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া তিনটি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি পিতামহি অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি প্রপিতামহি অমুকদেবি, এতত্তে দর্ভাসনং নমঃ—বলিয়া ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে।•। পিতৃপক্ষ ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া তিনটি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ অমুক-গোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতত্তে দর্ভাসনং নমঃ—বলিয়া ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে।•। মাতামহপক্ষ-ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, তিনটি ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্র নান্দী-

মুখ মাতামহ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ প্রমাতামহ অমুকদেব-শর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ বৃদ্ধপ্রমাতামহ অমুকদেবশর্ম্মন্ এতত্তে দর্ভাসনং নমঃ—বলিয়া ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে।

আবাহন—দেবপক্ষে যব লইয়া বলিবে—ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে? (পুরোহিত—ওঁ আবাহয়)।

ওঁ বিশ্বে দেবাস আ গত, শৃণুতা ম ইমং হবং। এদং বর্হির্নিষীদত॥

এই মন্ত্র পড়িয়া, বিনা মন্ত্রে ব্রাহ্মণাসন-সমীপে যব ছড়াইয়া দিবে। পরে কৃতাঞ্জলি হইয়া—

ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে
যে অন্তরিক্ষে য উপ দ্যবি ষ্ঠ।
যে অগ্নিজিহ্বা উত বা যজত্রা
আসদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বম্॥ *

মাতৃপক্ষে, পিতৃপক্ষে ও মাতামহপক্ষে একবারমাত্র যব লইয়া বলিবে—ওঁ নান্দীমুখান্ পিতৃন্ আবাহয়িষ্যে? (পুরোহিত—ওঁ আবাহয়)।

ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আ বহ নান্দীমুখান্ পিতৄন্ হবিষে অত্তবে॥

ওঁ আ যন্তু নো নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা মদন্তোঽধি ব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্॥

ওঁ অপহতা অসুরা রক্ষাꣳসি বেদিষদঃ।

---

* কাত্যায়ন-সূত্রে দৈবে "ওষধয়ঃ" ইত্যাদি মন্ত্র, এবং পিত্রে "এত (নান্দীমুখাঃ) পিতরঃ" ইত্যাদি মন্ত্র ধৃত হয় নাই।

বলিয়া ৬টি ব্রাহ্মণাসনসমীপে যবগুলি ছড়াইয়া দিবে, এবং জল স্পর্শ করিবে।

অর্ঘ্য—ব্রাহ্মণাসন-সমীপে উত্তরাগ্র কুশোপরি দেবপক্ষে পাত্রদ্বয় এবং মাতৃপ্রভৃতি প্রত্যেক পক্ষে পাত্রত্রয় পাতিবে। পবিত্রের জন্য দুইগাছি করিয়া কুশ লইয়া—

ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।

বলিয়া অগ্র হইতে প্রাদেশপ্রমাণ রাখিয়া মূলের দিকে নখব্যতিরেকে ছেদন করিয়া,

ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ

বলিয়া জল-প্রোক্ষণপূর্ব্বক যথাক্রমে এক-একটি পাত্রে পূর্ব্বাগ্র করিয়া রাখিবে (উল্লিখিত ছেদন ও প্রোক্ষণের মন্ত্র, এবং নিম্নলিখিত অর্ঘ্যপাত্রে জল ও যব দিবার মন্ত্র প্রত্যেকবারে পৃথক্ পৃথক্ পড়িতে হইবে)। জল দিবার মন্ত্র—

ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে।
শং যোরভি স্রবন্তু নঃ।

দৈবপাত্রে যব দিবার মন্ত্র—

ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়ারাতী-
র্দিবে ত্বান্তরিক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা।
শুন্ধন্তাং লোকাঃ পিতৃষদনাঃ পিতৃষদনমসি॥

মাত্রাদিপক্ষের পাত্রে যব দিবার মন্ত্র—

ওঁ যবোঽসি সোমদেবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ।
প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ পুষ্ট্যা, নান্দীমুখান্ পিতৄল্লোঁকান্
প্রীণাহি নঃ স্বাহা॥

জলস্পর্শ করিয়া দৈবাদিক্রমে প্রত্যেক পাত্রে অমন্ত্রক গন্ধ, পুষ্প, দূর্ব্বা ও আতপতণ্ডুল দিয়া, একগাছি উত্তরাগ্র কুশ দ্বারা দৈবপাত্রদ্বয় আচ্ছাদন করিয়া বলিবে—ওঁ অচ্ছিদ্রে ইমে অর্ঘ্যপাত্রে স্তাম্ (পুরোহিত —ওঁ স্তাম্)। আচ্ছাদন-কুশ উত্তরদিকে নিক্ষেপ করিয়া, অর্ঘ্যপাত্রস্থ পবিত্রটি দৈবব্রাহ্মণে পূর্ব্বাগ্র করিয়া দিয়া, কোশায় একটু জল ঐ ব্রাহ্মণে দিয়া, পুষ্পপাত্র হইতে একটি পুষ্প লইয়া, ওঁ শিরঃপ্রভৃতিসর্ব্বগাত্রেভ্যো নমঃ—বলিয়া ঐ ব্রাহ্মণে দিবে। পরে মাতৃপক্ষের তিনটি অর্ঘ্যপাত্র একগাছি উত্তরাগ্র কুশ দ্বারা আচ্ছাদন করিয়া বলিবে—ওঁ অচ্ছিদ্রাণী-মান্যর্ঘ্যপাত্রাণি সন্তু (পুরোহিত—ওঁ সন্তু)। পূর্ব্ববৎ আচ্ছাদন-কুশ নিক্ষেপ, ব্রাহ্মণে কোশায় জল, এবং ওঁ শিরঃপ্রভৃতিসর্ব্বগাত্রেভ্যো নমঃ—বলিয়া পুষ্পপাত্র হইতে একটি পুষ্প দিবে। পিতৃপক্ষে ও মাতামহপক্ষেও এইরূপ করিবে। তৎপরে দেবপক্ষের অর্ঘ্যপাত্রদ্বয় উপরি উপরি করিয়া বাম হস্তে রাখি। দক্ষিণহস্ত দ্বারা আচ্ছাদনপূর্ব্বক বলিবে—

ওঁ যা দিব্যা আপঃ পয়সা সং বভূবু-
র্যা অন্তরিক্ষ্যা উত পার্থিবীর্যাঃ।
হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ
শিবাঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু॥

দক্ষিণহস্ত দ্বারা জলে ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ বসুসত্যৌ বিশ্বে দেবাঃ এষ বোঽর্ঘো * নমঃ—বলিয়া অর্ঘ্যে জলের ছিটা দিয়া অর্ঘ্য দুইটি তুলিয়া ব্রাহ্মণে দিবে। -। মাতৃপক্ষের পাত্রও ঐরূপে ধরিয়া "যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুক-দেবি এষ তেঽর্ঘো নমঃ—বলিয়া অর্ঘ্যটি ব্রাহ্মণে দিবে, এবং সংস্রব (অর্থাৎ অবশিষ্ট কিঞ্চিৎ জল) সহ পাত্রটি যথাস্থানে রাখিবে। ঐরূপে পিতামহী প্রভৃতিকেও অর্ঘ্য দিয়া পাত্রগুলি যথাস্থানে রাখিবে। পরে

* জাতিসামান্যে একবচন।

মাত্রাদি আটটি অর্ঘ্যপাত্রের সংস্রব যথাক্রমে মাতৃপাত্রে ঢালিয়া প্রপিতামহপাত্র দ্বারা আচ্ছাদন করিয়া, * ওঁ নান্দীমুখেভ্যঃ পিতৃভ্যঃ স্থানমসি—বলিয়া স্ববামে কুশোপরি ন্যুব্জ করিবে (অর্থাৎ প্রপিতামহপাত্রটি নীচে ও মাতৃপাত্রটি উপরে যেরূপে থাকে, এইরূপ ভাবে—উল্টাইয়া রাখিবে) এবং ১ গাছি পূর্ব্বাগ্র কুশ উহার উপর আচ্ছাদন দিবে।

গন্ধাদিপঞ্চক—দেবপক্ষে গন্ধ অর্থাৎ সচন্দন তুলসী, পুষ্প, ধূপ, দীপ ও বস্ত্র যুগ্ম-যুগ্ম লইয়া একটি পাত্রে রাখিয়া বামহস্তে (উপুড় হাতে) ধরিয়া, বিষ্ণুরোঁ বসুসত্যৌ বিশ্বে দেবা এতানি বো গন্ধপুষ্প-ধূপ-দীপাচ্ছাদনানি নমঃ—বলিয়া উৎসর্গ করিয়া, এষ বো গন্ধঃ বলিয়া একসঙ্গে দুইটি সচন্দন তুলসীপত্র লইয়া ব্রাহ্মণে দিবে ; এইরূপ এতদ্বঃ পুষ্পং (একসঙ্গে দুইটি পুষ্প), এষ বো ধূপঃ (দুইটি ধূপে জলপ্রোক্ষণ), এষ বো দীপঃ (দুইটি দীপে জল-প্রোক্ষণ), এতদ্ব আচ্ছাদনম্ (একসঙ্গে দুইখানি বস্ত্র) ব্রাহ্মণে দিবে। পরে কৃতাঞ্জলি হইয়া—ওঁ কৃতৈতদ্ গন্ধাদিদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত—ওঁ অস্তু)।০। এইরূপ মাতৃপক্ষে গন্ধাদি পাঁচটি দ্রব্য তিন-তিনটি লইয়া একসঙ্গে ধরিয়া—বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি পিতামহি অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি প্রপিতামহি অমুকদেবি এতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি নমঃ—বলিয়া উৎসর্গ করিয়া, এষ তে গন্ধঃ (একসঙ্গে তিনটি সচন্দন তুলসী ব্রাহ্মণে দিবে), এতত্তে পুষ্পং (একসঙ্গে তিনটি পুষ্প), এষ তে ধূপঃ (তিনটি ধূপে জল-প্রোক্ষণ), এষ তে দীপঃ (তিনটি দীপে জল-প্রোক্ষণ), এতত্ত আচ্ছাদনং (একসঙ্গে তিনখানি বস্ত্র) ব্রাহ্মণে দিয়া, ওঁ কৃতৈতদ্গন্ধাদিদান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু (ওঁ অস্তু) ।০। পিতৃপক্ষে ও মাতামহপক্ষেও এইরূপ।

* প্রথমে পাত্রে সংস্রবান্ সমবনীয় পিতৃভ্যঃ স্থানমসীতি ন্যুব্জং পাত্রং করোতি।—কাত্যায়নগৃহ্য। প্রপিতামহপাত্রেণ পিধায় প্রতিষ্ঠাপয়তি।—শৌনক।

যজ্ঞোপবীত (শূদ্রপক্ষে নহে)—দেবপক্ষে দুইটি লইয়া, বিষ্ণুরোঁ। বসুসত্যৌ বিশ্বে দেবা এতদ্বো যজ্ঞোপবীতং নমঃ (ব্রাহ্মণে দিবে)। পিতৃপক্ষে তিনটি লইয়া, বিষ্ণুরোঁ। অমুকগোত্র নান্দীমুখ পিতঃ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্, অমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্ এতত্তে যজ্ঞোপবীতং নমঃ (ব্রাহ্মণে দিবে)। মাতামহপক্ষেও এইরূপ।

পাত্রস্থাপন—যথাক্রমে দৈবাদি ব্রাহ্মণের সম্মুখস্থ স্থান পরিষ্কার করিয়া প্রত্যেকের সম্মুখে জলধারা দ্বারা ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া পূর্ব্বাগ্র চতুষ্কোণ এক-একটি মণ্ডল করিবে,এবং তদুপরি পূর্ব্বাগ্র করিয়া (৮টি) ভোজনপাত্র স্থাপন করিবে।

অগ্নৌকরণ—একটি পাত্রে ঘৃতযুক্ত আমান্ন লইয়া জিজ্ঞাসা করিবে—ওঁ অগ্নৌ করিষ্যে ? * (পুরোহিত—ওঁ কুরুষ)। পাত্রটি বামহস্তে ধরিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা, ওঁ অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা—বলিয়া কিঞ্চিৎ অন্ন আহুতিস্বরূপ জলে দিয়া, পুনর্ব্বার ওঁ সোমায় পিতৃমতে স্বাহা—বলিয়া জলে আহুতি দিবে †। তৎপরে দুইবার অমন্ত্রক আহুতিও দিবে। অবশিষ্ট অন্ন দৈবাদিপাত্রের প্রত্যেক পাত্রে কিছু কিছু রাখিয়া পিণ্ডপাত্রেও কিঞ্চিৎ রাখিবে।

পাত্রালম্ভন—উপর্য্যধঃস্থিত অধোমুখ দক্ষিণ-বামহস্ত দ্বারা দৈবপাত্রদ্বয় ধরিয়া বলিবে—

ওঁ পৃথিবী তে পাত্রং, দ্যৌঃ পিধানং, ব্রাহ্মণস্য মুখেঽমৃতেঽমৃতং জুহোমি স্বাহা।

---

* ...এবকান্ত মন্ত্রস্যৈব শূদ্রেণোচ্চারণং ন কর্ত্তব্য ইতি প্রতীয়তে।—রঘুনন্দন।

† যে আহুতী জুহোতি ওঁ অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা ওঁ সোমায় পিতৃমতে স্বাহা ইতি।—শতপথ ব্রাহ্মণ, হরিহর, হলায়ুধ প্রভৃতি।

তৎপরে মাতৃপক্ষের পাত্রদ্বয়, পিতৃপক্ষের পাত্রদ্বয় ও মাতামহপক্ষের পাত্রদ্বয়ও ঐরূপে ধরিয়া ঐ মন্ত্র পাঠ করিবে।

অন্নোৎসর্গ—জলস্পর্শান্তে দৈবাদিক্রমে প্রত্যেক পাত্রে সঘৃত সোপকরণ আমান্ন পরিবেষণ করিয়া, যথাক্রমে অন্নে জলপ্রোক্ষণপূর্ব্বক—

ওঁ ইদং বিষ্ণুর্বি চক্রমে, ত্রেধা নি দধে পদং।

সমূঢ়মস্য পাংশুরে॥

বলিয়া নখব্যতিরিক্ত অঙ্গুষ্ঠ অন্নে প্রবেশ করাইবে। পরে জলস্পর্শ করিয়া দেবপক্ষীয় অন্নে অমন্ত্রক যব, এবং মাতৃপক্ষীয়, পিতৃপক্ষীয় ও মাতামহপক্ষীয় অন্নে—

ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ।

বলিয়া পৃথক্ পৃথক্ যব নিক্ষেপ করিবে। দৈবাদিক্রমে—অন্নে মধু (অভাবে গুড়) দিয়া, ব্রাহ্মণে (হস্তক্ষালনার্থ) জলগণ্ডূষ দিয়া, গায়ত্রী এবং ওঁ মধু মধু মধু—প্রতিপক্ষে এক-একবার বলিবে। বামহস্তে (উপুড় হাতে) দেবপক্ষীয় অন্নপাত্রদ্বয় ও দক্ষিণ হস্তে জলে ত্রিপত্র ধরিয়া, বিষ্ণুরোঁ বসুসত্যৌ বিশ্বে দেবা এতদ্বঃ পাত্রীয়মামান্নং সোপকরণং সযবোদকং নমঃ—বলিয়া উৎসর্গ করিবে, এবং ব্রাহ্মণে (পানার্থ) জলগণ্ডূষ দিবে। পরে কৃতাঞ্জলি হইয়া বলিবে—

ওঁ ইদং পাত্রীয়মামান্নং, ইমা আপঃ, ইদং হবিঃ, এতান্যুপকরণানি যথাসুখং বাগ্‌যতা জুষধ্বং।

ঐরূপ মাতৃপক্ষের পাত্রদ্বয় ধরিয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি পিতামহি অমুকদেবি, অমুকগোত্রে নান্দীমুখি প্রপিতামহি অমুকদেবি, এতত্তে পাত্রীয়মামান্নং সোপকরণং সযবোদকং নমঃ। ওঁ ইদং পাত্রীয়মামান্নং ইত্যাদি।

পিতৃপক্ষে ও মাতৃপক্ষেও এইরূপ। তৎপরে দৈবাদিক্রমে প্রত্যেক ব্রাহ্মণকে (গণ্ডূষার্থ জলগণ্ডূষ) দিয়া গায়ত্রী পাঠ করিয়া—

ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতি-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥ ওঁ মধু মধু মধু॥

ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ।

তৎ সর্ব্বমচ্ছিদ্রমস্তু।

শ্রব্যপাঠ—ওঁ মধু বাতা ঋতায়তে ইত্যাদি ; ওঁ মধু মধু মধু।

ওঁ যজ্ঞেশ্বরো হব্য-সমস্তকব্য-

ভোক্তাঽব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র।

তৎসন্নিধানা-দপযান্তু সদ্যো

রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে॥

ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য মুনয়োঽব্রুবন্।

বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ॥

ওঁ মন্বত্রিবিষ্ণুহারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ।

যমাপস্তম্বসংবর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী॥

পরাশরব্যাসশঙ্খ-লিখিতা দক্ষগৌতমৌ।

শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজকাঃ॥

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।

দিবীব চক্ষুরাততম্॥

ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ

স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা।

দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে

মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥

ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ

স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা।

মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে

মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ॥

বিকিরান্ন দান—উচ্ছিষ্ট-সমীপে পূর্ব্বাগ্র কতিপয় কুশ পাতিয়া যবোদকে প্রোক্ষণ করিয়া, পিণ্ডপাত্র হইতে সর্ব্বপ্রকার অন্ন লইয়া যবমিশ্রিত ও জলসিক্ত করিয়া,—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।

ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্॥

ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-

র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।

তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ

প্রয়াতু লোকায় সুখায় তদ্বৎ॥

এই দুইটি মন্ত্র পাঠ করিয়া পাতিত কুশোপরি ছড়াইয়া দিবে। পরে হস্তপ্রক্ষালন, আচমন (বা দক্ষিণ কর্ণ স্পর্শ) করিয়া ওঁ হরিঃ বলিয়া, দৈবাদিক্রমে ব্রাহ্মণদিগকে (গণ্ডূষার্থ) জলগণ্ডূষ দিয়া, গায়ত্রী এবং—

ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ।

মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো,

মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥

ওঁ মধুমান্নো বনস্পতি-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ।

মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥ ওঁ মধু মধু মধু॥

এই মন্ত্র পাঠ করিয়া জিজ্ঞাসা করিবে—ওঁ সম্পন্নম্ ? (পুরোহিত—ওঁ সুসম্পন্নম্)। ওঁ শেষমন্নং ক দেয়ং ? (পুরোহিত—ওঁ ইষ্টেভ্যো দীয়তাম্)। ওঁ পিণ্ডদানমহং করিষ্যে ? (পুরোহিত—ওঁ কুরুষ)।

রেখা—মাত্রাদি ক্রমে এক-এক পক্ষের ভোজনপাত্রের পূর্ব্বদিকে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া এক-একটি পূর্ব্বাগ্র চতুষ্কোণ মণ্ডল করিবে। (প্রত্যেক বারেই মন্ত্র পাঠ্য)। মন্ত্র যথা—

ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবে-
দ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া।
রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা
হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥

একগাছি সাগ্র কুশ লইয়া * তাহার মূল দিয়া ঐ সকল মণ্ডলের মধ্য স্থলে পশ্চিমপ্রান্ত হইতে পূর্ব্বাগ্র এক-একটি রেখা করিবে ; তাহার মন্ত্র—

ওঁ অপহতা অসুরা রক্ষাগুঁসি বেদিষদঃ।

কুশগাছটি উত্তরদিকে ফেলিয়া দিয়া, যথাক্রমে প্রত্যেক রেখায় জল-প্রোক্ষণ করিয়া তদুপরি কতিপয় পূর্ব্বাগ্র কুশ বিছাইবে।

অবনেজন—একটি পাত্রে যব ও তুলসী সহ ৯টি ত্রিপত্র ও জল রাখিয়া, যথাক্রমে এক-একটি মণ্ডল বামহস্তে (উপুড় হাতে) ধরিয়া দক্ষিণ-হস্ত দ্বারা ঐ পাত্র হইতে যব-তুলসী-ত্রিপত্র সহ জল লইয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি অবনেনিক্ষ্ব নমঃ—বলিয়া মাতৃপক্ষে আস্তীর্ণ কুশের মূলে রাখিবে। ঐরূপে পিতামহীর নামে ঐ কুশের মধ্যে, এবং প্রপিতামহীর নামে ঐ কুশের অগ্রে রাখিবে। পিতৃপক্ষে ও মাতৃপক্ষেও ঐরূপ। বাক্য যথা—বিষ্ণুরোঁ অমুকগোত্র নান্দীমুখ পিতঃ

* মণ্ডলং চতুরস্রঞ্চ দক্ষিণামবনং হরেৎ। একদর্ভেণ তন্মধ্যে উল্লিখ্যাভ্যুক্ষ্য তৎ ত্যজেৎ।—দেবল।

অমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ নমঃ ইত্যাদি। প্রত্যবনেজনের জন্য ঐ পাত্রে কিঞ্চিৎ জল অবশিষ্ট রাখিবে।

পিণ্ডদান—অগ্নৌকরণাবশিষ্ট অন্নের সহিত দধি-যব-বদর-মিশ্রিত শেষায় দ্বারা বিল্বপ্রমাণ ৯টি পিণ্ড নির্ম্মাণ করিয়া গায়ত্রী, ওঁ মধু বাতা ইত্যাদি, এবং—

ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যব প্রিয়া অধূষত।

অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী,

যোজা ন্বিন্দ্র তে হরী॥

এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণহস্তে তুলসী ও ত্রিপত্রসহ একটি পিণ্ড এবং বামহস্তে এককুশী জল লইয়া দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি এতত্তে পিণ্ডং সোপকরণং সযবোদকং নমঃ—বলিয়া প্রথম অবনেজন-স্থানে পিণ্ডটি রাখিয়া তদুপরি ঐ জল দিবে। এইরূপ পিতামহী প্রভৃতির নামেও যথাস্থানে পিণ্ড দিবে। পিণ্ডদানের পর প্রত্যেক বারে হস্তপ্রক্ষালন করিবে। পিণ্ডপাত্রের অবশিষ্ট অন্ন পিণ্ডসমীপে দিয়া, ওঁ লেপভুজো নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাং—বলিয়া, পিতৃপক্ষে পাতিত কুশের মূলে হস্তলেপ ঘর্ষণ করিবে।০। হস্তক্ষালন, আচমন ও হরিস্মরণ করিয়া, উক্ত অবনেজন-পাত্রস্থ অবশিষ্ট জল যব-তুলসী-ত্রিপত্র সহ লইয়া, বিষ্ণুরোঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি প্রত্যবনেনিক্ষ্ব নমঃ—বলিয়া মাতৃপিণ্ডের উপরে দিবে। পিতামহী প্রভৃতির পিণ্ডেও যথাক্রমে দিবে।

ওঁ অত্র নান্দীমুখাঃ পিতরো মাদয়ধ্বং,

যথাভাগ-মা বৃষায়ধ্বং।

বলিয়া আচমনপূর্ব্বক শ্বাস ধারণ করিয়া, পিতৃলোকদিগকে ভাস্বরমূর্ত্তি চিন্তা করিয়া মনে মনে বলিবে—

ওঁ অমীমদন্ত নান্দীমুখাঃ পিতরো
যথাভাগ-মা বৃষায়িষত।

তৎপরে শ্বাসত্যাগপূর্ব্বক নীবী-মোচন করিয়া (অর্থাৎ বামদিকের কসি খুলিয়া) পুনর্ব্বার পরিয়া, আচমন করিয়া কৃতাঞ্জলি হইয়া প্রণাম করিবে—

ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো রসায়। ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরঃ শোষায়। ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো জীবায়। ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরঃ পুষ্টৈ্য। ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো ঘোরায়। ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো মন্যবে *॥ (১)

---

* এবঞ্চ শুষ্মায়েত্যাদিনা নমস্কারে সিদ্ধে যজুর্ব্বেদিনাং ন বসন্তায়েতি পাঠঃ প্রতীয়তে এককার্য্যকারিত্বাৎ। মৈথিলপদ্ধতিরপি তথৈব।—রঘুনন্দন। মূলে লিখিত মন্ত্র মাধ্যন্দিন-শাখীয়। কাণ্বশাখীয় পাঠ যথা—ওঁ নমো বঃ পিতরঃ শুষ্মায়। ওঁ নমো বঃ পিতরস্তপসে। ওঁ নমো বঃ পিতরো যজ্জীবং তস্মৈ। ওঁ নমো বঃ পিতরো রসায়। ওঁ নমো বঃ পিতরো ঘোরায় মন্যবে। ওঁ স্বধায়ৈ বঃ পিতরো নমঃ॥ (এই মন্ত্রে গ্রীষ্ম, শীত, বর্ষা, বসন্ত, হেমন্ত, শরৎ এইরূপ ক্রমে ঋতুনমস্কার উক্ত হইয়াছে)।

---

(১) ব্যাখ্যা—'ষড়্ বা ঋতবঃ পিতরঃ' ইতি শ্রুতেঃ রসাদিশব্দেন বসন্তাদিষড়্ ঋতব উচ্যন্তে। তে চ পিতৃণাং স্বরূপভূতাঃ, অতস্তেভ্যো নমস্করোতি। হে পিতরঃ, বঃ (যুষ্মাকং সম্বন্ধিনে) রসায় (রসভূতায় বসন্তায়) নমঃ (যতোঽত্র মধ্বাদয়ো রসা বৃক্ষেষু জায়ন্তে, অতো রসশব্দেন বসন্তঃ, যুষ্মদ্রূপায় বসন্তায় নম ইত্যর্থঃ)। এবমগ্রেতনা মন্ত্রা ব্যাখ্যেয়াঃ। শোষায় (শুষ্যন্তি ওষধয়োঽস্মিন্নিতি শোষো গ্রীষ্মঃ)। জীবায় (জীবনহেতুভূতায় বর্ষায়, বর্ষর্তবে ইত্যর্থঃ)। স্বধায়ৈ (শরদে—'স্বধা বৈ শরৎ, স্বধা বৈ পিতৃণামন্নম্' ইতি শ্রুতেঃ, শরদি হি প্রাচুর্য্যেণান্নানি ভবন্তি)। ঘোরায় (বিষমায়—হেমন্তায়—হেমন্তঃ

ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো নমো বঃ।

ওঁ গৃহান্নো নান্দীমুখাঃ পিতরো দত্ত।

ওঁ সতো বো নান্দীমুখাঃ পিতরো দেষ্ম। (১)

বাসোদান—ত্রিপত্রযুক্ত শুক্লবস্ত্রদশাভব সূত্র বাম হস্ত হইতে দক্ষিণ হস্তে লইয়া,—

ওঁ এতদ্ বো নান্দীমুখাঃ পিতরো বাসঃ *।

বিষ্ণুর্ঁ অমুকগোত্রে নান্দীমুখি মাতঃ অমুকদেবি এতত্তে বাসো নমঃ—বলিয়া মাতৃপিণ্ডে দিবে। পিতামহী প্রভৃতির পিণ্ডেও এইরূপ ("ওঁ এতদ্ বো" ইত্যাদি হইতে)। প্রতিবারে জলস্পর্শও করিবে।

পিণ্ডপূজা—যথাক্রমে প্রত্যেক পিণ্ডে অমন্ত্রক গন্ধ-পুষ্পাদি দিবে। তৎপরে ওঁ সুস্প্রোক্ষিতমস্তু—বলিয়া মাত্রাদি তিন পক্ষের ব্রাহ্মণের সম্মুখস্থ ভূমিতে একবার মাত্র জলপ্রোক্ষণ করিবে (পুরোহিত—ওঁ অস্তু)। দৈবাদিক্রমে প্রতিপক্ষের ব্রাহ্মণে যথাক্রমে ওঁ শিবা আপঃ সন্তু—বলিয়া জল দিবে (পু—ওঁ সন্তু)। ওঁ সৌমনস্যমস্তু—বলিয়া পুষ্প দিবে (পু—ওঁ অস্তু)। ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু—বলিয়া যব দিবে (পু—ওঁ অস্তু)।

---

* মাতৃপক্ষেও 'পিতরঃ' বলিতে হইবে। যেহেতু, এরূপ স্থলে মন্ত্রে উহ (পরিবর্ত্তন) হয় না।

শীতপ্রচুরত্বেন দুঃখদত্বাৎ ঘোরঃ)। মন্যবে (মন্যুঃ ক্রোধঃ, তদ্রূপায় শিশিরায় -শিশিরস্য ক্রোধ ইব জবীয় ইতি)।

(১) হে পিতরঃ, এবংবিধঋতুরূপেভ্যো বঃ (যুষ্মভ্যং) নমঃ। হে পিতরঃ, বো নমঃ—ইত্যভ্যাসঃ আদরাতিশয়ার্থঃ। হে পিতরঃ, নঃ (অস্মভ্যং) গৃহান্ দত্ত (ভার্য্যা-পুত্রপৌত্রাদয়ো গৃহাঃ)। হে পিতরঃ, বঃ (যুষ্মভ্যং) সতঃ (বিদ্যমানাৎ) দেষ্ম (সত্তো ধনাৎ যুষ্মভ্যমস্মাভির্দাতব্যম্, দদতামস্মাকং কদাচিৎ ত্রব্যাক্ষয়ো মাস্তু ইত্যর্থঃ)।

অক্ষয্যদান—"ওঁ নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাং" ইহা একবারমাত্র বলিয়া মাতৃপক্ষাদির সকল ব্রাহ্মণে জল দিবে *।

তৎপরে বলিবে—ওঁ অঘোরা নান্দীমুখাঃ পিতরঃ সন্তু (পুরোহিত—ওঁ সন্তু)। ওঁ গোত্রং নো বর্দ্ধতাং (পুরোহিত—ওঁ বর্দ্ধতাং)। ওঁ আশিষো মে প্রদীয়ন্তাং (পুরোহিত—ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং)।

ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্ বহু দেয়ঞ্চ নো অস্তু॥
ওঁ অন্নঞ্চ নো বহু ভবে-দতিথীংশ্চ লভেমহি।
যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন॥

ওঁ এতাঃ সত্যা আশিষঃ সন্তু (পুরোহিত—ওঁ সন্তু)। †

পিণ্ডোপরি সপবিত্র (সাগ্র-কুশদ্বয়যুক্ত) পূর্ব্বাগ্র কতিপয় কুশ আস্তরণ করিয়া, ওঁ নান্দীমুখান্ পিতৄন্ বাচয়িষ্যে? (পুরোহিত—ওঁ বাচ্যন্তাং); ওঁ নান্দীমুখ্যো মাতরঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখ্যঃ পিতামহ্যঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখ্যঃ প্রপিতামহ্যঃ প্রীয়ন্তাং; ওঁ নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখাঃ পিতামহাঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখাঃ প্রপিতামহাঃ প্রীয়ন্তাং; ওঁ নান্দীমুখাঃ মাতামহাঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখাঃ প্রমাতামহাঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখাঃ বৃদ্ধপ্রমাতামহাঃ প্রীয়ন্তাং (পুরোহিত—ওঁ প্রীয়ন্তাং)।

ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং।
পুষ্টয়ঃ স্থ তর্পয়ত মে নান্দীমুখান পিতৄন্॥

* নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তামিত্যক্ষয্যস্থানে।—কাত্যায়নগৃহ্য (বৃদ্ধিশ্রাদ্ধ)। অক্ষয্যদানে যজুর্ব্বিদাম্ অক্ষয্যমস্ত্বিত্যস্তবাক্যমযুক্তং। প্রাপ্তপিতৃলোকোপাধিকত্বেন সর্ব্বাস্থ-দিক্ষু নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তামিত্যনেন সকৃদেব জলং দাতব্যম্ আবাহনবৎ।—রঘুনন্দন।

† গৃহে দাতার ইত্যেক এব মন্ত্রঃ।...শ্রীদত্তাদিভিস্তু মৎস্যপুরাণদর্শনাৎ দাতার ইত্যাদি মা চ যাচিষ্ম কঞ্চনেত্যন্তমন্ত্রদ্বয়ম্, এতাঃ সত্যা আশিষঃ সন্ত্বিতি চ লিখিতমিতি কলার্থিভিস্তু তথৈব ব্যবহ্রিয়ন্তে।—রঘুনন্দন।

এই মন্ত্র একবার পাঠ করিয়া মাতৃপক্ষের পিণ্ডত্রয়ে, আর একবার পাঠ করিয়া পিতৃপক্ষের পিণ্ডত্রয়ে, এবং আবার একবার পাঠ করিয়া মাতামহপক্ষের পিণ্ডত্রয়ে জল সেচন করিবে। •। পরে ন্যুব্জীকৃত (পূর্ব্বে উপুড় করা) অর্ঘ্যপাত্র উত্তান (চিৎ) করিবে।

দক্ষিণা—(অগ্রে মাতৃপক্ষে) বিষ্ণুরোঁতৎসৎ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুক-দেবশর্ম্মণঃ শুভবিবাহকর্ম্মাভ্যুদয়ার্থম্ অমুকগোত্রায়া নান্দীমুখ্যাঃ মাতুঃ অমুকদেব্যাঃ, অমুকগোত্রায়া নান্দীমুখ্যাঃ পিতামহ্যাঃ অমুকদেব্যাঃ, অমুক-গোত্রায়া নান্দীমুখ্যাঃ প্রপিতামহ্যাঃ অমুকদেব্যাঃ কৃতৈতদাভ্যুদয়িকশ্রাদ্ধ-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং দ্রাক্ষামলকমূলমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং যথা-সম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি। •। পিতৃপক্ষে ও মাতামহপক্ষেও এইরূপ। •। (দেবপক্ষে) বিষ্ণুরোঁতৎসৎ অদ্য...কর্ম্মাভ্যুদয়ার্থং বসু-সত্যয়োর্বিশ্বেষাং দেবানাং কৃতৈতদাভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং···। •। দেবপক্ষের ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, ওঁ বিশ্বে দেবাঃ প্রীয়ন্তাং (পুরোহিত —ওঁ প্রীয়ন্তাং)।

বিসর্জ্জন—নিম্নলিখিত মন্ত্র প্রত্যেকবার পাঠ করিয়া যথাক্রমে মাতৃ-পক্ষের ব্রাহ্মণে, পিতৃপক্ষের ব্রাহ্মণে ও মাতামহপক্ষের ব্রাহ্মণে ত্রিপত্রের অগ্র দ্বারা এক-একবার জল দিয়া, পরে ত্রিপত্রের মূল দ্বারা দেবপক্ষের ব্রাহ্মণে একবার জল দিবে। মন্ত্র যথা—

ওঁ বাজে বাজেঽবত বাজিনো নো
ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞাঃ।
অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং
তৃপ্তা যাত পথিভির্দেবযানৈঃ॥

প্রদক্ষিণ—নিম্নলিখিত মন্ত্র একবারমাত্র পাঠ করিয়া দক্ষিণাবর্ত্তে বারিধারা দ্বারা দেবপক্ষাদি সমস্ত ব্রাহ্মণকে বেষ্টন করিবে।

ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা-
দেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে।
আ মা গন্তাং পিতরামাতরা
চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ ॥*

প্রণাম—(ওঁ) পিতা স্বর্গঃ ইত্যাদি (১ম খণ্ড তর্পণে)।

অন্নপ্রতিপত্তি—মাতৃপক্ষের, পিতৃপক্ষের ও মাতামহপক্ষের পাত্র হইতে কিছু কিছু অন্ন লইয়া, ওঁ যেষাং শ্রাদ্ধং কৃতং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়মামান্নম্ অম্ভসি সমর্পিতমস্তু—বলিয়া জলে দিবে। দেবপক্ষের পাত্র হইতে কিছু অন্ন লইয়া, ওঁ যয়োঃ শ্রাদ্ধং কৃতং তয়োরক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ...বলিয়া জলে দিবে।•। সকল পিণ্ড হইতেও যথাক্রমে কিছু কিছু অন্ন লইয়া, ওঁ পিণ্ডান্তপি সমর্পয়ামি—বলিয়া জলে দিবে।•। ওঁ পিণ্ডানি গয়াং গচ্ছত—বলিয়া পিণ্ডগুলিকে গয়ার দিকে ঠেলিয়া দিবে। ওঁ পিণ্ডানি গঙ্গাং গচ্ছত—বলিয়া গঙ্গার দিকে ঠেলিয়া দিবে।†

দক্ষিণ হস্ত দ্বারা দীপাচ্ছাদন করিয়া, কুশাঙ্গুরীয় ত্যাগ ও হস্তপ্রক্ষালনপূর্ব্বক আচারতঃ (ওঁ) জবাকুসুম ইত্যাদি মন্ত্রে সূর্য্যকে প্রণাম করিবে।•। অচ্ছিদ্রাবধারণ—ওঁ কৃতৈতদাভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মাচ্ছিদ্রমস্ত (পুরোহিত—ওঁ অস্তু)।•। বৈগুণ্যসমাধান।•। পুরোহিত "কয়া নশ্চিত্র" ইত্যাদি মন্ত্রে শান্তিজল দিবেন।

---

* যজুর্ব্বেদীয় অক্ষয্যোদক হইতে প্রদক্ষিণ পর্য্যন্ত কার্য্যের ক্রম—"অক্ষয্যোদকক দদ্যাৎ। অঘোরাঃ পিতরঃ সন্ত। সন্বিত্যুক্তে গোত্রং নো বর্দ্ধতাম্। বর্দ্ধতামিত্যুক্তে দাতারো—ইত্যাশিষঃ প্রতিগৃহ্য স্বধাবাচনীয়ান্ সপবিত্রান্ দর্ভানাস্তীর্য্য স্বধাং বাচয়িষ্যে ইতি পৃচ্ছতি। বাচ্যতামিত্যনুজ্ঞাতঃ পিতৃভ্যঃ...স্বধোচ্যতামিতি। অস্তু স্বধেত্যুচ্যমানে স্বধাবাচনীয়েষপো নিষিঞ্চতি। উত্তানং পাত্রং কৃত্বা যথাশক্তি দক্ষিণাং দদ্যাৎ। বিশ্বে দেবাঃ প্রীয়ন্তামিতি দৈবে বাচয়িত্বা বাজেবাজে ইত্যনয়া বিসৃজ্য আমাবাজস্যেত্যনুব্রজ্য প্রদক্ষিণীকৃত্য প্রবিশেৎ।"—পার্ব্বণে কাত্যায়নগৃহ্য। কাণ্ব শাখার পাঠ ২৩৯ পৃঃ।

† সামবেদীরই বামদেব্যগানান্ত কর্ম্ম বিহিত। সুতরাং অন্যবেদীকে ইহার পর শান্তিমন্ত্র পাঠ করিতে হইবে না।

কন্যাসম্প্রদান।

বর পূর্ব্বমুখে পীঁড়ির উপর উবু হইয়া বসিবে (হাত দুইটি দুই হাঁটুর মধ্যে কোলের কাছে, ও পায়ের অগ্রভাগ ভূমিতে থাকিবে), এবং সম্প্রদাতা উত্তরমুখে (বা কৌলিক প্রথা-অনুসারে পশ্চিমমুখে) আসনে পা মুড়িয়া বসিয়া, উভয়হস্তের অনামিকায় কুশাঙ্গুরীয় ধারণ করিবেন। উভয়ের সম্মুখে ঘটটি থাকিবে। তৎপরে উভয়েই পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া আচমন ও বিষ্ণুস্মরণ (১ম খঃ সাধারণবিধি) করিবেন।

সম্প্রদাতা—এতে গন্ধপুষ্পে (ওঁ) নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) শ্রীগুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) প্রজাপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) ব্রাহ্মণেভ্যো নমঃ—বলিয়া শালগ্রামে (স্ত্রী ও শূদ্র—জলে) গন্ধপুষ্প নিক্ষেপ করিয়া স্বস্তি-বাচন করিবেন; যথা—কুশীতে আতপতণ্ডুল লইয়া দুই হাতে ধরিয়া নিম্নলিখিত বাক্য বলিবেন, এবং পুরোহিতাদি ব্রাহ্মণেরা প্রতিবচন বলিবেন। *

স্বস্তিবাচন।

ব্রাহ্মণের পক্ষে।—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভকন্যাসম্প্রদানকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন—ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং॥ ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ-

* [ ] এই চিহ্নিত মন্ত্রগুলি স্ত্রী ও শূদ্রে পড়িবেন না। যে সকল শূদ্র সমন্ত্রক বিবাহ করিতে ইচ্ছুক, তাঁহারা মন্ত্রস্থলে "নমো নমঃ" বলিবেন; ব্রাহ্মণে মন্ত্র পড়িবেন। ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের কার্য্য যজুর্ব্বেদিবৎ। (ওঁ) স্থলে স্ত্রী ও শূদ্রে নমঃ বলিবেন। এইরূপ সর্ব্বত্র। যে সকল মন্ত্রাদির ব্যাখ্যা ১ম ভাগে এবং এই খণ্ডেই পূর্ব্বে আছে, তাহাদের ব্যাখ্যা আর দেওয়া হইল না। অন্যান্য বিষয় "সন্দেহভঞ্জনে" ও "ব্যবহার" দেখিবেন।

কন্যাসম্প্রদানকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভকন্যাসম্প্রদানকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। প্রতিবচন—ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং।

ক্ষত্রিয়ের পক্ষে—ওঁকারবর্জ্জিত উক্তরূপ বাক্য ও প্রতিবচন।

বৈশ্যের পক্ষে—ওঁকারবর্জ্জিত উপাংশু (চুপিচুপি) উক্তরূপ বাক্য।

শূদ্রের পক্ষে—নমঃ কর্ত্তব্যেঽস্মিন্ শুভকন্যাসম্প্রদানকর্ম্মণি স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। প্রতি বচন—স্বস্তি স্বস্তি স্বস্তি *।

স্বস্তিবাচন করিয়া কুশী হইতে তণ্ডুল লইয়া ব্রাহ্মণদিগের হস্তে দিবেন এবং কিছু নিজেও রাখিবেন। তৎপরে সকলেই ঐ তণ্ডুল ভূমিতে ছড়াইয়া স্বস্তিসূক্ত পাঠ করিবেন। স্ত্রী ও শূদ্রে 'নমঃ' বলিয়া উহা শ্রবণ করিবেন।

(স্বস্তিসূক্ত)

[ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ॥]

(ওঁ) স্বস্তি স্বস্তি স্বস্তি।

পরে সম্প্রদাতা ও বর উভয়েই কৃতাঞ্জলি হইয়া সাক্ষ্যমন্ত্র পাঠ করিবেন।

(সাক্ষ্যমন্ত্র)

(ওঁ) সূর্য্যঃ সোমো যমঃ কালঃ, সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্পতির্ভূমি-রাকাশং খচরামরাঃ।
ব্রাহ্মং শাসন-মাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিং ॥

---

* বাক্যে ও প্রতিবচনে নমঃ ও ওঁকার বলিতে হয় না। সোঙ্কারং ব্রাহ্মণে ক্রয়াদ্নিরোঙ্কারং মহীপতৌ। উপাংশু চ তথা বৈশ্যে শূদ্রে স্বস্তি প্রয়োজয়েৎ।—উদ্বাহতত্ত্বধৃত যমবচন।

† বেদবিশেষে ভিন্ন ভিন্ন স্বস্তিসূক্তও আছে; কিন্তু এই মন্ত্রটি সর্ব্ববেদিসাধারণ।

তৎপরে সম্প্রদাতা নারায়ণকে, সভাস্থ ব্রাহ্মণ ও মান্য ব্যক্তিদিগকে পাণ-সুপারি দিয়া, পূর্ব্বজামাতা থাকিলে তাঁহাকে বস্ত্রাদি দিয়া, তৎপরে বরকে বরণ করিবেন।

(বরণ)

সম্প্রদাতা—(কৃতাঞ্জলি) (ওঁ) সাধু ভবানাস্তাং।

বর—(ওঁ) সাধ্বহ-মাসে।

সম্প্রদাতা—(ওঁ) অর্চ্চয়িষ্যামো ভবন্তং।

বর—(ওঁ) অর্চ্চয়।

সম্প্রদাতা গন্ধ-পুষ্প-বস্ত্রাদি লইয়া, "এতানি গন্ধপুষ্পবস্ত্রাদীনি (ওঁ) বরায় নমঃ"—বলিয়া বরের হাতে দিবেন। বর ঐ সকল লইয়া, পীড়ি হইতে উঠিয়া বস্ত্রাদি পরিধান করিবে। তৎপরে পুনর্ব্বার পূর্ব্ববৎ বসিবে। সম্প্রদাতা বরের ডাইন হাঁটুর কাপড় সরাইয়া, ঐ হাঁটুর উপর চাউল দিয়া দক্ষিণ হস্তে উহা ধরিয়া, দক্ষিণ হস্তের পৃষ্ঠে বামহস্তটি উপুড় করিয়া রাখিয়া, বরণবাক্য বলিবেন।

(বরণ-বাক্য)

(বিষ্ণুরোঁতৎসৎ, স্ত্রী ও শূদ্রে—শ্রীবিষ্ণুর্নমঃ) অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে * অমুকেপক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য অমুকপ্রবরস্য অমুকস্য প্রপৌত্রং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকস্য পৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকস্য পুত্রং, অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকং—অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকস্য প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য

* ১ম খঃ সাধারণবিধিতে রাশি প্রভৃতির উল্লেখ দেখ।

অমুকস্য পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকস্য পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীং—শুভবিবাহেন দাতুম্ এভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য বরত্বেন ভবন্তমহং বৃণে।—

বলিয়া হাত ছাড়িয়া দিবেন।

বর—(ওঁ) বৃতোঽস্মি।

সম্প্রদাতা—(ওঁ) যথাবিহিতং বরকর্ম্ম কুরু।

বর—(ওঁ) যথাজ্ঞানং করবাণি।

(স্ত্রী-আচার)

অতঃপর বরকে অন্তঃপুরে লইয়া গিয়া স্ত্রীলোকেরা দেশাচার ও কুলাচার-অনুসারে কার্য্য করিবেন।

যদি যোটকাদি-দোষ থাকে, তাহা হইলে এই সময়েই সম্প্রদাতা তাহার শান্তির জন্য কাঞ্চন উৎসর্গ করিবেন। যথা—একটি পাত্রে যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্য বা কাঞ্চন রাখিয়া, বামহস্তে (উপুড় হাতে) উহা ধরিয়া, (ওঁ) "এতস্মৈ কাঞ্চনমূল্যায় (বা কাঞ্চনায়) নমঃ" বলিয়া উহাতে ত্রিপত্র দ্বারা জলের ছিটা দিবেন; "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে (ওঁ) বিষ্ণবে নমঃ বলিয়া শালগ্রামে বা জলে গন্ধপুষ্প দিবেন; "এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় (ওঁ) ব্রাহ্মণায় নমঃ" বলিয়া জলে গন্ধপুষ্প দিবেন; "এতেগন্ধপুষ্পে (ওঁ) এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ" বলিয়া উহাতে গন্ধপুষ্প দিবেন। তৎপরে ত্রিপত্রটি জলে ধরিয়া (বিষ্ণুরোঁ তৎসৎ) অদ্য অমুকে মাসি অমুক-রাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ অমুক-গোত্রশ্রীঅমুকী-অমুকগোত্রশ্রীঅমুকয়োর্বিবাহে যোটকাদিদোষশান্তিকামঃ ইদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি" —বলিয়া উহাতে জলের ছিটা দিবেন। তৎপরে দক্ষিণাদ্রব্য পূর্ব্ববৎ

অর্চ্চনা করিয়া (বিষ্ণুর্ব্বা-তৎসৎ) অন্ত...যোটকাদিদোষশান্তিকামনয়া-কৃতৈতৎকাঞ্চনমূল্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণু-দৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি—বলিয়া উহাতে জলের ছিটা দিবেন। কৃতাঞ্জলি হইয়া বলিবেন (ওঁ) কৃতৈতৎকাঞ্চনমূল্যদান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত...ওঁ অস্তু)।*

এই পর্য্যন্ত সর্ব্ববেদীয় সমান। অতঃপর ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয় কার্য্য পৃথক্ লিখিত হইতেছে। সামবেদীয় কার্য্য মৎসম্পাদিত ভবদেব-পদ্ধতিতে আছে বলিয়া ইহাতে আর দেওয়া হইল না।

ঋগ্বেদীয় কার্য্য। †

স্ত্রী আচারের পর বর অন্তঃপুর হইতে সম্প্রদান স্থানে আসিয়া পূর্ব্ববৎ পীড়ির উপর উবু হইয়া বসিবে, এবং কন্যাকে তাহার সম্মুখে পশ্চিমমুখে বসাইবে।

(বর-অর্চ্চনা)

সম্প্রদাতা (উত্তরাগ্র বিষ্টর লইয়া)—ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং।

বর—ওঁ বিষ্টরং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। ওঁ অহং বর্ম্ম সজাতানাং, বিদ্যুতামিব সূর্য্যঃ। ইদন্তু-মধি তিষ্ঠামি, যো মা কশ্চাভি দাসতি (১)॥—(আসনোপরি উত্তরাগ্রে স্থাপন)।

* এই দান ও দক্ষিণা গ্রহবিপ্রের প্রাপ্য।

† আশ্বলায়ন-গৃহ্যসূত্রাদি-অনুসারে লিখিত হইল। ইহার মধ্যে দেশাচার ও কুলাচার-অনুসারে যাঁহাদের যে যে কার্য্য এখন চলিত নাই তাঁহারা সেগুলি পরিত্যাগও করিতে পারেন।

(১) ব্যাখ্যা—সজাতানাং (সমানজন্মনাম্) অহং বর্ম্ম (আচ্ছাদকঃ প্রধানমিত্যর্থঃ)

সম্প্রদাতা (অপর বিষ্টর লইয়া)—ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং।

বর—ওঁ বিষ্টরং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। ওঁ অহং বর্ষ্ম···দাসতি।—(পায়ের নিকট উত্তরাগ্রে স্থাপন)।

সম্প্রদাতা (কুশীতে জল লইয়া)—পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাং।

বর—ওঁ পাদ্যং প্রতিগৃহ্লামি (গ্রহণ ও ভূমিতে স্থাপন)। ওঁ সব্যং পাদ-মবনেনিজেঽস্মিন্ রাষ্ট্রে শ্রিয়ং দধে।—(বামপদের নিকটে জলপ্রক্ষেপ)। ওঁ দক্ষিণং পাদ-মবনেনিজেঽস্মিন্ রাষ্ট্রে শ্রিয়মাবেশয়ামি।—(দক্ষিণপদের নিকট জলপ্রক্ষেপ)।*

সম্প্রদাতা (কুশী ধুইয়া তাহাতে অর্ঘ্য লইয়া)—ওঁ অর্ঘ্য-মর্ঘ্য-মর্ঘ্যং প্রতিগৃহ্যতাং।†

বর—ওঁ অর্ঘ্যং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। ওঁ অর্চ্চত প্রার্চ্চত, প্রিয়মেধাসো অর্চ্চত। অর্চ্চন্তু পুত্রকা উত, পুরং ন ধৃষ্ণ্বর্চ্চত

---

* যদি ব্রাহ্মণ দ্বারা পা ধোওয়ান হয়, তবেই অগ্রে দক্ষিণ পদ তাঁহাকে দিতে হয়। স্বয়ং ধুইলে অথবা হীনবর্ণ দ্বারা ধুয়াইলে অগ্রে বাম পদ। অবনেনিজে—প্রক্ষালয়ামি (অব-নিজ্-লট্ এ)।

† আশ্বলায়নসূত্রে—"অর্ঘ্যং" ই আছে।

অস্মি (ভবামি)। কেষাং ক ইব? বিদ্যুতাং (বিশেষেণ দীপ্যমানানাং জ্যোতিঃ-পদার্থানাং) সূর্য্য ইব। কিঞ্চ যঃ কশ্চ (যঃ কশ্চিৎ) মা (মাম্) অভিদাসতি (অভি-পূর্ব্বো দাসধাতুর্হিংসার্থঃ—হিনস্তি), তম্ ইদং (বিষ্টররূপবস্তুম-মাপয়ন্) অধিতিষ্ঠামি (পাদাক্রান্তঃকৃত্য তিষ্ঠামি)।০। অনুবাদ—সূর্য্য যেমন জ্যোতিঃপদার্থগণের প্রধান, আমিও সেইরূপ এখন সজাতীয়গণের প্রধান। আমাকে যে কেহ হিংসা করে, তাহাকে এই বিষ্টর মনে করিয়া তাহার উপর চাপিয়া বসিলাম।

(২)। ওঁ অর্চ্চন্তস্ত্বা হবামহেঽর্চ্চন্তঃ সমিধীমহি। অগ্নে অর্চ্চন্ত উতয়ে (৩)। (নিজ মস্তকে অর্ঘ্যপ্রদান)।

সম্প্রদাতা—(কুশীতে জল লইয়া)—ওঁ আচমনীয়মাচমনীয়-মাচমনীয়ং প্রতিগৃহ্যতাং।

বর—ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা (আচমন)।

সম্প্রদাতা (মধুপর্ক লইয়া)—ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাং।

বর—ওঁ মধুপর্কং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। ওঁ মিত্রস্য ত্বা চক্ষুষা প্রতীক্ষে (৪)।—(আচ্ছাদন সরাইয়া দর্শন)। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং প্রতিগৃহ্লামি।—(দুই হস্তে ধরিয়া)।০। ওঁ মধু বাতা ঋতায়তে,

(২) ব্যাখ্যা—হে গৃহ্যাঃ, যূয়ং অর্চ্চত (মদধিষ্ঠাতারম্ ইন্দ্রং পূজয়ত)। প্রার্চ্চত (প্রকর্ষেণ অর্চ্চত)। হে প্রিয়মেধাসঃ (প্রিয়মেধাঃ, প্রীত্যুৎপাদনেচ্ছবঃ) যূয়ম্ অর্চ্চত। পুত্রকাঃ (পুত্রাদ্যাঃ-পুত্রা অপি) অর্চ্চন্তু। উত (অপি-চ) ধৃষ্ণু (ধর্ষণশীলং) পুরং ন (যথা) অর্চ্চন্তি, তথা অর্চ্চত।০। অনুবাদ—হে গৃহস্থগণ, তোমরা আমাতে অধিষ্ঠিত ইন্দ্রকে পূজা কর, উত্তমরূপে পূজা কর, প্রীতি-উৎপাদনে ইচ্ছুক হইয়া পূজা কর। তোমাদের পুত্রেরাও পূজা করুক। শক্তিশালী পুরবাসী লোককে যেমন লোকে পূজা (সম্মান) করে, সেইরূপে পূজা কর।

(৩) ব্যাখ্যা—হে অগ্নে, অর্চ্চন্তঃ (পূজয়ন্তঃ বয়ং) ত্বা (ত্বাং) হবামহে (আহ্বয়ামঃ)। অর্চ্চন্তঃ (পূজয়ন্তো বয়ম্) উতয়ে (রক্ষণায় তর্পণায় বা) ত্বাং সমিধীমহি (সমিদ্ভিঃ সন্দীপয়ামঃ)। অর্চ্চন্ত ইতি তৃতীয়ং পদম্ আদরাতিশয়ার্থম্।০। অনুবাদ—হে অগ্নে, আমরা অর্চ্চনা করিতে প্রবৃত্ত হইয়া তোমাকে আহ্বান করিতেছি। এবং আমরা পূজা করিতে প্রবৃত্ত হইয়া আমাদের রক্ষার জন্য তোমাকে প্রদীপ্ত করিতেছি।

(৪) সূর্য্য দেবের চক্ষু দ্বারা (অর্থাৎ সূর্য্যের প্রসাদলব্ধ নির্দ্দোষ চক্ষু দ্বারা) তোমাকে দর্শন করিতেছি।

মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্ত-মুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতি,-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥—(দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা আলোড়ন)।০। ওঁ বসবস্ত্বা গায়ত্রেণ চ্ছন্দসা ভক্ষয়ন্তু (৫)—পূর্ব্বদিকে ছিটাইয়া দেওয়া।০। ওঁ রুদ্রাস্ত্বা ত্রৈষ্টুভেন চ্ছন্দসা ভক্ষয়ন্তু (৬)—দক্ষিণদিকে ছিটাইয়া দেওয়া।০। ওঁ আদিত্যাস্ত্বা জাগতেন চ্ছন্দসা ভক্ষয়ন্তু (৭)—পশ্চিমদিকে ছিটাইয়া দেওয়া।০। ওঁ বিশ্বে ত্বা দেবা আনুষ্টুভেন চ্ছন্দসা ভক্ষয়ন্তু (৮)—উত্তরদিকে ছিটাইয়া দেওয়া।০। ওঁ ভূতেভ্যস্ত্বা (৯)—তিনবার বলিয়া তিনবার ঊর্দ্ধে ছিটাইয়া দিয়া, ভূমিতে পাত্রটি রাখিবে।০। ওঁ বিরাজো দোহোঽসি (১০)—বাম কনিষ্ঠা দ্বারা লইয়া আঘ্রাণ।০। ওঁ বিরাজো দোহ-

---

(৫) বসুগণ গায়ত্রীচ্ছন্দঃ দ্বারা (অর্থাৎ তন্নামক সূর্য্যরশ্মির সাহায্যে) তোমাকে ভক্ষণ করুন। (গায়ত্রী প্রভৃতি সাতটি ছন্দঃ সূর্য্যের সপ্ত রশ্মি বা অশ্ব)।

(৬) রুদ্রগণ ত্রিষ্টুপ্ ছন্দঃ দ্বারা তোমাকে ভক্ষণ করুন।

(৭) আদিত্যগণ জগতী ছন্দঃ দ্বারা তোমাকে ভক্ষণ করুন।

(৮) বিশ্বদেবগণ অনুষ্টুপ্ ছন্দঃ দ্বারা তোমাকে ভক্ষণ করুন।

(৯) উৎক্ষিপামীতি শেষঃ। সর্ব্বভূতের উদ্দেশে তোমাকে ঊর্দ্ধে ক্ষেপণ করিতেছি।

(১০) ব্যাখ্যা—হে মধুপর্ক, ত্বং বিরাজঃ (বিশিষ্টায়াঃ দীপ্তেঃ) দোহঃ (প্রপূরকঃ, সম্পাদকঃ) অসি।০। অনুবাদ—হে মধুপর্ক, তুমি বিশিষ্ট দীপ্তির সম্পাদক (অর্থাৎ তোমাকে ভক্ষণ করিলে কান্তিমান্ হওয়া যায়)।

মশীয় (১১)—দ্বিতীয়বার আঘ্রাণ।০। ওঁ ময়ি দোহঃ পাভ্যায়ৈ বিরাজঃ (১২)—তৃতীয়বার আঘ্রাণ।০। ওঁ অমৃতাপিধানমসি স্বাহা—(আচমন)।০। ওঁ সত্যং যশঃ শ্রীর্ময়ি শ্রীঃ শ্রয়তাং (১৩)—পুনর্ব্বার আচমন।*

ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং
স্বসাদিত্যানা-মমৃতস্য নাভিঃ।
প্র নু বোচং চিকিতুষে জনায়
মা গা-মনাগা-মদিতিং বধিষ্ট॥ ১৪

* মধুপর্কের বাটি বর-নাপিতের প্রাপ্য।

(১১) ব্যাখ্যা—বিরাজঃ দোহং ত্বাম্ অশীয় (অশ্নীয়াম্)।০। অনুবাদ—সেই দীপ্তিসম্পাদক তোমাকে আমি ভক্ষণ করি।

(১২) ব্যাখ্যা—পাভ্যায়ৈ ষষ্ঠ্যর্থে চতুর্থী—পাভ্যায়াঃ—প্রাপ্তকালে প্রাপ্তব্যায়াঃ বিরাজঃ দোহঃ ত্বং ময়ি—ভবেতি শেষঃ।০। অনুবাদ—এ সময়ে প্রাপ্য যে বিশিষ্ট দীপ্তি, তাহার সম্পাদক হইয়া তুমি আমাতেই থাক।

(১৩) হে জল, তুমি সত্যস্বরূপ, যশঃস্বরূপ ও শ্রীস্বরূপ। তোমাকে পান করায় শ্রী আমাতে অধিষ্ঠান করুক।

(১৪) ব্যাখ্যা—যা গৌঃ রুদ্রাণাং মাতা (জননী), বসূনাং দুহিতা (পুত্রী), আদিত্যানাং স্বসা (ভগিনী), অমৃতস্য (পয়সঃ) নাভিঃ (আবাসস্থানং), তাম্ অনাগাম্ (অনাগসম্) অদিতিম্ (অদীনাং) গাং (গোরূপাং দেবীং) মা বধিষ্ট (হে মৎপরিজনাঃ মা হিংসিষ্ট)। চিকিতুষে (চেতনাবতে জনায়, জ্ঞানবতে নাপিতায় ইত্যর্থঃ) নু (ইদানীমেব) এবং প্রবোচং (প্রোক্তবানস্মি)॥ প্রবোচং—"ব্যবহিতাশ্চ" ইতি "ব্যবহিতোপসর্গসম্বন্ধঃ, "বহুলং ছন্দস্যমাঙ্‌যোগেঽপি" ইতি অড়াগমাভাবঃ। চিকিতুষে—কিত জ্ঞানে ইতি জৌহোত্যাদিক-কিতধাতোঃ ক্বসুপ্রত্যয়ান্তাৎ চিকিতিবস্-শব্দাৎ চতুর্থ্যেকবচনম্। অনাগাঃ—"প্রায়ঃ সান্তা অদন্তাঃ স্যুঃ"।০। অনুবাদ—হে মৎপরিচারকগণ! যে গাভী একাদশ-রুদ্রের মাতা, অষ্ট-বসুর কন্যা, দ্বাদশ-আদিত্যের ভগিনী, দুগ্ধের আবাসভূতা, সেই নিরপরাধা অবধ্যা গাভীকে তোমরা বধ করিও না। এ কথা এইমাত্র আমি জ্ঞানবান্ লোককেও (নাপিতকেও) বলিয়াছি।

পুরোহিত সম্প্রদাতার দক্ষিণপার্শ্বে উত্তরমুখে বসিয়া, পূর্ব্বাগ্রকুশোপরি উত্তরাগ্র-কুশ বিছাইয়া, তদুপরি জলপূর্ণ তৈজস কুম্ভ রাখিয়া, তাহার মধ্যে ধান্য ও যব, মুখে দূর্ব্বা ও পঞ্চপল্লব দিয়া, গন্ধমাল্যাদি দ্বারা সাজাইয়া উহা স্পর্শ করিয়া—

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব, স্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ওঁ যো বঃ শিবতমো রস, স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥—

এই তিনটি মন্ত্র পড়িয়া বর ও কন্যার মস্তকে ঐ জলের ছিটা দিবেন।

সম্প্রদাতা—ওঁ শিবা আপঃ সন্তু। ওঁ সৌমনস্য-মস্তু। ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু। ওঁ দীর্ঘমায়ুরস্তু। ওঁ শান্তিঃ পুষ্টি-স্তুষ্টিশ্চাস্তু। ওঁ তিথি-করণ-মুহূর্ত্ত-নক্ষত্রসম্পদস্তু।

এই আশীর্ব্বাদী মন্ত্র বলিয়া, বর ও কন্যাকে লক্ষ্য করিয়া কৃতাঞ্জলি হইয়া বলিবেন—

ওঁ কন্যাং কনক-সম্পন্নাং কনকাভরণৈর্যুতাং।
দাস্যামি বিষ্ণবে তুভ্যং ব্রহ্মলোক-জিগীষয়া॥
ওঁ বিশ্বম্ভরঃ সর্ব্বভূতাঃ সাক্ষিণ্যঃ সর্ব্বদেবতাঃ।
ইমাং কন্যাং প্রদাস্যামি পিতৃণাং তারণায় চ॥
ওঁ কন্যে মমাগ্রতো ভূয়াঃ কন্যে মে দেবি পার্শ্বয়োঃ।
কন্যে মে পৃষ্ঠতো ভূয়া-স্তদ্দানান্মোক্ষমাপ্নুয়াং॥ ১৫

---

(১৫) এই স্বর্ণরূপা স্বর্ণাভরণ ভূষিতা কন্যাকে আমি ব্রহ্মলোক-জয়ের ইচ্ছায় বিষ্ণু-স্বরূপ তোমায় দিব। বিশ্বম্ভর বিষ্ণু, সর্ব্বপ্রাণী ও সর্ব্বদেবতা সাক্ষী থাকুন, পিতৃলোকের

পরে পুরোহিত ঘটের উপর বরের দক্ষিণহস্ত চিৎ ভাবে রাখিয়া, তাহার উপর কন্যার দক্ষিণহস্তও চিৎ-ভাবে রাখিয়া উভয়ের হস্তে হস্তলেপ দিয়া *, তদুপরি গাঁইটছড়া রাখিয়া, পুষ্পমাল্য ও কুশরজ্জু দ্বারা গায়ত্রী-পাঠ-সহকারে উভয়ের হস্ত বন্ধন করিবেন। সম্প্রদাতা কন্যার গায়ে এক-খানি নূতন গামছা দিয়া ঐ গামছা বাম হস্তে (উপুড় হাতে) ধরিয়া নিম্ন-লিখিত মন্ত্রে কন্যাকে অর্চ্চনা ও উৎসর্গ করিবেন।

(কন্যা-অর্চ্চনা)

সম্প্রদাতা—এতস্যৈ সবস্ত্রাচ্ছাদনায়ৈ সালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ (৩ বার বলিয়া ত্রিপত্র দ্বারা ৩ বার কন্যার গাত্রে জল-প্রোক্ষণ)। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে (ওঁ) প্রজাপতয়ে নমঃ (জলে গন্ধপুষ্প নিক্ষেপ)। এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় (ওঁ) বরায় নমঃ (বরের হস্তে গন্ধপুষ্প নিক্ষেপ)। এতে গন্ধপুষ্পে (ওঁ) এতস্যৈ সবস্ত্রাচ্ছাদনায়ৈ সালঙ্কারায়ৈ কন্যায়ৈ নমঃ (কন্যার হস্তে গন্ধপুষ্প নিক্ষেপ)।

(কন্যা-উৎসর্গ)

সম্প্রদাতা (বামহস্তে কন্যার গামছা সেই রূপেই ধরিয়া এবং দক্ষিণ-হস্তে ত্রিপত্রে তিল ও হরীতকী জলে ধরিয়া)—

(বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামোঽহং †—(বরপক্ষের) অমুকগোত্রস্য অমুক-

* ১৭৭ পৃঃ ১৬ পঃ। অভাবে চন্দনের লেপ।

† স্ত্রী—অমুকগোত্রা শ্রীঅমুকদেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামাহং।•। অদ্যামুকে মাসি… স্বর্গকামঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা অহমিত্যন্তং সকৃদুচ্চার্য্য।—রঘুনন্দন।

উদ্ধারের জন্য এই কন্যা দান করি। হে কন্যে, তুমি আমার অগ্রে থাক; হে দেবীস্বরূপে কন্যে, তুমি আমার দুই পার্শ্বে থাক; হে কন্যে, তুমি আমার পশ্চাতে থাক; তোমাকে দান করিয়া আমি যেন মুক্তি পাই।

প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে † বরায় অর্চ্চিতায়; (কন্যাপক্ষের) অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকদেবীম্ অর্চ্চিতাং ‡ (এইরূপে বরপক্ষের ও কন্যাপক্ষের নাম ৩বার বলিয়া)—এনাং কন্যাং সালঙ্কারাং সবস্ত্রাচ্ছাদনাং প্রজাপতিদেবতাকাং তুভ্যং সম্প্রদদে।

কন্যার হস্তোপরি দ্বিপত্র, তিল, হরীতকী ও জল দিবেন। বর—(ওঁ) স্বস্তি বলিয়া, গায়ত্রী পাঠ করিয়া, (ওঁ) "কন্যেয়ং প্রজাপতিদেবতাকা" বলিয়া কামস্তুতি পাঠ করিবে।

(কামস্তুতি)

বর—ওঁ ক ইদং কস্মা অদাৎ, কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামং সমুদ্র-মাবিশ। কামেন ত্বা

প্রতিনিধি পুরুষ (বা স্ত্রী)—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (বা—...গোত্রা,...দেবী) অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (বা—...গোত্রায়াঃ—...দেব্যাঃ) শ্রীবিষ্ণুপ্রীতিকামোঽহং (বা—বিষ্ণুপ্রীতিকামাহং) দদানি।

† অমুকবেদান্তর্গতামুকশাখৈকদেশাধ্যায়িনে, ইতি প্রাচাং মতমপি নোক্তং, তত্র প্রমাণাভাবাৎ ইতি ধ্যেয়ম্।—কাশিরাম।

‡ অর্চ্চিত-মর্চ্চিতায় দদ্যাৎ। •। নান্দীমুখে বিবাহে চ প্রপিতামহপূর্ব্বকম্। বাক্যমুচ্চারয়েদ্বিদ্বানন্যত্র পিতৃপূর্ব্বকম্। এতদেব ত্রিরুচ্চার্য্য কন্যাং দদ্যাদ্ যথাবিধি।—সম্বন্ধবিবেক (নান্দীমুখে ইতি বিবাহ-বিশেষণম্, নান্দীনাং পুত্রাদি সমৃদ্ধীনাং মুখে আদিরূপে বিবাহে; চকারঃ সর্ব্বঃ—রঘুনন্দন)।

প্রতিগৃহ্লামি, কামৈতত্তে॥ ওঁ বৃষ্টিরসি, দ্যৌস্ত্বা দদাতু, পৃথিবী ত্বা প্রতিগৃহ্লাতু॥ ১৬

(বর-দক্ষিণা)

সম্প্রদাতা—(দক্ষিণাদ্রব্য বামহস্তে ধরিয়া) এতস্মৈ কাঞ্চনায় (বা কাঞ্চনমূল্যায়) নমঃ (৩ বার জলপ্রোক্ষণ) ; এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে (ওঁ) বহ্নয়ে (মূল্যপক্ষে—বিষ্ণবে) নমঃ (জলে গন্ধপুষ্প নিক্ষেপ) ; এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় (ওঁ) বরায় নমঃ (বরের হস্তে গন্ধপুষ্প প্রদান)। এতে গন্ধপুষ্পে (ওঁ) এতস্মৈ কাঞ্চনায় (বা কাঞ্চনমূল্যায়) নমঃ (কাঞ্চনে বা মূল্যে গন্ধপুষ্প নিক্ষেপ)। (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎকন্যাসম্প্রদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং বহ্নিদৈবতমহং (বা কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং) অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে বরায় তুভ্যং সম্প্রদদে * (দক্ষিণাদ্রব্যে জল প্রোক্ষণ করিয়া বরের হস্তে দিবেন)। বর—ওঁ স্বস্তি।

(যৌতুক-দান)

সম্প্রদাতা—(ওঁ) এতেভ্যো যৌতুকদ্রব্যেভ্যো নমঃ (দানসামগ্রীতে জলপ্রোক্ষণ করিয়া), এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে (ওঁ) বিষ্ণবে নমঃ,

* প্রতিনিধিপক্ষে—উৎসর্গ বাক্যের টীকা দেখুন (২৭৯ পৃঃ)।

(১৬) অনুবাদ—প্রজাপতি এই বস্তু প্রজাপতিকেই দিলেন। অপিচ কাম ইহা কামকেই দিলেন। কামই দাতা, এবং কামই গ্রহীতা। হে কন্যারূপ বস্তু, তুমি সমুদ্রের ন্যায় দুষ্পূর কামে প্রবেশ কর। কামের জন্যই তোমাকে গ্রহণ করিতেছি। হে কাম, এই বস্তু তোমারই। হে দ্রব্য, তুমি বৃষ্টির ন্যায় লোকের উপকারক। স্বর্গের ন্যায় এই দাতা তোমাকে দান করিলেন। পৃথিবীর ন্যায় আমি তোমাকে গ্রহণ করিলাম।

এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় (ওঁ) বরায় নমঃ, এতে গন্ধপুষ্পে (ওঁ) এতেভ্যো যৌতুকদ্রব্যেভ্যো নমঃ; এতানি যৌতুকদ্রব্যাণি (ওঁ) বরায় নমঃ।

যদি ঘটনাবশতঃ শুভলগ্ন অতিক্রম হয়, তাহা হইলে সম্প্রদাতা যোটকদোষ-শান্তির ন্যায় যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্য উৎসর্গ করিয়া দক্ষিণার সহিত গ্রহবিপ্রকে দিবেন। উৎসর্গবাক্যে—কন্যাসম্প্রদানার্হ-শুভ-লগ্নাতিক্রম-জন্য-দোষোপশমনকামঃ। দক্ষিণাবাক্যে—···কামনয়া।

পুরোহিত—সম্প্রদাতা ও বরের উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রত্রয় পাঠ করিবেন।—

ওঁ ঋতস্য হি শুরুধঃ সন্তি পূর্ব্বী-
ঋতস্য ধীতির্বৃজিনানি হন্তি।
ঋতস্য শ্লোকো বধিরা ততর্দ্দ
কর্ণা বুধানঃ শুচমান আয়োঃ॥ ১৭
ওঁ ঋতস্য দৃঢ়া ধরুণানি সন্তি
পুরূণি চন্দ্রা বপুষে বপূংষি।
ঋতেন দীর্ঘ-মিষণন্ত পৃক্ষ
ঋতেন গাব ঋতমা বিবেশুঃ॥

---

(১৭) ব্যাখ্যা—ঋতস্য (সত্যস্য সম্বন্ধিন্যঃ) পূর্ব্বীঃ (বহ্ব্যঃ) শুরুধঃ (মূর্ত্তয়ঃ) সন্তি হি (ভবন্তি খলু)। ঋতস্য সম্বন্ধিনী ধীতিঃ (প্রজ্ঞা) বৃজিনানি (বর্জ্জনীয়ানি পাপানি) হন্তি (হিনস্তি)। ঋতস্য শ্লোকঃ (স্তুতিরূপা বাক্) আয়োঃ (গন্তুঃ, মনুষ্যস্য সম্বন্ধিনৌ) বধিরা (বধিরৌ অপি) কর্ণা (কর্ণৌ) ততর্দ্দ (তৃণত্তি, অভিভবতি)। কীদৃশঃ শ্লোকঃ ? বুধানঃ (বুধ্যমনঃ), শুচানঃ (দীপ্যমানঃ)।০। অনুবাদ—সত্যের বহুপ্রকার মূর্ত্তি আছে। সত্য জানিলে পাপ নষ্ট হয়। সত্যের বোধগম্য ও দীপ্যমান স্তুতিবাক্য মনুষ্যের বধির কর্ণ-দ্বয়কেও অভিভূত করে।

ওঁ ঋতং যেমান ঋতমিদ্ বনো-
ত্যৃতস্য শুষ্মস্তুরয়া উ গব্যুঃ।
ঋতায় পৃথ্বী বহুলে গভীরে
ঋতায় ধেনূ পরমে দুহাতে ॥ ১৯
ওঁ এতদ্ বঃ সত্যসমৃদ্ধ-মস্তু ॥ ২০

তৎপরে বর-কন্যার হস্তবন্ধন মোচন করিয়া দিলে, তাহারা স্বস্ব হস্ত আঘ্রাণ করিবে।

(শুভদৃষ্টি)

শুক্লতণ্ডুলরাশির উপর (অভাবে—উভয়ের পীড়ির নীচে কিঞ্চিৎ শুক্লতণ্ডুল দিয়া) উভয়কে মুখামুখি বসাইয়া, গামছাখানি উভয়ের মধ্যস্থলে পর্দ্দার মত করিয়া ধরিবে। তৎপরে শঙ্খধ্বনি-সহকারে ব্রাহ্মণেরা সূর্য্যসূক্ত পাঠ করিবেন—

---

(১৮) ব্যাখ্যা—বপুষে (ষষ্ঠ্যর্থে চতুর্থী—বপুষ্মতঃ) ঋতস্য সম্বন্ধিনী দৃঢ়া (দৃঢ়ানি) ধরুণানি (ধারকাণি) পুরূণি (বহুনি) চন্দ্রা (চন্দ্রাণি, আহ্লাদকানি) বপূংষি (রূপাণি) সন্তি (ভবন্তি)। ঋতেন দীর্ঘম্ (অত্যধিকং) পৃক্ষঃ (অন্নম্) ইষণন্ত (যজমানাঃ ইচ্ছন্তি)। ঋতেন গাবঃ (ধেনবঃ) ঋতং (যজ্ঞম্) আবিবেশুঃ (দক্ষিণাত্বেন প্রবিশন্তি)।০। অনুবাদ—মূর্ত্তিমৎ সত্যের সুদৃঢ়, জগৎ-ধারণ-সমর্থ, আহ্লাদজনক বহুবিধ মূর্ত্তি আছে। যজমানেরা সত্যের সাহায্যে প্রচুর অন্ন ইচ্ছা করিয়া থাকেন। সত্যের অনুরোধেই ধেনু সকল দক্ষিণারূপে যজ্ঞে প্রবেশ করিয়া থাকে।

(১৯) ঋতং (সত্যং) যেমানঃ (নিযচ্ছন্, স্তুতিভিঃ বশীকুর্ব্বন্ যজমানঃ) ঋতম্ ইৎ (সত্যমেব) বনোতি (সম্ভজতে) ; ঋতস্য সম্বন্ধী শুষ্মঃ (বলং) তুরয়া (তূর্ণং), উ ইতি চার্থে, গব্যুঃ ("ক্যাচ্ছন্দসি" ইতি উঃ—স্বর্গকামশ্চ ভবতি)। বহুলে (বিস্তীর্ণে) গভীরে (দুরবগাহে) পৃথ্বী (দ্যাবাপৃথিব্যৌ) ঋতায় (সত্যায়ৈব ভবতঃ)। ধেনূ (প্রীণয়িত্র্যৌ) পরমে (উৎকৃষ্টে দ্যাবাপৃথিব্যৌ) ঋতায় (সত্যায়ৈব) দুহাতে (দোহনং কুর্ব্বাতে)।০। অনুবাদ— যিনি সত্যকে বশীভূত করিতে ইচ্ছা করেন, তিনি সত্যেরই সেবা করিয়া থাকেন। সত্যের বল শীঘ্রই স্বভক্তের স্বর্গ কামনা করে। এই বিস্তীর্ণ ও দুর্ব্বোধ স্বর্গ ও পৃথিবী সত্যের সেবার জন্যই হইয়াছে। সর্ব্বপ্রাণীর প্রীতিজনক ও উৎকৃষ্ট এই স্বর্গ ও পৃথিবী সত্যের জন্যই দোহন করে (অর্থাৎ স্বর্গ জল দেয়, ও পৃথিবী শস্য দিয়া থাকে)।

(২০) আপনাদের এই কার্য্য (দান ও গ্রহণ) সেই সত্য দ্বারা সমৃদ্ধিসম্পন্ন হউক।

ওঁ বিভ্রাড়্ বৃহৎ পিবতু সোম্যং
মধ্বায়ুর্দধদ্ যজ্ঞপতা-ববিহ্রুতং।
বাতজূতো যো অভি রক্ষতি ত্মনা
প্রজাঃ পুপোষ পুরুধা বি রাজতি ॥ ২১

ওঁ বিভ্রাড়্ বৃহৎ সুভৃতং বাজসাতমং
ধর্ম্মন্ দিবো ধরুণে সত্যমর্পিতং।
অমিত্রহা বৃত্রহা দস্যুহন্তমং
জ্যোতির্জজ্ঞে অসুরহা সপত্নহা ॥ ২২

ওঁ ইদং শ্রেষ্ঠং জ্যোতিষাং জ্যোতিরুত্তমং
বিশ্বজিদ্ধনজিদুচ্যতে বৃহৎ।

---

(২১) ব্যাখ্যা—বিভ্রাট্ (বিভ্রাজমানঃ, বিশেষেণ দীপ্যমানঃ সূর্য্যঃ) বৃহৎ (মহৎ, প্রভূতঃ) সোম্যং (সোমময়ং) মধু পিবতু। কিং কুর্ব্বন্? যজ্ঞপতৌ (যজমানে) অবিহ্রুতম্ (অকুটিলম্) আয়ুঃ দধৎ (কুর্ব্বন্)। যঃ সূর্য্যঃ বাতজূতঃ (বাতেন মহাবায়ুনা প্রের্য্যমাণঃ সন্) ত্মনা (আত্মনা, স্বয়মেব) অভিরক্ষতি (সর্ব্বং জগৎ অভিপশ্যন্ পালয়তি ·রাশিচক্রস্য বায়ুপ্রের্য্যত্বাৎ সূর্য্যস্যাপি তৎপ্রের্য্যত্বম্)। স সূর্য্যঃ প্রজাঃ পুপোষ (বৃষ্ট্যাদিদানেন পোষয়তি)। পুরুধা (বহুধা) বিরাজতি (বিশেষেণ দীপ্যতে) চ ॥ ত্মনা—"মন্ত্রেষ্বাঙ্যাদেরাত্মনঃ" ইতি আঙি (টাবিভক্তৌ) পরে আকারলোপঃ।•। অনুবাদ—দীপ্যমান সূর্য্য, যজমানের অকুটিল (শুভ) আয়ুঃ বিধান করত প্রচুর সোমরস পান করুন। সেই সূর্য্য বায়ুপ্রেরিত রাশিচক্রে অবস্থিত হইয়া স্বয়ং প্রজাদিগকে রক্ষা করিতেছেন, নানা প্রকারে তাহাদিগকে পোষণ করিতেছেন, এবং দীপ্তি পাইতেছেন।

(২২) ব্যাখ্যা—বিভ্রাট্ (বিভ্রাজমানঃ) বৃহৎ (প্রৌঢ়ং) সুভৃতং (সুপুষ্টং) বাজসাতমং (বাজস্য অন্নস্য বলস্য বা দাতৃতমং) ধর্ম্মন্ (ধর্ম্মণি, বায়ুনা ধারয়িতব্যে) দিবঃ (দ্যুলোকস্য) ধরুণে (ধারকে সূর্য্যমণ্ডলে) অর্পিতং (নিক্ষিপ্তং) সত্যম্ (অবিনশ্বরম্) অমিত্রহা (অমিত্রাণাম্ অপ্রিয়াণাম্ হন্তৃ) বৃত্রহা (বৃত্রাণাম্ আবৃণ্বতাং হন্তৃ) দস্যুহন্তমং (দস্যূনাম্ উপক্ষয়িতৃণাং হন্তৃতমম্) অসুরহা (অসুরাণাং ক্ষেপ্তৃণাং ঘাতকং) সপত্নহা (সপত্নানাং শত্রূণামপি ঘাতকম্) ঈদৃগ্‌ভূতং জ্যোতিঃ (সৌরং তেজঃ, জজ্ঞে (প্রাদুর্ভবতি)।•। অনুবাদ—সূর্য্যের এইরূপ তেজঃ প্রকাশ পাইতেছে—যাহা দীপ্যমান, মহৎ, সুপুষ্ট, অন্নপ্রদ বা বলপ্রদ, বায়ুমণ্ডলে অবস্থিত ও স্বর্গলোকের ধারক সূর্য্যমণ্ডলে অর্পিত, অবিনশ্বর,

বিশ্বভ্রাড়্ ভ্রাজো মহি সূর্য্যো দৃশ
উরু পপ্রথে সহ ওজো অচ্যুতং ॥ ২৩
ওঁ বিভ্রাজঞ্জ্যোতিষা স্ব-
রগচ্ছো রোচনং দিবঃ।
যেনেমা বিশ্বা ভুবনান্যাভৃতা
বিশ্বকর্ম্মণা বিশ্বদেব্যাবতা ॥ ২৪

অতঃপর গামাছাখানি উত্তরদিকে সরাইয়া উভয়ের হস্তে গুড়-জীরা (গুড়জাউরি) দিবে। কন্যা বরের গায়ে, ও বর কন্যার গায়ে উহা ছড়াইয়া দিবে। গামছাখানি উভয়ের মস্তকে আচ্ছাদন করিলে, উভয়ে পরস্পর মুখাবলোকন করিবে। বর কন্যার দিকে চাহিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে—

অপ্রিয়নাশক, আবরক পদার্থের নাশক, ক্ষয়কারী পদার্থের নাশক, ক্ষেপণকারী পদার্থের নাশক, ও শত্রুদিগের নাশক।

(২৩) ব্যাখ্যা—ইদং সৌরং তেজঃ শ্রেষ্ঠং (প্রশস্ততমং) জ্যোতিষাম্ (অন্যেষাং গ্রহনক্ষত্রাদীনামপি জ্যোতিঃ (প্রকাশকম্) অতএব উত্তমম্ (উৎকৃষ্টং) বিশ্বজিৎ (বিশ্বস্য সর্ব্বস্য জেতৃ) ধনজিৎ (ধনস্য চ জেতৃ) বৃহৎ (প্রভূতম্) উচ্যতে (এবং গুণ-বিশিষ্টমিতি সর্ব্বৈরভিধীয়তে)। অপিচ বিশ্বভ্রাট্ (বিশ্বস্য প্রকাশয়িতা) ভ্রাজঃ (ভ্রাজমানঃ) মহি (মহান্) সূর্য্যঃ দৃশে (দর্শনায়) উরু (বিস্তীর্ণং) সহঃ (তমসঃ অভিভবিতৃ) অচ্যুতং (চ্যুতিরহিতম্, অবিনাশম্) ওজঃ (তেজোরূপং বলং) পপ্রথে বিস্তারয়তি)।•। অনুবাদ—এই সূর্য্যের তেজ শ্রেষ্ঠ, সমস্ত জ্যোতিঃপদার্থের জ্যোতিঃ, উত্তম, সর্ব্বজয়ি, ধনজয়ি ও প্রভূত বলিয়া উক্ত হইয়া থাকে। জগৎপ্রকাশক দীপ্যমান মহান্ সূর্য্য, দর্শনের জন্য সেই বিস্তীর্ণ অন্ধকারনাশক অবিনাশি তেজ বিস্তার করিতেছেন।

(২৪) ব্যাখ্যা—হে সূর্য্য, ত্বং জ্যোতিষা (তেজসা) স্বঃ (সর্ব্বং জগৎ) বিভ্রাজন্ (বিভ্রাজয়ন্) দিবঃ সম্বন্ধি রোচনং (স্থানম্) অগচ্ছঃ (প্রাপ্নোঃ)। বিশ্বকর্ম্মণা (সর্ব্বব্যাপারহেতুনা) বিশ্বদেব্যাবতা (বিশ্বেষাং দেবানাং হিতো যাগাদিঃ বিশ্বদেব্যঃ তদ্বতা— "মন্ত্রে সোমাশ্বেন্দ্রিয়বিশ্বদেব্যস্য মতৌ" ইতি দীর্ঘঃ) যেন (সৌরেণ তেজসা) ইমা (ইমানি) বিশ্বা (সর্ব্বাণি) ভুবনানি (ভৌমানি উদকানি) আভৃতা (বর্ষকালে আভৃতানি পোষিতানি

ওঁ অঘোরচক্ষু-রপতিঘ্ন্যেধি, শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ।
বীরসূর্দ্দেবকামা স্যোনা, শন্নো ভব দ্বিপদে, শং চতুষ্পদে ॥ ২৫

পরে বর কুশাগ্র দ্বারা কন্যার ভ্রূমধ্য মার্জ্জন করিয়া, কুশটি উত্তরদিকে ত্যাগ করিয়া, আচ্ছাদন সরাইয়া আচমন করিবে।

(অক্ষতারোপণ)

বর হস্তপ্রক্ষালন করিয়া, তৈজসপাত্র হইতে হস্ত দ্বারা কিঞ্চিৎ ঘৃতক্ষীর লইয়া, কন্যার প্রক্ষালিত অঞ্জলিতে দুই বার দিয়া তদুপরি দুইবারে অঞ্জলিপূর্ণ করিয়া শুক্ল তণ্ডুল দিবে। ঐ তণ্ডুলের উপর আর দুই বার ঘৃতক্ষীর দিয়া, নিজেও অঞ্জলি করিবেন। অন্য কেহ বরের অঞ্জলিতেও ঐরূপে ঘৃতক্ষীর ও তণ্ডুল দিবেন। তখন সম্প্রদাতা উভয়ের অঞ্জলির উপর স্বর্ণোদক দিবেন। বর নিজের অঞ্জলি কন্যার অঞ্জলির উপর ধরিবে। সম্প্রদাতা বলিবেন—

ভবন্তি, যথা সর্ব্বাণি ভূতজাতানি আ সমন্তাৎ ভূতানি পোষিতানি ভবন্তি)।০। অনুবাদ—হে সূর্য্য, সর্ব্বকর্ম্মের হেতুভূত ও যজ্ঞকর্ম্মের প্রবর্ত্তক যে তেজ এই সমস্ত পার্থিব জল শোষণ করিয়া থাকে (অথবা সমস্ত প্রাণীকে পোষণ করিয়া থাকে), তুমি সেই তেজ দ্বারা সমস্ত জগৎ প্রকাশিত করত স্বর্গসন্নিহিত স্থান প্রাপ্ত হইয়াছ।

(২৫) ব্যাখ্যা—হে কন্যে, ত্বম্ অঘোরচক্ষুঃ (প্রশান্তদৃষ্টিঃ) এধি (ভব)। তথা অপতিঘ্নী (পত্যুঃ অহিংসিকা ভব)। তথা পশুভ্যঃ শিবা (হিতকরী এধি)। সুমনাঃ (প্রফুল্লচিত্তা) সুবর্চ্চাঃ (তেজস্বিনী) চ ভব। বীরসূঃ (পুত্রাণামেব প্রসবিত্রী), দেবকামা (দেবানাং প্রসাদাভিলাষিণী) স্যোনা (মম সুখকরী চ ভব)। তথা নঃ (অস্মাকং) দ্বিপদে (পরিজনবর্গায়) চতুষ্পদে (গবাদিপশুসংঘায় চ) শং (কল্যাণকরী) ভব।০। অনুবাদ—হে কন্যে, তুমি শান্তদৃষ্টি, পতির প্রতি অহিংসিকা, পশুগণের হিতকরী, প্রফুল্লচিত্তা, তেজস্বিনী, পুত্রপ্রসবিনী, দেবতার প্রতি ভক্তিমতী, আমার সুখকরী, এবং আমার পরিজনবর্গের ও গবাদি পশুগণের কল্যাণকরী হও।

ওঁ কন্যা তারয়তু, দক্ষিণাঃ পান্তু, বহুধেয়ং চাস্তু, পুণ্যং বর্দ্ধতাং। শান্তিঃ পুষ্টিস্তুষ্টিশ্চাস্তু। তিথি-করণ-মুহূর্ত্ত-নক্ষত্রসম্পদস্তু ॥ ২৬

তৎপরে কন্যার অঞ্জলি তুলিয়া ধরিয়া তত্রস্থ তণ্ডুলাদি বরের মস্তকে ঢালিয়া দিবেন। বরও স্বীয় অঞ্জলির তণ্ডুল কন্যার মস্তকে ঢালিয়া দিবে। আরও দুইবার ঐরূপ অঞ্জলিপূরণাদি কার্য্য করিবে। পরে পুরোহিত কাংস্যপাত্রে জল ঢালিয়া তাহাতে যজ্ঞোডুম্বরের পল্লব, দূর্ব্বা ও সুবর্ণ দিয়া, সেই জলে পূর্ব্বোক্ত "আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রত্রয়ে (২৭৭ পৃঃ) বর ও কন্যাকে অভিষিক্ত করিবেন। কন্যা স্বীয় শিরস্থ পুষ্প লইয়া ঘৃতক্ষীরে ডুবাইয়া তদ্দ্বারা বরের কপালে তিলক দিবে। বরও নিজ-মস্তকস্থ পুষ্প লইয়া ঘৃতক্ষীরে ডুবাইয়া কন্যার কপালে তিলক দিবে এবং পরস্পর মাল্য-বিনিময় (মাল্য-বদল) করিবে। পরে পুরোহিত কন্যাকে বরের দক্ষিণদিকে বসাইয়া নিম্নলিখিত মন্ত্রে গাঁইটছড়া বাঁধিবেন—

ওঁ গণানাং ত্বা গণপতিং হবামহে
কবিং কবীনা-মুপমশ্রবস্তমং।
জ্যেষ্ঠরাজং ব্রহ্মণাং ব্রহ্মণস্পত
আ নঃ শৃণ্বন্নূতিভিঃ সীদসাদনং ॥ ২৭

---

(২৬) কন্যা আমাকে উদ্ধার করুক, দক্ষিণা আমাকে উদ্ধার করুক। এই কন্যা তাবার সম্বন্ধে বহুপ্রকারা (অর্থাৎ সময়বিশেষে সহধর্ম্মচারিণী, গৃহিণী, পরিচারিকা, পাচিকা ইত্যাদি) হউক। আমার পুণ্য বৃদ্ধি হউক) ইত্যাদি।

(২৭) ব্যাখ্যা—হে বিবাহব্রতরক্ষিন্ গণপতে, গণানাং (দেবাদিগণানাং) গণপতিং, কবীনাং (ক্রান্তদর্শিনাং মধ্যে) কবিম্, উপমশ্রবস্তমম্ (উপমীয়তে অনয়া ইত্যুপমা, সর্ব্বেষামন্নানাম্ উপমানং শ্রবঃ অন্নং যস্য তথোক্তঃ, অতিশয়েন উপমশ্রবাঃ উপমশ্রবস্তমঃ

ওঁ আ তূ ন ইন্দ্র ক্ষুমন্তং, চিত্রং গ্রাভং সং গৃভায়। মহাহস্তী দক্ষিণেন॥ ২৮॥ ওঁ নীললোহিতং ভবতি। ২৯

ওঁ যথেন্দ্রাণী মহেন্দ্রস্য স্বাহা চৈব বিভাবসোঃ।
রোহিণী চ যথা সোমে দময়ন্তী যথা নলে।
যথা বৈবস্বতে ভদ্রা বশিষ্ঠে চাপ্যরুন্ধতী।
যথা নারায়ণে লক্ষ্মী-স্তথা ত্বং ভব ভর্ত্তরি॥

কয়োর্গ্রন্থিঃ পততি? লক্ষ্মীনারায়ণয়োঃ। কয়োর্গ্রন্থিঃ পততি? সীতারাময়োঃ। কয়োর্গ্রন্থিঃ পততি? উমামহে-

ভম্ 'মাঙ্ মানে, আতশ্চোপসর্গে করণে অঙ্ প্রত্যয়ঃ, "ঙ্যাপোঃ সংজ্ঞাছন্দসোর্ব্বহুলম্" ইতি হ্রস্বত্বম্) ব্রহ্মণাং (মন্ত্রাণাং) জ্যেষ্ঠরাজং (জ্যেষ্ঠাঃ প্রশস্ততমাঃ, তেষাং মধ্যে রাজন্তম্—অধিপতিং) ত্বা (ত্বাং) হবামহে (অস্মিন্ কর্ম্মণি আহ্বয়ামঃ)। কিঞ্চ হে ব্রহ্মণস্পতে (ব্রহ্মণঃ বেদোক্তকর্ম্মণঃ পতে পালয়িতঃ), নঃ (অস্মাকং) স্তুতীঃ শৃণ্বন্ ঊতিম্ (পালনৈঃ হেতুভূতৈঃ) সাদনং (যজ্ঞগৃহম্) আ সীদ (উপবিশ)।০। অনুবাদ—হে গণপতে, তুমি দেবাদিগণের গণপতি, তুমি জ্ঞানীদিগের মধ্যে জ্ঞানী, উপমানস্থানীয় উৎকৃষ্ট অন্নের স্বামী, মন্ত্রের অধিপতি; তোমাকে আমরা আহ্বান করি। হে বেদোক্ত কর্ম্মের প্রতিপালক, তুমি আমাদিগের স্তুতি শুনিয়া রক্ষা করিবার জন্য যজ্ঞগৃহে উপবেশন কর।

(২৮) ব্যাখ্যা—হে ইন্দ্র, মহাহস্তী (মহাহস্তবান্ ত্বং) তু (তদানীমেব) নঃ (অস্মদর্থম্, অস্মভ্যং দাতুমিত্যর্থঃ) ক্ষুমন্তং (শব্দবন্তং, স্তুত্যমিত্যর্থঃ) চিত্রং (নানারূপং) গ্রাভং (গ্রহণার্হং বরং) দক্ষিণেন হস্তেন আ সং গৃভায় (আভিমুখ্যেন সংগৃহাণ)। তূ—সংহিতায়াং দীর্ঘঃ।০। অনুবাদ—হে ইন্দ্র মহাবাহু তুমি, এখনই আমাদিগকে দিবার জন্য, তোমার দক্ষিণহস্ত দ্বারা, প্রশংসনীয় নানারূপ বর ধারণ কর।

(২৯) (তযোরন্যতাং নীলো হরঃ, লোহিতা গৌরী; তয়োঃ সমাহারঃ) নীললোহিতং (কৃষ্ণপিঙ্গলং হরগৌরীরূপং) ভবতি (ভবতু—লেটি রূপম্)।০। এই বর-কন্যা হর-গৌরীস্বরূপ হউক।

শ্বয়োঃ। কয়োগ্র্গ্রন্থিঃ পততি? শ্রীঅমুকদেবী-শ্রীঅমুকদেব-শর্ম্মণোঃ *। ৩০

(অচ্ছিদ্রাবধারণ)

উভয়পক্ষের পুরোহিতকে দক্ষিণা দেওয়া হইলে + সম্প্রদাতা (কৃতাঞ্জলি)—(ওঁ) কৃতৈতৎ-কন্যাসম্প্রদান-কর্ম্মাচ্ছিদ্রমস্তু। (পুরোহিতেরা —ওঁ অস্তু)।

(বৈগুণ্য-সমাধান

সম্প্রদাতা—(বামহস্তযুক্ত দক্ষিণহস্তে জলে ত্রিপত্র ও হরীতকী ধরিয়া) —(বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতেঽস্মিন্ কন্যাসম্প্রদান-কর্ম্মণি যৎকিঞ্চিদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে —[ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং ইত্যাদি মন্ত্র পড়িয়া] ১০ বার "(ওঁ) বিষ্ণুঃ" জপ করিবেন। কৃতাঞ্জলি হইয়া (ওঁ) যদসাঙ্গং কৃতং কর্ম্ম, জানতা বাপ্যজানতা। সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং, হরের্নামানুকীর্ত্ত-

* ক্ষত্রিয়পক্ষে—...দেবী ... ত্রাতৃবর্ম্মণোঃ। বৈশ্যপক্ষে—... দেবী...দত্তভূত্যোঃ (বা গুপ্ত-ভূত্যোঃ)। শূদ্রপক্ষে—...দাসী...দাসয়োঃ।

+ ইহা উৎসর্গ করিয়া দিতে হয় না। প্রচলিত-প্রথা-অনুসারে সম্প্রদাতা বর-পুরোহিতকে, এবং বর কন্যাপক্ষের পুরোহিতকে দক্ষিণা দেন। কন্যাপক্ষের পুরোহিত যাহা পান, বরপুরোহিত তাহার দ্বিগুণ পাইয়া থাকেন। কায়স্থদিগের বিশেষ এই যে, কন্যা কুলীন ও বর মৌলিক হইলে, কন্যাপক্ষের পুরোহিতই দ্বিগুণ পান। কোনও কোনও স্থলে ("গায়ে গায়ে শোধ" করিয়া লইলে) নিজ-পুরোহিত-দক্ষিণা নিজেই দিয়া থাকেন।

(৩০) ইন্দ্রের পত্নী শচী যেমন, অগ্নির পত্নী স্বাহা যেমন, চন্দ্রের রোহিণী যেমন, নলের দময়ন্তী যেমন, যমের ভদ্রা যেমন, বশিষ্ঠের অরুন্ধতী যেমন, নারায়ণের লক্ষ্মী যেমন, তুমিও সেইরূপ পতির অনুগতা হও।০। কাহাদের গ্রন্থি পড়িতেছে? লক্ষ্মী ও নারায়ণের—ইত্যাদি।

নাৎ * । শ্রীহরিঃ শ্রীহরিঃ শ্রীহরিঃ। একগণ্ডূষ জল লইয়া—(ওঁ) প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং, প্রীণিতে প্রীণিতং জগৎ॥ এতৎ কর্ম্ম শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু (বিষ্ণুর উদ্দেশে ভূমিতে জলগণ্ডূষ ত্যাগ করিবেন)। (ওঁ) নমো ব্রহ্মণ্যদেবায়, গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় *, গোবিন্দায় নমো নমঃ॥ (বিষ্ণুকে প্রণাম করিবেন)। পরে ব্রাহ্মণদিগকে প্রণাম করিয়া উঠিয়া যাইবেন।

যজুর্ব্বেদীয় কার্য্য।

(২৬৮ পৃঃ—২৭২ পৃঃ) বর অন্তঃপুর হইতে আসিয়া পূর্ব্ববৎপীড়ির উপর বসিলে, কন্যাকে তাহার সম্মুখে ঘটের পূর্ব্বদিকে পশ্চিমমুখে বসাইবে।

(বর-অর্চ্চনা) †

সম্প্রদাতা (উত্তরাগ্র বিষ্টর লইয়া) —(ওঁ) বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং।

বর—(ওঁ) বিষ্টরং প্রতিগৃহ্নামি (গ্রহণ)। [ওঁ বর্ষ্মোঽস্মি সমানানা-মুদ্যতামিব সূর্য্যঃ। ইমন্তু-মধিতিষ্ঠামি, যো মা কশ্চাভিদাসতি॥ ১]—(আসনে উত্তরাগ্রে স্থাপন)।

---

* "শ্রীহরে" ও "শ্রীকৃষ্ণায়" বলিলে ছন্দোদোষ ঘটে।

† পারস্করের সূত্রে, হরিহরকৃত ভাষ্যে ও তৎকৃতপ্রয়োগে, অর্চ্চনামন্ত্র গুলির যেরূপ পাঠ আছে, বেদেও সেইরূপ রহিয়াছে দেখিয়া তদনুসারেই লিখিত হইল। কিন্তু ব্রাহ্মণ-সর্ব্বস্বে স্থানে স্থানে অন্তবিধ পাঠ ও তদনুযায়িনীই ব্যাখ্যা আছে; সেগুলি লিপিকর-কৌশলে কল্পিত বলিয়া সংশয় হওয়ায় গ্রহণ করিলাম না।

---

(১) ব্যাখ্যা—সমানানাং (সজাতীয়ানাং মধ্যে) উদ্যতাম্ (উদয়-শালিনাং, গ্রহনক্ষত্রাদীনাম্)। অন্যৎ ব্যাখ্যাতম্। ০। অনুবাদ—পূর্ব্ববৎ।

সম্প্রদাতা (অপর বিষ্টর লইয়া)—(ওঁ) বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাং।

বর—(ওঁ) বিষ্টরং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। [ওঁ বর্ষ্মোঽস্মি…দাসতি ॥]—(পায়ের নিকটে উত্তরাগ্রে স্থাপন)।

সম্প্রদাতা (কুশীতে জল লইয়া)—(ওঁ) পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাং।

বর—(ওঁ) পাদ্যং প্রতিগৃহ্লামি (গ্রহণ ও ভূমিতে স্থাপন)। [ওঁ বিরাজো দোহোঽসি, বিরাজো দোহমশীয়। ময়ি পাদ্যায়ৈ বিরাজো দোহঃ ॥ ২]—(বাম পদের নিকটে জলপ্রোক্ষণ)।০। [ওঁ বিরাজো…দোহঃ ॥]—(দক্ষিণ পদের নিকটে জলপ্রোক্ষণ)।

সম্প্রদাতা (কুশী ধুইয়া তাহাতে অর্ঘ্য লইয়া)—(ওঁ অর্ঘঃ অর্ঘঃ অর্ঘঃ প্রতিগৃহ্যতাং)।

বর—(ওঁ) অর্ঘং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। [ওঁ আপঃ স্থ, যুষ্মাভিঃ সর্ব্বান্ কামানবাপ্নবানি ॥ ৩] (পুষ্পাদি মস্তকে স্থাপন)।০। [ওঁ সমুদ্রং বঃ প্রহিণোমি, স্বাং যোনি-মভি-

(২) ব্যাখ্যা—হে জল, ত্বং বিরাজঃ দোহঃ অসি। ত্বাম্ অশীয় (উপভুঞ্জে)। বিরাজঃ দোহঃ ত্বং ময়ি (মম—ষষ্ঠ্যর্থে সপ্তমী) পাদ্যায়ৈ (পাদ্যার্থ ভব)। অন্তৎ পূর্ব্ববৎ।০। অনুবাদ—হে জল, তুমি বিশিষ্ট শোভায় সম্পাদক, তোমাকে আমি উপভোগ করি, তুমি আমার পাদ্য হও।

(৩) ব্যাখ্যা—হে অর্ঘ্যজলানি, যতো যূয়ম্ আপঃ (আপ্যন্তে কামাঃ আভিঃ ইতি করণে ক্বিপ্) স্থ (ভবথ), অতঃ অহং যুষ্মাভিঃ সর্ব্বান্ কামান্ অবাপ্নবানি (প্রাপ্নুয়াম্)।০। অনুবাদ—হে অর্ঘ্যজল, যেহেতু তুমি অপ্ (অভীষ্ট-প্রাপ্তিসাধন), সেইহেতু তোমার দ্বারা আমি যেন সকল অভিষ্ট প্রাপ্ত হই।

-গচ্ছত। অরিষ্টাস্মাকং বীরা, মা পরাসেচি মৎ পয়ঃ ॥ ৪]
-(কুশীর জল ভূমিতে নিক্ষেপ)।

সম্প্রদাতা (কুশীতে জল লইয়া)—(ওঁ) আচমনীয়-মাচমনীয়-মাচমনীয়ং প্রতিগৃহ্যতাং।

বর—(ওঁ) আচমনীয়ং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। [ওঁ আমাগন্ যশসা, সঙ্‌ঁসৃজ বর্চ্চসা। তং মা কুরু প্রিয়ং প্রজানা-মধিপতিং পশূনা-মরিষ্টিং তনূনাং ॥ ৫] (আচমন)।

সম্প্রদাতা (মধুপর্ক লইয়া)—(ওঁ) মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাং।

বর- (ওঁ) মধুপর্কং প্রতিগৃহ্লামি (গ্রহণ)। [ওঁ মিত্রস্য ত্বা চক্ষুষা প্রতীক্ষে (দর্শন)। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং, পূষ্ণো হস্তাভ্যাং প্রতিগৃহ্লামি] (অঞ্জলি দ্বারা

---

(৪) হে আপঃ, বঃ (যুষ্মান্) সমুদ্রং প্রহিণোমি প্রস্থাপয়ামি। ময়া প্রহিতাঃ যূয়ং স্বাং যোনিং (স্বাম্যুৎপত্তিস্থানং সমুদ্রম্) অভিগচ্ছত। অস্মাকং বীরা (বীরাণি, ধনাদীনি উৎকৃষ্টবস্তূনি) অরিষ্টা (অরিষ্টানি, আপদ্রহিতানি ভবন্তু)। কিঞ্চ পয়ঃ (পানযোগ্যং যৎ জলং তৎ) মৎ (মৎসকাশাৎ) মা পরাসেচি (পরাসিক্তং মা ভবতু, অপগতং মা ভবতু ইত্যর্থঃ)। অরিষ্টা বীরা—"শেশ্ছন্দসি বহুলম্" ইতি শিলোপঃ। ০। অনুবাদ—হে জল, আমি তোমাকে সমুদ্রে পাঠাইতেছি, তুমি সেই আপন উৎপত্তিস্থানে গমন কর। আমাদের ধনাদি উৎকৃষ্ট বস্তু সকল নিরাপদ্ হউক। আমার পানীয় জলের যেন অভাব না হয়।

(৫) ব্যাখ্যা—হে জল, মা (মাম্) যশসা আগন্ (আগময়, মাং যশস্বিনং কুরু ইত্যর্থঃ)। তথা বর্চ্চসা (তেজসা) সংসৃজ (সংসৃষ্টং কুরু, তেজস্বিনং কুরু ইত্যর্থঃ)। তং (তাদৃশং যশস্বিনং বর্চ্চস্বিনঞ্চ) মা (মাং) প্রজানাং প্রিয়ং কুরু। পশূনাং (গবাদীনাম্) অধিপতিম্ (ঈশ্বরং) কুরু। তনূনাং (দেহধারিণাং সম্বন্ধে) অরিষ্টিম্ (অহিংসকং) কুরু। আগন্—আঙ্ পূর্ব্বাৎ গমধাতোঃ অন্তর্ভূতণ্যর্থাৎ লোড় মধ্যমপুরুষৈকবচনং, বহুলবচনাৎ শপো লুক্, বিভক্তিলোপশ্চ, "মো নো ধাতোঃ" ইতি মকারস্য নকারঃ। ০। অনুবাদ—হে জল, আমাকে যশ দাও, তেজঃসম্পন্ন কর, লোকের প্রিয় কর, পশুদিগের স্বামী কর, এবং দেহধারীদিগের হিতকারী কর।

ধারণ করিয়া বামহস্তে স্থাপন।০। [ওঁ নমঃ শ্যাবাস্যায়ান্নশনে যত্ত আবিদ্ধং, তত্তে নিষ্কৃন্তামি॥ ৬] দক্ষিণ হস্তের অনামিকা দ্বারা আলোড়ন, আর একবার অমন্ত্রক আলোড়ন)।

তৎপরে অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা লইয়া কিঞ্চিৎ ভূমিতে নিক্ষেপ; ঐরূপ আর দুইবার আলোড়ন ও নিক্ষেপ।

[ওঁ যন্মধুনো মধব্যং পরমগুঁ রূপমন্নাদ্যং, তেনাহং মধুনো মধব্যেন পরমেণ রূপেণান্নাদ্যেন পরমো মধব্যোঽন্নাদোঽসানি (৭)॥—৩বার পাঠ]—(ভূমিতে পাত্রস্থাপন করিয়া বাম হস্তের কনিষ্ঠা দ্বারা লইয়া * ৩বার আঘ্রাণ করিয়া আচমন) •। [ওঁ বাঙ্ম আস্যেঽস্তু (৮)—(করাগ্র দ্বারা মুখস্পর্শ)। ওঁ নসোর্মে প্রাণোঽস্তু (৯)—(দক্ষিণ ও বাম নাসাপুট স্পর্শ)। ওঁ অক্ষ্ণোর্মে চক্ষুরস্তু (১০)—(দক্ষিণ ও বাম চক্ষু স্পর্শ)।

* ভক্ষণ করিতে হইলে দক্ষিণ হস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা গ্রহণ করিতে হয়।

(৬) ব্যাখ্যা—হে মধুপর্ক, শ্যাবাস্যায় (শ্যাবম্ কৃষ্ণপীতবর্ণং মধুরূপং বস্তু আস্যে মুখে উপরিভাগে যস্য তস্মৈ তে) নমঃ। অনশনে (অভোজনে নিমিত্তে; ভোজনব্যাঘাতায় ইত্যর্থঃ) তে (তবোপরি) যৎ আবিদ্ধং (কেনচিৎ ক্ষিপ্তং, ত্বয়ি যৎ পতিতং) তে (তব) তৎ নিষ্কৃন্তামি (অপসারয়ামি)।•। অনুবাদ—হে মধুপর্ক, তোমার উপরিভাগে কৃষ্ণ-পীতবর্ণ মধু ভাসিতেছে, তোমাকে নমস্কার। ভোজনের ব্যাঘাতের জন্য তোমার উপর কেহ যাহা ফেলিয়াছে (অর্থাৎ তোমাতে যাহা পড়িয়াছে), তাহা অপসারিত করি।

(৭) ব্যাখ্যা—মধুনঃ মধব্যং (মধুরং) যৎ পরমম্ (উৎকৃষ্টং) রূপম্ অন্নাদ্যম্ (অন্নাদিকং বস্তু), অহং তেন মধুনঃ মধব্যেন পরমেণ রূপেণ অন্নাদ্যেন (তদ্ভক্ষণেন ইত্যর্থঃ) পরমঃ (উৎকৃষ্টঃ) মধব্যঃ (মাধুর্য্যস্বভাবযুক্তঃ) অন্নাদঃ (অন্নস্য ভোক্তা) অসানি (ভবানি) ।•। অনুবাদ—মধুর যে মধুময় উৎকৃষ্ট রূপ অন্নাদি, আমি তাহা ভক্ষণ করিয়া উৎকৃষ্ট, মধুরস্বভাব ও অন্নভোগী হই।

(৮—১৪) ব্যাখ্যা—অস্য মধুপর্কস্য ভক্ষণাৎ মে (মম) আস্যে (মুখে) বাক্ (বচন-শক্তিঃ) অস্তু। মে (মম) নসোঃ (নাসিকয়োঃ) প্রাণঃ (শ্বাসবায়ুঃ) অস্তু। মে(মম)

ওঁ কর্ণয়োর্মে শ্রোত্রমস্তু (১১)—(দক্ষিণ কর্ণ স্পর্শ, পুনর্ব্বার ঐ মন্ত্রেই বাম কর্ণ স্পর্শ)। ওঁ বাহ্বোর্মে বলমস্তু (১২)—(দক্ষিণ বাহু স্পর্শ, পুনর্ব্বার ঐ মন্ত্রে বামবাহু স্পর্শ)। ওঁ ঊর্ব্বোর্ম ওজোঽস্তু (১৩)—(দক্ষিণ উরু স্পর্শ, পুনর্ব্বার ঐ মন্ত্রে বাম উরু স্পর্শ)। ওঁ অরিষ্টানি মেঽঙ্গানি, তনূস্তন্বা মে সহ সন্তু (১৪)—(উভয় হস্তে শিরঃপ্রভৃতি পাদ পর্য্যন্ত স্পর্শ।]

নাপিত—গৌ-গৌ-গৌঃ।

বর—[ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং, স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্র নু বোচং চিকিতুষে জনায়, মা গামনাগামদিতিং বধিষ্ট ॥ ০ ॥ ওঁ মম চামুষ্য চ পাপ্মা হত ওঁ (উপাংশু জপ) উৎসৃজত, তৃণান্যত্তু (১৫)—(উচ্চে উচ্চারণ)।]

তৎপরে পুরোহিত ঘটের উপর বরের দক্ষিণহস্ত চিৎ করিয়া রাখিয়া, কন্যার দক্ষিণহস্তে হস্তলেপ (১৭৭পৃঃ ১৬ পং, তদভাবে চন্দনলেপ) দিয়া, বরের হস্তের উপর চিৎ করিয়া রাখিয়া, তদুপরি গাঁইটছড়া রাখিয়া, কুশ-রজ্জু ও পুষ্পমাল্য দ্বারা উভয়ের হস্তবন্ধন করিলে, সম্প্রদাতা কন্যা-অর্চ্চনা ও কন্যা-উৎসর্গ (২৭৮ পৃঃ) করিবেন।

কর্ণয়োঃ শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়ম্) অস্তু। মে (মম) বাহ্বোঃ বলম্ অস্তু। মে (মম) ঊর্ব্বোঃ ওজঃ (পটুত্বম্) অস্তু। মে (মম) অঙ্গানি (অবয়বাঃ) মে (মম) তন্বা (লিঙ্গশরীরেণ) সহ তনূঃ (স্থূলশরীরঞ্চ) অরিষ্টানি (নিরাময়ানি) সন্তু। ০। অনুবাদ—মুখে আমার বাক্‌শক্তি হউক, নাসিকায় আমার শ্বাসবায়ু থাকুক, চক্ষুতে আমার দৃষ্টিশক্তি হউক, কর্ণে আমার শ্রবণশক্তি হউক, বাহুতে আমার বল হউক, উরুতে আমার পটুতা হউক, এবং আমার অঙ্গপ্রত্যঙ্গ সকল, ও লিঙ্গশরীরের সহিত স্থূলশরীর নিরাময় হউক।

(১৫) আমার ও উঁহার (সম্প্রদাতার) পাপ নষ্ট হইয়াছে। (ওঁ অর্থাৎ স্বীকার করিলাম)। গাভীকে ছাড়িয়া দাও, সে তৃণ ভক্ষণ করুক।

বর—"(ওঁ) স্বস্তি" বলিয়া, গায়ত্রী পড়িয়া "(ওঁ) কন্যেয়ং প্রজাপতি-দেবতাকা" বলিয়া কামস্তুতি পাঠ করিবে—

(কামস্তুতি)

[ওঁ কোঽদাৎ, কস্মা অদাৎ, কামঃ কামায়াদাৎ, কামো দাতা, কামঃ প্রতিগ্রহীতা, কামৈতত্তে। ওঁ দ্যৌস্ত্বা দদাতু, পৃথিবী ত্বা প্রতিগৃহ্ণাতু ॥ ১৬]

সম্প্রদাতা বরকে দক্ষিণা দিয়া (২৮০পৃঃ) যৌতুক দিবেন (২৮০পৃঃ)। তার পর বস্ত্র আচ্ছাদন করিয়া পরস্পর শুভদৃষ্টি করাইয়া, হস্তবন্ধন মোচন করিলে বর-কন্যা স্বস্ব হস্ত আঘ্রাণ করিবে। কন্যাকে বরের দক্ষিণভাগে বসাইয়া পুরোহিত গায়ত্রী ও "যথেন্দ্রাণী" (২৮৭ পৃঃ) ইত্যাদি মন্ত্রে গাঁইট-ছড়া বাঁধিবেন। সম্প্রদাতা বর-পুরোহিতকে দক্ষিণা দিয়া অচ্ছিদ্রাবধারণ (২৮৮পৃঃ) ও বৈগুণ্যসমাধান (২৮৮ পৃঃ) করিবেন। পুরোহিত বর-কন্যাকে শান্তি-আশীর্ব্বাদ করিবেন।

শূদ্রের কন্যাসম্প্রদান ও পাণিগ্রহণ।

(শূদ্রের অমন্ত্রক-বিবাহপক্ষে)

২৬৮ হইতে ২৭২ পৃঃ ৫ পং পর্য্যন্ত, তৎপরে (২৮৯ পৃঃ) বর-অর্চ্চনা হইতে বৈগুণ্যসমাধান পর্য্যন্ত করা হইলে, বর উঠিয়া পূর্ব্বমুখে দাঁড়াইবে।

(১৬) অনুবাদ—এই বস্তু কে কাহাকে দিল ? কাম কামকে দিলেন। কামই ইহার দাতা, এবং কামই ইহার গ্রহীতা। হে কাম, এই বস্তু তোমারই। হে কন্যারূপ বস্তু; আকাশ যেমন বৃষ্টি দেয়, সেইরূপ এই দাতা তোমাকে দিলেন ; এবং পৃথিবী যেমন বৃষ্টিজল গ্রহণ করে, সেইরূপ আমি তোমাকে গ্রহণ করিলাম।

কন্যাকে বরের দক্ষিণ-পার্শ্ব হইতে তুলিয়া বরের সম্মুখে পূর্ব্বমুখে দাঁড় করাইবে। বর, কন্যার দুই পার্শ্ব দিয়া দুই হস্ত বাড়াইয়া, কন্যার কোলের কাছে অঞ্জলি করিবে। কন্যাও নিজ অঞ্জলি বরের অঞ্জলির উপর স্থাপন করিবে। তৎপরে অন্য কেহ কন্যার অঞ্জলিতে ঘৃত, তদুপরি খই ও তদুপরি পুনর্ব্বার ঘৃত দিবে এবং সম্মুখে অগ্নি জ্বালিবে। বর—

নমঃ, চতুর্ব্বদন-সদ্মস্থ-চতুর্ব্বেদ-কুটুম্বিনে।
দ্বিজাঙ্গুষ্ঠের-সৎকর্ম্ম-সাক্ষিণে ব্রহ্মণে নমঃ॥ ১

বলিয়া ঐ খই অগ্নিতে নিক্ষেপ করিবে। ঐরূপ আরও দুইবার করিবে—ইহাকে লাজহোম বলে। তার পর কন্যা অঙ্গুষ্ঠটি বাহিরে রাখিয়া দক্ষিণহস্ত মুষ্টিবদ্ধ করিলে, বর স্বীয় দক্ষিণহস্ত দ্বারা কন্যার অঙ্গুষ্ঠসহিত ঐ মুষ্টি ধারণ করিবে—ইহা পাণিগ্রহণ। তৎপরে বর, কন্যার মুষ্টি ঐরূপেই ধরিয়া, কন্যাকে উত্তর দিকে সাত পা চালাইবে (অগ্রে আলিপনা দ্বারা ৭টি মণ্ডল করিয়া দিলে, এক একটি মণ্ডলে কন্যা অগ্রে ডাইন পা বাড়াইয়া পরে বাঁ পা বাড়াইবে)—ইহা সপ্তপদীগমন। পরে বর স্বীয় আসনে বসিলে, কন্যাকে বরের বামপার্শ্বে বসাইবে। বর দক্ষিণ হস্তে কুনিকা দ্বারা কন্যার সীমন্তে সিন্দুর দিয়া, লজ্জাবস্ত্র দ্বারা কন্যার মস্তক আবরণ করিবে। *

দক্ষিণা।—বর পূর্ব্ববৎ দক্ষিণাদ্রব্য অর্চ্চনা করিয়া, শ্রীবিষ্ণুর্নমঃ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ

---

* পাণিগ্রহণ ও সপ্তপদীগমন এখন কেহই করেন না (কিন্তু যখন পাণিগ্রহণ না

---

(১) যাঁহার চতুর্ম্মুখরূপ গৃহে, যে চতুর্ব্বেদ অবস্থান করিতেছে, তাহাদিগকে যিনি পোষণ করিতেছেন, এবং যিনি দ্বিজাতিদিগের অনুষ্ঠেয় সৎকর্ম্মের সাক্ষী, সেই ব্রহ্মাকে ইহা দিলাম। এইটি ভবদেবপদ্ধতির প্রারম্ভে মঙ্গলাচরণ-শ্লোক। এই শ্লোক বলিয়াই সকলে আহুতি দেওয়াইয়া থাকেন।

অমুকগোত্রঃ শ্রীঅমুকদাসঃ কৃতৈতচ্ছুভবিবাহকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় সম্প্রদদে *।০।
অচ্ছিদ্রাবধারণ—(কৃতাঞ্জলি হইয়া) নমঃ কৃতৈতচ্ছুভবিবাহকর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত—ওঁ অস্তু)। বৈগুণ্যসমাধান—পূর্ব্ববৎ ; বাক্যে—কৃতেঽস্মিন্ শুভবিবাহকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং)। একগণ্ডূষ জল লইয়া—নমঃ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ ইত্যাদি পড়িয়া "এতৎ কর্ম্ম শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু" বলিয়া ভূমিতে ত্যাগ করিবে। নমো ব্রহ্মণ্যদেবায় ইত্যাদি মন্ত্রে বিষ্ণুকে প্রণাম করিয়া পুরোহিতকে ও অন্যান্য ব্রাহ্মণদিগকে কন্যা সহ প্রণাম করিবে। পুরোহিত শান্তি-আশীর্ব্বাদ করিবেন। স্ত্রীলোকেরা শঙ্খধ্বনি, উলুধ্বনি ও জলধারা-সহকারে বরকন্যাকে অন্তঃপুরে লইয়া যাইবে।

শূদ্রের সমন্ত্রক পাণিগ্রহণ।

সমন্ত্রক পাণিগ্রহণ করিতে ইচ্ছুক হইলে, কন্যাসম্প্রদানের পর সেই রাত্রেই, অথবা নিজ গৃহে আসিয়া অন্য দিনে, বর দুইজন ব্রাহ্মণকে হোতা ও তন্ত্রধারক রূপে বরণ করিবে। তাঁহারা যজুর্ব্বেদি-পদ্ধতি-অনুসারে হোমাদি কার্য্য করিবেন। ঐ পদ্ধতিতে বর ও কন্যার যে যে কার্য্য করিবার কথা লেখা আছে, হোম ভিন্ন সে সমস্ত বর ও কন্যাই করিবে; কেবল মন্ত্রপাঠস্থলে 'নমো নমঃ' বলিবে (ব্রাহ্মণে মন্ত্রপাঠ করিবেন)। ০।
বরণকার্য্যে "সাধু ভবানাস্তাং" (২৭০ পৃঃ) ইত্যাদি বলিয়া, হাঁটু ধরিয়া —শ্রীবিষ্ণুর্নমঃ অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে

হইলে বিবাহ সিদ্ধ হয় না, এবং সপ্তপদীগমন না হইলে পতিগোত্রপ্রাপ্তি হয় না, তখন উহা করা একান্ত আবশ্যক। "পাণিগ্রহণিকা মন্ত্রা নিয়তং দারলক্ষণম্।"—মনু। "স্বগোত্রাদ্ভ্রশ্যতে নারী বিবাহাৎ সপ্তমে পদে।"—হারীত।

* এ দক্ষিণা পৃথক্ দেওয়া উচিত।

অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদাসঃ বিবাহাঙ্গহোমকর্ম্মণি হোতৃকর্ম্ম-করণায় (তন্ত্রধারক-বরণে—তন্ত্রধারককর্ম্মকরণায়) অমুকগোত্রং শ্রীঅমুক-দেবশর্ম্মাণ-মভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। তৎপরে বৃতোঽস্মি (২৭০ পৃঃ) ইত্যাদি। কর্ম্মের শেষে দক্ষিণা দিতে হইবে। তাহার বাক্য—শ্রীবিষ্ণু-র্নমঃ···বিবাহাঙ্গহোমকর্ম্মণি কৃতৈতদ্‌হোতৃকর্ম্মণঃ (তন্ত্রধারকপক্ষে—কৃতৈতত্তন্ত্রধারককর্ম্মণঃ) সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং··· ।

যজুর্ব্বেদীয় গর্ভাধান।*

বর স্বয়ং বৃদ্ধিশ্রাদ্ধ করিবে (সঙ্কল্পবাক্য—···অমুকগোত্রায়া মৎপত্ন্যাঃ শ্রীঅমুকদেব্যাঃ শুভগর্ভাধানকর্ম্মাভ্যুদয়ার্থং...)।

পূর্ব্বমুখে বসিয়া পত্নীকে বামদিকে বসাইয়া আচারতঃ সূর্য্যের পূজা করিয়া (ধ্যান প্রণাম ১ম খঃ), অর্ঘ্য লইয়া—এষোঽর্ঘঃ—

(ওঁ) এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর ॥

বলিয়া সূর্য্যকে দিবে। উঠিয়া দাঁড়াইয়া, বধূকে কোলের কাছে পূর্ব্বমুখে দাঁড় করাইয়া, স্বর্ণাঙ্গুরীয় লইয়া উহার দক্ষিণ হস্ত প্রসারণপূর্ব্বক উপস্থ (যোনি) স্পর্শ করিয়া বলিবে—

ওঁ পূষা ভগং তে সবিতা দধাতু
রুদ্রস্ত্বষ্টা কল্পয়তু সামগং।
ত্বষ্টা রূপাণি তেজো বৈশ্বানরো দধাতু ॥ ১

---

* শূদ্রের গর্ভাধানে বৃদ্ধিশ্রাদ্ধ, সূর্য্যার্ঘ্যদান, অমন্ত্রক অঙ্গুরীয়-পাতন ও পঞ্চগব্য পান।

---

(১) ব্যাখ্যা—হে পত্নি, সবিতা (সূর্য্যঃ) তে (তব) ভগং দধাতু (পোষয়তু) কিম্ভূতঃ সবিতা ? পূষা (পোষকঃ)। ত্বষ্টা (বিশ্বকর্ম্মা) সামগং (সামেতি উপলক্ষণং—

ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি।
গর্ভং তে অশ্বিনৌ দেবা-বা ধত্তাং পুষ্করস্রজৌ॥
ওঁ রেতো মূত্রং বি জহাতি, যোনিং প্রবিশদিন্দ্রিয়ং।
গর্ভো জরায়ুণাবৃত, উল্বঞ্জহাতি জন্মনা॥ ২

অঙ্গুরীয়টি ছাড়িয়া দিবে (যেন উহা ভূমিতে পড়ে *)। হৃদয় স্পর্শ করিয়া বলিবে—

ওঁ যত্তে সুসীমে হৃদয়ং দিবি চন্দ্রমসি শ্রিতং।
বেদাহং তন্মাং তদ্ বিদ্যাৎ পশ্যেম শরদঃ শতং।
জীবেম শরদঃ শতগুঁ, শৃণুয়াম শরদঃ শতং॥ ৩

পূর্ব্ববৎ বসিয়া, দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে (বাক্যে—শুভগর্ভাধানকর্ম্মণঃ সাঙ্গতার্থং ইত্যাদি)। পুরোহিত পঞ্চগব্য প্রস্তুত করিয়া দিলে পতিপুত্রবতী নারী উহা বধূকে পান করাইবে (পূর্ব্ব-মুখে পান করিতে হয়)। অতঃপর স্ত্রীলোকেরা দেশাচার-মত কার্য্য করিবে।

* দক্ষিণে পড়িলে প্রথম গর্ভে পুত্র, বামে পড়িলে কন্যা হয়।

সর্ব্ববেদবিদং) পুত্রং কল্পয়তু (নির্ম্মাতু)। কিম্ভূতঃ ত্বষ্টা ? রুদ্রঃ (শিবস্বরূপঃ)। তথা বৈশ্বানরঃ (অগ্নিঃ) তেজঃ রূপাণি চ দধাতু (তস্মিন্ পুত্রে স্থাপয়তু)। কিম্ভূতঃ বৈশ্বানরঃ ? ত্বষ্টা (সর্ব্বাচ্ছাদকঃ)। ০। অনুবাদ—হে পত্নি, পোষণকারী সূর্য্য তোমার যোনিস্থান পুষ্ট করুন। রুদ্রস্বরূপ বিশ্বকর্ম্মা বেদবিৎ পুত্র নির্ম্মাণ করুন। সর্ব্বাচ্ছাদক অগ্নি তাহাতে তেজ ও রূপ দিন।

(২) ব্যাখ্যা—ইন্দ্রিয়ং (পুংস্প্রজননং শিশ্নং কর্ত্তৃ) যোনিং (স্ত্রীপ্রজননং কর্ম্ম) প্রবিশৎ সৎ রেতঃ (বীর্য্যং বিজহাতি) ত্যজতি ; যোনিপ্রদেশাদন্যত্র মূত্রং বিজহাতি। সমান-দ্বারয়োরপি রেতোমূত্রয়োঃ মূত্রস্থানাদন্যত্র রেতোঽবতিষ্ঠতে। জরায়ুণা (গর্ভবেষ্টনেন) আবৃতঃ গর্ভঃ জন্মনা কৃত্বা উল্বং (জরায়ুং) জহাতি। (ভিন্নস্থানানাম্ একদ্বারাণাম্ আদ্য-মুদাহরণম্ ; একস্থানানাম্ একদ্বারাণাং দ্বিতীয়ম্)। ০। অনুবাদ—পুংজননেন্দ্রিয় স্ত্রীজননেন্দ্রিয়ে প্রবেশ করিয়া বীর্য্য ত্যাগ করে, অন্যত্র মূত্র ত্যাগ করিয়া থাকে। আর জরায়ু দ্বারা আবৃত গর্ভ জন্ম দ্বারা (অর্থাৎ ভ্রূণরূপে পরিণত হইয়া) জরায়ু ত্যাগ করে।

(৩) ব্যাখ্যা—হে সুসীমে (শোভনা সীমা অবয়বসন্ধির্যস্যাঃ তথাভূতে, হে সুন্দরি),

সূতিকাষষ্ঠীপূজা।

সন্তান ভূমিষ্ঠ হইলে ষষ্ঠী রাত্রিতে (৬ দিনের রাত্রে) ষষ্ঠীপূজা করিয়া জাগরণ করিতে হয়। পিতাকেই ষষ্ঠীপূজা করিতে হয়; তৎকালে কেবল তাহারই অশৌচ থাকে না, * অন্য সপিণ্ডের থাকে; সুতরাং স্বয়ং করিতে অসমর্থ হইলে শুচি ব্যক্তি দ্বারা করাইবে।

সায়ংকালে সূতিকাগৃহদ্বারে উত্তরমুখে বসিয়া আচমন, গন্ধাদির অর্চ্চনা ও নারায়ণাদির অর্চ্চনা (১ম খঃ) করিয়া স্বস্তিবাচন করিবে, যথা—কুশীতে আতপতণ্ডুল লইয়া দুই হাতে ধরিয়া, ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ সূতিকাগারদেবতাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি। পরে স্বস্তিসূক্ত ও সাক্ষ্যমন্ত্র (২৬৯ পৃঃ) পাঠ করিয়া সঙ্কল্প করিবে। (জলপূর্ণ কোশা ধরিয়া), (বিষ্ণুরোঁ তৎসৎ) অদ্য অমুকে মাসি (মুখ্য চান্দ্র মাস) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মম অভিনবজাত-কুমারস্য সংরক্ষণকামঃ সূতিকাগারদেবতাপূজনকর্ম্মাহং করিষ্যে (কন্যা

* অন্যবিধ অশৌচেও বাধা হয় না।

তে (তব, হৃদয়ং (মনঃ) যৎ দিবি (আকাশে) চন্দ্রমসি শ্রিতং (সম্বদ্ধং), তৎ অহং বেদ (জানামি)। ইদানীম্ তৎ হৃদয়ং মাং বিদ্যাৎ (পতিত্বেন জানাতু)। অন্যৎ ব্যাখ্যাতম্। [প্রথমতো নারীণাং চন্দ্রঃ স্বামী, যথাহ যমঃ—পূর্ব্বং স্ত্রিয়ঃ সুরৈর্ভুক্তাঃ সোমগন্ধর্ব্ববহ্নিভিরিতি; অতস্তদাশ্রিতং চিত্তমিত্যভিপ্রায়ঃ।•। অনুবাদ—হে সুন্দরি, তোমার মন যে আকাশস্থ চন্দ্রে আসক্ত, তাহা আমি জানি; এক্ষণে ঐ হৃদয় আমাকেই পতি বলিয়া জানুক। আমরা যেন শত বৎসর ধরিয়া দেখিতে পাই, শত বৎসর ধরিয়া বাঁচিয়া থাকি, এবং শত বৎসর ধরিয়া শুনিতে পাই।

হইলে—"কুমারস্য" স্থলে "কুমার্য্যাঃ"; * পরার্থে—"মম" স্থলে "অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" এবং "করিষ্যে" স্থলে "করিষ্যামি" বলিবে)। পরে সঙ্কল্পসূক্ত (১ম ভাগ) পাঠ করিয়া সামান্যার্ঘ্য, জলশুদ্ধি ও আসনশুদ্ধি (১ম খঃ) এবং বিঘ্নাপসারণ (১ম ভাগ) করিয়া সূতিকাগৃহদ্বারে সাতটি মণ্ডল আঁকিয়া তদুপরি সাতটি বটপত্রে মাষভক্তবলি (মাষকলাই, আতপতণ্ডুল, দধি, ঘৃত) সাজাইয়া, তাম্রকুণ্ডের জলে ক্ষেত্রপালাদির পূজা করিয়া প্রত্যেককে ঐ মাষভক্ত বলি নিবেদন করিবে; যথা—এষ গন্ধঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ ধূপঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ দীপঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ। প্রণাম—

ওঁ ক্ষেত্রপাল নমস্তভ্যং সর্ব্বশান্তিফলপ্রদ।
বালস্য বিঘ্ননাশায় মম গৃহ্ন † ত্বিমং বলিং। ১

এষ গন্ধঃ ওঁ ভূতদৈত্যপিশাচাদি-গন্ধর্ব্ব-যক্ষ-রাক্ষসেভ্যো নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ ভূতদৈত্যপিশাচাদ্যা গন্ধর্ব্বা যক্ষরাক্ষসাঃ।
শুভং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং বলিং। ২

এষ গন্ধঃ ওঁ পূর্ব্বাদি-স্বস্থান-বাসিভ্যো নমঃ ইত্যাদি। প্রণাম—

---

* কিন্তু মন্ত্রের মধ্যে কোনও পরিবর্ত্তন হইবে না (অর্থাৎ কন্যা হইলে "বালস্য" ইত্যাদি স্থলে "বালায়াঃ" ইত্যাদি বলিতে হইবে না)।

† গৃহ্ন—গৃহাণ (আর্ষপ্রয়োগঃ)। এবমন্যত্রাপি।

হে সর্ব্বশান্তিরূপফলপ্রদ ক্ষেত্রপাল, তোমাকে নমস্কার। তুমি বালকের বিঘ্ননাশের জন্য এই বলি গ্রহণ কর। ১

ভূত, দৈত্য, পিশাচাদি, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস,—তাঁহারা সকলে মঙ্গল করুন, এবং আমার এই বলি গ্রহণ করুন। ২

ওঁ পূর্ব্বাদি-দিগ্‌বিভাগেষু স্বস্থানপ্রতিবাসিনঃ।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং বলিং॥ ৩

এষ গন্ধঃ ওঁ যোগিনীডাকিনীভ্যো নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ নানারূপধরাঃ সর্ব্বা মাতরো দেবযোনয়ঃ।
বালস্য বিঘ্ননাশায় মম গৃহ্নন্ত্বিমং বলিং॥ ৪

এষ গন্ধঃ ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ আদিত্যাদিগ্রহা যে চ নিত্যং স্বস্থানবাসিনঃ।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং বলিং॥ ৫

এষ গন্ধঃ ওঁ ইন্দ্রাদি-দশদিক্‌পালেভ্যো নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ ইন্দ্রাদ্যা যে চ দিক্‌পালা নিত্যং স্বস্থানবাসিনঃ।
শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্নন্ত্বিমং বলিং॥ ৬

এষ গন্ধঃ (ওঁ) দ্বারপালায় নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ দ্বারপাল নমস্তুভ্যং সর্ব্বোপদ্রব-নাশন॥
বালবিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ন সুরোত্তম।

পূর্ব্বাদি দিকে যে সকল দেবযোনি স্ব স্ব স্থানে বাস করিতেছেন, তাঁহারা সকলে শান্তি করুন, এবং আমার এই বলি গ্রহণ করুন। ৩

নানারূপধারিণী সমস্ত দেবযোনি মাতৃকারা বালকের বিঘ্ননাশের জন্য আমার এই বলি গ্রহণ করুন। ৪

আদিত্যাদি যে সকল গ্রহ সর্ব্বদা স্ব স্ব স্থানে বাস করিতেছেন, তাঁহারা সকলে শান্তি করুন, এবং আমার এই বলি গ্রহণ করুন।৫

ইন্দ্রাদি যে সকল দিক্‌পাল সর্ব্বদা স্ব স্ব স্থানে বাস করিতেছেন, তাঁহারা সকলে শান্তি করুন, এবং আমার এই বলি গ্রহণ করুন। ৬

হে সর্ব্বোপদ্রবনাশক দ্বারপাল, তোমাকে নমস্কার। হে সুরশ্রেষ্ঠ, বালকের বিঘ্ননাশের জন্য পূজা গ্রহণ কর।

এষ গন্ধঃ ওঁ জম্ভায় নমঃ, এতৎ সোপকরণামান্নৈবেদ্যং ওঁ জম্ভায় নমঃ (কুঁচা নৈবেদ্য দিবে)। প্রণাম—

ওঁ জম্ভাসুর মহাবীর সর্ব্বশান্তিফলপ্রদ।
রক্ষস্ব মম বালং ত্বং পূজাং গৃহ্ন যথাসুখং ॥ ৮

তৎপরে গৃহে প্রবেশ করিয়া আসনশুদ্ধি, যং বীজে প্রাণায়াম (১ম খঃ) করন্যাস ও অঙ্গন্যাস (ষাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি—১ম খঃ) করিয়া, বটশাখাসমীপে ঘটস্থাপন (১ম ভাগ) করিবে। ঐ ঘটে প্রথমতঃ গণেশের আবাহন—ওঁ ভূর্ভুবঃস্বঃ গণেশ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি (১ম খঃ) করিয়া, এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ ইত্যাদি বলিয়া পঞ্চোপচারে পূজা করিবে। প্রণাম—

ওঁ সর্ব্ববিঘ্নহর শ্রীমন্নেকদন্ত গজানন।
ষষ্ঠীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা শিশুং দীর্ঘায়ুষং কুরু ॥ ৯

গৌর্য্যাদি ষোড়শমাতৃকার আবাহন—ওঁ গৌর্য্যাদি-ষোড়শমাতরঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত ইত্যাদি (১ম খঃ)। পূজা—এষ গন্ধঃ ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ ইত্যাদি। এইরূপ পদ্মায়ৈ মাত্রে, শচ্যৈ মাত্রে, মেধায়ৈ মাত্রে, সাবিত্র্যৈ মাত্রে, বিজয়ায়ৈ মাত্রে, জয়ায়ৈ মাত্রে, দেবসেনায়ৈ মাত্রে, স্বধায়ৈ মাত্রে, স্বাহায়ৈ মাত্রে, শান্ত্যৈ মাত্রে, পুষ্ট্যৈ মাত্রে, ধৃত্যৈ মাত্রে, তুষ্ট্যৈ মাত্রে, আত্মদেবতায়ৈ মাত্রে, কুলদেবতায়ৈ মাত্রে। প্রণাম—ওঁ গৌর্য্যাদি-ষোড়শমাতৃকাভ্যো নমঃ। এষ গন্ধঃ ওঁ সূর্য্যায় নমঃ ইত্যাদি। এইরূপ ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ শিবায় নমঃ

হে সর্ব্বশান্তিরূপফলপ্রদ মহাবীর জম্ভাসুর, তুমি আমার বালককে রক্ষা এবং স্বচ্ছন্দ মনে আমার পূজা গ্রহণ কর। ৮

হে সর্ব্ববিঘ্নহর শ্রীমন্ একদন্ত গজানন, তুমি ষষ্ঠীগৃহে পূজিত হইয়া প্রীতিবশতঃ শিশুকে দীর্ঘায়ু কর। ৯

ও দুর্গায়ৈ নমঃ, ওঁ আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদি-দশ-দিক্‌পালেভ্যো নমঃ, ওঁ সর্ব্বদেবতাভ্যো নমঃ। কূর্ম্মমুদ্রায় (১ম খঃ) পুষ্প লইয়া ষষ্ঠীর ধ্যান করিবে—

ওঁ দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাং।
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাং॥
পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাং।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠী-মম্বুজস্থাং বিচিন্তয়েৎ॥

ঐ পুষ্প ঘটের উপর দিয়া আবাহন করিবে—ওঁ ষষ্ঠীদেবি ইহাগচ্ছ ইত্যাদি। কৃতাঞ্জলি হইয়া বলিবে—

ওঁ আয়াহি বরদে দেবি মহাষষ্ঠীতি বিশ্রুতে।
শক্তিরূপেণ মে পুত্রং রক্ষ জাগরবাসরে॥ ১০

পুনর্ব্বার ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবে; যথা—ইদং রজতাসনং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ, কৃতাঞ্জলি হইয়া ওঁ ষষ্ঠীদেবি স্বাগতং তে—ইহ সুস্বাগতং, এতৎ পাদ্যং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ; এইরূপ ইদমর্ঘ্যং (যজুর্ব্বেদী—এষোঽর্ঘঃ), ইদমাচমনীয়ং, এষ মধুপর্কঃ, ইদং স্নানীয়জলং, (ইদমাচমনীয়ং), এতৎ বস্ত্রং, (ইদমাচমনীয়ং), ইদং রজতাভরণং, এষ গন্ধঃ, এতৎ পুষ্পং, এষ ধূপঃ, এষ দীপঃ, এতৎ নেত্রাঞ্জনং, এতৎ সোপকরণামান্ননৈবেদ্যং (ইদমাচমনীয়ং, এতৎ পানার্থোদকং, ইদং তাম্বূলং)। পুষ্পাঞ্জলি লইয়া—

ওঁ গৌর্য্যাঃ পুত্রো যথা স্কন্দঃ শিশুঃ সংরক্ষিতস্ত্বয়া।
তথা মমাপ্যয়ং বালো রক্ষ্যতাং ষষ্ঠি তে নমঃ॥ ১১

হে বরদে দেবি, তুমি এস; তুমি মহাষষ্ঠী নামে বিখ্যাত। এই জাগরণ-দিনে তুমি শক্তিরূপে আমার পুত্রকে রক্ষা কর। ১০

এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ। উক্ত মন্ত্রে আরও দুইবার পুষ্পাঞ্জলি দিয়া, প্রণাম করিবে—

ওঁ জয় দেবি জগন্মাত-র্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠি দেবিকে॥ ১২
ওঁ ধাত্রী ত্বং কার্ত্তিকেয়স্য মহাষষ্ঠীতি বিশ্রুতা।
দীর্ঘায়ুষ্ট্বঞ্চ নৈরুজ্যং কুরুষ মম বালকে॥ ১৩
ওঁ জননী সর্ব্বভূতানাং সর্ব্ববিঘ্নক্ষয়ঙ্করী।
নারায়ণস্বরূপেণ মৎপুত্রং রক্ষ সর্ব্বতঃ॥ ১৪
ওঁ ভূতদৈত্যপিশাচেভ্যো ডাকিনীভ্যোঽপি সঙ্কটাৎ।
সুতং মেঽদ্য শুভং দত্ত্বা রক্ষ দেবি নমোঽস্তু তে॥ ১৫
ওঁ আয়ুর্দ্দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে।
পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ ১৬

এষ গন্ধঃ ওঁ মন্থানদণ্ডায় নমঃ * ইত্যাদি। প্রণাম—

ওঁ মন্থান মন্দরোঽসি ত্বং মথিতঃ সাগরস্ত্বয়া।
তথা মমাপি পুত্রস্য মথ † বিঘ্নং নমোঽস্তু তে॥ ১৭

---

* মন্থান—মন্থ (ভ্বাদি পরস্মৈপদী) শীলার্থে শান।
† মথ—মথ (ভ্বাদি পরস্মৈপদী) লোট্ হি।

তুমি যেমন গৌরীর পুত্র শিশু কার্ত্তিকেয়কে রক্ষা করিয়াছিলে, সেইরূপ আমার এই পুত্রকে রক্ষা কর; হে ষষ্ঠি, তোমাকে প্রণাম করি। ১২

তুমি কার্ত্তিকেয়ের ধাত্রী; মহাষষ্ঠী নামে বিখ্যাত। তুমি আমার বালককে দীর্ঘায়ু ও নীরোগ কর। ১৩

তুমি সর্ব্বপ্রাণীর জননী ও সর্ব্ববিঘ্নবিনাশ-কারিণী; তুমি নারায়ণ রূপে আমার পুত্রকে সকল অনিষ্ট হইতে রক্ষা কর। ১৪

হে দেবি, আমার পুত্রকে আজ কল্যাণ প্রদান করিয়া ভূত, দৈত্য, পিশাচ, ডাকিনীগণ ও অন্য সঙ্কট হইতে রক্ষা কর; তোমাকে প্রণাম করি। ১৫

হে মন্থনদণ্ড, তুমিই মন্দর-পর্ব্বত; তুমিই সাগরকে মন্থন করিয়াছিলে। সেইরূপ আমার পুত্রেরও বিঘ্ন নষ্ট কর, তোমাকে নমস্কার। ১৭

এষ গন্ধঃ ওঁ কার্ত্তিকেয়ায় নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন।

কুমার রক্ষ মে পুত্রং খড়্গহস্ত নমোঽস্তু তে। ১৮

ষট্কৃত্তিকার প্রত্যেকের নামে অথবা একত্র পূজা করিবে। প্রত্যেকের নামে পূজায়—এষ গন্ধঃ ওঁ শিবায়ৈ নমঃ ইত্যাদি; এইরূপ সম্ভূত্যৈ, কীর্ত্ত্যৈ, সন্নত্যৈ, অনসূয়ায়ৈ, ক্ষমায়ৈ। একত্র পূজায়—ওঁ ষট্কৃত্তিকাভ্যো নমঃ। এষ গন্ধঃ (ওঁ) জন্মদায়ৈ নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ যা জন্মদেতি বিখ্যাতা শুভদা ভুবি পূজিতা।

করোতু সর্ব্বদা রক্ষাং বালস্য সূতিকাগৃহে। ১৯

এষ গন্ধঃ ওঁ যোগিনীভ্যো নমঃ ইত্যাদি। এইরূপ ওঁ ডাকিনীভ্যো নমঃ। ওঁ রাক্ষসীভ্যো নমঃ। গৃহভিত্তিতে গোময়-পুত্তলী করিয়া তাহাতে জাতহারিণীর আবাহন পূর্ব্বক পূজা করিবে; আবাহন—ওঁ জাতহারিণি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি। পূজা—এষ গন্ধঃ ওঁ জাতহারিণ্যৈ নমঃ ইত্যাদি। তৎপরে (ঘটে) ওঁ ঘোরায়ৈ নমঃ। ওঁ পিশিতাশনায়ৈ নমঃ। ওঁ বসুদেবায় নমঃ। ওঁ দেবক্যৈ নমঃ। ওঁ নন্দায় নমঃ। ওঁ ত্রিলোচনায়ৈ নমঃ। ওঁ যশোদায়ৈ নমঃ। এষ গন্ধঃ ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ ইত্যাদি। প্রণাম—

ওঁ মার্কণ্ডেয় মহাভাগ প্রার্থয়েঽহং কৃতাঞ্জলিঃ।

চিরজীবী যথা ত্বং ভো-স্তথা ভবতু মে সুতঃ। ২০

হে গৌরীর হৃদয়ানন্দদায়ক মহাভাগ কার্ত্তিকেয়, হে খড়্গহস্ত কুমার, আমার পুত্রকে রক্ষা কর; তোমাকে প্রণাম করি। ১৮

যিনি জন্মদা নামে বিখ্যাত, যিনি শুভদায়িনী ও পৃথিবীতে পূজিতা, তিনি সূতিকাগৃহে সর্ব্বদা বালকের রক্ষা করুন। ১৯

হে মহাত্মন্ মার্কণ্ডেয়, আমি কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিতেছি—আপনি যেরূপ চিরজীবী, আমার পুত্রও সেইরূপ হউক। ২০

এষ গন্ধঃ ওঁ অশ্বত্থাম্নে নমঃ ইত্যাদি। এইরূপ বলয়ে, ব্যাসায়, হনুমতে, বিভীষণায়, কৃপায়, পরশুরামায়। প্রণাম—

ওঁ অশ্বত্থামা বলির্ব্যাসো হনূমাংশ্চ বিভীষণঃ।

কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে পান্তু মে সুতং॥ ২১

ব্যজনে (পাখায়) বস্ত্র পাতিয়া তদুপরি শিশুকে শোয়াইয়া, ষষ্ঠীর চরণে সমর্পণ করিয়া বলিবে—

ওঁ জননী সর্ব্বভূতানাং লোকানাং হিতকারিণী।

ব্যজনস্থং রক্ষ পুত্রং তব পাদে সমর্পিতং॥ ২২

শিশুর সর্ব্বাঙ্গ-উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রগুলি পাঠ করিবে—

ওঁ মাথুরং মঙ্গলং যচ্চ বিষ্ণোরতুলতেজসঃ।

হরস্য মঙ্গলং যচ্চ সর্ব্বং ভবতু মে সুতে॥ ২৩

ওঁ রক্ষাং করোতু ভগবান্ বহুরূপী জনার্দ্দনঃ।

বরাহরূপধৃগ্দেবঃ শিশুং রক্ষতু কেশবঃ॥ ২৪

ওঁ নখাগ্রৈর্যো বিদলিত-বৈরিবক্ষঃস্থলো হরিঃ।

নৃসিংহরূপী সর্ব্বত্র স ত্বাং রক্ষতু কেশবঃ॥ ২৫

ওঁ শিরস্তে পাতু গোবিন্দো গণ্ডং রক্ষতু কেশবঃ।

অশ্বত্থামা, বলি, ব্যাস, হনুমান্, বিভীষণ, কৃপ ও পরশুরাম—এই সাতজন আমার পুত্রকে রক্ষা করুন। ২১

তুমি সর্ব্বপ্রাণীর জননী, সর্ব্বলোকের হিতকারিণী, তোমার চরণে সমর্পিত এই ব্যজনস্থিত পুত্রকে তুমি রক্ষা কর। ২২

অতুলতেজঃসম্পন্ন বিষ্ণুর মথুরায় (জন্মকালে) যে মঙ্গলাচরণ হইয়াছিল এবং মহাদেবের (বিষপানেও মরণাভাবরূপ) যে মঙ্গল হইয়াছিল, সেই সমস্ত মঙ্গল আমার পুত্রের হউক। ২৩

বহুরূপধারী ভগবান্ জনার্দ্দন শিশুকে রক্ষা করুন। বরাহরূপধারী সেই দেব কেশব শিশুকে রক্ষা করুন। ২৪

যে হরি নখাগ্র দ্বারা শত্রুর (হিরণ্যকশিপুর) বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছিলেন, (হে পুত্র) সেই নৃসিংহরূপী কেশব সর্ব্বত্র তোমাকে রক্ষা করুন। ২৫

গুহ্যং সজঠরং পাতু জঙ্ঘাঞ্চৈব জনার্দ্দনঃ।
স্কন্ধং বাহুং প্রবাহুঞ্চ * মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ॥ ২৬

আচারতঃ দুই কাণে (পুত্রের অগ্রে দক্ষিণ কর্ণে, এবং কন্যার অগ্রে বাম কর্ণে) খড়িকা স্পর্শ করাইয়া, একখানি নূতন বস্ত্রে কুঙ্কুম বা হরিদ্রা দ্বারা হরির দ্বাদশ নাম লিখিয়া, ঐ বস্ত্র শিশুর মস্তকে দিবে। দ্বাদশ নাম যথা—কেশবঃ অচ্যুতঃ পদ্মনাভঃ গোবিন্দঃ ত্রিবিক্রমঃ হৃষীকেশঃ পুণ্ডরীকাক্ষঃ বাসুদেবঃ নারায়ণঃ নরসিংহঃ হয়গ্রীবঃ বামনঃ।

এতে গন্ধপুষ্পে (ওঁ) ব্রাহ্মণেভ্যো নমঃ।

দক্ষিণা—এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ, এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ...এতৎসম্প্রদানায় ওঁ ব্রাহ্মণায় নমঃ। কোশার জলে ত্রিপত্র সহ হরীতকী ধরিয়া—বিষ্ণুরোঁতৎসৎ অদ্য...সংরক্ষণকামনয়া কৃতৈতৎসূতিকাগারদেবতাপূজনকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় সম্প্রদদে (পরার্থে "সম্প্রদদে" স্থলে "দদানি")। পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিয়া (১ম খঃ), ওঁ আবাহিত-দেবতাঃ ক্ষমধ্বং—বলিয়া ঘটে ও গোময়-পুত্তলীতে জলপ্রোক্ষণপূর্ব্বক বিসর্জ্জন করিবে।

সূতিকাগৃহে অগ্নি, জল, ছাগপশু, যূপ (ছাগপশু বাঁধিবার খোঁটা), প্রদীপ, খড়্গ, মুষল, বিভূতি (পবিত্র ভস্ম) ও শ্বেতসর্ষপ রাখিলে কোনও অনিষ্ট হয় না। আচারতঃ দোয়াত ও কলমও রাখিতে হয়; ঐ দিন শুচিব্যক্তি দ্বারা ঘৃতপায়স প্রস্তুত করাইয়া ব্রাহ্মণদিগকে দিলে বালকের

---

* "প্রবাহুঃ কূর্পরাদধঃ"—ইতি কোষঃ।

গোবিন্দ তোমার মস্তক রক্ষা করুন, কেশব তোমার গণ্ডস্থল রক্ষা করুন; জনার্দ্দন তোমার উদরের সহিত গুহ্যদেশ এবং জঙ্ঘা, স্কন্ধ, বাহু, হস্ত, মন ও ইন্দ্রিয় সকল রক্ষা করুন। ২৬

মঙ্গল হইয়া থাকে। প্রতিনিধি ব্রাহ্মণ দ্বারা পূজা করাইলে তাঁহাকে ধুতি-চাদর দিতে হয়; সূতিকাগৃহে প্রবেশ করার জন্য স্নান করিয়া তিনি ঐ বস্ত্র পরিধান করেন।

জন্মতিথি-কৃত্য।

জন্মতিথিতে ক্ষৌরকর্ম্ম (নখ চুল কাটা), স্ত্রীসহবাস, দূরে গমন, আমিষ ভোজন, কলহ, হিংসা, ও উষ্ণ জলে স্নান নিষিদ্ধ। তিল বাটা মাখা, তিলমিশ্র জলে স্নান, তিলমিশ্র ঘৃত দ্বারা হোম, ব্রাহ্মণকে তিল দান, তিল ভোজন, কায়তীর্থে (১ম খঃ) তিল বপন (বোনা), এই ষট্‌তিল আচরণ করিলে সুখী হয়। জীবিত মৎস্য জলে ছাড়িয়া দিলে, এবং ব্রাহ্মণকে মৎস্য দান করিলে দীর্ঘায়ু হয়। স্নানান্তে নূতন বস্ত্র পরিধান করিয়া, দক্ষিণ হস্তে জন্মগ্রন্থি (অর্থাৎ বয়োবর্ষসংখ্যানুসারে গ্রন্থিযুক্ত গুগ্‌গুল, শ্বেতসর্ষপ, বিল্বপত্র, দূর্ব্বা ও গোরোচনান্বিত সূত্র) বন্ধন করিয়া, (কর্ত্তব্যেঽস্মিন্ জন্মতিথি-নিমিত্তক-গুর্ব্বাদিপূজনকর্ম্মণি ইত্যাদি) স্বস্তি-বাচনপূর্ব্বক সঙ্কল্প করিবে—বিষ্ণুরোঁ-তৎসৎ অদ্য (মুখ্যচান্দ্র)...অমুক-গোত্রঃ শ্রীঅমুকঃ অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য দীর্ঘায়ুষ্ট্বকামঃ জন্মতিথি-নিমিত্তক-গুর্ব্বাদি-পূজন-মহং করিষ্যামি (স্বার্থে—করিষ্যে)।

তৎপরে সামান্যার্ঘ্য হইতে গণেশাদি পঞ্চদেবতার পূজা পর্য্যন্ত করিয়া (১ম খঃ) এতৎ পাদ্যং ওঁ গুরুভ্যো নমঃ ইত্যাদি বলিয়া দশোপচারে গুরুর পূজা করিবে। এইরূপ ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ অগ্নিভ্যো নমঃ, ওঁ বিপ্রেভ্যো নমঃ, ওঁ অমুকনক্ষত্রায় (জন্মনক্ষত্র) নমঃ (নক্ষত্র জানা না থাকিলে—ওঁ জন্মনক্ষত্রায় নমঃ), ওঁ পিতৃভ্যাং নমঃ (মাতাপিতার উদ্দেশ্যে), ওঁ প্রজাপতয়ে নমঃ, ওঁ সূর্য্যায় নমঃ, ওঁ গণেশায় নমঃ। ওঁ

মার্কণ্ডেয়ায় নমঃ মন্ত্রে পূজা ও প্রার্থনা (১ম খঃ) করিবে। তৎপরে ওঁ ব্যাসায় নমঃ, পরশুরামায় নমঃ, ওঁ অশ্বত্থাম্নে নমঃ, ওঁ কৃপায় নমঃ, ওঁ অমুকতিথয়ে নমঃ (অজ্ঞাত হইলে—ওঁ জন্মতিথয়ে নমঃ) বলিয়া প্রত্যেককে পূজা করিবে। পরে ষষ্ঠীর (১ম খঃ) পূজা করিয়া, * আয়ুর্দেহি ইত্যাদি মন্ত্রে প্রার্থনা ও প্রণাম করিবে। তৎপরে রক্ষামন্ত্র পাঠ করিবে—

ওঁ ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে ॥ ১

সমর্থ হইলে তিলহোম করিবে। যথা—বহ্নিস্থাপন (১ম ভাগ) করিয়া প্রকৃত হোমের সঙ্কল্প করিবে (বিষ্ণুরোঁতৎসৎ অদ্য…জন্মতিথি-কৃত্যাঙ্গভূতং তিলহোমকর্ম্মাহং করিষ্যামি; স্বার্থে—করিষ্যে)। তৎপরে পূজিত দেবতাদিগের প্রত্যেকের নামে অন্ততঃ আটবার হোম করিবে; যথা—ওঁ গুরুভ্যঃ স্বাহা ইত্যাদি। তৎপরে তিল দক্ষিণা দিবে (…দীর্ঘায়ুষ্ট্বকামনয়া কৃতৈতদ্‌গুর্ব্বাদিপূজনকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণা-মেতান্ তিলান্ শ্রীবিষ্ণুদেবতাকানহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি (স্বার্থে—সম্প্রদদে)। জন্মতিথিতে যদি শনি বা মঙ্গলবারের যোগ থাকে, তাহা হইলে মুক্তা উৎসর্গ করিবে—…জন্মতিথৌ অমুকবারযোগ-সূচিতদোষোপশমনকামঃ ইমাং মুক্তাং (অথবা—ইদং মুক্তামূল্যং) ইত্যাদি; জন্মতিথিতে জন্মনক্ষত্রের যোগ না ঘটিলে কাঞ্চন উৎসর্গ করিবে—… জন্মতিথৌ জন্মনক্ষত্রাযোগসূচিতদোষোপশমনকামঃ ইদং কাঞ্চনং ইত্যাদি (মুক্তা ও কাঞ্চন দানের স্বতন্ত্র দক্ষিণাও দিতে হয়)।

---

* ষষ্ঠীর নৈবেদ্য—দধ্যন্নও দিবে।

ত্রিভুবনে স্থাবর ও জঙ্গম যে কোনও পদার্থ আছে, তাহারা ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের সহিত আমার রক্ষা করুক। ১

ভোজনকালে প্রথমে গুড়দুগ্ধমিশ্রিত তিল অর্দ্ধাঞ্জলি (এক চিরা) লইয়া পান করিবে ; তাহার মন্ত্র—

(ওঁ) সতিলং গুড়সংমিশ্র-মঞ্জল্যর্দ্ধমিতং পয়ঃ।
মার্কণ্ডেয়বরং লব্ধা পিবাম্যায়ুষ্যহেতবে ॥২

বিদ্যারম্ভ।

পঞ্চবর্ষ বালককে (৪ বৎসর ৪ মাস গত হইলে) বিদ্যারম্ভ করাইবে। গুরু (ব্রাহ্মণ) পূর্ব্বমুখে বসিয়া স্বস্তিবাচন করিবেন—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভবিদ্যারম্ভকর্ম্মণি ইত্যাদি। তৎপরে সঙ্কল্প—বিষ্ণুরোঁ-তৎসৎ অদ্য…অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য বিদ্যালাভকামঃ বিষ্ণ্বাদিপূজনমহং করিষ্যামি। তৎপরে সামান্যার্ঘ্য হইতে গণেশাদি পঞ্চদেবতার পূজা পর্য্যন্ত করিয়া (১ম খঃ) বিষ্ণুর ধ্যানপূর্ব্বক দশোপচারে পূজা করিবেন। প্রত্যেক উপচার মূলমন্ত্রে নিবেদন করিতে হয়, যথা—এতৎ পাদ্যং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা ওঁ বিষ্ণবে নমঃ ইত্যাদি। তৎপরে বিষ্ণুকে প্রণাম করিয়া, লক্ষ্মী ও সরস্বতীকে দশোপচারে পূজা করিবেন, এবং "ওঁ সরস্বত্যৈ নমো নিত্যং ইত্যাদি (১ম খঃ) স্বাহা" একটি মন্ত্রই ৩ বার বলিয়া ৩বার পুষ্পাঞ্জলি দিবেন। তার পর ওঁ রুদ্রায় নমঃ, ওঁ সূত্রকারেভ্যো নমঃ, ওঁ স্ববিদ্যায়ৈ নমঃ, ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ বলিয়া প্রত্যেককে পঞ্চোপচারে পূজা করিয়া, বালককে নূতন বস্ত্র পরাইয়া, আচমন করাইয়া সরস্বতীকে (সরস্বত্যৈ নমো নিত্যং ইত্যাদি মন্ত্রে)

মার্কণ্ডেয়ের বর পাইয়া দীর্ঘায়ু লাভের জন্য তিলসহিত গুড়মিশ্রিত অর্দ্ধাঞ্জলিপরিমিত দুগ্ধ পান করি। ২

ওবার পুষ্পাঞ্জলি দেওয়াইয়া, প্রণাম করাইবেন। তৎপরে গুরু পূর্ব্বমুখে বসিয়া, বালককে পশ্চিমমুখে বসাইয়া, "ওঁ তৎসৎ" উচ্চারণ করিয়া কঠিনী (খড়ি) দ্বারা স্বরবর্ণ (অ হইতে অং অঃ পর্য্যন্ত) ও ব্যঞ্জনবর্ণ (ক হইতে ক্ষ পর্য্যন্ত) লেখাইবেন ও পড়াইবেন। তার পর গুরুকে প্রণাম (১ম খঃ) করাইয়া, দক্ষিণান্ত করিবেন—···বিদ্যালাভকামনয়া কৃতৈতদ্‌বিষ্ণ্বাদিপূজনকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং···। বিদ্যারম্ভদিনে বালককে নিরামিষ খাইতে হয়।

পঞ্চম

শ্রাদ্ধতত্ত্ব।

"সংস্কৃতব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতম্। শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে।" শ্রদ্ধা অর্থাৎ শাস্ত্রবাক্যে দৃঢ় বিশ্বাস বশতঃ সুপক্ব ব্যঞ্জন ও দধি-দুগ্ধ-ঘৃত-যুক্ত যে অন্ন পিতৃলোককে দান করা যায়, তাহাকে শ্রাদ্ধ বলে; এবং ঐ কর্ম্মকেও শ্রাদ্ধ কহে। শাস্ত্র বলেন—মৃত্যুর পরক্ষণেই পাঞ্চভৌতিক মানবদেহের ক্ষিতি ও অপ্ অধঃপতিত থাকে, এবং তেজঃ, মরুৎ ও ব্যোম উর্দ্ধগত হয়। ঐ উর্দ্ধগত তেজঃ প্রভৃতি দ্বারা একটি দেহ উৎপন্ন হইয়া থাকে, তাহাকে আতিবাহিক দেহ বলে। জীবাত্মা ঐ দেহ আশ্রয় করে। প্রেতপিণ্ড প্রদান করিলে ঐ আতিবাহিক দেহ প্রেতদেহে পরিণত হয় (অন্যথা ঐ আতিবাহিক দেহেই চিরকাল থাকিতে হয় এবং তাহাতে নানা ক্লেশ ভোগ করিতে হয়)। সপিণ্ডীকরণ করিলে অন্য একটি দেহ উৎপন্ন হইয়া থাকে, তাহাকে ভোগদেহ

করে। সেই ভোগদেহে স্ব স্ব কর্ম্মানুসারে স্বর্গ বা নরক ভোগ করিতে হয়। •। মনুষ্যলোকের ১ মাসে প্রেতলোকের ১ দিন, এবং মনুষ্যলোকের ১ বৎসরে দেবলোকের ১ দিন। এইজন্য সপিণ্ডীকরণের পূর্ব্বে মাসিক (অর্থাৎ মাসে মাসে) শ্রাদ্ধ করিতে হয়, এবং সপিণ্ডীকরণের পরে বাৎসরিক (অর্থাৎ বৎসরান্তে) শ্রাদ্ধ করিতে হয়। প্রেতের উদ্দেশে তিলকাঞ্চন উৎসর্গ, ষোড়শদান, বৃষোৎসর্গ প্রভৃতি করিলে তাঁহার স্বর্গতিই হইয়া থাকে; সেইজন্য সপিণ্ডীকরণের পর সকলেরই বাৎসরিক শ্রাদ্ধ করিবার বিধি আছে। তবে যদি তাঁহার পাপের গুরুত্ব হেতু ঐ সকল কার্য্য দ্বারাও স্বর্গতি না হইয়া নরকবাস, অথবা অন্য কোনও যোনিতে জন্ম হয়, তথাপি শ্রাদ্ধের তৃপ্তিরূপ ফল স্বয়ং অনুসন্ধান করিয়া তাঁহাকেই প্রাপ্ত হইয়া থাকে। কাশ্যাদিমরণজন্য মুক্তি হইলে তাঁহাকে প্রাপ্ত না হইয়া শ্রাদ্ধকর্ত্তাকেই প্রাপ্ত হয়। বিষ্ণুপুরাণে আছে—"শ্রদ্ধাসমন্বিতৈর্দ্দত্তং পিতৃণাং নামগোত্রতঃ। যদাহারাস্তু তে জাতা-স্তদাহারত্বমেতি তৎ॥" পিতৃলোকের শ্রাদ্ধ-তর্পণে যাহা দান করা যায়, তাহা তাঁহাদের আহার্য্যরূপে পরিণত হইয়া থাকে (অর্থাৎ মন্ত্রশক্তি দ্বারা শ্রাদ্ধীয় দ্রব্যের পরমাণু তদীয় ভোগদ্রব্যের পরমাণুর সহিত মিশ্রিত হইয়া তাঁহাদের তৃপ্তি সাধন করে)। মৎস্যপুরাণে আছে—"দেবো যদি পিতা জাতঃ শুভকর্ম্মানুযোগতঃ। তস্যান্নমমৃতং ভূত্বা দেবত্বে-২প্যনুগচ্ছতি॥" ইত্যাদি (অর্থাৎ পিতা দেবত্ব লাভ করিলে শ্রাদ্ধান্ন অমৃতরূপে পরিণত হয়; এইরূপ পশুত্বে তৃণ, সর্পত্বে বায়ু, প্রেতত্বে রুধির, মনুষ্যত্বে অন্নপানাদি ইত্যাদি হইয়া থাকে)। মৎস্যপুরাণে আছে—"রতিশক্তিঃ স্ত্রিয়ঃ কান্তা ভোজ্যং ভোজনশক্তিতা। শ্রাদ্ধপুষ্পমিদং প্রোক্তং ফলং ব্রহ্মসমাগম্॥"—রতিশক্তি ও সুন্দরী স্ত্রী, ভোজনের দ্রব্য ও ভোজনের শক্তি, এইগুলি শ্রাদ্ধরূপ বৃক্ষের পুষ্প এবং ব্রহ্মসাক্ষাৎকার

তাহার ফল অর্থাৎ পিতা মাতা প্রভৃতির শ্রাদ্ধ করিলে তাঁহাদের আশীর্ব্বাদে ঐ সকল পাওয়া যায়।০। পিতৃলোকের নিকট কৃতজ্ঞতা প্রকাশার্থ শ্রাদ্ধকার্য্য পুত্রাদির (পুত্র, পৌত্র ও প্রপৌত্রের) অবশ্যকর্ত্তব্য নিত্যকর্ম্ম; সুতরাং না করিলে প্রত্যবায় ঘটে।০। ভবিষ্যপুরাণে ও প্রভাসখণ্ডে শিবের উক্তিতে আছে যে, পিতা ও মাতার বাৎসরিক শ্রাদ্ধ না করিলে আমি ও হরি তাহার পূজা গ্রহণ করি না, এবং তাহাকে চণ্ডাল যোনিতে জন্মগ্রহণ করিতে হয়। পীড়াদি কারণে স্বয়ং অশক্ত হইলে পুত্রাদি স্বগোত্র দ্বারা শ্রাদ্ধ করাইবে।০। গয়ায় পিণ্ডদান করিলে আর শ্রাদ্ধ করিতে হয় না বলিয়াই অনেকের কুসংস্কার আছে; বস্তুতঃ শ্রাদ্ধ যখন নিত্যকর্ম্ম, তখন যাবজ্জীবনই উহা কর্ত্তব্য।০। একের উদ্দেশে যে শ্রাদ্ধ করা যায়, তাহাকে একোদ্দিষ্ট শ্রাদ্ধ বলে। প্রেত-শ্রাদ্ধের নামই একোদ্দিষ্ট শ্রাদ্ধ; তদনুসারেই বাৎসরিক শ্রাদ্ধ করিবার বিধি থাকায় তাহাকে একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধ কহে। অমাবস্যায় অথবা প্রেতপক্ষের যে কোনও দিনে মৃত্যু হইলে সপিণ্ডীকরণের পর তদুদ্দেশে পার্ব্বণবিধিক শ্রাদ্ধ (অর্থাৎ পার্ব্বণশ্রাদ্ধানুসারে তিন পুরুষের শ্রাদ্ধ) করিতে হয়। উহাতে দেবপক্ষীয় দুইজনের (অর্থাৎ দুইজন পিতৃদেবের) শ্রাদ্ধও করিতে হয় বলিয়া উহাকে "পঞ্চপাত্রের শ্রাদ্ধ"ও বলে। ঔরস ও গর্ভজাত পুত্র ভিন্ন আর কাহারও পঞ্চপাত্রের শ্রাদ্ধ করিবার অধিকার নাই; একোদ্দিষ্ট শ্রাদ্ধই করিবে।০। আদ্যশ্রাদ্ধ হইতে সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেতকার্য্যে কেবল জ্যেষ্ঠ পুত্রেরই (তদভাবে তদনুক্রমে একজন পুত্রেরই) অধিকার; কিন্তু বাৎসরিক শ্রাদ্ধ পুত্রকন্যাদি সকলেই পৃথক্ পৃথক্ করিতে পারে। পুত্র পৌত্র ও প্রপৌত্রের অভাবে স্ত্রীও শ্রাদ্ধ করিতে পারেন; কিন্তু সপিণ্ডীকরণ ভিন্ন তাঁহার পার্ব্বণশ্রাদ্ধে অধিকার নাই। শ্রাদ্ধের পূর্ব্বে ঋতুমতী হইলে পঞ্চম

দিনে শ্রাদ্ধকার্য্য করিবেন। ০। ব্রাহ্মণ ও ব্রাহ্মণী অন্ন (ভাত) দ্বারা শ্রাদ্ধ করিবেন ; ক্ষত্রিয় প্রভৃতি সকলের পক্ষে আমান্নই (তণ্ডুল) বিহিত। ০। অনুজ্ঞা হইতে অন্নদান পর্য্যন্তই প্রকৃত শ্রাদ্ধ। তৎপূর্ব্বে বাস্তু, যজ্ঞেশ্বর, (আচারতঃ গঙ্গা) ও ভূস্বামিপিতৃগণের পূজা, এবং তৎপরে পিণ্ডদান করিবারও বিধি আছে। শ্রাদ্ধ করিয়া দান করিতে নাই বলিয়া সর্ব্বাগ্রে (বাস্তুপূজার পূর্ব্বে) ভোজ্যোৎসর্গ করিতে হয়। অগ্রে ভোজ্যোৎসর্গ করিলে শ্রাদ্ধের পর ভিক্ষাদি দান করায় দোষ হয় না। ভোজ্যোৎসর্গে সকলেই আমান্ন দিয়া থাকেন। ব্রাহ্মণ ও ব্রাহ্মণীকে বাস্তু প্রভৃতির পূজাতে অন্নও দিতে হয়। অন্ন দিলে, আমান্ন না দিলেও চলে (তথাপি অনেকেই দিয়া থাকেন)। ০। শালগ্রামশিলাসমীপে শ্রাদ্ধ করিলে ফলাধিক্য হয়। ০। উপকরণ প্রভৃতি ভোজ্যাদির উপরেও দেওয়া চলে, এবং স্বতন্ত্র পাত্রেও দিতে পারা যায় ; কিন্তু স্বতন্ত্র পাত্রে দিলে ঐ পাত্র ভোজ্যের উপর না রাখিয়া ভোজ্যের পার্শ্বে তৎসংলগ্ন করিয়া রাখিতে হয়। ০। শ্রাদ্ধে ভোজ্যোৎসর্গাদির বাক্যে—মুখ্য চান্দ্রমাসেরই উল্লেখ করিতে হয়। ০। অশৌচাদি কারণে শ্রাদ্ধ পতিত হইলে অশৌচান্ত-দ্বিতীয়দিনে, অথবা কৃষ্ণা একাদশীতে বা অমাবস্যায় করিতে হয় (পঞ্চ-পাত্রের শ্রাদ্ধ পতিত হইলে উক্ত যে কোনও দিনে পার্ব্বণবিধানেই করিতে হয় এবং একোদ্দিষ্ট শ্রাদ্ধ পতিত হইলে অমাবস্যাতেও একোদ্দিষ্ট বিধানেই করিতে হয়। যদি সংবৎসরমধ্যে পতিত শ্রাদ্ধ করা না হইয়া থাকে, এবং পুনর্ব্বার মৃতাহ উপস্থিত হয়, তাহা হইলে ঐ মৃতাহে প্রকৃত শ্রাদ্ধ করিয়া, তৎপরে কৃষ্ণৈকাদশী বা অমাবস্যায় পতিত শ্রাদ্ধ করিবে (তাহাতে পৌর্ব্বাপর্য্য নিয়ম নাই)। বহু শ্রাদ্ধ পতিত হইলে নিত্য-কর্ম্মবাধজন্য উপবাসরূপ প্রায়শ্চিত্ত (অসমর্থপক্ষে ৮ পণ কড়ি উৎসর্গ) করিবে। মৃততিথি জানা না থাকিলে মৃতমাসের কৃষ্ণৈকাদশী বা অমাবস্যাতে-

শ্রাদ্ধ করিবে, এবং মৃতমাস জানা থাকিলে আষাঢ়, ভাদ্র, অগ্রহায়ণ বা মাঘমাসে মৃততিথিতে, তদজ্ঞানে কৃষ্ণৈকাদশী বা অমাবস্যাতে করিবে। ০। যাঁহার মলমাসে মৃত্যু হইয়াছে, তাঁহার বাৎসরিক শ্রাদ্ধ, যে বৎসরে মলমাস পড়িবে, সে বৎসরে, মলমাসেই করিতে হয়। ০। শ্রাদ্ধকাল—দিনমানকে ১৫ ভাগ করিলে এক এক ভাগকে প্রায় (২ দণ্ডকে) মুহূর্ত্ত বলে। তন্মধ্যে অষ্টম মুহূর্ত্তের নাম কুতপ, এবং নবম মুহূর্ত্তের নাম রৌহিণ। একোদ্দিষ্ট শ্রাদ্ধ কুতপে আরম্ভ করিয়া রৌহিণের মধ্যেই সমাপন করিতে হয় (অনেকের সংস্কার আছে যে, শুক্লপক্ষের শ্রাদ্ধ পূর্ব্বাহ্ণেই করিতে হয়; কিন্তু সকল শ্রাদ্ধ নহে। শুক্লপক্ষে কর্ত্তব্যরূপে বিহিত (অর্থাৎ মাঘপৌর্ণমাস্যাদিবিহিত) পার্ব্বণ-শ্রাদ্ধই পূর্ব্বাহ্ণে কর্ত্তব্য। ০। শ্রাদ্ধদেশ—রুক্ষ (অর্থাৎ ধূলিযুক্ত), কৃমিযুক্ত, ক্লিন্ন (অর্থাৎ পঙ্কিল), সঙ্কীর্ণ (অর্থাৎ স্বল্প), দুর্গন্ধযুক্ত, ও ইষ্টকারচিত স্থানে শ্রাদ্ধ করিতে নাই (পাষাণে দোষ হয় না)। ইষ্টকারচিত স্থানে মৃত্তিকালেপন করিলে চলিতে পারে। ০। শ্রাদ্ধপাত্র—স্বর্ণ, রজত, তাম্র, স্ফটিক, কদলীত্বক্, কদলীপত্র ও যে কোনও যজ্ঞিয় বৃক্ষপত্রের ঠোঙ্গা প্রশস্ত। সীস, লৌহ, পাষাণ, হীন (অষ্টাঙ্গুলন্যূন) ও ভগ্ন পাত্র নিষিদ্ধ। রজতপাত্র হীন হইলেও চলে। অন্যপাত্রাভাবে পাষাণ পাত্রও ব্যবহার্য্য। দেবকার্য্যে রজতপাত্র অব্যবহার্য্য। ০। বিহিত দ্রব্য—হৈমন্তিক ধান্যের আতপতণ্ডুল, তিল, যব, বিল্ব, আমলকী, দ্রাক্ষা, কাঁটাল, আমড়া, দাড়িম, কামরাঙ্গা, পানিফল, আখরোট, খর্জ্জুর, আম্র, তালকন্দ (তালশাঁস), মূলা, পটোল, নারিকেল, কদলী (সবীজ নিষিদ্ধ), স্থূলশিকা (শসা), লকুচ (ডেপল), বৈকঙ্কত (বৈঁচ), অন্যান্য সুস্বাদু ফল, সৈন্ধব লবণ, সুষণি শাক, বেতো শাক, মরীচ ও সর্ষপ (ব্যঞ্জনের সহিত রন্ধন করা), আদা, গব্যদুগ্ধ, গব্যঘৃত, গব্যদধি, নিষিদ্ধদ্রব্য ভিন্ন পিতার প্রিয়দ্রব্য, ও

অন্যান্য উপকরণ। বিহিত পুষ্প—জাতী, যূথী, মল্লিকা, কুন্দ, কেতকী, শ্বেত করবীর, বকুল, চম্পক, পদ্ম, শালুক, অন্যান্য সুগন্ধি শ্বেতপুষ্প। •। নিষিদ্ধ দ্রব্য—কুষ্মাণ্ড, অলাবু (লাউ), মহিষ-দুগ্ধাদি, পালঙ শাক। নিষিদ্ধ পুষ্প—জবা প্রভৃতি রক্তপুষ্প, রক্তজাতী, আকন্দ, পীত ঝিন্টি, উগ্রগন্ধ পুষ্প, নির্গন্ধ পুষ্প, শ্মশানোৎপন্ন পুষ্প। •। পিতৃলোকের প্রতিনিধিস্বরূপ প্রকৃত ব্রাহ্মণকেই বসাইতে হয়; কিন্তু শাস্ত্রোক্তলক্ষণা-ক্রান্ত ব্রাহ্মণ সুদুর্লভ বলিয়া এক্ষণে কুশময় ব্রাহ্মণই প্রচলিত হইয়াছে (শাস্ত্রেও সেরূপ করিবার বিধি আছে *)। •। পাত্রীয় অন্ন ও পিণ্ড—গো, অজ বা ব্রাহ্মণকে খাইতে দিবে, অথবা জলে নিক্ষেপ করিবে। শ্রাদ্ধীয় দ্রব্য ব্রাহ্মণকে দিবে। আচারতঃ কুশ জলে ফেলিতে নাই; জলসন্নিহিত স্থলে ফেলিবে। শ্রাদ্ধীয় দ্রব্য নিজের ও জ্ঞাতিগণের ভক্ষণ নিষিদ্ধ; বাস্তুপুরুষাদিকে নিবেদিত অন্নাদি ভোজন করিতে আছে। •। শ্রাদ্ধদিনে শ্রাদ্ধকর্ত্তা ও শ্রাদ্ধভোক্তার রাত্রিভোজন, ক্রোধপ্রকাশ, ক্রোশোর্দ্ধগমন ও স্ত্রীসহবাস (ঋতুকালেও) নিষিদ্ধ। শ্রাদ্ধ করিয়া তদ্দিনে পরশ্রাদ্ধে ভোজন, নদীপার হওয়া, দ্যূতক্রীড়া, অধ্যয়ন, দান, প্রতিগ্রহ ও সন্ধ্যা নিষিদ্ধ।•। শ্রাদ্ধে দৌহিত্র, জামাতা ও ভাগিনেয়কে ভোজন করাইলে বিশেষ ফল হয়।

শ্রাদ্ধের সামগ্রী—ভোজ্যের পাত্র ৩ বা ১। বাস্তুর পাত্র ১ (অন্ন ও আমান্ন দুইই দিলে ২)। যজ্ঞেশ্বরের পাত্র ১ বা ২। গঙ্গার পাত্র ১ বা ২। ভূস্বামিপিতার পাত্র ১। ব্রাহ্মণের পাত্র ১। শ্রাদ্ধের ১। পিণ্ডপাত্র ১। আসন, অর্ঘ্য, গন্ধাদিপঞ্চক, অবনেজন ও অক্ষয্যদানের পাত্র ৫। ব্রাহ্মণাসন ১। পুষ্পপাত্র ১। মুজ্জলের পাত্র ১। উপকরণের

* ব্রাহ্মণানামসম্পত্তৌ কৃত্বা দর্ভময়ান্ দ্বিজান্। শ্রাদ্ধং কৃত্বা বিধানেন পশ্চাদ্ বিপ্রেষু দাপয়েৎ। (শ্রাদ্ধসূত্র)।

পাত্র ১০ (১টী ভোজ্য হইলে ৮)। কুশাঙ্গুরীয় ২। ত্রিপত্র ১। মোটক ১৪। ব্রাহ্মণ ১। অর্ঘ্যের জন্য প্রাদেশপ্রমাণ সাগ্র কুশ (পবিত্র) ১। পিণ্ডের জন্য প্রাদেশপ্রমাণ কুশমুষ্টি ২। রেখার জন্য প্রাদেশপ্রমাণ সাগ্রকুশ (দর্ভদপিঞ্জুলী) ১। পিণ্ড-তর্পণের জন্য—প্রাদেশপ্রমাণ সাগ্রকুশ ১। শ্রাদ্ধের বস্ত্র ১ (সমর্থ হইলে ভোজ্যের ৩ বা ১ ; যজ্ঞেশ্বরের ১, ভূস্বামিপিতার ১)। বাসোদানের সূত্র ১ টুকরা। হরীতকী ১। ধূপ ৭। দীপ ৭। শুক্ল পুষ্প। তুলসী ২৫। দূর্ব্বা—সগর্ভা ৩, অগর্ভা ৩। শ্বেতচন্দন। আতপতণ্ডুল অন্ততঃ ⁄৫। উপকরণ। তাম্বূল ১০। মধু বা গুড়। দধি। দুগ্ধ। ঘৃত। তিল আধ মুঠা। যব। গঙ্গামৃত্তিকা। প্রদীপ। কর্ত্তার কুশাসন। পুরোহিতের আসন। কোশা। তাম্রকুণ্ড। হস্তক্ষালনার্থ পাত্র ১। দ্বিজাতির পক্ষে পৈতা ২।

পাতনামা (বা পাত্রস্থাপন-প্রণালী)।—শ্রাদ্ধকর্ত্তার দক্ষিণমুখে বসিবার আসন ; তৎসম্মুখে কোশা ও তাম্রকুণ্ড। কোশার দক্ষিণে পিণ্ড দিবার ও পাত্র পাতিবার স্থান ব্যবধান রাখিয়া দক্ষিণাগ্র ব্রাহ্মণাসন (ব্রাহ্মণ বসাইবার পর বিসর্জ্জনের পূর্ব্ব পর্য্যন্ত ব্রাহ্মণাসন সরাইতে নাই); ব্রাহ্মণাসনের পূর্ব্বভাগে উপকরণ, ও পশ্চিম ভাগে রক্ষার্থ-জল রাখিবার পাত্র। কর্ত্তার বামভাগে (উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত যথাক্রমে) পূর্ব্বাগ্র ভোজ্য, বাস্ত, যজ্ঞেশ্বর ও গঙ্গার পাত্র, এবং দক্ষিণাগ্র ভূস্বামিপিতার পাত্র। কর্ত্তার দক্ষিণ ভাগে পুষ্পপাত্র ; পিণ্ডপাত্র, অন্নস্থালী, হস্তক্ষালন-পাত্র, ও দক্ষিণাগ্র প্রদীপ। ভোজ্যাদি সাজাইয়া তাহাতে ঘৃত ও তুলসী দিবে।

দ্রষ্টব্য—স্ত্রীলোকে (ওঁ), (স্বধা) ও [ ] এই চিহ্নের অন্তর্গত মন্ত্র বলিবে না ; তৎপরিবর্ত্তে "নমঃ" বলিবে। এবং (বিষ্ণুরোঁ) স্থলে "বিষ্ণুর্নমঃ" ও (বিষ্ণুরোঁতৎসৎ) স্থলে "শ্রীবিষ্ণুর্নমঃ" বলিবে। অনুপনীত

দ্বিজবালকের পক্ষে ঐ সকল বলিবার নিষেধ নাই (১ম খণ্ড)। ভোজ্যোৎসর্গ, এবং বাস্তু, যজ্ঞেশ্বর,গঙ্গা ও ব্রাহ্মণের পূজা —এই কয়েকটি কার্য্য দৈব-রীতিতে কর্ত্তব্য—অর্থাৎ তৎকালে পূর্ব্বমুখে ডাইন পায়ের উপর বাঁ পা রাখিয়া বসিবে, উপবীতী (১ম খঃ) হইবে, দৈবতীর্থে (১ম খঃ) নিবেদন করিবে, উপুড়হাতে পাত্রাদি ধরিবে, এবং ত্রিপত্র ব্যবহার করিবে) ; এবং ভূস্বামিপিতার উদ্দেশে ভোজ্যাদিদান, ব্রাহ্মণোপবেশন, ও অনুজ্ঞা হইতে শেষ পর্য্যন্ত যাবতীয় কার্য্য পিতৃরীতিতে কর্ত্তব্য—অর্থাৎ তৎকালে দক্ষিণমুখে বাঁ পায়ের উপর ডাইন পা রাখিয়া বসিবে, প্রাচীনাবীতী (১ম খঃ) হইবে, পিতৃতীর্থে (১ম খঃ) নিবেদন করিবে, চিৎহাতে পাত্রাদি ধরিবে, এবং মোটক ব্যবহার করিবে) । • । সর্ব্বত্র বামহস্ত-সংযুক্ত দক্ষিণ হস্তে নিবেদন করিতে হয়। •। সধবা স্ত্রী কুশাসনের পরিবর্ত্তে কম্বলাসন, কুশের পরিবর্ত্তে দূর্ব্বা, ও তিলের পরিবর্ত্তে যব ব্যবহার করিবে।

পূর্ব্বদিনে একবারমাত্র নিরামিষ ভোজন করিয়া, পরদিনে মধ্যাহ্ন-সন্ধ্যা পর্য্যন্ত নিত্যকর্ম্ম সমাপনপূর্ব্বক দক্ষিণমুখে পাদ-প্রক্ষালন করিয়া, প্রদীপ জ্বালিয়া প্রথমতঃ কুশাসনে পূর্ব্বমুখে বসিয়া, কুশাঙ্গুরীয় পরিধান-পূর্ব্বক দুইবার আচমন করিয়া, গঙ্গাদির ও নারায়ণাদির অর্চ্চনা করিবে (১ম খঃ)।

সামবেদীয় একোদ্দিষ্টশ্রাদ্ধ।

ভোজ্যোৎসর্গ। অর্চ্চনা—বামহস্তে ভোজ্য এবং দক্ষিণহস্তে জলে ত্রিপত্র ধরিয়া, এতস্মৈ সোপকরণামান্নভোজ্যায় নমঃ (বস্ত্র থাকিলে—

সবস্ত্রসোপকরণ ; তিনটি বা ততোধিক হইলে—এতেভ্যঃ সোপকরণামান্ন-ভোজ্যেভ্যো নমঃ।" তিন বার বলিয়া ভোজ্যে তিন বার জল প্রোক্ষণ করিবে ; এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে (ওঁ) বিষ্ণবে নমঃ ; এতৎ-সম্প্রদানায় (ওঁ) ব্রাহ্মণায় নমঃ ; এতে গন্ধপুষ্পে (ওঁ) এতস্মৈ সোপকরণামান্নভোজ্যায় নমঃ (অথবা—এতেভ্যঃ ··ভোজ্যেভ্যো নমঃ)। উৎসর্গ—দক্ষিণ হস্তে জলে ত্রিপত্র সহ হরীতকী ধরিয়া, (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ * অমুকদেবশর্ম্মণঃ + একোদ্দিষ্টবিধিক-সাংবৎসরিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ শ্রীবিষ্ণুপ্রীতিকাম ‡ ইদং সোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতমহং (বহু ভোজ্য হইলে—এতানি সোপকরণামান্নভোজ্যানি শ্রীবিষ্ণুদৈবতান্যহং) যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি (ভোজ্যে জল-প্রোক্ষণ)। দক্ষিণা—কোশায় জলে ত্রিপত্র সহ হরীতকী ধরিয়া (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ একোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎ-সোপকরণামান্নভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং (যৎকিঞ্চিৎ §) কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি

---

* পিতামহ ও প্রপিতামহের শ্রাদ্ধে পিতামহস্য, প্রপিতামহস্য। মাতা প্রভৃতির শ্রাদ্ধে—অমুকগোত্রায়াঃ মাতুঃ, পিতামহ্যাঃ, প্রপিতামহ্যাঃ। এইরূপ সর্ব্বত্র। কিন্তু [ ] এই চিহ্নের অন্তর্গত মন্ত্রের মধ্যে "পিতুঃ" ইত্যাদি পদের কখনই পরিবর্ত্তন হইবে না (অর্থাৎ পিতামহাদি বা মাত্রাদির শ্রাদ্ধেও ঐরূপই পাঠ করিতে হইবে)।

+ ক্ষত্রিয়ের পক্ষে—ব্রাহ্মবর্ম্মণঃ। বৈশ্যের পক্ষে—দত্তগুপ্তস্য বা দত্তভূতেঃ। শূদ্রের পক্ষে—বোষদাসস্য ইত্যাদি। দ্বিজাতির স্ত্রীর পক্ষে—দেব্যাঃ। শূদ্রস্ত্রীর পক্ষে—দাস্যাঃ। এইরূপ সর্ব্বত্র।

‡ স্ত্রীলোক শ্রাদ্ধকর্ত্রী হইলে—কামা।

§ যৎ কিঞ্চিৎ—যা হউক কিছু। কাঞ্চনই প্রকৃত দক্ষিণা ; তদভাবে তন্মূল্য

(ত্রিপত্র সহ হরীতকী ভূমিতে রাখিবে)। অচ্ছিদ্রাবধারণ—কৃতাঞ্জলি হইয়া, (ওঁ) কৃতৈতৎসোপকরণামান্নভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত —ওঁ অস্তু)। তৎপরে—"এতেভ্যঃ সোপকরণামান্নভোজ্যাদিভ্যো নমঃ, এতৎসম্প্রদানেভ্যঃ (ওঁ) বাস্তুপুরুষাদিভ্যো নমঃ" ইত্যাদি বলিয়া অন্যান্য-ভোজ্যাদিরও একবারে অর্চ্চনা করিবে।

বাস্তুপূজা *—এষ গন্ধঃ (ওঁ বাস্তুপুরুষায় নমঃ, এতৎ পুষ্পং (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ, এষ ধূপঃ (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ, এষ দীপঃ (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ, এতৎ সোপকরামান্নভোজ্যং (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ (ইদং সোপকরণান্নং ওঁ বাস্তুপুরুষায় নমঃ), ইদমাচমনীয়ং † (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ, ইদং পানার্থোদকং (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ, এতৎ তাম্বূলং (ওঁ) বাস্তুপুরুষায় নমঃ। প্রণাম—

(ওঁ) সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ং জগৎ।
পৃথ্বীধরস্তু বিজ্ঞেয়ো বাস্তুদেব নমোঽস্তু তে॥

বিষ্ণুপূজা—

[ওঁ তদ্ বিষ্ণোঃ পরমং পদং, সদা পশ্যন্তি সূরয়ঃ ; দিবীব চক্ষুরাততং॥ ‡]

(কাঞ্চনমূল্যং—তাম্রখণ্ডাদি)। "অভাবে ফলমূলানাং ভক্ষ্যাণাং দক্ষিণাং দদাতি"—তাম্রখণ্ডাদির অভাবে ভক্ষণোপযুক্ত ফলমূলাদি যে কোনও দ্রব্য।

* শ্রাদ্ধের পূর্ব্বে তত্রত্য বাস্তুদেবতার পূজা না করিলে শ্রাদ্ধ নিষ্ফল ও বিঘ্ন প্রাপ্ত হয়। শ্রাদ্ধাধিকরণে যত্র নার্চ্চিতো বাস্তুদৈবতঃ। তত্র শূন্যং ভবেৎ সর্ব্বং রক্ষোবিঘ্নাদিভি-হতম্। (যম)

† গঙ্গাজল হইলে—আচমনীয়গঙ্গোদকং, পানার্থগঙ্গোদকং ইত্যাদি এইরূপ সর্ব্বত্র।

‡ ১ম খণ্ডে ও এই খণ্ডের বৃদ্ধিশ্রাদ্ধে যে সকল মন্ত্রের ব্যাখ্যা আছে, ইহাতে তাহাদের ব্যাখ্যা দেওয়া হইল না। বিষ্ণুপূজার পূর্ব্বে তৎস্মরণার্থ এই গায়ত্রী পাঠ করিতে হয়।

এতৎ পাদ্যং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদমর্ঘ্যং * (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদমাচমনীয়ং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদং স্নানীয়জলং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদমাচমনীয়ং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এষ গন্ধঃ (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ পুষ্পং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এষ ধূপঃ (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এষ দীপঃ (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগ-সোপকরণামান্নভোজ্যং † (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, (এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগ-সোপকরণান্নং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ), ইদমাচমনীয়ং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, ইদং পানার্থজলং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ তাম্বূলং (ওঁ) যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ। প্রণাম—

(ওঁ) নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥
(ওঁ) অনাদিনিধন জ্ঞান নিত্যানন্দ জনার্দ্দন।
ময়াত্র শ্রাদ্ধে কর্ত্তব্যে সান্নিধ্যং কুরু কেশব ॥
ভো ভগবন্ অত্র শ্রাদ্ধে অধিষ্ঠাতা ভব ॥

গঙ্গাপূজা—এষ গন্ধঃ (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, এতৎ পুষ্পং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, এষ ধূপঃ (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, এষ দীপঃ (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, এতৎ

---

* যজুর্ব্বেদী এষোঽর্ঘঃ।

† দ্বিজাতিরা এই ভোজ্যে একটি পৈতা দিবেন। শ্রাদ্ধীয় সমস্ত দ্রব্যের অগ্রভাগ যজ্ঞেশ্বরকে দিয়া অবশিষ্ট দ্রব্যে পিতৃপূজা করিতে হয়। যথা—অর্চ্চয়িত্বা জগন্নাথং স্বতং কর্ম্ম সমাচরেৎ। দত্ত্বাগ্রং দেবদেবায় তচ্ছেষাণ্যুপযুক্তয়েৎ। (অগ্নিপুরাণ)। বচনে "অগ্রং" থাকায় বিষ্ণুপূজায় (এবং বচনান্তর হেতু ভূস্বামিপিতার পূজায়) "শ্রাদ্ধীয়াগ্রভাগ" বলিতে হয়; অন্যত্র নহে।

সোপকরণামান্নভোজ্যং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, (এতৎ সোপকরণান্নং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ), ইদমাচমনীয়ং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, ইদং পানার্থোদকং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ, এতৎ তাম্বূলং (ওঁ) গঙ্গায়ৈ নমঃ। প্রণাম—

(ওঁ) সদ্যঃ পাতকসংহন্ত্রী সদ্যো দুঃখবিনাশিনী।

সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

ভূস্বামিপিতৃগণকে অগ্রদান *—দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী হইয়া, তিল তুলসী ও মোটক লইয়া "এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগ-সোপকরণামান্ন-ভোজ্যং (ওঁ) এতদ্ভূস্বামিপিতৃভ্যঃ (স্বধা)" †—বলিয়া পাত্রোপরি নিক্ষেপ করিবে।

ব্রাহ্মণপূজা—পূর্ব্বমুখ ও উপবীতী হইয়া আচারতঃ ব্রাহ্মণকে বামহস্তে ধরিয়া নিম্নোক্ত মন্ত্রে চন্দন দ্বারা লিপ্ত করিবে। মন্ত্র যথা—

[ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং।

ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপ হ্বয়ে শ্রিয়ং॥

তৎপরে তাম্রকুণ্ডের উপর ধরিয়া স্নান করাইবে। মন্ত্র—

[ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।

স ভূমিং সর্ব্বতো বৃত্বাঽত্যতিষ্ঠদ্দশাঙ্গুলং॥]

---

* যে রাজার (সম্রাটের) অধিকৃত ভূমিতে শ্রাদ্ধ করা হয়, তাঁহাকে তন্নিমিত্ত মূল্য, অথবা তাঁহার মৃত পিতৃগণকে শ্রাদ্ধের অগ্রভাগ না দিলে তাঁহারা শ্রাদ্ধ হরণ করিয়া থাকেন। যথা—পরকীয়গৃহে যস্তু স্বান্ পিতৄংস্তর্পয়েজ্জডঃ। তদ্ভূমিস্বামিনস্তস্য হরন্তি পিতরো বলাৎ। অগ্রভাগং ততস্তেভ্যো দত্ত্বাম্ল্যং জীবতাম্। (ব্রহ্মপুরাণ)। গৃহ ইতি ভূমাত্রপরম্ (রঘুনন্দন)।

† ঋগ্বেদী......স্বধা নমঃ। (স্বধা) স্থলে সর্ব্বত্রই এইরূপ।

‡ "স ভূমিং সর্ব্বতো বৃত্বা" স্থলে যজুর্ব্বেদী—স ভূমিং সর্ব্বত স্পৃত্বা। ঋগ্বেদী—স ভূমিং বিশ্বতো বৃত্বা।

পৃথক্ পাত্রে পূর্ব্বাগ্রে রাখিয়া এতৎ পাদ্যং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, ইদমর্ঘ্যং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, ইদমাচমনীয়ং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, ইদং স্নানীয়জলং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ; এষ গন্ধঃ (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, এতৎ পুষ্পং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, এষ ধূপঃ (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, এষ দীপঃ (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, এতদুপকরণং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, ইদমাচমনীয়ং (ওঁ) দর্ভময়-ব্রাহ্মণায় নমঃ, ইদং পানার্থোদকং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ, এতৎ তাম্বূলং (ওঁ) দর্ভময়ব্রাহ্মণায় নমঃ।

ব্রাহ্মণোপবেশন—দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী হইয়া, ব্রাহ্মণাসনে তিল ও দক্ষিণাগ্র একগাছি কুশ রাখিয়া, তদুপরি ব্রাহ্মণকে দক্ষিণাগ্র করিয়া স্থাপন করিবে।

অনুজ্ঞা *—ব্রাহ্মণের দক্ষিণ হস্ত উদ্দেশে একগণ্ডূষ জল দিয়া, কৃতাঞ্জলি হইয়া (বিষ্ণুর্ৌতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ একোদ্দিষ্ট-বিধিক-সাংবৎসরিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেনাহং করিষ্যে (পুরোহিত—ওঁ কুরুষ)।

গায়ত্রী—

[ওঁ ভূর্ভুবঃস্বঃ তৎ সবিতুর্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥]

[ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি ॥]

এই মন্ত্র ৩ বার পাঠ করিয়া, "(ওঁ) পুণ্ডরীকাক্ষঃ" বলিবে। তৎপরে জলে অমন্ত্রক মৃত্তিকা গুলিয়া, সেই জলে শ্রাদ্ধীয় সমস্ত দ্রব্য প্রোক্ষণ করিয়া, রক্ষার্থ কিঞ্চিৎ মৃজ্জল ব্রাহ্মণবামপার্শ্বস্থ পাত্রে রাখিবে।

---

* অনুজ্ঞা—অনুমতি প্রার্থনা।

আসনদান— ব্রাহ্মণে জল দিয়া একটি পাত্রে মোটকরূপ আসন রাখিয়া, ঐ পাত্রটি বাম হস্তে ধরিয়া, দক্ষিণ হস্ত দ্বারা কোশার জলে অঙ্গ মোটক ধরিয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ * অমুকদেবশর্ম্মন্ † এতত্তে দর্ভাসনং (স্বধা) ‡ বলিয়া পাত্রস্থ মোটকে জল প্রোক্ষণ করিয়া ঐ মোটক ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে।

[ওঁ অপহতা অসুরা রক্ষাংসি § বেদিষদঃ ॥]

বলিয়া শ্রাদ্ধভূমির চারিদিকে তিল ছড়াইবে।

অর্ঘ্যদান— ব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র একগাছি কুশ পাতিয়া, তদুপরি ক্ষণাগ্র অর্ঘ্যপাত্র রাখিয়া, একগাছি সাগ্র কুশ লইয়া—

[ওঁ পবিত্রাসি বৈষ্ণবী ॥]¶

বলিয়া, অগ্র হইতে প্রাদেশপ্রমাণ মাপিয়া, অবশিষ্ট অংশ নখ-ব্যতিরেকে ছেদন করিয়া,

[ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতমসি ॥]

এই মন্ত্রে জলপ্রোক্ষিত করিয়া, ঐ পবিত্র অর্ঘ্যপাত্রে দক্ষিণাগ্রে রাখিয়া, কুশী করিয়া জল লইয়া—

[ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে, শন্নো ভবন্তু পীতয়ে।
শং যোরভি স্রবন্তু নঃ ॥]

বলিয়া অর্ঘ্যপাত্রে জল দিবে।

---

* পিতামহাদির শ্রাদ্ধে— পিতামহ, প্রপিতামহ। মাত্রাদির শ্রাদ্ধে—অমুকগোত্রে মাতঃ, পিতামহি, প্রপিতামহি। এইরূপ সর্ব্বত্র।

† ক্ষত্রিয়ের পক্ষে—ত্রাতৃবর্ম্মন্। বৈশ্যের পক্ষে—দত্তভূতে বা গুপ্তভূতে। শূদ্রের পক্ষে—ঘোষদাস ইত্যাদি। দ্বিজাতি স্ত্রীর পক্ষে—দেবি। শূদ্রস্ত্রীর পক্ষে—দাসি। এইরূপ সর্ব্বত্র।

‡ দর্ভাসন পিতৃব্রাহ্মণের বামপার্শ্বে দিতে হয়। অন্যান্য দ্রব্য ব্রাহ্মণের দক্ষিণ হস্ত উদ্দেশে দাতব্য।

§ যজুর্ব্বেদী—রক্ষাওঁসি।

¶ যজুর্ব্বেদী ও ঋগ্বেদী—শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু ইত্যাদি।

[ওঁ তিলোঽসি সোমদেবত্যো, গোসবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া, পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা ॥ (১)]

বলিয়া উহাতে তিল দিবে। তৎপরে অমন্ত্রক গন্ধ পুষ্প ও অগত্যা দূর্ব্বা দিয়া একগাছি দক্ষিণাগ্র কুশ দ্বারা আচ্ছাদন করিয়া, (ওঁ) অচ্ছিদ্র মিদমর্ঘ্যপাত্র-মস্তু—বলিবে (পুরোহিত—ওঁ অস্তু)। অর্ঘ্য-পাত্রস্থ পবিত্র দক্ষিণাগ্র করিয়া ব্রাহ্মণে দিয়া কোশার কিঞ্চিৎ জল ব্রাহ্মণে দিবে। তৎপরে পুষ্পপাত্র হইতে একটি পুষ্প লইয়া "(ওঁ) শিরঃপ্রভৃতি-সর্ব্বগাত্রেভ্যো নমঃ" বলিয়া ব্রাহ্মণে দিবে। তার পর সেই অর্ঘ্যপাত্র বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা আচ্ছাদন করিয়া—

[ওঁ যা দিব্যা আপঃ পয়সা সম্বভূবু-
র্যা অন্তরিক্ষ্যা উত পার্থিবীর্যাঃ।

(১) ত্বং তিলঃ অসি। কিম্ভূতঃ? সোমদেবত্যঃ (সোমদেবতাকৈ অয়মিতি "দেবতান্তাত্তাদর্থ্যে যৎ" ইতি যৎ)। পুনঃ কিম্ভূতঃ? গোসবঃ (গাং স্বর্গং সূতে—তিলো হি দত্তঃ সন্ দাতুঃ পাপক্ষয়ং কুর্ব্বন্ স্বর্গং জনয়তি)। দেবনির্ম্মিতঃ (দেবেন বিষ্ণুনা নির্ম্মিতঃ উৎপাদিতঃ—"বিষ্ণুদেহোদ্ভবাঃ পুণ্যাস্তিলাঃ" ইতি শ্রুতেঃ)। ত্বম্ অদ্ভিঃ পৃক্তঃ (জলেন মিশ্রিতঃ সন্) নঃ (অস্মাকং) পিতৄন্ লোকান্ (পিতৃপিতামহাদীন্) প্রত্নং (চিরকালং ব্যাপ্য) স্বধয়া (স্বধাকারেণ—"স্বধা বৈ পিতৄণামন্ন"মিতি শ্রুতেঃ) প্রীণাহি (প্রীতান্ কুরু) ॥ স্বাহাশব্দঃ প্রক্ষেপার্থঃ (যদ্যপি "স্বাহা দেবহবির্দ্দানে" ইত্যাদি-দর্শনাৎ পিত্র্যে কর্ম্মণি স্বাহাকারো ন যুক্তঃ, তথাপি কাত্যায়নেন মহর্ষিণা স্বাহান্তস্যৈব মন্ত্রস্য পাঠাৎ অনুপপত্তির্নাশঙ্কনীয়া) ॥ প্রীণাহি—"বা ছন্দসি" ইতি বিকল্পেন পিত্বে সতি ঙিত্বাভাবাৎ ঙিন্নিবন্ধনঃ ঈকারো ন ভবতি। •। অনুবাদ—তুমি তিল; চন্দ্র তোমার অধিপতি, তুমি স্বর্গ প্রদান করিয়া থাক, বিষ্ণুদেহ হইতে তুমি উৎপন্ন; তুমি জলমিশ্রিত হইয়া অন্নাকারে আমাদের পিতৃপিতামহাদিকে চিরকাল প্রীত কর। •। ঋগ্বেদিপাঠে—গোসবে (গোযজ্ঞে)। প্রত্নবদ্ভিঃ প্রনত্নবদ্ভিঃ (অস্মাভিঃ) প্রত্নঃ (প্রদত্তঃ সন্)। অন্তুৎ সমানম্ ॥ প্রযত্নশব্দস্য যলোপশ্ছান্দসঃ। প্রীণয়া—প্রীণয়, "ঋচি তুনুঘ" ইত্যাদিনা দীর্ঘঃ।

হিরণ্যবর্ণা যজ্ঞিয়া-স্তা ন আপঃ
শিবাঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু ॥]

এই মন্ত্র পাঠ করিয়া, দক্ষিণ হস্ত দ্বারা কোশার জলে মোটক ধরিয়া, (বিষ্ণুরো) অমুকগোত্র পিতঃ অমুক দেবশর্ম্মন্ এতৎ তেঽর্ঘ্যং (স্বধা)* —বলিয়া অর্ঘ্যে জলপ্রোক্ষণ করিয়া, ব্রাহ্মণে দিবে।

গন্ধাদিদান—পাত্রান্তরে বস্ত্র, তদুপরি (তুলসী বা পুষ্পে মাখাইয়া) গন্ধ, ও পুষ্প রাখিয়া, এবং ধূপ ও দীপ জ্বালিয়া ঐ পাত্রের এক ধারে গাঁথিয়া, বাম হস্তে ঐ পাত্র এবং দক্ষিণ হস্তে কোশার জলে মোটক ধরিয়া, (বিষ্ণুরো) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতানি তে গন্ধ পুষ্পধূপদীপাচ্ছাদনানি (স্বধা)—বলিয়া জলপ্রোক্ষণ করিয়া, এষ তে গন্ধঃ, এতৎ তে পুষ্পং, এষ তে ধূপঃ, এষ তে দীপঃ, এতত্ত আচ্ছাদনং—বলিয়া গন্ধাদি প্রত্যেক দ্রব্য পৃথক্ পৃথক্ ব্রাহ্মণে দিবে (অর্থাৎ এষ তে গন্ধঃ বলিয়া গন্ধ দিবে, এইরূপ এতৎ তে পুষ্পং ইত্যাদি)।

পরে পাত্রান্তরে যজ্ঞোপবীত রাখিয়া পূর্ব্ববৎ ধরিয়া, (বিষ্ণুরো) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতত্তে যজ্ঞোপবীতং (স্বধা)। †

অন্নদান—ব্রাহ্মণের সম্মুখস্থান পরিষ্কার করিয়া, জল দ্বারা নৈঋত-কোণ হইতে বামাবর্ত্তে (অগ্নি, ঈশান, বায়ু ও নৈঋত ক্রমে) দক্ষিণাগ্র চতুষ্কোণ মণ্ডল করিয়া, ঐ মণ্ডলের উপর দক্ষিণাগ্র ভোজনপাত্র পাতিয়া, তাহাতে সর্ব্বপ্রকার অন্ন (উপকরণ ও পিতার প্রিয়দ্রব্য সহ) স্বয়ং পরিবেষণ করিয়া (অথবা পত্নী দ্বারা পরিবেষণ করাইয়া)—

[ওঁ ইদং বিষ্ণুর্বি চক্রমে, ত্রেধা নি দধে পদং।
সমূঢ়মস্য পাংসুলে ॥]

* যজুর্ব্বেদী—...এষ তেঽর্ঘঃ (স্বধা)।

† শূদ্র ও স্ত্রীলোকের শ্রাদ্ধে যজ্ঞোপবীত দিতে হয় না।

এই মন্ত্র, অথবা [ওঁ বিষ্ণো কব্যমিদং রক্ষ *] এই মন্ত্র পাঠ করিয়া নখব্যতিরিক্ত অঙ্গুষ্ঠ দ্বারা অন্ন স্পর্শ করিবে। [ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ] বলিয়া অন্নের চতুর্দ্দিকে তিল ছড়াইয়া [গায়ত্রী পাঠ করিবে]। পরে অন্নে মধু (তদভাবে গুড়) দিয়া বলিবে—

[ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ।
মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্ত-মুতোষসো,
মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥
ওঁ মধুমান্নো বনস্পতি,-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ।
মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥] ওঁ মধু মধু মধু।

অন্নে জলপ্রোক্ষণপূর্ব্বক বাম হস্তে অন্নপাত্র ও দক্ষিণ হস্তে কোশার জলে মোটক ধরিয়া, ব্রাহ্মণে জলগণ্ডূষ (হস্তপ্রক্ষালনের জন্য) দিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে পাত্রীয়মন্নং সোপকরণং সতিলোদকং † (স্বধা)— বলিয়া অন্নে জলের ছিটা দিয়া, ব্রাহ্মণে পুনর্ব্বার জলগণ্ডূষ (গণ্ডূষের জন্য) দিয়া কৃতাঞ্জলি হইয়া বলিবে—

(ওঁ) ইদমন্নং, ইমা আপঃ, ‡ ইদং হবিঃ, এতান্যুপ-
করণানি যথাসুখং বাগ্‌যতো জুষস্ব।

পুনর্ব্বার [গায়ত্রী, ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিবে—

[ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ।
তৎ সর্ব্ব-মচ্ছিদ্রমস্তু॥]

(পুরোহিত—ওঁ অস্তু)।

---

* পাঠান্তর— বৃক্ষ কব্যমিদং রক্ষ।
† গঙ্গাজল হইলে...সতিলগঙ্গোদকং।
‡ গঙ্গাজল হইলে ইমা গঙ্গাআপঃ (সন্ধি করিয়া বলিলে ইমাঃ গঙ্গাপঃ)।

শ্রব্যপাঠ—[গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি] পাঠ করিয়া,

[ওঁ যজ্ঞেশ্বরো হব্য-সমস্তকব্য-
ভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র।
তৎসন্নিধানা-দপযান্তু সদ্যো
রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে॥

ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সম্পূজ্য মুনয়োঽব্রুবন্।
বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ॥
ওঁ মন্বত্রি-বিষ্ণু-হারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ।
যমাপস্তম্ব-সংবর্ত্তাঃ কাত্যায়ন-বৃহস্পতী॥
পরাশর-ব্যাস-শঙ্খ-লিখিতা দক্ষ-গৌতমৌ।
শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রয়োজকাঃ॥
ওঁ তদ্ বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততং॥

ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ
স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা।
দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥
ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ
স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা।
মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ॥

ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু, মৃগাঃ কালঞ্জরে গিরৌ।

চক্রবাকাঃ শরদ্বীপে, হংসাঃ সরসি মানসে ॥

তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে, ব্রাহ্মণা বেদপারগাঃ।

প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবসীদত ॥]

ইহার পর কেহ কেহ রচিতস্তব, বা তৎপরিবর্ত্তে "(ওঁ) রুচয়ে নমঃ", অথবা ভারতসাবিত্রীও পাঠ করিয়া থাকেন।

বিকিরান্ন—পিতৃপাত্রের সম্মুখে একপার্শ্বে দক্ষিণাগ্র কতকগুলি কুশ পাতিয়া, তাহাতে জলের ছিটা দিয়া, পরিবেষণপাত্র হইতে কিছু অন্ন লইয়া (পিণ্ডাকারে নহে) জল-তিল-তুলসী-মোটকযুক্ত করিয়া,

[ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা, যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।

ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং ॥

ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-

র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।

তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ

প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ ॥]

বলিয়া ঐ কুশের উপর পিতৃতীর্থ দ্বারা ছড়াইয়া দিবে। তৎপরে উত্তমরূপে হস্তদ্বয় প্রক্ষালন, আচমন ও দক্ষিণ কর্ণ স্পর্শ করিয়া, "শ্রীহরিঃ" বলিয়া হরিস্মরণপূর্ব্বক ব্রাহ্মণকে জলগণ্ডূষ (শেষ গণ্ডূষের জন্য) দিয়া [গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিবে।

পিণ্ডদান—(ওঁ) শেষমন্নং ক দেয়ং? (পুরোহিত—ওঁ ইষ্টায় দীয়তাং)। (ওঁ) পিণ্ডদানমহং করিষ্যে? (পুরোহিত—ওঁ কুরুষ।) অন্ন-পাত্রের সম্মুখে পূর্ব্ববৎ নৈর্ঋতকোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে দক্ষিণাগ্র চতুষ্কোণ মণ্ডল করিবে। তাহার মন্ত্র—

[ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবে-
দ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া।
রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা
হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে ॥]

পরে বাম হস্ত হইতে দক্ষিণহস্তে প্রাদেশপ্রমাণ সাগ্রকুশপত্র লইয়া [ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ ; এবং ওঁ নিহন্মি সর্ব্বং ইত্যাদি মন্ত্র] বলিয়া ঐ মণ্ডলের মধ্যস্থলে কুশমূল দ্বারা দক্ষিণাগ্র একটি রেখা করিয়া, ঐ কুশ উত্তরদিকে নিক্ষেপ করিবে। •। ঐ রেখার উপর দক্ষিণাগ্র কতকগুলি কুশ বিছাইয়া, আবাহন করিবে। যথা—

[ওঁ দেবতাভ্যঃ ইত্যাদি মন্ত্র ৩ বার পড়িয়া],

[ওঁ এহি পিতঃ সোম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ।
দেহ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ ॥]

বলিয়া পাতিত কুশের উপর তিল ছড়াইয়া, পাত্রান্তরে তিল-তুলসী-মোটকযুক্ত জল বাম হস্ত হইতে দক্ষিণহস্তে লইয়া, (ওঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ্ (স্বধা)—বলিয়া পাতিত কুশের মূলদেশে দিবে (ইহাকে অবনেজন বলে)। পরে উপকরণ-ঘৃত-মধু-তিল-মিশ্রিত পিণ্ড বিল্বাকারে প্রস্তুত করিবে। মন্ত্র যথা—[গায়ত্রী, মধুবাতা ইত্যাদি] এবং

[ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যব প্রিয়া অধূষত।
অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী।
যোজা ন্বিন্দ্র তে হরী ॥]

ঐ পিণ্ড দক্ষিণহস্তে লইয়া, তদুপরি তিল-তুলসীমোটক দিয়া, বামহস্তে একক্কুশী জল লইয়া দক্ষিণহস্তে সংলগ্ন করিয়া ধরিয়া, (বিষ্ণুরোঁ।) অমুক-

গোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এষ তে পিণ্ডঃ (স্বধা)—বলিয়া অবনেজন-স্থানে রাখিবে, এবং তদুপরি ঐ কুশীর জলও ঢালিয়া দিবে। পিণ্ডপাত্রে অন্নশেষ থাকিলে তাহা পিণ্ডের চতুর্দ্দিকে বামাবর্ত্তে পিতৃতীর্থে বেষ্টন করিয়া দিবে। পরে (লেপভাক্ পিতৃগণের * উদ্দেশে) পিণ্ডলেপযুক্ত হস্ত অমন্ত্রক ঐ কুশমূলে ঘর্ষণ করিয়া, আচমন ও ("শ্রীহরি" বলিয়া) হরি-স্মরণ করিবে। তৎপরে পিণ্ডপাত্র প্রক্ষালন করিয়া, ঐ জলে তিল-তুলসী মোটক দিয়া দক্ষিণ হস্তে ধরিয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ্ (স্বধা)—বলিয়া পিণ্ডের উপর দিবে (ইহাকে প্রত্যবনেজন বলে)। পরে হস্তপ্রক্ষালন করিয়া বলিবে—

[ওঁ অত্র পিতর্মাদয়স্ব, যথাভাগ-মা বৃষায়স্ব।]

পরে বামাবর্ত্তে উত্তরমুখ হইয়া শ্বাসগ্রহণ ও রোধপূর্ব্বক পিতাকে ভাস্বরমূর্ত্তি (জ্যোতির্ম্ময়) চিন্তা করিয়া, দক্ষিণমুখ হইয়া

[ওঁ অমীমদৎ পিতা, যথাভাগ-মা বৃষায়িষ্ট।]

মনে মনে বলিয়া, শ্বাস ত্যাগ করিবে। কৃতাঞ্জলি হইয়া বলিবে—

[ওঁ নমস্তে পিতঃ, পিতর্নমস্তে।]

[ওঁ গৃহান্নঃ পিতর্দ্দেহি।]

বলিয়া গৃহিণীকে দেখিবে।

[ওঁ সদস্তে পিতর্দেষ্ম।]

বলিয়া পিণ্ডকে দেখিবে।

বাসোদান—নূতন (তদভাবে পুরাতন) শুক্লবস্ত্রের দশীর সূত্র মোটকে জড়াইয়া বামহস্ত হইতে দক্ষিণহস্তে লইয়া তিল-তুলসী-যুক্ত করিয়া [ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ] বলিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেব-শর্ম্মন্ এতৎ তে বাসঃ (স্বধা)—বলিয়া পিণ্ডোপরি দিবে।

---

* বৃদ্ধপ্রপিতামহ, অতিবৃদ্ধপ্রপিতামহ, অত্যাতিবৃদ্ধপ্রপিতামহ।

পিণ্ডপূজা—অমন্ত্রক গন্ধাদি (গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, উল্টা পাণের খিলি) দ্বারা পিণ্ডের পূজা করিয়া, ব্রাহ্মণে (আচমনার্থ) জল দিয়া (দীপ-নির্ব্বাণের পর) ষড় ঋতুর নমস্কার করিবে—

[ওঁ বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ ।
বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞ-ঋতবে চ নমঃ সদা ।
হেমন্তায় নমস্তুভ্যং নমস্তে শিশিরায় চ ।
মাস-সংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ ॥

(ওঁ) ষড়্ভ্য ঋতুভ্যো নমঃ ।

পরে [ওঁ সুসংপ্রোক্ষিত-মস্তু] বলিয়া ব্রাহ্মণের অগ্রভূমিতে জল-প্রোক্ষণ করিবে (পুরোহিত—ওঁ অস্তু)। [ওঁ শিবা আপঃ সন্তু] বলিয়া ব্রাহ্মণে জল দিবে। (পুরোহিত—ওঁ সন্তু)। [ওঁ সৌমনস্য-মস্তু] বলিয়া ব্রাহ্মণে পুষ্প দিবে (পুরোহিত—ওঁ অস্তু)। [ওঁ অক্ষত-ঞ্চারিষ্টঞ্চাস্তু] বলিয়া ব্রাহ্মণে যব দিবে (পুরোহিত—ওঁ অস্তু)।

অক্ষয্যা—একটি পাত্রে ঘৃত-মধু-তিল-মোটক যুক্ত জল লইয়া দক্ষিণ হস্তে ধরিয়া, (বিষ্ণুরোঁ) অদ্য…অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেব-শর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদ-মন্নপানাদিক-মুপতিষ্ঠতাং—বলিয়া ব্রাহ্মণে ঐ জল দিবে (পুরোহিত—ওঁ উপতিষ্ঠতাং)। [ওঁ অঘোরঃ পিতাস্তু] (পুরোহিত—ওঁ অস্তু)। [ওঁ গোত্রং নো বর্দ্ধতাং] (পুরোহিত—ওঁ বর্দ্ধতাং)।

তর্পণ—পবিত্র অর্থাৎ ১ গাছি সাগ্রকুশের সহিত কতিপয় কুশ দক্ষিণাগ্র করিয়া পিণ্ডের উপর দিয়া,—

[ওঁ উর্জ্জং বহন্তী-রমৃতং ঘৃতং, পয়ঃ কীলালং পরিস্রুতং । স্বধা স্থ তর্পয়ত মে পিতরং ॥]

বলিয়া পিণ্ডের উপর পিতৃতীর্থে এক অঞ্জলি জল দিবে।

দক্ষিণা—দক্ষিণাদ্রব্য অর্চ্চনা (এতস্মৈ রজতায় বা রজতমূল্যায় নমঃ ইত্যাদি—ভোজ্য-অর্চ্চনার ন্যায়) করিয়া, কোশার জলে দক্ষিণ হস্তে হরীতকী ও মোটক ধরিয়া দক্ষিণ হস্তের পৃষ্ঠে বামহস্ত উপুড় করিয়া, (বিষ্ণুরোঁতৎসং) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধ-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতং (বা—রজতমূল্যং) * শ্রীবিষ্ণুদৈবত-মহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি।—বলিয়া দক্ষিণাদ্রব্যে জল-প্রোক্ষণ করিয়া উহা পুরোহিতকে দিবে।

বরপ্রার্থনা—(ওঁ) আশিষো মে প্রদীয়ন্তাং—বলিয়া একটি পুষ্প আঘ্রাণ করিয়া ফেলিয়া দিয়া হস্তপ্রক্ষালন করিবে (পুরোহিত—ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং)। কৃতাঞ্জলি হইয়া একাগ্রচিত্তে দক্ষিণদিকে চাহিয়া,—

[ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্ বহু দেয়ঞ্চ নো অস্তু ॥
অন্নঞ্চ নো বহু ভবে-দতিথীংশ্চ লভেমহি।
যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন ॥
অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু।
যস্মৈ সঙ্কল্পিতো বিপ্র-স্তস্যাক্ষয়া তৃপ্তিরস্তু ॥] †
[(ওঁ) এতাঃ সত্যা আশিষঃ সন্তু ॥]

(পুরোহিত—ওঁ সন্তু)। (ওঁ) পিতৃবরপ্রসাদোঽস্তু (পুরোহিত—ওঁ অস্তু)। [ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ ইত্যাদি মন্ত্র] ৩ বার পাঠ করিবে।

---

* দত্ত্বা পিণ্ডান্ পিতৃভ্যস্তু রজতং দক্ষিণাং দদেৎ। (মৎস্যপুরাণ)

† স্ত্রীলোকের শ্রাদ্ধে "যস্মৈ" স্থলে "যস্যৈ" এবং "স্তস্যাক্ষয়া" স্থলে "স্তস্যা অক্ষয়া"।

বিসর্জ্জন।—(ওঁ) অভিরম্যতাং—বলিয়া ব্রাহ্মণে জলপ্রোক্ষণ করিবে (পুরোহিত—ওঁ অভিরতোঽস্মি)। প্রদক্ষিণ—

[ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা-

দেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে।

আ মা গন্তাং পিতরামাতরা

চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ ॥]

বলিয়া দক্ষিণাবর্ত্তে জলধারা দ্বারা ব্রাহ্মণকে বেষ্টন করিয়া, প্রণাম করিবে। যথা—

(ওঁ) পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ, পিতা হি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে, প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ ॥

অন্নপ্রতিপত্তি—পাত্র হইতে কিঞ্চিৎ অন্ন লইয়া, (ওঁ যস্য শ্রাদ্ধং কৃতং তস্য অক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়মন্নম্ অপ্সু * সমর্প্যতে—বলিয়া জলে ফেলিবে। (ওঁ) পিণ্ডমপি সমর্পয়ামি—বলিয়া পিণ্ডের কিয়দংশও জলে ফেলিবে। পরে আচারতঃ (ওঁ) পিণ্ড ক্ষমস্ব—বলিয়া পিণ্ডে জল দিয়া, (ওঁ) পিণ্ড গয়াং গচ্ছ—বলিয়া গয়ার দিকে ঠেলিয়া দিবে, এবং (ওঁ) পিণ্ড গঙ্গাং গচ্ছ—বলিয়া গঙ্গার দিকে ঠেলিয়া দিবে। পরে হস্তপ্রক্ষালন করিয়া ব্রাহ্মণের গ্রন্থি মোচন করিবে।

বামদেব্য-গান—নিম্নলিখিত তিনটি মন্ত্রকে (বামদেব ঋষি বলিয়া) বামদেব্য বলে। গানাশক্তিতে ৩ বার পাঠ করিতে হয় (ঋষিচ্ছন্দঃ ইত্যাদি প্রথমে একবারমাত্র)।

[কয়া নশ্চিত্র ইত্যস্য বামদেব ঋষির্গায়ত্রী ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ।

---

* স্ত্রীলোকের শ্রাদ্ধ হইলে "যস্য" স্থলে "যস্যাঃ" এবং "তস্য" স্থলে "তস্যাঃ"। গঙ্গাজল হইলে—"অপ্সু" স্থলে "গঙ্গাম্ভসি"।

ওঁ কয়া নশ্চিত্র আ ভুব,-দূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা॥

ওঁ কস্ত্বা সত্যো মদানাং, মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু॥ ওঁ অভী যু ণঃ সখীনা,-মবিতা জরিতৃণাং। শতং ভবাস্যূতয়ে॥] (৩ বার পাঠ)।

[ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥] (ইহাও ৩ বার পাঠ)।

তৎপরে দক্ষিণ হস্ত দ্বারা দীপাচ্ছাদন, হস্তকুশত্যাগ ও হস্তদ্বয় প্রক্ষালন করিয়া, আচারতঃ সূর্য্যকে নমস্কার করিবে—

(ওঁ) জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥

অচ্ছিদ্রাবধারণ—কৃতাঞ্জলি হইয়া (ওঁ) কৃতৈতচ্ছ্রাদ্ধকর্ম্মাচ্ছিদ্রমস্তু (পুরোহিত—ওঁ অস্তু)।

বৈগুণ্যসমাধান—কোশার জলে দক্ষিণহস্তে হরীতকী ও ত্রিপত্র ধরিয়া তৎপৃষ্ঠে বামহস্ত উপুড় করিয়া রাখিয়া (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (নিজ নাম) কৃতেঽস্মিন্ শ্রাদ্ধকর্ম্মণি যদ্ বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে—বলিয়া [ওঁ তদ্বিষ্ণোঃ ইত্যাদি মন্ত্র পড়িয়া] (ওঁ) বিষ্ণুঃ (ওঁ) বিষ্ণুঃ (ওঁ) বিষ্ণুঃ—বলিবে।

(ওঁ) অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্ বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥

(ওঁ) যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা।

সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং হরের্নামানুকীর্ত্তনাৎ ॥

(ওঁ) শ্রীহরিঃ (ওঁ) শ্রীহরিঃ (ওঁ) শ্রীহরিঃ। তৎপরে এক গণ্ডূষ জল লইয়া—

(ওঁ) প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।

তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ ॥

(ওঁ) এতৎ কর্ম্ম শ্রীকৃষ্ণায় অর্পিতমস্তু—বলিয়া বিষ্ণুর উদ্দেশে ভূমিতে ফেলিয়া, প্রণাম করিবে—

(ওঁ) নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।

জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥

তৎপরে আচমন করিবে; এবং পুরোহিত পূর্ব্বোক্ত "কয়া নশ্চিত্র" ইত্যাদি মন্ত্রে শান্তিজল দিয়া আশীর্ব্বাদ করিলে, তাঁহাকে প্রণাম করিয়া, শেষদ্রব্য কিঞ্চিৎ ভক্ষণ * করিয়া উঠিবে।

যজুর্ব্বেদীর একোদ্দিষ্টশ্রাদ্ধ। †

তোজ্যোৎসর্গ হইতে যজ্ঞোপবীত দান পর্য্যন্ত (৩২৬ পৃঃ ১৫ পং) সমস্ত কার্য্য সামবেদীর ন্যায় করিয়া বলিবে—(ওঁ) ভোজনপাত্রমহং পাতয়িষ্যে (পুরোহিত—ওঁ পাতয়)। পরে ব্রাহ্মণের সম্মুখস্থান পরিষ্কার করিয়া,

---

* উপবাসদিনে—আঘ্রাণ।

† ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রেরও এইরূপ। পুরোহিতের অভাবে তাঁহারা [ ] এই চিহ্নিত মন্ত্রগুলির অর্থ চিন্তা করিয়া "নমো নমঃ" বলিয়া নিজেই কার্য্য করিতে পারেন। "ব্রাহ্মণাভাবে মন্ত্রার্থং ভাবয়ন্ নমস্কারমুচ্চরন্ স্বয়ং কুর্য্যাৎ।" (আহ্নিকতত্ত্ব)

জল দ্বারা নৈঋত কোণ হইতে বামাবর্ত্তে (অগ্নি/ ঈশান, বায়ু ও নৈঋত ক্রমে) দক্ষিণাগ্র চতুষ্কোণ মণ্ডল করিয়া, ঐ মণ্ডলের উপর দক্ষিণাগ্র ভোজনপাত্র পাতিয়া, তাহাতে সর্ব্বপ্রকার অন্ন (উপকরণ ও পিতার প্রিয়দ্রব্য সহ) স্বয়ং পরিবেষণ করিয়া (অথবা পত্নী দ্বারা পরিবেষণ করাইয়া)—

[ওঁ ইদং বিষ্ণুর্বি চক্রমে, ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংশুরে॥]

এই মন্ত্র, অথবা ["ওঁ বিষ্ণো কব্যমিদং রক্ষ" কিংবা "ওঁ কৃষ্ণ কব্যমিদং রক্ষ"] এই মন্ত্র পাঠ করিয়া, নখব্যতিরিক্ত অঙ্গুষ্ঠ দ্বারা অন্ন স্পর্শ করিবে। [ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ] বলিয়া অন্নের চতুর্দ্দিকে তিল ছড়াইয়া, গায়ত্রী পাঠ করিবে। পরে অন্নে মধু (তদভাবে গুড়) দিয়া বলিবে—

[ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্ত-মুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতি,-র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥] (ওঁ) মধু মধু মধু।

বামহস্তে অন্নপাত্র ও দক্ষিণহস্তে কোশার জলে মোটক ধরিয়া, অন্নে জলপ্রোক্ষণপূর্ব্বক ব্রাহ্মণে (হস্তপ্রক্ষালনের জন্য) জলগণ্ডূষ দিয়া (বিষ্ণুরো অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে পাত্রীয়মন্নং * সোপকরণং সতিলোদকং † (স্বধা)—বলিয়া অন্নে জলের ছিটা দিয়া, ব্রাহ্মণে পুনর্ব্বার জলগণ্ডূষ (গণ্ডূষ করিবার জন্য) দিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিবে—

* ক্ষত্রিয়াদির পক্ষে—পাত্রীয়মামান্নং।

† গঙ্গাজল হইলে—সতিলগঙ্গোদকং।

(ওঁ) ইদমন্নম্ * ইমা আপঃ †, ইদং হবিঃ,

এতান্যুপকরণানি যথাসুখং বাগ্‌যতো জুষস্ব।

পুনর্ব্বার [গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিয়া বলিবে —

[ওঁ যজ্ঞেশ্বরো হব্য সমস্তকব্য-

ভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র।

তৎসন্নিধানা-দপযান্তু সদ্যো

রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে॥

ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য মুনয়োঽব্রুবন্।

বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ॥

ওঁ মন্বত্রি-বিষ্ণু-হারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ।

যমাপস্তম্ব-সংবর্ত্তাঃ কাত্যায়ন-বৃহস্পতী।

পরাশর-ব্যাস-শঙ্খ-লিখিতা দক্ষ-গৌতমৌ।

শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্র-প্রয়োজকাঃ॥

ওঁ তদ্ বিষ্ণোঃ পরমং পদং, সদা পশ্যন্তি সূরয়ঃ।

দিবীব চক্ষুরাততম্॥

ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ

স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা।

দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে

মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥

---

* ক্ষত্রিয়াদির পক্ষে—ইদমামান্নম্।

† গঙ্গাজল হইলে—ইমা গঙ্গায়া আপঃ। সমাস করিয়া বলিলে—অয়ং গঙ্গাপঃ।

ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ
স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা।
মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ ॥

ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু, মৃগাঃ কালঞ্জরে গিরৌ।
চক্রবাকাঃ শরদ্বীপে, হংসাঃ সরসি মানসে ॥
তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ।
প্রস্থিতা দূরমধ্বানং, যূয়ং তেভ্যোঽবসীদত ॥]

ইহার পর কেহ কেহ রুচিস্তব বা তৎপরিবর্ত্তে "(ওঁ) রুচয়ে নমঃ," অথবা ভারতসাবিত্রী পাঠ করিয়া থাকেন।

বিকিরান্ন—পিতৃপাত্রের সম্মুখে একপার্শ্বে দক্ষিণাগ্র কতকগুলি কুশ পাতিয়া, তাহাতে জলের ছিটা দিয়া, পরিবেষণ-পাত্র হইতে কিছু অন্ন লইয়া (পিণ্ডাকারে নহে), জল-তিল-তুলসী-মোটকযুক্ত করিয়া,—

[ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা, যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু, তৃপ্তা যান্তু পরাং গতিং ॥

ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-
র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ
প্রয়াস্তু লোকায় সুখায় তদ্বৎ ॥]

বলিয়া ঐ কুশের উপর পিতৃতীর্থ দ্বারা ছড়াইয়া দিবে। তৎপরে উত্তমরূপে হস্তদ্বয় প্রক্ষালন, আচমন ও দক্ষিণকর্ণ স্পর্শ করিয়া, "শ্রীহরিঃ" বলিয়া হরিস্মরণপূর্ব্বক ব্রাহ্মণকে জলগণ্ডূষ (শেষ-গণ্ডূষার্থ) দিয়া [গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিবে।

পিণ্ডদান—(ওঁ) শেষমন্নং ক দেয়ং ? (পুরো—ওঁ ইষ্টায় দীয়তাং)।• ওঁ পিণ্ডদানমহং করিষ্যে ? (পুরো—ওঁ কুরুষ)। অন্নপাত্রের সম্মুখে পূর্ব্ববৎ নৈঋ্ঋতকোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে দক্ষিণাগ্র চতুষ্কোণ মণ্ডল করিবে। তাহার মন্ত্র—

[ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবস্তবে-
দ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া।
রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা
হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥]

বামহস্ত হইতে দক্ষিণহস্তে সাগ্রকুশপত্র লইয়া [ওঁ অপহতা অসুরা রক্ষাগুঁসি বেদিষদঃ ; এবং ওঁ নিহন্মি সর্ব্বং ইত্যাদি মন্ত্র] বলিয়া ঐ মণ্ডলের মধ্যস্থানে কুশমূল দ্বারা দক্ষিণাগ্র একটি রেখা করিয়া, ঐ কুশ উত্তর দিকে নিক্ষেপ করিবে। ঐ রেখায় জলের ছিটা দিয়া, নীবীবন্ধন করিয়া (অর্থাৎ বাঁ দিকের কসিতে একটি মোটক গুঁজিয়া) আচমন করিয়া বামহস্তে ঐ মণ্ডল ধরিয়া, দক্ষিণহস্তে তিল-তুলসী-মোটকযুক্ত জল লইয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অবনেনিক্ষ্ব (স্বধা)—বলিয়া ঐ মণ্ডলের মধ্যে দিবে এবং কিঞ্চিৎ জল পাত্রেও রাখিবে (এই পাত্রের নাম অবনেজনপাত্র)। পরে তিল তুলসী মোটক সরাইয়া, ঐ মণ্ডলের উপর কতকগুলি কুশ দক্ষিণাগ্রে পাতিয়া,

[ওঁ অপহতা অসুরা রক্ষাগুঁসি বেদিষদঃ]

বলিয়া ঐ পাতিত কুশের উপর তিল ছড়াইবে।

পিণ্ডদান—[গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পড়িয়া বিল্বপ্রমাণ পিণ্ড প্রস্তুত করিয়া, উহা দক্ষিণ হস্তে লইয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে পিণ্ডং সতিলোদকং (স্বধা)—বলিয়া ঐ কুশের উপর দিবে। হস্তপ্রক্ষালন করিয়া বলিবে—

[ওঁ অত্র পিতর্মাদয়স্ব, যথাভাগ মা বৃষায়স্ব ।]

পরে বামাবর্ত্তে উত্তরমুখ হইয়া শ্বাস গ্রহণ ও রোধপূর্ব্বক পিতাকে ভাস্বরমূর্ত্তি (জ্যোতির্ম্ময়) চিন্তা করিয়া দক্ষিণমুখ হইয়া

[ওঁ অমীমদৎ পিতা, যথাভাগ-মা বৃষায়িষ্ট ।]

মনে মনে বলিয়া শ্বাস ত্যাগ করিবে।

প্রত্যবনেজন—অবনেজনপাত্রের অবশিষ্ট জল তিল-তুলসী-মোটকযুক্ত করিয়া ধরিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ প্রত্যবনেনিক্ষ্ব (স্বধা)—বলিয়া পিণ্ডের উপর দিবে। তার পর নীবীমোচন করিয়া (কাসর সেই মোটক খুলিয়া), আচমন করিয়া, নিম্নলিখিত ছয়টি মন্ত্রে নমস্কার করিবে—

[ওঁ নমস্তে পিতা রসায়। ওঁ নমস্তে পিতঃ শোষায়। ওঁ নমস্তে পিতর্জ্জীবায়। ওঁ নমস্তে পিতঃ স্বধায়ৈ। ওঁ নমস্তে পিতর্ঘোরায়। ওঁ নমস্তে পিতর্ম্মন্যবে ॥] *

কৃতাঞ্জলি হইয়া বলিবে—

[ওঁ নমস্তে পিতঃ, পিতর্নমস্তে।]

[ওঁ গৃহান্নঃ পিতর্দেহি।]

বলিয়া গৃহিণীকে দেখিবে।

[ওঁ সতস্তে পিতর্দেষ্ম।]

বলিয়া পিণ্ডের দিকে চাহিবে।

বাসোদান—নূতন (তদভাবে পুরাতন) শুক্ল বস্ত্রের দশীর সূত্র মোটকে জড়াইয়া বামহস্ত হইতে দক্ষিণহস্তে লইয়া তিলতুলসীযুক্ত করিয়া [ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ] বলিয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে বাসঃ (স্বধা)—বলিয়া পিণ্ডের উপর দিবে।

---

* কাণ্ শাখার পাঠ—২৬৩ পৃঃ * টী।

পিণ্ডপূজা—অমন্ত্রক গন্ধাদি (গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, উল্টা পাণের খিলি) দ্বারা পিণ্ডের পূজা করিয়া [ওঁ সুস্প্রোক্ষিতমস্তু] বলিয়া ব্রাহ্মণের অগ্রভূমিতে জল দিবে। পুরো—ওঁ অস্তু)। [ওঁ শিবা আপঃ সন্তু] বলিয়া ব্রাহ্মণে জল দিবে (পুরো—ওঁ সন্তু)। [ওঁ সৌমনস্যমস্তু [বলিয়া ব্রাহ্মণে পুষ্প দিবে। (পুরো—ওঁ অস্তু)। [ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু] বলিয়া ব্রাহ্মণে যব দিবে (পুরো—ওঁ অস্তু)।

অক্ষয্য—একটি পাত্রে ঘৃত-মধু-তিল-তুলসী-মোটকযুক্ত জল লইয়া দক্ষিণহস্তে ধরিয়া (বিষ্ণুরোঁ) অদ্য…অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদ মন্নপানাদিক-মুপতিষ্ঠতাং—বলিয়া ব্রাহ্মণে ঐ জল দিবে (পুরো—ওঁ উপতিষ্ঠতাং)। [ওঁ অঘোরঃ পিতাস্তু] (পুরো——ওঁ অস্তু)। [ওঁ গোত্রং নো বর্দ্ধতাং] (পুরো—ওঁ বর্দ্ধতাং)। [ওঁ আশিষো মে প্রদীয়ন্তাং [(পুরো—ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং)। *

[ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্ বহু দেয়ঞ্চ নো অস্তু ॥ *
অন্নঞ্চ নো বহু ভবে-দতিথীংশ্চ লভেমহি।
যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন ॥
ওঁ এতাঃ সত্যা আশিষঃ সন্তু ॥]

(পুরো—ওঁ সন্তু)। একগাছি সাগ্র কুশের সহিত কতিপয় কুশ দক্ষিণাগ্র করিয়া পিণ্ডের উপর দিয়া—

ওঁ ঊর্জ্জং বহন্তী-রমৃতং ঘৃতং, পয়ঃ কীলালং পরিস্রুতং। স্বধা স্থ তর্পয়ত মে পিতরং।]

---

* অক্ষয্যদান হইতে বিসর্জ্জন পর্য্যন্ত কর্ম্মের ক্রম ২৬৭ পৃঃ * টী।

† "নোঽভিবৃদ্ধি" পাঠ প্রকৃত নহে।

বলিয়া পিণ্ডের উপর পিতৃতীর্থে এক অঞ্জলি জল দিবে।

দক্ষিণা—দক্ষিণাদ্রব্য অর্চ্চনা (এতস্মৈ রজতায় বা রজতমূল্যায় নমঃ ইত্যাদি—ভোজ্য-অর্চ্চনার ন্যায়) করিয়া, কোশার জলে দক্ষিণহস্তে হরীতকী ও যোটক ধরিয়া, দক্ষিণহস্তের পৃষ্ঠে বামহস্ত উপুড় করিয়া রাখিয়া (বিষ্ণুরোঁতৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিক-সাংবৎসরিক-শ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতং (বা রজতমূল্যং) শ্রীবিষ্ণু-দৈবতমহং.যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি—বলিয়া দক্ষিণাদ্রব্যে জল-প্রোক্ষণ করিয়া উহা পুরোহিতকে দিবে।

বিসর্জ্জন—"(ওঁ) অভিরম্যতাং"—বলিয়া ব্রাহ্মণে জল দিবে (পুরো —ওঁ অভিরতোঽস্মি)।

প্রদক্ষিণ—নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণাবর্ত্তে জলধারা দ্বারা ব্রাহ্মণকে বেষ্টন করিবে।

[ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যা-
দেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে।
আ মা গন্তাং পিতরামাতরা
চা মা সোমো অমৃতত্বেন গম্যাৎ॥]*

প্রণাম—ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

অন্নপ্রতিপত্তি—পাত্র হইতে কিঞ্চিৎ অন্ন লইয়া (ওঁ) যস্য শ্রাদ্ধং কৃতং, তস্য অক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়মন্নং অপ্সু সমর্প্যতে—জলে দিবে †।

---

* কাণ্বশাখার পাঠ ২৩১ পৃঃ † টীঃ।

† স্ত্রীলোকের শ্রাদ্ধ হইলে "যস্য" স্থলে "যস্যাঃ" এবং "তস্য" "তস্যাঃ"। গঙ্গাজল হইলে "অপ্সু" স্থলে "গঙ্গাতসি"।

পিণ্ড হইতে কিছু অন্ন লইয়া (ওঁ) পিণ্ডমপি সমর্পয়ামি—জলে দিবে। (ওঁ) পিণ্ড ক্ষমস্ব—বলিয়া পিণ্ডে জল দিবে। (ওঁ) পিণ্ড গয়াং গচ্ছ—গয়ার দিকে পিণ্ডকে ঠেলিয়া দিবে। (ওঁ) পিণ্ড গঙ্গাং গচ্ছ—গঙ্গার দিকে ঠেলিয়া দিবে। পরে হস্তপ্রক্ষালন করিয়া ব্রাহ্মণের গ্রন্থি মোচন করিবে।

দক্ষিণহস্ত দ্বারা দীপাচ্ছাদন, হস্তকুশ ত্যাগ ও হস্তপ্রক্ষালন করিয়া, সূর্য্যনমস্কার হইতে পূর্ব্বোক্ত সমস্ত কার্য্য (২৬৭ পৃঃ) করিবে। পুরোহিত শান্তিমন্ত্র (১ম খঃ) পাঠ করিয়া শান্তিজল দিবেন।

ঋগ্বেদীয় একোদ্দিষ্টশ্রাদ্ধ।

সামবেদিশ্রাদ্ধের ন্যায় ভোজ্যোৎসর্গ হইতে রক্ষার্থ জলপাত্রস্থাপন পর্য্যন্ত করিয়া (৩১৮ পৃঃ) তিল লইয়া—

[ওঁ অপহতা অসুরা রক্ষাংসি পিশাচা, যে ক্ষিয়ন্তি পৃথিবী-মনু। অন্যত্রেতো গচ্ছন্তু, যত্রৈষাং গতং মনঃ॥] ১

বলিয়া শ্রাদ্ধস্থানের চতুর্দ্দিকে তিল ছড়াইয়া দিবে।

আসন—ব্রাহ্মণে জল দিয়া, একটি পাত্রে মোটক রাখিয়া, বামহস্তে ধরিয়া, দক্ষিণ হস্ত দ্বারা কোশার জলে অন্য মোটক ধরিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতত্তে দর্ভাসনং (স্বধা নমঃ)—বলিয়া পাত্রস্থ মোটকে জলপ্রোক্ষণ করিয়া, ঐ মোটক ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে।

---

(১) যাহারা পৃথিবীতে আধিপত্য করে, সেই অসুর, রাক্ষস ও পিশাচেরা বিতাড়িত হইয়া, যেখানে তাহাদের মন যায়, এখান হইতে সেইখানে যাউক।

অর্ঘ্য—ব্রাহ্মণের সম্মুখে তিল ছড়াইয়া, তাহাতে দক্ষিণাগ্র ১ গাছি কুশ পাতিয়া, তাহার উপর দক্ষিণাগ্র অর্ঘ্যপাত্র রাখিয়া, ১ গাছি সাগ্র কুশ লইয়া—

[ওঁ পবিত্রাসি বৈষ্ণবী।]

বলিয়া অগ্র হইতে প্রাদেশপ্রমাণ মাপিয়া অবশিষ্ট অংশ নখব্যতিরেকে ছেদন করিয়া—

[ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতমসি।]

বলিয়া জল-প্রোক্ষিত করিয়া, ঐ পবিত্র অর্ঘ্যপাত্রে দক্ষিণাগ্রে রাখিয়া কুশী করিয়া জল লইয়া, নিম্নলিখিত মন্ত্রে ঐ পাত্রে রাখিবে—

[ওঁ শন্নো দেবীরভিষ্টয়, আপো ভবন্তু
পীতয়ে। শং যোরভি স্রবন্তু নঃ ॥]

নিম্নলিখিত মন্ত্র বলিয়া উহাতে তিল দিবে—

[ওঁ তিলোঽসি সোমদেবত্যো, গোসবে দেবনির্ম্মিতঃ। প্রত্নবদ্ভিঃ প্রত্তঃ স্বধয়া, পিতৄনিমাঁল্লোকান্ প্রীণয়া হি নঃ স্বধা নমঃ ॥]

পরে ঐ পাত্রে গন্ধ, পুষ্প ও অগর্ভা দূর্ব্বা দিয়া, একগাছি দক্ষিণাগ্র কুশ দ্বারা আচ্ছাদন করিয়া (ওঁ) পিতৃপাত্রং সম্পন্নং ? বলিবে (পুরো —ওঁ সম্পন্নং)। পরে উপবীতী হইয়া (ওঁ) স্বধা অর্ঘ্যাঃ *—বলিয়া অর্ঘ্যপাত্রস্থ কিঞ্চিৎ জল ব্রাহ্মণে দিয়া, কোশার জলও একটু দিয়া, অর্ঘ্যপাত্রটি তুলিয়া লইয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ ইদং তেঽর্ঘ্যং (স্বধা নমঃ)—বলিয়া ব্রাহ্মণে অর্ঘ্যটি তুলিয়া দিয়া এই মন্ত্র পাঠ করিবে—

---

* "অথোপবীতী স্বধা অর্ঘ্যা ইতি"—গৃহ্যপরিশিষ্ট। অর্ঘ্যাঃ—অর্ঘার্থাঃ আপঃ। স্বধাঃ—পিতৃভোগ্যাঃ।

[ওঁ যা দিব্যা আপঃ পয়সা সম্বভূবু-
র্যা অন্তরিক্ষ্যা উত পার্থিবীর্যাঃ।
হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ
শিবাঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু॥]

গন্ধাদিদান—প্রাচীনাবীতী হইয়া * একটি পাত্রে বস্ত্র, তদুপরি (তুলসী বা পুষ্পে মাখাইয়া) গন্ধ, ও পুষ্প রাখিয়া এবং ধূপ ও দীপ জ্বালিয়া ঐ পাত্রের একধারে গাঁথিয়া রাখিয়া, বামহস্তে ঐ পাত্র এবং দক্ষিণ হস্তে কোশার জলে মোটক ধরিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি (স্বধা নমঃ) —বলিয়া ঐ সকলে জলের ছিটা দিয়া 'এষ তে গন্ধঃ" বলিয়া গন্ধটি ব্রাহ্মণে দিবে, 'এতত্তে পুষ্পং" বলিয়া পুষ্পটি দিবে, 'এষ তে ধূপঃ' বলিয়া ধূপটি ব্রাহ্মণের পাশে রাখিবে, 'এষ তে দীপঃ" বলিয়া দীপটিও রাখিবে। একটি পাত্রে যজ্ঞোপবীত রাখিয়া বামহস্তে ধরিয়া, দক্ষিণহস্তে কোশার জলে মোটক ধরিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতত্তে যজ্ঞোপবীতং (স্বধা নমঃ)—বলিয়া ব্রাহ্মণে দিবে। (ওঁ) পিত্রর্চ্চনং সম্পূর্ণং ? (পুরো—ওঁ সম্পূর্ণং)।

অন্নদান—ব্রাহ্মণের সম্মুখস্থান পরিষ্কার করিয়া জল দ্বারা নৈঋর্তকোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে (অর্থাৎ অগ্নি, ঈশান, বায়ু, নৈঋর্ত ক্রমে) চতুষ্কোণ মণ্ডল করিয়া, তদুপরি দক্ষিণাগ্র ভোজনপাত্র পাতিয়া কিঞ্চিৎ ঘৃতাক্ত অন্ন লইয়া (ওঁ) অমুকগোত্রায় পিত্রে অমুকদেবশর্ম্মণে †

---

* "অথ প্রাচীনাবীতী গন্ধাদ্যাচ্ছাদনান্তং দত্ত্বা অর্চ্চনবিধেঃ সম্পূর্ণতাং বাচয়েৎ"—গৃঃ পঃ।

† পিতামহাদির পক্ষে—পিতামহায়, প্রপিতামহায়, অমুকগোত্রায়ৈ মাত্রে বা পিতামহ্যৈ বা প্রপিতামহ্যৈ অমুকদেব্যৈ।

(স্বাহা) *—বলিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ দ্বারা কিঞ্চিৎ অন্নজলে ফেলিয়া (ঐ পাতিত পাত্রে) সর্ব্বপ্রকার অন্ন পরিবেষণ করিয়া তাহাতে তিল দিবে। অন্নে মধু (তদভাবে গুড়) দিয়া, [গায়ত্রী পাঠ করিয়া],

[ওঁ মধু বাতা ঋতায়তে, মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। ওঁ মধু নক্ত-মুতোষসো, মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতি,-র্ম্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ॥ (ওঁ) মধু মধু মধু।

ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, বামহস্তে ভোজনপাত্র, ও দক্ষিণহস্তে জলে মোটক ধরিয়া, (বিষ্ণুরোঁ।) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে সোপকরণ-মন্নং সতিলোদকং (স্বধা নমঃ) — বলিয়া জলের ছিটা দিবে। কৃতাঞ্জলি হইয়া বলিবে—

[ওঁ ইদমন্নম্, ইমা আপঃ, ইদং হবিঃ, এতান্যুপকরণানি যথাসুখং জুষস্ব †] । তার পর [গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিয়া,

[ওঁ যজ্ঞেশ্বরো হব্যসমস্তকব্য-
ভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র।
তৎসন্নিধানাদপযান্তু সদ্যো
রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে॥

ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সম্পূজ্য মুনয়োঽব্রুবন্।
বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ॥
ওঁ মন্বত্রি-বিষ্ণু-হারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ।
যমাপস্তম্ব-সংবর্ত্তাঃ কাত্যায়ন-বৃহস্পতী।

---

* উদ্ধৃত্য ভোজনার্থান্নাদন্নমল্পং ঘৃতেন তু। দেবদত্তায় স্বাহেতি জুহোত্যেকাহুতিং করে।—একোদ্দিষ্টে গৃহ্যকারিকা।

† উপভোগ কর।

পরাশর-ব্যাস-শঙ্খ-লিখিতা দক্ষগৌতমৌ।

শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্র-প্রয়োজকাঃ॥

ওঁ তদ্ বিষ্ণোঃ পরমং পদং, সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥

ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ
স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা।
দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥
ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ
স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা।
মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ॥

ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু মৃগাঃ কালঞ্জরে গিরৌ।
চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে॥
তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ।
প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবসীদত॥]

(ওঁ) রুচয়ে নমঃ বলিবে অথবা রুচিস্তব পাঠ করিবে।

তার পর [মধু বাতা ইত্যাদি মন্ত্র] পাঠ করিয়া, *

[ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যব প্রিয়া অধূষত।
অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী,
যোজা ন্বিন্দ্র তে হরী॥]

---

* "তৃপ্তেষু শ্রাবয়েৎ তিস্রো মধু বাতা ঋতায়তে। অক্ষন্নিতি চ তান্ বিপ্রান্ সম্পন্নমিতি পৃচ্ছতি।"—গৃহ্যকারিকা।

(ওঁ) সম্পন্নং ? (পুরো—ওঁ সম্পন্নং)। ব্রাহ্মণে শেষ গণ্ডূষার্থ জল-গণ্ডূষ দিবে।

পিণ্ডদান—(ওঁ) শেষমন্নং ক দেয়ং ? (পুরো—ওঁ ইষ্টায় দীয়তাং)। (ওঁ) পিণ্ডদানমহং করিষ্যে ? (পুরো—ওঁ কুরুষ)। পাত্রের সম্মুখে পূর্ব্ববৎ চতুষ্কোণ মণ্ডল করিয়া, একগাছি প্রাদেশ-প্রমাণ সাগ্রকুশের মূল দিয়া ঐ মণ্ডলের মধ্যস্থলে দক্ষিণাগ্র রেখা করিয়া, কুশটি উত্তর দিকে নিক্ষেপ করিয়া, মণ্ডলের উপর দক্ষিণাগ্র কতকগুলি কুশ বিছাইবে।

অবনেজন—(ওঁ) শুন্ধস্তাং পিতরঃ *—বলিয়া ঐ কুশের উপর দক্ষিণাগ্র সতিল জলধারা দিবে। [তার পর গায়ত্রী ও মধুবাতা ইত্যাদি মন্ত্র] পড়িতে পড়িতে কুক্কুটাণ্ডাকারে পিণ্ড প্রস্তুত করিয়া, তাহার উপর তিল-তুলসী-মোটক দিয়া, দক্ষিণ-হস্তে লইয়া, বামহস্তে কুশীতে জল লইয়া দক্ষিণ হস্ত স্পর্শ করিয়া, (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে পিণ্ডং (স্বধা নমঃ)—বলিয়া ঐ কুশের উপর রাখিয়া, তদুপরি কুশীর জল দিবে।

[ওঁ অত্র পিতর্মাদয়স্ব। যথাভাগ-মা বৃষায়স্ব ॥]

বামাবর্ত্তে উত্তরমুখ হইয়া যথাশক্তি নিশ্বাস রোধ করিয়া, দক্ষিণ মুখে ফিরিয়া, মনে মনে বলিবে—

[ওঁ অমীমদৎ পিতা। যথাভাগ-মা বৃষায়িষ্ট।

প্রত্যবনেজন—পিণ্ডপাত্র হইতে কিছু শেষান্ন লইয়া আঘ্রাণ করিয়া

---

* পিতামহাদির শ্রাদ্ধে—পিতরঃ স্থলে পিতামহাঃ, প্রপিতামহাঃ, মাতরঃ, পিতামহ্যঃ, বা প্রপিতামহ্যঃ বলিবে। যথা—"অত্তোনিনয়নে মন্ত্রস্যোহ ইত্যাদি বৃত্তিকৃৎ।"—গৃহ্য-কারিকা। বৃত্তি যথা—"শুন্ধস্তাং পিতর ইত্যত্র তু বিভক্তি-মাত্রমসমর্থং, প্রকৃতিস্তু সমর্থৈব। তেন তস্য উহঃ কার্য্যঃ শুন্ধস্তাং মাতরঃ, শুন্ধস্তাং পিতামহ্যঃ, শুন্ধস্তাং প্রপিতামহ্যঃ" ইতি। যাহা অসমর্থ (অসমবেতার্থ), তাহার উহ (পরিবর্ত্তন) হয় না। এখানে বিভক্তি অসমর্থ বলিয়া একবচন স্থলেও বহুবচন বলিতে হইবে।

হস্তপ্রক্ষালনপূর্ব্বক সতিল-জল লইয়া পূর্ব্ববৎ (ওঁ) শুন্ধন্তাং পিতরঃ—বলিয়া পিণ্ডের উপর দিবে।

অভ্যঞ্জন—তুলসীতে ঘৃত ও অঞ্জন (কাজল) লইয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ অভ্যঙ্ক্ষ—বলিয়া পিণ্ডের উপর দিবে।

বাসোদান—নূতন বা পুরাতন শুক্লবস্ত্রের দশীর সূতা মোটকে জড়াইয়া, বামহস্ত হইতে দক্ষিণহস্তে লইয়া [ওঁ এতদ্বঃ পিতরো বাসো, মা নোঽতোঽন্যৎ পিতরো যুঙ্ ক্ষ্বং (১)] বলিয়া (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ এতৎ তে বাসঃ (স্বধা নমঃ)—বলিয়া পিণ্ডের উপর দিবে।

পূজা—অমন্ত্রক গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও উল্টা পাণের খিলি পিণ্ডের উপর দিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিবে—

[ওঁ নমস্তে পিতরিষে। ওঁ নমস্তে পিতরূর্জ্জে। ওঁ নমস্তে পিতঃ শুষ্মায়। ওঁ নমস্তে পিতর্ঘোরায়। ওঁ নমস্তে পিতর্জীবায়। ওঁ নমস্তে পিতা রসায়॥] ২

[ওঁ স্বধাস্তে পিতর্নমস্তে পিতর্নম, এতা তে পিতরিমা অস্মাকং, জীবাস্তে জীবন্ত ইহ সন্তস্যাম॥] ৩

---

(১) হে পিতঃ! এই তোমার বাস, ইহা ভিন্ন আমাদের আর কিছু তুমি অঙ্গলগ্ন করিও না।

(২) ব্যাখ্যা—ইষে=অন্নায়, শস্যোৎপাদিকায়ৈ শরদে ইত্যর্থঃ। উর্জ্জে=বলায়, বলবৃদ্ধিকরায় হেমন্তায় ইত্যর্থঃ। শুষ্মায়—শোষকায়, গ্রীষ্মায় ইত্যর্থঃ। অন্যৎ পূর্ব্ববৎ (২৬৩ পৃঃ)।

(৩) ব্যাখ্যা—হে পিতঃ, তে (তব) স্বধাঃ (ইমানি অন্নানি)। হে পিতঃ (তুভ্যং) নমো নমঃ। হে পিতঃ, তে (তব ভোজ্যাঃ) এতাঃ স্বধাঃ। ইমাঃ (এতাঃ স্বধাঃ) অস্মাকম্ (অস্মদ্দেয়াঃ)। বয়ং তে (তব) জীবাঃ (উপজীব্যাঃ)। অতো বয়ম্ ইহ (অস্মিন্ লোকে) জীবন্তঃ (পুরুষায়ুষজীবিনঃ সন্তঃ) সন্তস্যাম (উপক্ষীণাঃ ভবাম, ম্রিয়ামহে ইত্যর্থঃ)।০। অনুবাদ—হে পিতঃ, এই তোমার অন্ন। হে পিতঃ, তোমাকে পুনঃপুনঃ

ওঁ মনো ন্বা হুবামহে, নারাশংসেন সোমেন। পিতৄণাঞ্চ মন্মভিঃ ॥]৪

তৎপরে পিণ্ডকে দক্ষিণদিকে চালনা করিবে। তাহার মন্ত্র—

[ওঁ পরেহি পিতঃ সোম্য, গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্ত্বায়াস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং, রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ ॥] ৫

তৎপরে, "(ওঁ) যস্য শ্রাদ্ধং কৃতং, তস্য অক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়মন্নম্ অপ্সু সমর্প্যতে" * বলিয়া পাত্রীয় অন্ন এবং " পিণ্ডমপি সমর্প্যতে" বলিয়া পিণ্ডের কিঞ্চিৎ অন্ন লইয়া জলে দিবে।

বিকিরান্ন দান—ব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া, উচ্ছিষ্টসমীপে দক্ষিণাগ্র কুশ পাতিয়া, পিণ্ডপাত্রস্থ অবশিষ্ট অন্ন ধুইয়া, তাহা তিল-তুলসী-মোটক-যুক্ত করিয়া ধরিয়া—

---

* স্ত্রীলোকের শ্রাদ্ধে "যস্য" স্থলে "যস্যাঃ" এবং "তস্য" স্থলে "তস্যাঃ"। গঙ্গাজল হইলে "অপ্সু" স্থলে "গঙ্গাম্ভসি"।

প্রণাম করি। হে পিতঃ, এই অন্ন তোমার ভোজ্য, এবং এই অন্ন আমাদের দেয়। আমরা তোমার উপজীব্য। অতএব আমরা যেন ইহলোকে দীর্ঘজীবী হইয়া মরি।

(৪) ব্যাখ্যা—বয়ং মনঃ (পিতৄণাং সম্বন্ধি) নু (ক্ষিপ্রম্) আ হুবামহে (আহ্বয়ামঃ)। কেন সাধনেন ? নারাশংসেন সোমেন (নরৈঃ শস্যন্তে স্তূয়ন্তে ইতি নরাশংসাঃ পিতরঃ, তৎসম্বন্ধং নারাশংসঃ, তেন সোমেন সোমরসবৎ প্রীতিকরেণ হবিষা), পিতৄণাং মন্মভিঃ (মননীয়ৈঃ স্তোত্রৈঃ) চ। মন্মভিঃ=মনধাতোঃ ঔণাদিকো মন্প্রত্যয়ঃ। ০। অনুবাদ—আমরা পিতৃলোকদিগের মনকে তৎসম্বন্ধি হবি ও স্তোত্র দ্বারা আহ্বান (অর্থাৎ আকর্ষণ) করি। ["মনো ন্বা হুবামহে ইত্যাদেশ্চানূহঃ পূর্ব্ববৎ, তস্মাদৃচং নোহেদিতি প্রতিষেধাচ্চ (প্রকৃতৌ সমর্থনিগমেষু যজুর্নিগদেষু বিকৃতাবূহ উক্তঃ। শুন্ধন্তাং পিতরঃ ইত্যত্র তু বিভক্তি-মাত্র-মসমর্থং, প্রকৃতিস্তু সমর্থৈব ; তেন তস্যা উহঃ কার্য্যঃ। এতদ্বঃ পিতরো বাস ইত্যত্র উহো ন কর্ত্তব্যঃ অসমর্থত্বাদেব "]।—ইতি আশ্বলায়নগৃহ্যসূত্রবৃত্তি।

(৫) ব্যাখ্যা—পরেহি—পরাগচ্ছ, প্রতিনিবর্ত্তস্ব ইতি যাবৎ। দত্ত্বায়—দত্ত্বা ; "ক্ত্বো যক্" ইতি যক্। অন্যৎ সর্ব্বং "এত পিতরঃ" ইতিবৎ (২৩০ পৃঃ)।

[ওঁ যে অগ্নিদগ্ধা যে অনগ্নিদগ্ধা
মধ্যে দিবঃ স্বধয়া মাদয়ন্তে।
ত্বেভিঃ স্বরাড়সুনীতি-মেতাং
যথাবশং তন্বং কল্পয়স্ব॥](৬)

বলিয়া কুশের উপর ছড়াইয়া দিবে। তৎপরে

[ওঁ যেঽগ্নিদগ্ধাঃ কুলে জাতা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিং॥]

বলিয়া তিলমিশ্রিত জল অন্নের উপর দিবে। পরে হস্তপ্রক্ষালন-পূর্ব্বক আচমন ও হরিস্মরণ করিয়া ব্রাহ্মণের হস্তে জল ও কুশ দিবে। তদনন্তর তিল দিয়া পুনর্ব্বার জল দিবে।

তৎপরে ব্রাহ্মণকে প্রণাম করিয়া, (ওঁ) অস্মদ্‌গোত্রং বর্দ্ধতাং—বলিবে (পুরোহিত—ওঁ বর্দ্ধতাং)। (বিষ্ণুরোঁ) অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ স্বস্তীতি ব্রূহি—বলিয়া ব্রাহ্মণে জল দিবে (পুরোহিত—ওঁ স্বস্তি)।

(বিষ্ণুরোঁ) দত্তং শ্রাদ্ধং অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অক্ষয্য-মস্ত্বিতি ব্রূহি—বলিয়া তিলমিশ্রিত জল ব্রাহ্মণে দিবে (পুরো—ওঁ অস্তু)।

---

(৬) ব্যাখ্যা—যে পিতরঃ অগ্নিদগ্ধাঃ (অগ্নিনা ভস্মীকৃতাঃ, অবিধিবৎ শ্মশানং প্রাপ্তা ইত্যর্থঃ), যে চ পিতরঃ অনগ্নিদগ্ধাঃ (শ্মশানকর্ম্ম ন প্রাপ্তাঃ সন্তঃ) মধ্যে দিবঃ (দ্যুলোকস্য মধ্যে) স্বধয়া (হবির্লক্ষণেন অন্নেন) মাদয়ন্তে (তৃপ্যন্তি), হে অগ্নে, ত্বেভিঃ (তৈঃ পিতৃভিঃ সহ) স্বরাট্ (স্বকর্ম্মণা দীপ্যমানঃ সন্ ত্বম্) অসুনীতিং (প্রাণানাং বিষয়েষু নেতারম্, তেষামাত্মানম্) এতাং তন্বং (এতৎ দেবশরীরং) যথাবশং (যথাকামং) কল্পয়স্ব (সমর্থয়স্ব, প্রাপয়েত্যর্থঃ)॥ যে অগ্নিদগ্ধা ইত্যাদৌ "প্রকৃত্যান্তঃপাদ-মব্যপরে" ইতি অকারলোপাভাবঃ।০। অনুবাদ—যাঁহারা অবিধিপূর্ব্বক দাহসংস্কার প্রাপ্ত হইয়া এবং যাঁহারা দাহসংস্কার প্রাপ্ত না হইয়া শূন্যমধ্যে আতিবাহিক দেহে থাকিয়া শ্রাদ্ধান্ন দ্বারা তৃপ্তিলাভ করিতেছেন, হে অগ্নে, তুমি তাঁহাদের সহিত স্বয়ং দীপ্তিমান্ থাকিয়া তাঁহাদের আত্মাকে দেবশরীর ধারণ করাও।

দক্ষিণা—দক্ষিণাদ্রব্য একটি পাত্রে রাখিয়া, এতদ্দৈব রজতায় (বা রজতমূল্যায়) নমঃ ইত্যাদি বলিয়া ভোজ্যের ন্যায় অর্চনা করিয়া, কোশার জলে হরীতকী ও ত্রিপত্র ধরিয়া, (বিষ্ণুরোঁ। তৎসৎ) অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুক-দেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিক-সাংবৎসরিকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতং (বা রজতমূল্যং) শ্রীবিষ্ণুদৈবতমহং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায় দদানি—বলিয়া দক্ষিণাদ্রব্যে জলের ছিটা দিয়া পুরোহিতকে দিবে। (ওঁ) শ্রাদ্ধমিদং সম্পূর্ণং ? (পুরো—ওঁ সম্পূর্ণং)।

বিসর্জ্জন—(ওঁ) অভিরম্যতাং *—বলিয়া ব্রাহ্মণে জলের ছিটা দিবে (পুরো – ওঁ অভিরতোঽস্মি)।

পিণ্ড সরাইয়া, সেই স্থান পরিষ্কার করিয়া, তাহাতে যব ছড়াইয়া "(ওঁ) শান্তিরস্তু" বলিয়া তাহার উপর জলধারা দিবে (পুরো—ওঁ অস্তু)।

বরপ্রার্থনা— কৃতাঞ্জলি হইয়া,

ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্ বহু দেয়ঞ্চ নো অস্তু ॥ †

প্রণাম—ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ ॥

তৎপরে অচ্ছিদ্রাবধারণ হইতে সমস্ত কার্য্য (৩৩৫ পৃঃ)।

---

* "পূর্ব্বং যদ্দক্ষিণান্তং স্যাৎ সংবিসর্জ্জ্যাভিরম্যতাম্।"—গৃহ্যকারিকা।

† "দাতারো.. বহু দেয়ঞ্চ নো অস্তু ইত্যনেন"—গৃহ্যপরিশিষ্ট। গৃহ্যকারিকায়—"যাচেতেমান্ বরান্ পিতৄন্।...নোঽভিবিতি।" পাঠ আছে, তাহাতে 'ইতি' শব্দটি 'যাচেত' ক্রিয়ার কর্ম্ম এবং ছন্দোঽনুরোধে অকারলোপ।

ভারতসাবিত্রী।

